দুর্যোগপূর্ব বাজার বিশ্লেষণ (পিসিএমএ)

সংশোধিত, ফেব্রুয়ারী ২০১৬

INTERNATIONAL RESCUE COMMITTEE

USAID FROM THE AMERICAN PEOPLE

OXFAM

কৃতজ্ঞতা

এই সংশোধিত দুর্যোগপূর্ব বাজার বিশ্লেষণের সহায়িকাটি এর পূর্বের সংস্করণকে প্রতিস্থাপিত করে। ইউএসআএইড এর "ইউএস বৈদেশিক দুর্যোগ সহায়তা" (U.S. Foreign Disaster Assistance) অফিসের আর্থিক সহায়তায় এই সহায়িকাটি প্রস্তুত করা হয়েছিল। বিভিন্ন প্রতিষ্ঠান/এজেন্সি এবং সমগ্র সেক্টর ও সরকারী পর্যায়ে ১৫ জনেরও অধিক ব্যাক্তির সাথে আলোচনা/পরামর্শের ফল এই সহায়িকা। এই সহায়কাটি কৃতজ্ঞতা স্বীকার করছে রেফারেন্স গ্রুপের বিভিন্ন সদস্যদের কাছে যারা বিস্তৃত অভিজ্ঞতা বিনিময়ের মাধ্যমে এই পদ্ধতির অনেক ধাপে কিছু নির্দিষ্ট বিষয়ে কারিগরি জ্ঞান প্রদান করেছে।

পিসিএমএ সহায়কাটির প্রাথমিক সংস্কার (পূর্বের পিসিএমএমএ) ২০১৪ সালে প্রকাশিত হয়েছিল যা ছিল ইসিএইচও (ECHO) এবং ইউএসএইডএর আর্থিক সহায়তায় ইন্টারন্যাশনাল রেসকিউ কমিটি (আইআরসি) এবং অক্সফাম এর একটি যৌথ প্রযোজনা। মূল ডকুমেন্ট দুর্যোগপূর্ব অবস্থার বাজার বিশ্লেষণে অনেক এনজিও এর সীমাবদ্ধ অভিজ্ঞতার উপর ভিত্তি করে তৈরি করা হয়েছিল। এই ধারণা নিয়ে এটা প্রকাশ করা হয়েছিল যে মাঠ পর্যায়ে প্রয়োগের পর বোর্ড-ভিত্তিক ইনপুটের মাধ্যমে সংশোধন করা যেতে পারে।

ইউনাইটেড স্টেট্স এজেন্সি ফর ইন্টারন্যাশনাল ডেভেলপমেন্ট (ইউএসএইড) এর দ্বারা আমেরিকার সাধারণ জনগণের সার্বিক সহায়তার মাধ্যমে এই রিপোর্টটি প্রস্তুত করা সম্ভব হয়েছিল। রিপোর্টটি শুধুমাত্র আইআরসি (IRC) এর দায়িত্ব/কার্যক্রমের উপর আলোকপাত করে এবং ইউএসএইড অথবা আমেরিকার সরকারের কোন মতামতকে প্রতিফলিত করে না।

© ২০১৬ দ্যা ইন্টারন্যাশনাল রেসকিউ কমিটি, ইনকর্পোরেশন।

এই রিপোর্ট এর লেখস্বত্ব সংরক্ষিত কিন্তু এর বিষয়বস্তু এবং ছবি (text and graphics), এর পূর্ণ কৃতজ্ঞতা স্বীকারের মাধ্যমে যে কোন প্রচার/এডভোকেসি (advocacy), প্রচারণা, শিক্ষা ও গবেষণার কাজে ব্যবহৃত হতে পারে। সত্ত্বাধিকারীর অনুরোধ যে, এই রিপোর্টের প্রভাব মূল্যায়ন জন্য উপরিউক্ত সকল ব্যবহার বিষয়টি তাদের সাথে নিবন্ধিত করতে হবে। অন্যান্য যে কোন পরিস্থিতির জন্য এই রিপোর্টটি কপি করতে অথবা অন্যান্য প্রকাশনা, অনুবাদ অথবা গ্রহণের জন্য এর অনুমোদন নিশ্চিত করতে হবে। ইমেইলঃ livelihoodsadmin@rescue.org

সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদন স্বাপেক্ষে অক্সফাম ইন বাংলাদেশ, দুর্যোগে বিপদাপন্ন জনগণকে বাজারভিত্তিক সহায়তা প্রদানের লক্ষ্যে এই সহায়িকাটি অনুবাদ করেছে।

কৃতজ্ঞতা ২

সংক্ষিপ্ত শব্দসমূহ ৬

মূল পারিভাষিক শব্দ ৭

ভূমিকা ১১
অধ্যায় ১: পিসিএমএ বাস্তবায়নের সিদ্ধান্ত ১৬
১. **পিসিএমএ এর প্রস্তুতি** ১৬
১.১ সংস্থা ভিত্তিক অথবা সহযোগিতামূলক পিসিএমএ প্রবর্তন ১৭
১.২ বাজার কমিটির প্রধান ব্যাক্তি/বাজার দলের দলনেতা মনোনীত করা ১৮
১.৩ প্রত্যাশিত/অনুমেয় দুর্যোগের প্রেক্ষাপটে দুর্যোগপূর্ব অবস্থা নিশ্চিত করা ১৯
১.৪ পিসিএমএ এর জন্য কেস প্রস্তুতকরণ ১৯
২. **পিসিএমএ এর উদ্দেশ্য নির্ধারণ** ২১
২.১ পিসিএমএ এর উদ্দেশ্য নির্ধারণ ২১
২.২ মূল বিশ্লেষণধর্মী প্রশ্ন নির্ধারণ ২২
২.৩ বাজার সচেতনতার অন্তর্ভুক্তি/অংশগ্রহণ (রহপষঁংরাবহবংং) নিশ্চিত করা ২৩
২.৪ উদ্দেশ্য, মুল বিশ্লেষণধর্মী প্রশ্ন সমূহ এবং সাড়াপ্রদানের মাঝে একটি যৌক্তিক ক্রমন্বয় নিশ্চিত করতে পিসিএমএ তে নিম্নের এর মতো পরিকল্পনা প্রয়োজন ২৪
৩. **দুর্যোগের অবস্থার বিবরণর/সংজ্ঞায়ন** ২৭
৩.১ দুর্যোগের অবস্থা নির্ধারণ/অবস্থা সংজ্ঞায়িত করার সিদ্ধান্ত ২৭
৩.২ জরুরী অবস্থার চিত্রায়ন ২৮
৩.৩ বিশ্লেষণের রেফারেন্স ও দুর্যোগের বছর এবং সময়/মাস (season) নির্ধারণ ৩১
৪. **বাজার মূল্যায়নের পরিধি/ব্যপ্তি এবং জরুরী অবস্থার বাজার ব্যবস্থা নির্ধারণ** ৩২
৪.১ চাহিদা নিরূপণ ৩২
৪.২ জরুরী অবস্থার বাজার ব্যাবস্থা নির্ধারণ ৩৩
৪.৩ প্রয়োজনে মূল বিশ্লেষণধর্মী প্রশ্নকে জরুরী বাজার ব্যবস্থা এবং দুর্যোগের অবস্থার সাথে সমন্বিত করা ৩৬
৫. **ব্যবহারের জন্য বাজার বিশেষণের টুল/টুল সমূহ নির্বাচন** ৩৭
৫.১ চাহিদা এবং উদ্দেশ্যের ভিত্তিতে মূল্যায়নের ব্যপকতা নির্ণয় ৩৭
৫.২ বাজার বিশ্লেষণের উপযুক্ত টুল (সমূহ) নির্বাচন করতে বিদ্যমান উপকরণ এবং জ্ঞানের ব্যবহার ৩৯
৫.৩ মূল্যায়নের ব্যপকতার উপর ভিত্তি করে ভৌগোলিক অবস্থান নির্ণয় ৪১
৬. **বাজার মূল্যায়নের জন্য পরিকল্পনা** ৪২
৬.১ বাজার দলের সদস্যদের একত্রিতকরণ ৪২
৬.২ পিসিএমএ এর জন্য প্রয়োজনীয় উপকরণ নির্ধারণ ৪৪
৬.৩ টিওআর চূড়ান্তকরণ এবং প্রচার করা ৪৫
অধ্যায় ২ঃ পিসিএমএ বাস্তবায়ন ৪৭
৭. **অবস্থার চিত্রায়ন এবং বিদ্যমান তথ্য সংগ্রহ/ জড়ো করা** ৪৭
৭.১ বাজারের সামগ্রিক কার্যকারিতার উপর বিদ্যমান তথ্যের ডেস্ক রিভিও ৪৮
৭.২ নির্দিষ্ট বাজার ব্যবস্থার বিদ্যমান তথ্যের ডেস্ক রিভিও ৪৯

৮.	**দুর্যোগপূর্ব অবস্থার জরুরী বাজার ব্যবস্থা নির্ধারণ**	৫৩
৮.১	সমগ্র বাজার দলের প্রশিক্ষণ প্রদান এবং তাদের বিশ্লেষণকে একটি কাঠামো প্রদান	৫৩
৮.২	সিজনাল ক্যালেন্ডার এর চিত্রায়ন	৫৪
৮.৩	বাজারের প্রধান এক্টরদের চিহ্নিত করণ - মার্কেট চেইন	৫৫
৮.৪	দুর্যোগ এবং রেফারেন্স এর মানচিত্রের চিত্রায়ন এবং প্রাথমিক বিশ্লেষণ শুরু	৫৫
৮.৫	উপাত্ত/ডাটা সংগ্রহের টুল পরখ করা এবং চুড়ান্ত করা	৫৬
৮.৬	প্রাথমিক ডাটা সংগ্রহ	৫৭
৮.৭	ম্যাপ চূড়ান্ত করা	৬১
৮.৮	মার্কেট ম্যাপ এর বিশ্লেষণ	৬১
৮.৮.১	পরিবারের চাহিদা বা গ্যাপ অ্যানালাইসিস	৬১
৮.৮.২	বাজারের ক্ষমতা/দক্ষতার বিশ্লেষণ	৬২
অধ্যায় ৩ঃ পিসিএমএ ফলাফলের ব্যবহার		৬৪
৯.	**বাজার ভিত্তিক পদক্ষেপ গ্রহণে/পরিকল্পনায় পিসিএমএ এর ব্যবহার**	৬৪
৯.১	বাজার ভিত্তিক প্রোগ্রামিং/কার্যক্রমঃ এটা কি?	৬৪
৯.২	সাড়াপ্রদান প্রক্রিয়া বিশ্লেষণের পদ্ধতি	৬৬
৯.৩	বাজার ভিত্তিক প্রোগ্রামিং/কার্যক্রমঃ ঃ কোন বিষয়ের সাথে সামাঞ্জস্যপূর্ণ?	৬৮
১০.	**ফলাফল বিনিময়/অবহিত করা**	৬৯
১০.১	পিসিএমএ এর রিপোর্ট চূড়ান্ত করণ	৬৯
১০.২	পিসিএমএ এর ফলাফল এবং সুপারিশসমূহ প্রচার/অবহিত করা	৭০
অধ্যায় ৪ঃ পিসিএমএ হালনাগাদ করা		৭১
১১.	**বাজার পর্যবেক্ষণ**	৭১
১১.১	পর্যবেক্ষণের জন্য পণ্য নির্বাচন	৭২
১১.২	বাজার নির্দেশক/ সূচক শনাক্তকরণ	৭২
১১.৩	ডাটা সংগ্রহ সংগঠিত করা	৭৩
১১.৪	বাজার পর্যবেক্ষণের ফলাফলকে বিশ্লেষণ করা	৭৪
১১.৫	দীর্ঘ মেয়াদী টুলের বিষয়ে অবহিত করিয়ে দেয়া	৭৫
১২.	**রেফারেন্স এবং দুর্যোগের মানচিত্র হালনাগাদকরণ**	৭৬
১২.১	যদি/যখন দুর্যোগ আঘাত করে তখন দুর্যোগের মানচিত্র (crisis map) হালনাগাদকরণ	৭৬
১২.২	অবস্থার যদি ব্যপক পরিবর্তন হয় তবে পিসিএমএ পুনর্বিবেচনা করা	৭৭
অ্যানেক্স		৭৯
	পিসিএমএ এর এজেন্ডার নমুনা	৭৯
	পিসিএমএ এর টিওআর (ঞড়জ) এর নমুনা	৮০
	সেকেন্ডারী ডাটা রিভিও এর জন্য গুরুত্বপূর্ণ ওয়েবসাইট	৮৩
	ডাটা সংগ্রহের প্রশ্নমালায় (DATA-COLLECTION QUESTIONNAIRE) যুক্ত হতে পারে এমন কিছু প্রশ্নের লিস্ট	৮৪
	পিসিএমএ রিপোর্টের নমুনা	৯১
বক্স সমূহ		
	বক্স ১ঃ পিসিএমএ এবং দীর্ঘ মেয়াদী বাজার বিশ্লেষণের টুলকিট	১২
	বক্স ২ঃ এই সহায়িকা নথিতে উখিত টুলকিট সমূহ	১৪
	বক্স ৩ঃ পিসিএমএ এর সুপারিশ সমুহের গ্রহণ নিশ্চিতকরণ	১৭

বক্স ৪ঃ গৃহায়ন এবং আশ্রয় প্রদান সম্পর্কিত জরুরী বাজার ব্যবস্থা সমূহ ৩৪
বক্স ৫ বাজার বিশ্লেষণের অন্যান্য পদ্ধতি ৪০
বক্স ৬ "দক্ষ জনশক্তির প্রয়োজনীয়তা" সঠিক বাজার দল নির্বাচন ৪৪
বক্স ৭ নিরাপত্তা এবং বাজার বিশ্লেষণ ৪৫
বক্স ৮ অংশগ্রহণমূলক ব্যবহার পিসিএমএ এর ফলাফল এবং সুপারিশ সমূহের প্রকাশ নিশ্চিত করে ৫৪
বক্স ৯ঃ যথাযথ সুনির্দিষ্টতার অভাব ৫৯
বক্স ১০: একটি পরিচ্ছন্ন, স্বচ্ছ এবং কর্যি-নির্ভর রিপোর্ট - সাফল্যের মূল উপাদান ৬৯
বক্স ১১: চূড়ান্ত ফলফল জানানো/অবহিত করা গুরুত্বপূর্ণ কিন্তু যথেষ্ট নয় ৭০
বক্স ১২: দ্রব্যমূল্য পর্যবেক্ষণ ৭৩

টেবিল সমূহ

টেবিল ১ঃ যৌক্তিক ক্রমন্বয়ঃ পিসিএমএ এর উদ্দেশ্য, মূল বিশ্লেষণধর্মী প্রশ্ন সমূহ এবং কার্যক্রমের প্রকারভেদ ২৫
টেবিল ২: সম্ভাবনা এবং পুনরাবৃত্তির প্রকারভেদ ২৮
টেবিল ৩: প্রভাবের প্রকারভেদ ২৯
টেবিল ৪: দুর্যোগের অবস্থা বিশ্লেষণের ম্যাট্রিক্স ৩০
টেবিল ৫: জরুরী বাজার ব্যবস্থা নির্বাচনে র‍্যাংকিং টেবিল ৩৫
টেবিল ৬: লাইট টাচ এবং গভীরভাবে মূল্যায়ন? ৩৮
টেবিল ৭: বাজারস্থান পরিদর্শনের সংখ্যা ৪১
টেবিল ৮ বিভিন্ন মার্কেট এক্টরের মাঝে সময় বন্টন ৫৮
টেবিল ৯ঃ বাজার ভিত্তিক প্রোগ্রামিং/কার্যক্রমঃ এটা কি? ৬৫
টেবিল ১০: বাজার পর্যবেক্ষণের নির্দেশক সমূহ ৭২

চিত্র সমূহ

চিত্র ১: পিসিএমএ ব্যবহারের জন্য দল গঠন ৪৩
চিত্র ২: বাজার-ভিত্তিক কার্যক্রমের সিদ্ধান্ত গ্রহণের ট্রী ৬৭

সংক্ষিপ্ত শব্দসমূহ

ক্যাল্প (CaLP)	ক্যাশ লার্নিং পার্টনারশিপ
ডিআরআর (DRR)	ডিজাস্টার রিস্ক রিডাকশন
ইসিএইচও (ECHO)	ইউরোপিয়ান কমিশন- হিউমেনিটারিয়ান আইড এন্ড সিভিল প্রোটেকশন
ইএমএমএ (EMMA)	ইমারজেন্সি মার্কেট ম্যাপিং এন্ড অ্যানালাইসিস টুলকিট
ইএফএসএল/এফএসএল (EFSL/FSL)	ইমারজেন্সি/ফুড সিকিউরিটি এন্ড লাইভলিহুড
ইডব্লিউএস (EWS)	আর্লি ওয়ার্নিং সিস্টেম
এফএও (FAO)	ফুড এন্ড এগ্রিচালচার অর্গানাইজেশন অফ দ্যা ইউনাইটেড নেশনস
এফইডব্লিউএসএনইটি (FEWSNET)	ফেমিন আর্লি ওয়ার্নিং সিস্টেম নেটওয়াক
জিইএম (GEM)	জেন্ডারড এন্টারপ্রাইজ এন্ড মার্কেট
এইচইএ (HEA)	হাউজহোল্ড ইকনমি এপ্রোচ
আইপিসি (IPC)	ইন্টিগ্রেটেড ফেজ ক্লাসিফিকেশন ফর ফুড সিকিউরিটি
এমফোরপি (M4P)	মেকিং মারকেটস ওয়ার্ক ফর দ্যা পোর
এমএজি (MAG)	মার্কেট এসেসমেন্ট গাইডেন্স
এমএফপি (MFP)	মার্কেট ফোকাল পয়েন্ট
এমআইআরএ (MIRA)	মাল্টি-ক্লাস্টার/সেক্টর ইনিশিয়াল রেপিড এসেসমেন্ট
পিসিএমএ (PCMA)	প্রি-ক্রাইসিস মার্কেট অ্যানালাইসিস
আরএএম (RAM)	রেপিড এসেসমেন্ট ফর মার্কেটস গাইডেন্স
টিওআর (ToR)	টারমস অব রেফারেন্স
ইউএসএআইডি (USAID)	ইউনাইটেড স্টেটস এজেন্সি ফর ইন্টারন্যাশনাল ডেভেলপমেন্ট
ডব্লিউএএসএইচ (ওয়াশ) (WASH)	ওয়াটার, স্যানিটেশন এন্ড হাইজিন
ডব্লিউএফপি (WFP)	ইউনাইটেড নেশন্স ওয়ার্ল্ড ফুড প্রোগ্রাম

এই সহায়িকায় ব্যবহৃত মূল পারিভাষিক শব্দের ব্যাখ্যা

প্রতিযোগিতাঃ যখন কোন বাজারে যথেষ্ট সংখ্যক ব্যবসায়ী (বিক্রেতা অথবা ক্রেতা) ব্যবসায়ের উদ্দেশ্যে একে অন্যের সাথে প্রতিদ্বন্দ্বিতা করে তখন প্রতিযোগিতার সৃষ্টি হয়, যেমন কোন একক ব্যাক্তি বা এন্টারপ্রাইজ বাজারে কর্তৃত্ব/আধিপত্য করবে না ('একচেটিয়া বাজার' বা 'বাজার ক্ষমতা' দ্রষ্টব্য)। পূর্ণ প্রতিযোগিতার বাজারে কেউ কোন পণ্য বা সেবার জন্য অন্যায্য দাম নির্ধারণ করতে পারে না। এর ফলে ক্রেতাদের জন্য কম মূল্যে অথবা ভালো মানের পণ্য প্রদান করে, অথবা উৎপাদক এবং কর্মীরা অধিক লাভবান হন। ব্যবসায়ীগণ যদি কোন পণ্যের মূল্য নির্ধারণ করতে নিজেদের মাঝে দুরভিসিন্ধি করতে না পারে তবে এই পূর্ণপ্রতিযোগিতার বাজার প্রতিষ্ঠিত হয়।

জরুরী অবস্থার বাজার ব্যবস্থাঃ এই নির্দিষ্ট বাজার ব্যবস্থাটি অভীষ্ট জনগণের জরুরী অবস্থার সাথে সম্পর্কিত সকল বিষয়ের সাথে যুক্ত। মূলত, এই বাজার ব্যবস্থাগুলোর প্রধান দায়িত্ব হবে অভীষ্ট জনগণের অপরিহার্য চাহিদা পূরণ করা।

কার্যকর চাহিদাঃ কার্যকর চাহিদা হলো একটি নির্দিষ্ট অর্থনৈতিক পণ্য, উপকরণ অথবা সেবার পরিমাণ, যা কিছু সংখ্যক ক্রতা নির্দিষ্ট দামে ক্রয় করতে চান। চাহিদা বিশ্লেষণে ক্রেতার চাহিদা এবং ক্রয়ের ইচ্ছার সাথে তার ক্রয় ক্ষমতাকেও বিবেচনায় রাখতে হবে। যেখানে অভীষ্ট জনগণের অর্থের অভাব একটি উল্লেখযোগ্য সীমাবদ্ধতা, সেখানে আর্থিক অনুদান/পদক্ষেপের তাৎক্ষনিক ফলাফল হিসেবে কার্যকর চাহিদার পরিমাণ বৃদ্ধি পায়।

যোগান/সরবরাহের স্থিতিস্থাপকতাঃ উৎপাদক অথবা ব্যবসায়ীদের দ্বারা সরবরাহকৃত কোন পণ্যের দামের সংবেদনশীল পরিবর্তনের সাথে এর যোগানের/সরবরাহের যে পরিবর্তন হয় তার পরিমাণ হল যোগান/সরবরাহের স্থিতিস্থাপকতা। যে সব পণ্যের সরবরাহ দাম বৃদ্ধির ফলেও খুব সহজে ব্যপক পরিমাণে সরবরাহ/যোগান দেয়া যায় সে সব পণ্যের সরবরাহ "স্থিতিস্থাপক সরবরাহ"। যে সকল পণ্যের অধিক উৎপাদন বা আমদানি খুব সহজেই করা কঠিন সে সকল পণ্যের সরবরাহ "অস্থিতিস্থাপক সরবরাহ"। জরুরী অবস্থায়, সাপ্লাই চেইন ব্যহত হওয়ার কারণে দ্রব্য/ পণ্যের স্থিতিস্থাপকতা নির্ধারণ প্রায়ই অনিশ্চিত হয়।

গ্যাপ অ্যানালাইসিসঃ এটা ইমারজেন্সি মার্কেট ম্যাপিং এবং অ্যানালাইসিস (EMMA) টুলকিট এর একটি টুল যা অভীষ্ট জনগণের জরুরী অবস্থার অপূরণীয় চাহিদা নির্ধারণ করতে ব্যবহৃত হয়।

মুদ্রাস্ফীতিঃ অর্থনীতিতে পণ্যসামগ্রী এবং সেবার দামের স্তর ক্রমাগত বৃদ্ধি পাবার প্রবণতা হলো মুদ্রাস্ফীতি। যখন সময়ের সাথে সাথে দ্রব্যমূল্যের স্বাভাবিক বৃদ্ধি ঘটে তখনই মুদ্রাস্ফীতি হয়। তবে, সকল দ্রব্যমূল্যের আবশ্যিক বৃদ্ধি বা একই হারে বৃদ্ধি হলেই তা মুদ্রাস্ফীতি হবে না বরং এক্ষেত্রে গড় মূল্য ক্রমাগত বৃদ্ধিপাবে। দুর্যোগের সাথে সম্পর্কযুক্ত কারণে দ্রব্যমুল্যের বৃদ্ধি ঘটতে পারে, কিন্তু এই কারণগুলো একটি মুদ্রাস্ফীতি অর্থনীতির অন্তর্নিহিত বিশিষ্ট হতে পারে।

বাজারঃ বাজার হলো এমন একটি প্রচলিত অথবা অপ্রচলিত কোন অবস্থান (বাস্তবিক/ভৌগোলিক কোন স্থান হতে হবে এমন জরুরী নয়) যেখানে ক্রেতা এবং বিক্রেতা নগদ অর্থ অথবা অন্যান্য দ্রব্যের জন্য পণ্য, শ্রম অথবা সেবার বিনিময় করে। স্বাভাবিক ভাবে "বাজার" শব্দটি এমন একটি স্থানকে বোঝায় যেখানে পণ্য অথবা সেবার বিনিময় ঘটে। কখনো বাজার ভউগোলিক অবস্থানের চেয়ে বরং যোগান এবং চাহিদার পরিমানকে বোঝায় যেমন; "খাদ্য শস্যের আমদানি বাজারের ৪০% অভাব পূরণ করে"।

মার্কেট এক্টরঃ বাজার ব্যবস্থায় অন্তর্ভুক্ত পণ্য উৎপাদক, সরবরাহকারী, ব্যবসায়ী, প্রক্রিয়াকারী এবং ভোক্তা সহ ভিন্ন ভিন্ন সকল ব্যাক্তি এবং এন্টারপ্রাইজকে বোঝায় যারা বাজারে ক্রয় এবং বিক্রয়ের সাথে জড়িত।

বাজার বিশ্লেষনঃ বাজার মূল্যায়নের সময় ডাটা সংগ্রহের মাধ্যমে একটি বাজার ব্যবস্থার মূল বিষয় এবং বৈশিষ্ট্য সম্পর্কে ধারণা নেয়ার পদ্ধতিই হলো বাজার বিশ্লেষণ, যার ফলে ভবিষ্যতে পণ্যের দাম, প্রাপ্যতা এবং অভিগম্যতা সম্পর্কে একটি ধারণা করা যায় এবং কোথায় ও কিভাবে পদক্ষেপ নিতে হবে সে সম্পর্কে সিদ্ধান্ত নেয়া যায়। বাস্তবিক ভাবে, এই "বাজার বিশ্লেষণ" শব্দটি প্রায়ই ভুলবশত "বাজার মূল্যায়ন" শব্দটির সাথে বদল হয়ে ব্যবহৃত হয়।

বাজার মূল্যায়নঃ মানবিক সাহায্যের ক্ষেত্রে, কোন একটি বাজারের মূল বৈশিষ্ট্য এবং বিষয় সম্পর্কে ধারণা নিতে অথবা এই বাজার ব্যবস্থায় দুর্যোগের প্রভাব সম্পর্কে জানতে বাজার-সম্পর্কিত ডাটা সংগ্রহের পদ্ধতিকে বোঝায়।

বাজার-ভিত্তিক কার্যক্রমঃ যে প্রকল্পসমূহ স্থানীয় বাজারের মাধ্যমে অথবা স্থানীয় বাজারকে সহায়তা করতে কাজ করে। এই ধরনের কার্যক্রম বাজার ব্যবস্থাপনায় জড়িত সকল ধরনের কাজ যেমন ত্রাণ বিতরণের ব্যবস্থাপনা থেকে শুরু করে স্থানীয় বাজারকে শক্তিশালীকরন এবং উন্নতকরণে সহায়তা করে

বাজারের বেজলাইনঃ বাজারের বেইজলাইন হলো রেফারেন্স সময়ে বাজার ব্যবস্থার বিশ্লেষণ।

মার্কেট চেইনঃ একটি সাপ্লাই চেইন অথবা ভ্যাল্যু চেইনের জন্য স্বাভাবিক একটি পরিভাষা। এটা মার্কেট এক্টরদের একটি ক্রম, যারা ক্রয় করে, বিক্রয় করে, অথবা কোন পণ্য বা উপকরণের প্রাথমিক উৎপাদক থেকে চূড়ান্ত ভোক্তা পর্যন্ত পৌঁছানর প্রতিটি ধাপে মূল্য সংযোজন করে।

বাজার কমিটির/দলের প্রধানঃ তিনি পিসিএমএ এর কার্যক্রমের প্রস্তুতি পর্ব থেকে এর ফলাফলগুলো নির্দিষ্ট প্রোগ্রামে ব্যবহারে সমন্বয়ের সকল দায়িত্বে থাকেন। বাজার কমিটির প্রধান সেই ব্যাক্তি, যিনি বাজারের মূল নির্দেশকগুলোর পর্যবেক্ষণ নিশ্চিত করেন এবং প্রয়োজনে পিসিএমএ কে হালনাগাদ করেন। এই পদের প্রাথমিক দায়িত্ব কারিগরি দক্ষতা এবং/পিসিএমএ ব্যবহারের জন্য সহায়তা নয় বরং তিনি সমন্বয় এবং নেতৃত্বের দায়িত্বে থাকেন।

বাজার সমন্বয় (Market integration)ঃ যখন স্থানীয়, আঞ্চলিক এবং জাতীয় মার্কেট এক্টরগণের মাঝে যোগাযোগ ভালোভাবে কাজ করে তখনই একটি বাজার ভালোভাবে সমন্বিত থাকে। একটি সমন্বিত বাজার ব্যবস্থায়, কোন একটি এলাকায় যোগান এবং চাহিদার ভারসাম্যহীনতার ক্ষতিপূরণ করতে কাছাকাছি এবং আঞ্চলিক বাজার থেকে তুলনা মূলক সহজ পদ্ধতিতে আনার হয়।

বাজারের মানচিত্র (Market map)ঃ বাজার ব্যবস্থার জরুরী অবস্থার তথ্য একটি মানচিত্রের মাধ্যমে ধারণ করা যায়। এটা বাজারের পরিবেশ- প্রতিষ্ঠান, বিধি, নিয়ম, এবং ঋতু () এবং ঐতিহাসিক () প্রবণতা প্রাপ্যতা এবং দাম; মার্কেট চেইন- মার্কেট এক্টরের সংখ্যা, তাদের বাণিজ্যের পরিমাণ, তাদের যোগাযোগ এবং ক্ষমতার সম্পর্ক; মূল অবকাঠামোগত ইনপুট এবং বাজারের সহায়ক সেবাকে যুক্ত করে। এটা আরো, বিভিন্ন সময়ে বাজার ব্যবস্থার বিভিন্ন অংশের উপর ভোক্তা এবং উৎপাদক হিসেবে নারী এবং পুরুষের অভিগম্যতা/অংশগ্রহণ এবং নিয়ন্ত্রণকে পার্থক্য করার তথ্যকে যুক্ত করে। একটি বাজারের মানচিত্র কোন নির্দিষ্ট সময়ে কোন বাজার ব্যবস্থার একটি স্ন্যাপশট প্রদান করে যা অন্য যে কোন সময়ে তৈরি করা দ্বিতীয় কোন মানচিত্রের সাথে তুলনা করা যায়। এই সহায়িকায়, রেফারেন্স ম্যাপ (সাধারণত দুর্যোগপূর্ব অবস্থায় প্রস্তুত করা হয়) কে দুর্যোগের সময়ের ম্যাপ (দুর্যোগের মুহূর্তে বাজার ব্যবস্থায় প্রস্তুত করা হয়) এর সাথে তুলনা করা হয়েছে।

বাজার পর্যবেক্ষণঃ কার্যকর বাজার ব্যবস্থার বিভিন্ন কার্যক্রমের সিদ্ধান্ত নিতে সময়সূচীর (যেমনঃ সাপ্তাহিক, মাসিক, ইত্যাদি) উপর ভিত্তি করে পূর্ব-নির্ধারিত নির্দেশিকার উপর তথ্য নেয়ার পদ্ধতি হলো বাজার পর্যবেক্ষণ।

বাজার ক্ষমতা (Market power)ঃ বাজার ক্ষমতা হলো পণ্য বা সেবার মূল্য অথবা পণ্যের সরবরাহকে, অথবা বাজার যে পদ্ধতিতে কাজ করছে তাকে, কোন একটি এন্টারপ্রাইজ, ব্যবসায়ী অথবা অন্যান্য মার্কেট এক্টরদের প্রভাবিত করার ক্ষমতা (তাদের প্রতিযোগীর নিকট নিজের ক্রেতা, সরবরাহকারীদের অথবা কর্মীদের না খুইয়ে)। একটি আদর্শ এবং

প্রকৃত প্রতিযোগিতার বাজারে প্রত্যেক মার্কেট এক্টরের সমান বাজার ক্ষমতা থাকবে। তবুও বাস্তবিকভাবে, বাজারে প্রবেশের/অংশগ্রহণের ক্ষেত্রে বাঁধা, রক্ষণশীল জেন্ডার এবং সামাজিক সম্পর্ক, এক্টরদের নিজেদের মাঝে বোঝাপড়া এবং

অন্যান্য প্রকার প্রতিযোগিতা-বিরোধী আচরণের কারণে, কিছু মার্কেট এক্টর তাদের অনুকূলে দ্রব্যমূল্য নির্ধারণ করতে বাজার যেভাবে কার্যকর আছে তাকে প্রভাবিত করতে ক্ষমতা পায়।

বাজার ব্যবস্থাঃ একটি বাজার ব্যবস্থা মানুষের যোগাযোগ (network), ব্যবসায়ের গঠন এবং নিয়ম যা একটি নির্দিষ্ট পণ্যের উৎপাদন, এক্সেস এবং বিনিময় সম্পর্কে ধারণা দিবে। একটি বাজার ব্যবস্থা, অনেক মার্কেট এক্টর, ক্রেতা ও বিক্রেতার সমন্বয়ে গঠিত হয়, অবকাঠামো ও সেবা দ্বারা সমর্থিত হয়, এবং একটি বাণিজ্যের পরিবেশের পারস্পরিক ক্রিয়া ঘটায় যা প্রতিষ্ঠান, বিধি বা নিয়ম এর মাধ্যমে চূড়ান্ত হয়।
বাজার দলঃ বাজার দল হলো মূল্যায়ন এবং বিশ্লেষণ দলের সমন্বয়, যা সম্ভাব্যভাবে গঠিত হয় একজন বাজার কমিটির প্রধান ব্যাক্তি, একজন বিশ্লেষণ দলের দলনেতা, বাজার দলের দলনেতা এবং বাজার দলের সদস্যদের নিয়ে। প্রতিজন দলনেতা বাজার দলের সদস্যদের এক বা একাধিক জরুরী বাজার ব্যবস্থার মূল্যায়নের জন্য দিকনির্দেশনা দেয়।

একচেটিয়া বাজারঃ এমন একটি অবস্থা যেখানে একজন একক মার্কেট এক্টর বা কার্টেল একটি নির্দিষ্ট পণ্য বা সেবার সব (বা প্রায় সব) বাজার নিয়ন্ত্রণ করে। এটি বাজারে ক্ষমতার একটি চরম রূপ। এটা বিভিন্ন বাঁধার কারণে ঘটতে পারে যা, প্রতিদ্বন্দ্বী থেকে অন্য প্রতিদ্বন্দ্বী ব্যবসায়ীদের প্রতিযোগিতায় প্রতিরোধ করেঃ যেমন বাজারে অংশগ্রহণ করতে উচ্চ খরচ, সরকারি নিয়ন্ত্রণ, বলপ্রয়োগ এবং / অথবা দুর্নীতি।

মাল্টি-সেক্টর বাজার বিশ্লেষণঃ মাল্টি-সেক্টরের সাড়া প্রদানের তথ্য দিতে এটি বাজার বিশ্লেষণ করার একটি সমন্বিত পদ্ধতি যা দ্বারা বাজার ব্যবস্থা, পণ্য বা সেবার প্রতিনিধির মাধ্যমে বাজার ব্যবস্থার একটি সীমা বিশ্লেষণ করা হয়।

দুর্যোগপূর্ব অবস্থাঃ এই সহায়িকায়, "দুর্যোগপূর্ব" শব্দটি বলতে বুঝাচ্ছে, জরুরী অবস্থার পূর্বের সময় যা এজেন্সি দ্বারা বাজার বিশ্লেষণ বাস্তবায়নের জন্য দুর্যোগের অবস্থা হিসেবে নির্বাচিত হয়েছে। এটা এমন সময়কে বোঝায় যখন অনুমেয় দুর্যোগের কোন প্রভাব তখন পর্যন্ত বাজারে পরে না।

রেফারেন্স সময়ঃ রেফারেন্স সময় এমন একটি সময় যখন বিশ্লেষণের জন্য নির্বাচিত দুর্যোগ আসলে ঘটছে না। এটা সুপারিশ করা হয় যে, যখন বিশ্লেষণ করা হবে তখন ডাটা সংগ্রহকে আরো সহজ করতে রেফারেন্স সময় একটি প্রকৃত সময় করতে হবে।

বাজার ব্যবস্থা/পণ্য/সেবার প্রতিনিধিঃ এটি একটি বাজারের বাজার ব্যবস্থা, পণ্য অথবা সেবার সমন্বয় যা কিছু বিষয়ের অনুরূপ বৈশিষ্ট্য প্রদর্শন করে যেমন- যে ভাবে জনগণ এই সমন্বয়ের সাথে প্রতিক্রিয়া করে, এদের গ্রহণ এবং ব্যবহার করে; যে উপায়ে তারা বাজারে সরবরাহ করে; এবং বাজারে তাদের অংশগ্রহণকে প্রভাবিত করে এমন বাজার সেবা এবং অনুকূল পরিবেশ। কোন নির্দিষ্ট এলাকার কার্যকর বাজারের সমগ্র চিত্র পেতে মাল্টি-সেক্টর বিশ্লেষণের সময় এই বাজার ব্যবস্থাসমূহের যে কোন একটি মূল্যায়নের ফলাফলকে অন্যান্য প্রতিনিধির নিকট সাধারন ভাবে প্রকাশ করা।

সাড়াপ্রদান বিশ্লেষণঃ এটা অবস্থা বিশ্লেষণ (চাহিদা নিরূপণ, বাজার মূল্যায়ন এবং অন্যান্য অবস্থার তথ্য এর সমন্বয়) এবং কার্যক্রম পরিকল্পনার সাথে সংযোগ স্থাপন করে।

ভ্যাল্যু চেইনঃ উন্নয়নের সেক্টর (development sector) এ সর্বাধিক ব্যবহৃত শব্দ, ভ্যাল্যু চেইন বলতে আসলে কী বোঝায় তার কোন সঠিক সংজ্ঞা নেই। সংজ্ঞাগুলো কার্যক্রম ভিত্তিক হয়ে থাকে, যেমন ওয়ার্ল্ড ব্যাংক এর মতে "ভ্যাল্যু চেইন শব্দটি কোন পণ্য বা সেবাকে গ্রাহকের নিকট আনতে কাঁচামাল এবং অন্যান্য ইনপুট ক্রয় সহ উৎপাদনের বিভিন্ন ধাপে মূল্য সংযোজনের সকল কার্যক্রমকে ব্যাখ্যা করে"। এটা মার্কেট এক্টর ভিত্তিকও হতে পারে, ইউনাইটেড নেশনস ইন্ডাস্ট্রিয়াল ডেভেলপমেন্ট অর্গানাইজেশন এর মতে "একটি চেইনের মাঝে জড়িত বিভিন্ন এক্টর, উৎপাদন, অবস্থার পরিবর্তন/রূপান্তর (transforming), এবং কোন পণ্য এবং সেবাকে ভোক্তার নিকট পৌছাতে সকল কাজের ক্রমিক সমন্বয়"। বাস্তবে, ভ্যাল্যু চেইন এবং বাজার ব্যবস্থা অনেক ক্ষেত্রে একই বিষয় বোঝায়, কিন্তু বাজার ব্যবস্থা অধিক বিস্তৃত এবং এই সমগ্র সহায়িকায় ব্যবহৃত হয়েছে।

পিসিএমএ এবং বাজারভিত্তিক কার্যক্রম

মানসম্মত কার্যক্রম, গাইডলাইন এবং কার্যক্রমের মূল্যায়ন, জরুরী অবস্থা এবং সাড়াপ্রদান প্রক্রিয়া বিশ্লেষণে গুরুত্বর্পূণ ভূমিকা রাখে। যদিও সাম্প্রতিক বছরগুলোতে এই পদ্ধতি (approach) বিভিন্ন আন্তর্জাতিক সংস্থা ব্যাপক ভাবে গৃহীত হয়েছে, কিন্তু প্রাথমিকভাবে, কার্যত বাজার বিশ্লেষণ শুধুমাত্র জরুরী অবস্থার পরবর্তী সময়ের মধ্যে সীমাবদ্ধ রয়েছে। পিসিএমএ দুর্যোগ পূর্ব, দুর্যোগকালীণ এবং দুর্যোগ পরবর্তি সময়েও করা যায় এবং আকস্মিক এবং ধীরগতি সম্পন্ন (to slow- and rapid-onset) যেকোন দুর্যোগ যেমন মানব সৃষ্ট বা প্রাকৃতিক হোক তাতে দ্রুত এবং মান সম্মত ভাবে সাড়াপ্রদাণ করা যায়। দুর্যোগপুর্ব সময়ে দুর্যোগপ্রবণ এলাকার মানুষের জীবিকা রক্ষার জন্য বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা, বাজারে পন্যের যোগান ও পর্যাপ্ত মজুদ রয়েছে কিনা তা বিশ্লেষণ, বা আপদকালীণ পরিকল্পনা করে রাখলে দুর্যোগকালে দ্রুত ও কার্যকরি উপায়ে জরুরী সাড়াপ্রদান করা সহজ হবে; শেষ পর্যন্ত, এই পদ্ধততিটিই সহনশীল জনগোষ্ঠী তৈরিতে অবদান রাখবে।

শুধু মাত্র, দুর্যোগ চিহ্নিত বছর (রেফারেন্স বছর reference year) থেকে শুরু করে দুর্যোগ পরবর্তি সময় পর্যন্ত, কিছু গুরুত্বপূর্ন বাজারব্যবস্থার কার্যকরিতার মানদন্ড (benchmark) নির্ধারনের চেয়ে, দুর্যোগের পূর্বপ্রস্তুতির অংশ হিসেবে বাজার বিশ্লেষণকেই বেশী গুরুত্ব দেয়া প্রয়োজণ। জরুরী অবস্থায় বাজার ব্যাবস্থার ধারণক্ষমতা এবং সীমাবদ্ধতা নিরুপনের মাধ্যমে পিসিএমএ কেবল মাত্র উন্নতমানের প্রস্তুতি এবং আপদকালীন পরিকল্পনা অন্তর্ভূক্ত করতেই সাহায্য করেনা, বরং পিসিএমএ দুর্যোগে আরো দ্রুত সাড়াপ্রদানের জন্য মানবিক সহায়তার পরিকল্পনা (design) এমন ভাবে করে যেনো দুর্যোগে ক্ষয়ক্ষতির পরিমানও কমিয়ে আনা যায়। সঠিকভাবে দুর্যোগ মোকাবেলা করতে বাজার ব্যবস্থা শক্তিশালীকরণ, মৌলিক চাহিদা ও জীবিকার প্রবেশগম্যতা-উভয়ই সহজলভ্য করার মাধ্যমে এরূপ সাড়াপ্রদান প্রক্রিয়া সম্ভব হয়, ফলে তারা দুর্যোগের ক্ষয় ক্ষতি কে মোকাবেলা করতে পারে। অন্যান্য এলাকায় এটি এলাকার দীর্ঘসময়ের (chronic) বিপদাপন্নতা ও দারিদ্রতা কে চিহ্নিত করবে।

জরুরী অবস্থা এবং সাড়াপ্রদান প্রক্রিয়া বিশ্লেষণের অংশ হিসেবে, পিসিএমএ বাজার সংক্রান্ত কার্যক্রম পরিকল্পনা করতে সহায়তা করে। এই ধরনের কার্যক্রম, দুর্যোগপূর্ব বাজার ব্যবস্থাপনায় জড়িত সকল ধরনের কাজ- যেমন ত্রাণ বিতরণের ব্যবস্থাপনা থেকে শুরু করে স্থানীয় বাজারকে শক্তিশালীকরন এবং উন্নতকরণে সহায়তা করে।(**সেকশন ৯.১ঃ বাজারভিত্তিক কার্যক্রম** দ্রষ্টব্য)। সমগ্র মানবিক সাহায্য সংস্থা এই ঐক্যমতে এসেছে যে, ক্রেতা এবং বাজারে মানবিক সাড়াপ্রদান ক্রেতা এবং বাজারকে ক্ষতি না করে (do no harm)" এবং যখন যেখানে বাজার ব্যাবস্থা কার্যকর আছে তখন সেখানে স্থানীয় বাজার ব্যবস্থায় পিসিএমএ এর ব্যবহার করতে হবে। এখানে এই ধারণা আরো বৃদ্ধি পাচ্ছে যে, মানবিক সংস্থাগুলো শুধুমাত্র "বাজার সংবেদী" না হয়ে বাজার ভিত্তিক হবে এবং অবশেষে বাজার ব্যবস্থা শক্তিশালীকরণ এবং উন্নয়নের পদক্ষেপ সমূহের সাথে সংযোগ স্থাপন করবে।

এই সহায়িকার লক্ষ্য এবং উদ্দেশ্য

এই সহায়িকাটি বিদ্যমান "দুর্যোগপূর্ব বাজার বিশ্লেষণের টুল" ব্যবহারের মাধ্যমে **সম্ভাব্য দুর্যোগের পূর্ববর্তী বাজার ব্যবস্থা বিশ্লেষণে** বাজার বিশ্লেষণকারীদের পথ নির্দেশ করে। জরুরী মুহূর্তে সাড়াপ্রদান করার জন্য এই সহায়িকার সুপারিশসমূহ/ প্রস্তাবনা গুলো দুর্যোগপূর্বে প্রস্তুতি গ্রহন করতে, দুর্যোগের ঝুঁকি হ্রাস (ডিআরআর প্রোগ্রাম) কার্যক্রমের সিদ্ধান্ত নিতে এবং ভবিষ্যতে জরুরী সহায়তা প্রদান কাজে প্রস্তুতি গ্রহন করতে তথ্য দিয়ে সহায়তা করবে। এই সহায়িকাটি বাজার ভিক্তিক সাড়াপ্রদানের মাধ্যমে উন্নততর কার্যক্রম গ্রহণের উপর গুরুত্ব দিচ্ছে। যে কোন মানবিক সাহায্যের উদ্যোগের অংশ হিসেবে, পিসিএমএ এর মূল উদ্দেশ্য হলো কাজের গুনগত মান বৃদ্ধি করা যাতে দূর্যোগে দরিদ্র মানুষ লাভবান হয়।

যেখানে বাজার বিশ্লেষণের পূর্বের কোন বেজলাইন নেই, সেখানে পিসিএমএ সহায়িকাটি দুর্যোগ পরবর্তী সময়ের কোন বাজার বিশ্লেষণ করে না। এমনকি ধীরগতির দুর্যোগের ক্ষেত্রে, যেখানে আসন্ন দুর্যোগের প্রভাব পূর্বেই ধারণা করা যায়, সেক্ষেত্রে পিসিএমএ প্রযোজ্য নয়। (উদাহারণ স্বরুপ, যখন পূর্ব সতর্কতা ব্যবস্থা ইতোমধ্যে বলছে যে, খরার বিস্তৃতি হবে এবং এর ফলে খাদ্য নিরাপত্তাহীনতার সৃষ্টি হবে)। এই সহায়িকাটি বিদ্যমান **আয় সংক্রান্ত বাজার ব্যাবস্থার** (যেমন-যখন জনগণ উৎপাদন, মজুরী এবং ক্ষুদ্র উদ্যোগের (enterprise) মাধ্যমে আয় করে) এবং ব্যয় সংক্রান্ত বাজারের ব্যাবস্থা (যেমন-জনগণের ক্রয়কৃত পণ্য এবং সেবা) নিয়ে আলোচনা করে, যা ইতোমধ্যে জনগণের জীবিকা এবং মৌলিক চাহিদার একটি অংশ হিসেবে বিবেচিত হয়েছে, কিন্তু এই সহায়িকাটি বাজারের নতুন সুযোগ নিয়ে আলোচনা করে না। এটি **সকল বিভাগ জুড়ে পণ্য এবং সেবা সংক্রান্ত বাজার** ব্যাবস্থা বিশ্লেষণে সহায়তা করতে পারে।
আরো নিখুঁতভাবে বলতে গেলে এই পিসিএমএ সহায়িকাটি নিম্নোক্ত বিষয় সমূহে সহায়তা করে

- দুর্যোগ পূর্ব বিশ্লেষণের প্রস্তুতি গ্রহণেঃ সাংগঠনিক পদ্ধতিতে ক্রয়, যৌথভাবে কর্ম সম্পাদনে উৎসাহ প্রদান, দুর্যোগের পরিস্থিতি নির্ণয়, মূল্যায়নের সুযোগ নির্ধারণ, বাজার বিশ্লেষণে ব্যবহৃত মাধ্যম সমূহ নির্বাচন করা এবং কাজের পরিকল্পনা করা।
- বিদ্যমান দুর্যোগপূর্ব অবস্থায় কার্যকর নির্দিষ্ট বাজারস্থান (marketplace) এবং বাজার ব্যাবস্থার সীমা মূল্যায়নে বাজার বিশ্লেষণ। দুর্যোগ পূর্ব বাজার বিশ্লেষণের টুল সমূহ - মূলত ইএমএসএ (EMMS) এবং দ্রুত বাজার মূল্যায়ন (আরএএম-RAM), এবং এছাড়াও সম্ভাব্য আরো বাজার মূল্যায়ন সহায়িকা (এমএজি-MAG), অক্সফামের ৪৮ ঘন্টার বাজার মূল্যায়ন টুল (Oxfam 48-hour tool) এবং ওয়ার্ল্ড ফুড প্রোগ্রাম (WFP) এর ব্যবসায়ী জরিপ ব্যবহৃত হয়।

পিসিএমএ এবং দীর্ঘ মেয়াদী বাজার বিশ্লেষণের টুলকিট

পিসিএমএ বলতে জরুরী অবস্থায় ব্যবহৃত বাজার বিশ্লেষণের টুলকিটকে বোঝায়। এটি দীর্ঘ মেয়াদী পদ্ধতি যেমন জিইএম-GAM (জেন্ডার ভিত্তিক এন্টারপ্রাইজ এবং বাজার/জেন্ডার এন্টারপ্রাইজ এন্ড মার্কেট), এমফোরপি-M4P (দুঃস্থ জনগণের জন্য বাজার প্রস্তুত/ম্যাকিং মার্কেট ফোর পোর) অথবা গ্রাহকের অগ্রাধিকার, আরএমএ- RAM (দ্রুত বাজার মূল্যায়ন/রেপিড মার্কেট এসেসমেন্ট) ইত্যাদিকে বোঝায় না। জিইএম (GEM), এম ফোর পি (M4P) টুলকিট এবং ইএমএমএ (EMMA), আরএএস (RAS) এবং এমএজি (MAG) সব টুলেরই কিছু অনুরূপ বৈশিষ্ট্য রয়েছে, যা বাজার বিশ্লেষণের ম্যাপিং এ বিশ্লেষণের মূল মাধ্যম হিসেবে ব্যবহৃত হয়, যেমন সব টুলই অংশগ্রহণমূলক এবং মাল্টি স্টেকহোল্ডারদের কার্যক্রম নিয়ে আলোচনা করে। এই টুলকিট গুলোর লক্ষ্য হলো বাজারের এক্টরদের সম্পর্ক এবং ক্ষমতার সক্রিয়তা বিশ্লেষণ করা, এবং দাম ও পরিমানের মাঝেই এরা সীমাবদ্ধ নয়।
এই টুলকিট সমূহের প্রধান পার্থক্য হলোঃ এম ফোর পি (M4P) শুধুমাত্র আয় সংক্রান্ত বাজার নিয়ে আলোচনা করে, জিইএম (GEM), নারীর অর্থনৈতিক ক্ষমতায়ন এবং বাজার বিশ্লেষণে নারীদের দৃষ্টিভঙ্গি এবং আরএমএ (RAM) কৃষি ব্যবসায় প্রকল্প অথবা কৃষি উৎপাদন উদ্যোগের পরিকল্পনাকে সহায়তা করে। বাজার পর্যবেক্ষণের মাধ্যমে এই সকল টুলকিটের মাঝে নির্দিষ্ট সংযোগ স্থাপন করা যেতে পারে। প্রক্রিয়ার দৃষ্টিকোণ থেকে টুলকিটের জন্য একই পর্যবেক্ষণ নীতি প্রয়োগ করা যেতে পারে এবং দুর্যোগ পূর্ববর্তী বাজার বিশ্লেষণের ফলাফল, দীর্ঘমেয়াদী বাজার বিশ্লেষণে ব্যবহৃত হতে পারে এবং এর বিপরীতও হতে পারে। আরো অধিক তথ্যের জন্য, **সেকশন ১১ঃ বাজার পর্যবেক্ষণ** দ্রষ্টব্য।

- দুর্যোগের কার্যকর প্রস্তুতি গ্রহণ, ত্রাণ ও পুনরুদ্ধার প্রক্রিয়া, বাজার ভিত্তিক কার্যক্রমের পরিসীমা বিবেচনায় দুর্যোগ পূর্ব বাজার বিশ্লেষণের ফলাফল ব্যবহার করা ।
- বাজার পর্যবেক্ষণ এবং দুর্যোগ ও "দুর্যোগের নির্দেশিত বছর/রেফারেন্স" চিত্রায়নের (mapping) অধুনিকীকরণের মাধ্যমে বিশ্লেষণের হালনাগাদ করা।

ভূমিকা

অভীষ্ট জনগণ (TARGET AUDIENCE)

এই সহায়িকটি মানবিক কার্যক্রমে অংশগ্রহণকারী, যারা পিসিএমএ কে বিবেচনায় রাখছে বা পিসিএমএ ব্যবহার করার পরিকল্পনা করছে তাদের পথ প্রর্দশনের জন্য প্রস্তুত করা হয়েছে। এই সহায়িকটি এমন ভাবে প্রস্তুত করা হয়েছে যা,

সমগ্র সেক্টরে মাঠ পর্যায়ে বাজার বিশেষজ্ঞ নয় এমন বিশ্লেষণকারীদের বিদ্যমান মূল্যায়ন ও বিশ্লেষণ ক্ষমতা দ্বারা সহজবোধ্য। এই বিশ্লেষণকারীদের নিজেদের মাঝে পিসিএমএ কি এবং কিভাবে কাজ করে তা উপলব্ধি করার আগ্রহ থাকতে হবে। সহায়িকটি দুর্যোগপূর্ব বাজার বিশ্লেষণের অভিজ্ঞতা দ্বারা, দুর্যোগপূর্ব অবস্থায় অধিক পরিচিত বা অধিক ব্যবহৃত টুল নির্বাচন করতে ব্যবহারকারীদের সহায়তা করে।

এই সহায়িকটি পিসিএমএ এর দায়িত্ব নিতে অঙ্গীকারবদ্ধ এমন দলকে বিবেচনা করে। উল্লিখ্য যে, এই পিসিএমএ এর প্রতিটি ধাপ একটি এজেন্সী বা এজেন্সী সমূহের বাজার বিশ্লেষণে, বাজার কমিটির প্রধানকে চিহ্নিত করতে অঙ্গীকারবদ্ধ। এই সহায়িকটি বিশ্লেষণ দলের দলনেতা (সামগ্রিক মূল্যায়ন ও বিশ্লেষণের দ্বায়িত্বে) এবং বাজার দলের দলনেতা (মাঠ পর্যায়ে এক বা একাধিক দুর্যোগপূর্ণ বাজার ব্যাবস্থায় বাজার দলের পথ প্রদর্শনের দায়িত্বে) এর দায়িত্ব নির্ধারণে সহায়তা করে। বাজার দলের ভূমিকা এবং দায়িত্ব সমূহ আরো জানতে, দেখুন **সেকশন ৬.১ঃ বাজার দলকে একত্রিত করা**।

মূলত, এই সহায়িকটি প্রতিষ্ঠানের ব্যাবস্থাপক এবং মানবিক সংস্থার সমন্বয়কারীকে, দুর্যোগপূর্ব বাজার বিশ্লেষণের যৌথ দায়িত্ব সম্পর্কে একটি সম্পূর্ণ ধারণা দেয় এবং এই কারণে মূল্যায়ন দলের সমন্বয় এবং ব্যাবস্থাপনা সহজতর হয়।

সংশোধিত পিসিএমএ এ নতুন কি?

এই পিসএমএ সহায়িকটি মূলত ২০১৪ সালে "দুর্যোগ পূর্ব বাজারের চিত্রায়ন এবং বিশ্লেষণের সহায়িকা" বা সংক্ষেপে "পিসিএমএমএ" নামে প্রকাশিত হয়। এটা মূলত দুর্যোগপূর্ব অবস্থার বাজার বিশ্লেষণে অনেক এনজিও এর সীমাবদ্ধ অভিজ্ঞতা ব্যাবহার করে তৈরি করা হয়েছিল এবং ধারণা করা হয়েছিল মাঠ পর্যায়ে প্রয়োগের পর বোর্ড-ভিত্তিক ইনপুটের মাধ্যমে সংশোধন করা যেতে পারে। এই সংশোধিত সহায়িকা সহায়িকটি পূর্বের সংস্করণকে প্রতিস্থাপিত করে। নামটি বিভিন্ন প্রতিক্রিয়ার জবাবে আরো সহজ ভাবে "দুর্যোগপূর্ব বাজার বিশ্লেষণ" করা হয়েছে, কারণ "পিসিএমএমএ" উচ্চারণে কঠিন ছিল। এটা আরো বোঝায় যে, শুধু ইএমএমএ (EMMA) তেই নয়, দুর্যোগপূর্ব বাজার বিশ্লেষণে টুল প্রয়োগের সীমা নির্ধারণ করতে এই পদ্ধতি ব্যাবহারের গুরুত্ব অনেক। এই সংশোধিত পিসিএমএ, বিভিন্ন প্রতিষ্ঠান এবং বিভিন্ন অবস্থানে দুর্যোগপূর্ব বাজার বিশ্লেষণে সাম্প্রতিক সময়ে প্রাপ্ত বিভিন্ন জ্ঞান ধারণ করে। এই ফলাফল সমূহ জেন্ডার), তথ্য যোগাযোগ এবং প্রযুক্তি (Information Communication and Technology), বৈসাদৃশ্য বিশ্লেষণ/গ্যাপ অ্যানালাইসিস (gap analysis), জরুরী অবস্থায় এবং/অথবা প্রতিনিধিত্ব মূলক বাজার ব্যাবস্থা নির্বাচন, পিসিএমএ সম্পর্কে ধারণা দিতে দলে প্রশিক্ষণ, বাজার পর্যবেক্ষণ এবং পিসিএমএ এ সুপারিশ বাস্তবায়ন ইত্যাদি তে যুক্ত হয়, কিন্তু তা এই সব সমূহের মাঝে সীমাবদ্ধ নয়।

পিসিএমএ সহায়িকার লক্ষ্য এবং উদ্দেশ্য আগেই ব্যাখ্যা করা হয়েছে। এই পিসিএমএ এমন একটি সহায়িকার যা বাজার বিশ্লেষণের দুর্যোগপূর্ব পদ্ধতি উপস্থাপন করে। এই পিসিএমএ নিজেই একটি বাজার বিশ্লেষণ টুল নয়, কিন্তু এটা অনুশীলনকারীদের অন্যান্য টুলকিট সমূহে উপস্থিত বিদ্যমান দুর্যোগপূর্ব বাজার মূল্যায়ন এবং বিশ্লেষণ টুল ব্যাবহার করতে সাহায্য করে।(যথা- ইএমএমএ (EMMA,), আরএএম/এমএজি (the RAM/MAG), ডবিওএফপি এর ব্যাবসায়ী জরিপ এবং অক্সফামের ৪৮ ঘন্টার বাজার মূল্যায়ন টুল (the Oxfam 48-hour tool))।

ভূমিকা

এখানে কোন সন্দেহ নেই যে, মানবিক সংস্থা সমূহে অধিক প্রয়োগ এবং ব্যাবহারের মাধ্যমে পিসিএমএ আরো ব্যাপক ভাবে বিকশিত হবে। অধিক হালনাগাদকৃত পিসিএমএ রিপোর্ট সমূহ, শিক্ষণীয় নথি সমূহ, শিক্ষার উপকরণ এবং টেম্পলেট সমূহ সম্পর্কে আরো জানতে ইএমএমএ ওয়েবসাইট এর পিসিএমএ অংশ দেখুন

বক্স ২ঃ এই সহায়িকা নথিতে উল্লিখিত টুলকিট সমূহ

যেহেতু এই পিসিএমএ সহায়িকা নিজে কোন টুলকিট নয়, এটা বিদ্যমান টুলকিট সমূহকে বোঝায়। নিম্নুক্ত বাজার মূল্যায়ন এবং বিশ্লেষণ টুলকিট সমূহ দ্বারা এই সহায়িকায় প্রদানকৃত নির্দিষ্ট রেফারেন্স এবং লিংক দেয়া হয়েছে।

- **ইএমএমএঃ জরুরী অবস্থায় বাজার চিত্রায়ন এবং বিশ্লেষণ (ইমারজেন্সি মার্কেট ম্যাপিং এন্ড এনালাইসিস)**
- **আরএএমঃ দ্রুত বাজার মূল্যায়ন (র‍্যাপিড মার্কেট এসেসমেন্ট)**
- **এমএজিঃ বাজার মূল্যায়ন সহায়িকা (মার্কেট এসেসমেন্ট গাইডেন্স)**
- **অক্সফামের ৪৮ ঘণ্টার বাজার মূল্যায়ন টুল**
- **ডব্লিওএফপি এর ব্যাবসায়ী জরীপ**

প্রতিটি টুলকিট সম্পর্কে আরো জানতে, **আইআরসি/ক্যাল্প, মানবক সেক্টরের বাজার বিশ্লেষণের টুল সমূহের তুলনামূলক টেবিল অথবা অক্সফাম এর বাজার পরিধি** ইত্যাদি নথি সমূহ সহায়তা করবে।

সহায়িকাটির ব্যাবহার (কখন এবং কিভাবে)

বাজার বিশ্লেষণ, জরুরী অবস্থা বিশ্লেষণের একটি অংশ কিন্তু সবসময়ের প্রয়োগের/ব্যবহারের জন্য নয়। এটা প্রতিষ্ঠানের কর্মসূচীগত কৌশল এবং জরুরী অবস্থার পূর্ব পরিকল্পনার কাঠামো দ্বারা সম্পন্ন করা উচিৎ। এই বিশ্লেষণ প্রতিষ্ঠানের বিদ্যমান কর্মসূচিগত কৌশল এবং জরুরী অবস্থার পূর্বপরিকল্পনা দ্বারা ইতোমধ্যে চিহ্নিত দুর্যোগ এবং জনগনের চাহিদা, সম্ভাব্য প্রতিক্রিয়া কৌশল (প্রাতিষ্ঠানিক আদেশের ফলাফল), সুযোগ এবং সময়সীমা, নির্ধারিত জনগণ এবং কর্ম এলাকার উপর নির্ভর করে।

দুর্যোগের পূর্বে যে কোন সময়, যখনই দুর্যোগের পূর্বপরিকল্পনা এবং/অথবা সাড়া প্রদান প্রক্রিয়া বিশ্লেষণ প্রয়োজন হয় তখনই পিসিএমএ করা যায়। বছরের যে কোন সময় যদি ডাটা সংগ্রহ করা যায়, তবে সিজনাল ভেরিয়েশনকে বিবেচনা করতে বছরের এমন সময়ে ডাটা সংগ্রহ করতে হবে যে সময় দুর্যোগ আঘাত করার সম্ভাবনা বেশী থাকে। **(সেকশন ৩ঃ রেফারেন্স এবং দুর্যোগের সময় নির্ধারণের জন্য অবস্থা বর্ণনা করা দ্রষ্টব্য)**। এই সহায়িকা একটি যৌক্তিক ক্রম অনুসরণ করে, কিন্তু এর কিছু ধাপ প্রাকৃতিক ভাবে একই সময়ে ঘটে অথবা অনুশীলনের পুনরাবৃত্ত বৈশিষ্ট্য এর কারণে ধাপ সমূহের মাঝে এদিক ওদিক করা প্রয়োজন। এই সহায়িকাটির মাঝে রয়েছে

- পিসিএমএ করার প্রধান ধাপ সমূহ এবং এর মূল বিবেচ্য বিষয়
- বাজার বিশ্লেষণ প্রক্রিয়ার প্রতিটি ধাপের বিশদ বর্ণনা
- বাজার বিশ্লেষণ করার সময় মাঠ পর্যায় থেকে প্রাপ্ত বিভিন্ন উদাহারণ এবং ব্যাবহার উপযোগি নমুনা সমূহের সংযোক্তি।

এই সহায়িকাটি সবসময় ব্যাবহারের জন্য নয় এবং এই সমগ্র সহায়িকায় বর্ণিত টুল সমূহ পূর্বে বিদ্যমান বাজার বিশ্লেষণ টুলের সাথে একসাথে ব্যবহৃত হতে পারে।

ভূমিকা

- বাজার পর্যবেক্ষণ/নিয়ন্ত্রণের সূচক নির্ধারণ
- পর্যবেক্ষণের জন্য সংগৃহীত ডাটা/তথ্য পুনর্গঠন

- তথ্য বিশ্লেষণ হালনাগাদ করণঃ নিয়মিত পর্যবেক্ষণের ফলাফলের উপর ভিত্তি করে, দুর্যোগ মোকাবেলা এবং পরিস্থিতির নাটকীয় পরিবর্তন

- পিসিএম এ বাস্তবায়নের সিদ্ধান্ত
- উদ্দেশ্য এবং মূল বিশ্লেষণাত্মক প্রশ্ন নির্ধারণ

- মূল দুর্যোগ এবং প্রাসঙ্গিক মানচিত্র অংকন
- চাহিদা এবং বাজারের ধারণ ক্ষমতা বিশ্লেষণ এবং মূল বিশ্লেষণাত্মক প্রশ্নের উত্তর প্রদান
- প্রোগ্রাম নির্বাচন
- ফলাফল সমূহের সংযোগ স্থাপন

- দুর্যোগের অবস্থা এবং বিশ্লেষণের সময় নির্ধারণ
- চাহিদা নির্ধারণ
- দুর্যোগকালীন বাজার ব্যাবস্থা নির্ধারণ

- বিদ্যমান তথ্য পর্যালোচনা
- বাজার ব্যবস্থাপনা দলের সাথে প্রাসঙ্গিক বিশ্লেষণ নির্ধারণ, দুর্যোগকালীন বাজার নির্বাচন এবং মূল বিশ্লেষণাত্মক প্রশ্নের আলোচনা
- বিদ্যমান তথ্য এবং দলের জ্ঞানের সহায়তায় অবস্থার প্রাথমিক বিশ্লেষণ এবং চিত্রায়ন
- প্রশ্নাবলী প্রস্তুত করণ এবং তথ্য সংগ্রহের পদ্ধতি নির্ধারণ মাঠ পর্যায়ে তথ্য সংগ্রহ

- বাজার মূল্যায়নের জন্য ব্যবহৃত টুল নির্ধারণ
- মাঠ পর্যায়ে অনুশীলনের জন্য প্রস্তুতি এবং পরিকল্পনা গ্রহণ

অধ্যায় ১ঃ পিসিএমএ এর প্রস্তুতি

এই অধ্যায়ের শেষে কি অর্জিত হবে?

- প্রতিষ্ঠান/এজেন্সীর ব্যাবস্থাপনা পরিষদ পিসিএমএ বাস্তবায়ন করতে আগ্রহী হবে এবং তা করতে যথেষ্ট উপকরণ বরাদ্ধ করতে অঙ্গীকার করবে।
- বিশ্লেষণের জন্য দায়িত্বপ্রাপ্ত একজন ব্যাক্তিকে নিয়োগপ্রদান করা হবে এবং পিসিএমএ এর জন্য দল নির্বাচন করা হবে।
- পিসিএমএ তে স্টেকহোল্ডার এবং সম্ভাব্য অংশীদার (সুশীল সমাজের সংগঠন, স্থানীয় ও আন্তর্জাতিক এনজিও, স্থানীয় ব্যাক্তিবর্গ) নির্বাচন সম্পর্কে অবহিত করা হবে।
- পিসিএমএ তে প্রয়োগ করতে দুর্যোগের পরিস্থিতি নির্ধারণ (অথবা শুধুমাত্র বাজারের বেজলাইন প্রস্তুত করা) এবং এই দুর্যোগ সংক্রান্ত প্রতিষ্ঠান/এজেন্সির কৌশল এবং প্রতিক্রিয়া প্রদানের পরিকল্পনা সম্পর্কে যথেষ্ট ভালো ধারণা (এলাকা, কাঙ্ক্ষিত জনগণ, সম্ভাব্য প্রতিক্রিয়া এবং সংশ্লিষ্ট উদ্দেশ্য)।
- সঠিক প্রোগ্রাম নির্দেশক/প্রতিক্রিয়ার কার্যবিধি নির্ধারণ করতে বাজারের মূল যে তথ্য অনুপস্থিত তা সম্পর্কে ধারণা।
- কোন পিসিএমএ বাস্তবায়ন করতে হবে তা জানাঃ এর উদ্দেশ্য, সম্ভাব্য প্রশ্নের উত্তর এবং ব্যাবহারের জন্য বাজার বিশ্লেষন টুল
- পিসিএমএ এর জন্য মূল সমার্থক নথি এবং এবং পরিকল্পনা রাখাঃ টার্মস অব রেফারেন্স, অলোচ্য বিষয় সূচি, বাজেট ইত্যাদি।

পিসিএমএ বাস্তবায়নের সিদ্ধান্ত

এই ধাপের প্রয়োজনীয়তা

সাম্প্রতিক সময়ে যখন, প্রাথমিক ভাবে নগদ অর্থ হস্তান্তর প্রোগ্রামিং/ক্যাশ ট্রান্সফার প্রোগ্রামিং এর উন্নয়নের কারণে দুর্যোগপরবর্তী বাজার বিশ্লেষণ পদ্ধতি ব্যাপক ভাবে গৃহীত হয়েছে তখন দুর্যোগপূর্ব বাজার বিশ্লেষণের সূচনা এখন পর্যন্ত একটি উদ্ভাবনী পদ্ধতি। এর জন্য ব্যাবস্থাপনার সাথে আভ্যন্তরীন এডভোকেসী প্রয়োজন, এবং বহির্গত এডভোকেসীর মাধ্যমে তা উপকৃত হতে পারে। এবং এডভোকেসীর মাধ্যমে পিসিএমএ একটি যৌথ এবং সহযোগিতা মূলক পদ্ধতি হতে পারে। পিসিএমএ এর স্থায়ীত্ব, দুর্যোগে সম্ভাব্য ঘটনার পরিকল্পনা হালনাগাদে এর ফলাফলের ব্যবহার, এবং সাড়াপ্রদানের পদ্ধতিতে যথেষ্ট উপকরণ বরাদ্দ দেয়া হয়েছে তা নিশ্চিত করতে সংস্থার ব্যাবস্থাপনার সম্পৃক্ততা বেশ কঠিন। পদ্ধতিটি শুরুর প্রথম থেকেই ব্যাবস্থাপনার সম্পৃক্ততা উৎসাহিত করা উচিৎ।

অধ্যায় এক

১. পিসিএমএ বাস্তবায়নের সিদ্ধান্ত

এই ধাপের শেষে কি অর্জিত হবে?

- সংস্থার ব্যাবস্থাপনা পিসিএমএ এর প্রয়োজনীয়তা উপলব্ধি করবে, এর দ্বারা সংযোজিত মূল্য সম্পর্কে বুঝবে এবং এর প্রয়োগের জন্য যথেষ্ট উপকরণ বরাদ্দ রাখবে।
- বাজার কমিটির প্রধান শনাক্ত হবে এবং তিনি এটি অনুশীলনের জন্য যথেষ্ট সময় নিবেদিত করবেন।
- গুরুত্বপূর্ণ স্টেকহোল্ডার এবং সম্ভাব্য অংশীদারগণ (সুশীল সমাজের প্রতিষ্ঠান সমূহ, স্থানীয় এবং আন্তর্জাতিক এনজিও সমূহ, স্থানীয় ব্যাক্তিবর্গ) পিসিএমএ এর কার্যক্রম সম্পর্কে অবহিত হন।

১.১. সংস্থা ভিত্তিক অথবা সহযোগিতামূলক পিসিএমএ প্রবর্তন

- পিসিএমএ যে কোন দেশের সদস্য দল দ্বারা অনুশীলন করা যায় যারা দুযোগকালীন সম্ভাব্য ঘটনার পরিকল্পনা করতে আগ্রহী হয়, এবং ভবিষ্যতের মানবিক সাড়াপ্রদানের পদ্ধতি এবং দুর্যোগ ঝুঁকি হ্রাস সংক্রান্ত প্রোগ্রামের পরিকল্পনায় দুর্যোগপূর্ব বাজার সম্পর্কিত তথ্য ব্যাবহার করতে আগ্রহী হয়।
- পিসিএমএ এর কার্যক্রম চাহিদা মাফিক হবে। এর ফলাফলের সঠিক ব্যাবহার নিশ্চিত করতে দেশের মাঝেই দলের সদস্য দ্বারা এটা প্রর্বতন করা যায়। সদর দপ্তর সমূহের অথবা অঞ্চল ভিত্তিক কর্মীগণ সহায়তার জন্য নিজেদের মাঝে পরামর্শ করতে পারেন কিন্তু আদর্শগত ভাবে তা পিসিএমএ এর সূচনা নয়।

বক্স ৩ঃ পিসিএমএ এর সুপারিশ সমুহের গ্রহণ নিশ্চিতকরণ

২০১৪ সালে ইএমএমএ (EMMA) এর কোন ফলাফল এবং সুপারিশসমূহ প্রোগ্রামকে প্রভাবিত করে এবং কোন বিষয়গুলো এই সুপারিশ সমূহ ব্যাবহার করতে সহায়তা বা ব্যঘাত সৃষ্টি করে তা নিয়ে আইআরসি (IRC) গবেষণা করেছে। তিনটি প্রধান প্রভাবক ইএমএমএ (EMMA) এর সুপারিশ সমূহ নির্ধারণের বিষয় হিসেবে আত্মপ্রকাশ করে। যদিও এই প্রভাবক গুলো ইএমএমএ তে প্রয়োগ করা হয়, পিসিএমএ (PCMA) তে নয়, তবে এ সব গুলোই অনুরূপ নয়। সমগ্র সহায়িকায় এই প্রভাবক গুলো নিয়ে আলোচনা করা হয়েছে। কিন্তু এটা মনে রাখা জরুরী যে, নিম্নুক্ত সুপারিশ সমূহ পিসিএমএ (PCMA) থেকে গ্রহণ করতে নিশ্চিত করতে হবে।

- **বাজার দলের সদস্যদের দক্ষতাঃ** দলের সদস্যদের অভিজ্ঞতা এবং দক্ষতা, সংস্থা সমূহের দায়িত্ব এবং কর্তব্য, এছাড়াও বৃহত্তর জনগনের মাঝে বাজার বিশ্লেষণ সম্পর্কে সচেতনতা ও উপলব্ধি বৃদ্ধি করা।
- **যোগাযোগ এবং প্রচারঃ** বিশ্লেষণে সরাসরি অংশগ্রহণ, কাজের বিভিন্ন ফলাফল প্রকাশের ইভেন্টে উপস্থিত থাকা অথবা নির্দিষ্ট ধাপের উপর আলোচনার মাধ্যমে সমগ্র বাজার বিশ্লেষণ প্রক্রিয়ায় বিভিন্ন স্টেকহোল্ডারদের সম্পৃক্ত করা। এটা সময়মত ফলাফলের মাঝে যোগাযোগ এবং সমগ্র প্রচার প্রচেষ্টায় দলনেতার উপস্থিতির সাথে জড়িত। এই ফলফল সমূহ সামগ্রিক প্রচার পরিকল্পনার চাহিদা নির্দেশ করে যা মূল্যায়নের শুরুতেই প্রস্তুত করা উচিৎ। উপরন্তু,এই সুপারিশ সমুহকে জারি করতে বাস্তবায়নকারী সংস্থার অবশ্যই কিছু পরিকল্পনা থাকা উচিৎ।
- **রিপোর্টে স্পষ্টতা এবং স্বচ্ছতাঃ** রিপোর্টটি এর কর্মপদ্ধতি সঠিক ভাবে বর্ণনা করবে এবং তথ্য সূত্রের বিস্তারিত বিবরণ একটি পরিপূর্ণ সংযুক্তি হিসেবে থাকবে। এই রিপোর্ট প্রমাণ ভিত্তিক ফলাফল এবং সুপারিশ সংযুক্ত করে, যা কার্যকরী কর্মপরিকল্পনার একটি অংশ।

অধ্যায় এক

১. পিসিএমএ বাস্তবায়নের সিদ্ধান্ত

- পসিএমএ এর ব্যবহার একটিমাত্র সংস্থা দ্বারা বাস্তবায়িত হতে পারে কিন্তু এটি যৌথ ভাবেও বাস্তবায়ন করা যেতে পারে। এটি ফলাফল এবং সুপারিশ গ্রহণের মাধ্যমে উপকরণের ব্যাবহার এবং মালিকানার বিস্তৃতিতে সাহায্য করে। ভবিষ্যতে পিসিএমএ ব্যবহারের জন্য সেক্টরের সমন্বয়কারী দল অথবা আন্তঃসংস্থা কর্মীদল তথ্য আদান-প্রদানের মাধ্যম হিসেবে ব্যবহৃত হতে পারে।

১.২ বাজার কমিটির প্রধান ব্যাক্তি/বাজার দলের দলনেতা মনোনীত করা

- যে ব্যাক্তি পিসিএমএ ব্যবহার আরম্ভ করেছেন তিনিই বাজার কমিটির প্রধান ব্যাক্তি/বাজার দলের দলনেতা হিসেবে দায়িত্ব নিতে পারেন, যতদিন পর্যন্ত না স্থায়ী ভাবে কোন একজন নিযুক্ত হচ্ছেন। (**সেকশন ৬.১ঃ বাজার দলের একত্রিকরণ**, দ্রষ্টব্য)। এই পর্যায়ে, প্রায় সময়ই বাজার কমিটির প্রধান/ বাজার দলের দলনেতা ব্যাক্তি "স্ব-মনোনীত" হয়ে থাকেন। (যেমনঃ এই অনুশীলনের ফলাফল নিয়ে উৎসাহী ব্যাক্তি)। তাকে বাজার সম্পর্কে বিশেষজ্ঞ হতে হবে এমন নয় কিন্তু বাজার সম্পর্কিত বিষয় সমূহে তার উৎসাহ থাকতে হবে।
- পিসিএমএ করার জন্য বাজার কমিটির প্রধান/ বাজার দলের দলনেতা, সংস্থার ব্যাবস্থাপনার সাথে আলোচনা করবে। (**সেকশন ১.৪ঃ পিসিএমএ এর জন্য কেস প্রস্তুত করণ**, দ্রষ্টব্য)। এটা করা আরো জরুরী যে, বাজার কমিটির প্রধান ব্যাক্তির/ বাজার দলের দলনেতার পিসিএমএ ব্যবহার এবং পরে সমন্বয় করার জন্য যথেষ্ট সময় আছে কিনা। বাজার কমিটির প্রধান ব্যাক্তি হওয়ায় তার প্রশিক্ষণ গ্রহণের যথেষ্ট সুযোগ রয়েছে।
- প্রস্তুতি পর্যায়ে এবং সংস্থার দক্ষতা বিবেচনায় বাজার কমিটির প্রধান ব্যাক্তি/ বাজার দলের দলনেতা একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। সমন্বয় ও নেতৃত্ব তার প্রধান দায়িত্ব। তার প্রায়োগিক (technical) বাজার বিশ্লেষক হওয়ার প্রয়োজন নেই। সে নিম্নুক্ত দায়িত্বে থাকবে

– পিসিএমএ এর প্রস্তুতি পর্যায়ের বাস্তবায়ন (অধ্যায় ১ঃ পিসিএমএ এর জন্য প্রস্তুতি)
– পিসিএমএ বাস্তবায়নের জন্য সমন্বয় করা (অধায় ২ঃ পিসিএমএ পরিচালনা)। বাজার কমিটির প্রধান ব্যাক্তির/ বাজার দলের দলনেতার মূল দায়িত্ব বাজার বিশ্লেষন পরিচালনা নয়, এটা বিশ্লেষণ দলের দলনেতার দায়িত্ব। (**সেকশন ৬.১ঃ বাজার দল একত্রিত করণ**, দ্রষ্টব্য)। কিন্তু তিনি সামগ্রিক পিসিএমএ অনুশীলনে উপস্থিত থাকতে পারেন, এটা নিশ্চিত করতে যে, তিনি অনুশীলনের সম্ভাব্য অনুলিপি (replicate) করতে এবং পিসিএমএ এর কার্যক্রম সমূহ হালনাগাদের (update) ব্যাবস্থা করতে পারেন।
– পিসিএমএ এর সুপারিশ সমূহ গ্রহণ করতে সহায়তা দেয়া। (অধ্যায় ৩ঃ পিসিএমএ এর ফলাফলের ব্যাবহার)
– পিসিএমএ এর হালনাগাদ নির্দিষ্ট করা। (সেকশন ১২ঃ রেফারেন্স এবং সংকটের চিত্রায়ন হালনাগাদ করা)

অধ্যায় এক

১.৩ প্রত্যাশিত/অনুমেয় দুর্যোগের প্রেক্ষাপটে দুর্যোগপূর্ব অবস্থা নিশ্চিত করা

দীর্ঘ মেয়াদী দুর্যোগের প্রাথমিক পর্যায় যা ইতোমধ্যে বাজার ব্যাবস্থায় প্রভাব ফেলেছে (যেমনঃ দ্রুত সতর্কতা ব্যাবস্থা সমূহ এরই মধ্যে প্রচার করেছে যে, খরা শুরু হয়েছে এবং এর ফলে খাদ্য নিরাপত্তাহীনতার সৃষ্টি হবে), এমন অবস্থা কে দুর্যোগ পূর্ব বাজার বিশ্লেষন টুল দ্বারা (যেমনঃ ইএমএমএ, আরএএম) বিশ্লেষণ করা যায়।

বাজারের অবস্থা খুব দুর্যোগ পূর্ণ নয় কিন্তু বাজার সম্পর্কিত কাঠামোগত বিষয় সমূহে প্রভাব ফেলে এমন অবস্থাকে দীর্ঘ মেয়দী বাজার বিশ্লেষন পদ্ধতি (যেমন, জিইএম,এম ফোর পি) দ্বারা বিশ্লেষণ করা যায়।

দুর্যোগপূর্ব অবস্থায় এবং আগে কখনো এলাকায় এমন দুর্যোগ ঘটেনি এমন অবস্থার ক্ষেত্রে বাজারের বেজলাইন তৈরি তে পিসিএমএ এর কার্যক্রম এর মাত্রা সংকীর্ণ করে ফেলতে হবে। যদি আগে কখনো এলাকায় ঘটে নি এমন কোন দুর্যোগের চিত্র প্রস্তুত করা হয় তবে মনে রাখতে হবে যে, তা শুধুমাত্র ধারণার উপর ভিত্তি করে কাজ করা হবে যা তথ্য এবং বিশ্লেষণের নির্ভরযোগ্যতাকে প্রভাবিত করবে। এই ক্ষেত্রে মনে রাখতে হবে যে, বাজারের এক্টর এবং গুণগত তথ্যের সাথে এই ধারণা সমূহ পুনরায় মিলিয়ে দেখতে হবে।

১.৪ পিসিএমএ এর জন্য কেস প্রস্তুতকরণ

অভীষ্ট জনগণের (targeted community) চাহিদা, সংস্থা/এজেন্সির কৌশল এবং দলের ক্ষমতার উপর ভিত্তি করে, প্রসঙ্গ নির্ভর বিষয় নির্ধারণ করতে নিম্নুক্ত এই পরামর্শ সমূহ প্রয়োজন হতে পারে।

- তাৎক্ষনিকভাবে বাজারের যখন কোন প্রয়োজনীয়তা নেই (যেমন-দুর্যোগবিহীন সময়) তখনই বাজার বিশ্লেষণের উপযুক্ত সময়। এবং এই করণে দুর্যোগের সাথে কোন সংযোগ ছাড়াই দুর্যোগকালীন বাজার পর্যবেক্ষণ এবং এ সম্পর্কে ধারণা পাওয়া যায়।
- দুর্যোগবিহীন পরিস্থিতিতে/সময়ে, স্বাভাবিকভাবে অকার্যকর বাজার ব্যবস্থাকে চিহ্নিত করার পরিবর্তে দুর্যোগকালীন বাজার ব্যবস্থা অকার্যকরতার অন্তর্নিহিত বিষয়গুলো ভালোভাবে বোঝার জন্য বাজার বিশ্লেষণের যথেষ্ট সময় রয়েছে।
- দলের দক্ষতা বৃদ্ধি এবং বাজার ও বাজার সম্পর্কিত বিষয়সমূহের উপর সচেতনতা বৃদ্ধিতে প্রাধান্য দিতে দুর্যোগবিহীন সময় শ্রেষ্ঠ সময়।
- পিসিএমএ ব্যবহারকারী দলগুলোর সময়োপযোগী ও কার্যকরী সাড়াপ্রদানের পদ্ধতিকে বাস্তবায়ন করতে এবং প্রতিষ্ঠানের দুর্যোগপূর্ব প্রস্তুতির জন্য পরিকল্পনা করতে মানবিক সাহায্য সংস্থার অভিজ্ঞতাকে গুরুত্ব দেয়া।
- গৃহীত পিসিএমএ মৌসুমি প্রবণতা (Seasonal trend) (এক বছরের মাঝে) এবং সেই সাথে ঐতিহাসিক প্রবণতা (Historical trend) (বছর ধরে) পর্যবেক্ষণ করার অনুমতি দেয় যা বিশেষত দীর্ঘমেয়াদী দুর্যোগের প্রেক্ষাপটের সাথে প্রাসঙ্গিক।
- দুর্যোগবিহীন অবস্থায় দুর্যোগপূর্ব বাজার সম্পর্কে সম্পূর্ণ ধারণা দুর্যোগ আঘাত করার সময় একটি ভরসাপূর্ণ বেইজলাইন প্রদান করে। এই পিসিএমএ এর সুপারিশসমূহ দল কিংবা সংস্থাকে বাজারের এক্টর এবং অভীষ্ট/সুবিধাভোগী (targeted

- population) জনগণের উপর দুর্যোগের প্রভাবকে অধিক দ্রুত এবং সহজভাবে বুঝতে সাহায্য করে। এর দ্বারা দুর্যোগ আঘাত করার সময় দ্রুত সিদ্ধান্ত নেয়া যায় এবং এক্ষেত্রে সম্পূর্ণ মূল্যায়ন প্রয়োজন হয়না, তখন শুধুমাত্র যেকোন বাজার সূচকের একটি সংক্ষিপ্ত হালনাগাদ হলেই যথেষ্ট হয়। এটা দ্রুত বাজারভিত্তিক কার্যক্রমকে অনুমোদন করে যা জনগণের জন্য বোধগম্য এবং তা ক্ষতিকর হবে না।

- বিভিন্ন দুর্যোগবিহীন অবস্থায়, অনেক বাজার ব্যবস্থা বেশ দুর্বল এবং তা ক্ষমতা এবং সামঞ্জস্যহীন ভাবে কিছু এক্টর দ্বারা নিয়ন্ত্রিত এবং শুধুমাত্র তাদের জন্যই লাভজনক। এর ফলে দুর্যোগের সময় তারা দ্রুত অতি দরিদ্র জনগণকে সেবা প্রদান বন্ধ করে দেয়। পিসিএমএ বাজারের গতি বোঝার মাধ্যমে দুর্যোগের ভবিষ্যৎ পদক্ষেপের পরিকল্পনা করতে সহায়তা করে যা ভবিষ্যতে ক্ষমতার অপব্যবহারকে প্রতিরোধ করে যেন ভবিষ্যতের কোন দুর্যোগে দরিদ্র জনগণকে আরো ভালোভাবে সেবা প্রদান করতে পারে।

- বাজার স্থিতিশীল নয়, এটি ঋতু এবং সময়ের সাথে পরিবর্তিত। পিসিএমএ এর মাধ্যমে, বাজারের এই পরিবর্তনের মূল চালিকা শক্তি কি এবং বাজারের এক্টরের ভিন্ন আচরণের কারণ এবং অন্তরায় সম্পর্কে ভালো ধারণা পাওয়া যায়। এই ধারণাগুলো কাজের পরিকল্পনাকে সক্রিয় করবে যা এই পরিবর্তনগুলোকে এমন ভাবে প্রভাবিত করে যা সহনশীলতা বৃদ্ধিতে সহায়তা করে।

কত দিন/সময় লাগবে?

এই ধাপটি পরামর্শ প্রদানের মত, এবং এতে কত সময় লাগবে তা নির্ধারণ করা বেশ কঠিন। যাই হোক, যদি ব্যবস্থাপনা দলের সদস্যগণ বাজার বিশ্লেষণ এবং বাজার ভিত্তিক প্রোগ্রামিং এর সাথে পূর্বেই পরিচিত থাকেন তবে পিসিএমএ এর মূল উদ্দেশ্য সম্পর্কে তাদের বোঝাতে কম সময় নিবে। খুব সম্ভব এক বা দুই-চার ঘণ্টার মিটিং দ্বারাই তা সম্ভব হয়।

ছবি: ফিলিপাইনের এই নির্মাণ সামগ্রী সরবারহকারী একটি এনজিও এর সহায়তায় টাইফুন হাইয়ান এ ক্ষতিগ্রস্ত পরিবারের মাঝে বিতরণের জন্য ভাউচার পূরণ করছে।

অধ্যায় এক

২. পিসিএমএ এর উদ্দেশ্য নির্ধারণ

এই ধাপের প্রয়োজনীয়তা

পিসিএমএ কে প্রাসঙ্গিক এবং কার্যকর করতে প্রথম থেকেই এর উদ্দেশ্য সঠিকভাবে নির্ধারণ প্রয়োজন। এর জন্য বাজার বিশ্লেষণ কিভাবে সিদ্ধান্ত গ্রহণে সহায়তা করে তা দেখাতে হবে এবং তদানুযায়ী সাড়াপ্রদান প্রক্রিয়া এবং কাজের পরিকল্পনা

পুনর্বিবেচনা করতে হবে। এর মাধ্যমে পিসিএমএ দ্বারা কোন প্রশ্নের জবাব দিতে হবে এবং কোন প্রশ্ন এড়িয়ে যেতে হবে তা বোঝা যায়।

এই ধাপের শেষে কি অর্জিত হবে?

- পিসিএমএ ব্যবহারের উদ্দেশ্য নির্ধারিত হবে
- মূল বিশ্লেষণধর্মী প্রশ্নের সাথে জড়িত উদ্দেশ্য সমূহের খসড়া করা হবে।

এই ধাপে করণীয় এবং কিভাবে করা হবে?

২.১ পিসিএমএ এর উদ্দেশ্য নির্ধারণ

পিসিএমএ ব্যবহারের নিম্নুক্ত একটি বা দুটি উদ্দেশ্য থাকতে পারে। এর উদ্দেশ্য বাস্তবধর্মী হতে হবে এবং তা এজেন্সির অভিজ্ঞতা, কর্মসূচীর উদ্দেশ্য অথবা কৌশল এবং দক্ষতা এবং নির্দিষ্ট সম্পদের সাথে সামাঞ্জস্যপূর্ণ হতে হবে।

- **এজেন্সি দুর্যোগের পূর্বপ্রস্তুতির উন্নয়ন এবং জরুরী অবস্থার সম্ভাব্য ঘটনার পরিকল্পনায় সহায়তা করা।** নিম্নোক্ত উপায়ে পিসিএমএ চর্চা ভবিষ্যতে জরুরী অবস্থায় সাড়াপ্রদানের কার্যকারিতা বৃদ্ধি করতে পারে:

– জরুরী অবস্থার বাজার ব্যবস্থার একটি বেজলাইন প্রদান করে এবং রেফারেন্স সময়ে দুর্যোগহীন অবস্থায় বাজারে জনগণের অংশগ্রহ্যণ সর্ম্পকে ধারণা দেয়।

– জরুরী অবস্থার বাজার ব্যবস্থা ভবিষ্যত দুর্যোগের প্রভাব সম্পর্কে তথ্যকে সমৃদ্ধ করে এবং বিশেষ করে বাজার ব্যবস্থায় জনগণের অংশগ্রহণ/অধিগম্যতা (Access) এবং বাজারের বিভিন্ন এক্টরদের মাঝে ব্যবসায়িক সম্পর্ক নিয়ে একটি ভালো ধারণা দেয়। সাড়াপ্রদানের বিভিন্ন পদ্ধতি থেকে ব্যবহার উপযোগী পদ্ধতিটি পূর্বে চিহ্নিত করা, ব্যবসায়ীদের মাঝে সম্পর্ক স্থাপন ইত্যাদির মাধ্যমে জরুরী অবস্থায় সাড়াপ্রদানকে আরো সময়োপযোগী ও কার্যকর করা যায়।

– ক্ষতিগ্রস্ত জনগণের প্রত্যাশিত চাহিদা অনুযায়ী সাড়াপ্রদানে বাজারের ক্ষমতার মাত্রা বিশ্লেষণ করা এবং সেই সাথে ত্রাণ কার্যক্রমের কোন অংশ বাজারের উপর নির্ভর করতে পারে তা বিশ্লেষণ করা।

– জরুরী অবস্থায় কোন বাজার ব্যবস্থা জনগণের মৌলিক চাহিদা এবং জীবিকার প্রয়োজন মেটাতে পারে তা নির্ণয় করা।

– ভবিষ্যতে জরুরী অবস্থায় সাড়াপ্রদান প্রক্রিয়াকে উন্নত করতে দেশের বিভিন্ন স্টেকহোল্ডারদের মাঝে বাজার ভিত্তিক কার্যক্রমের সচেতনতা বৃদ্ধি করা।

- বাজার সংক্রান্ত চূড়ান্ত পর্যবেক্ষণ এবং দুর্যোগের আগাম সতর্কতা প্রদানের নির্দেশক গুলোর মাধ্যমে **প্রাথমিক কাজগুলো নির্ধারণ করা**, যা আগাম সতর্কতা ব্যবস্থা (Early Warning System) দ্বারা অনুকৃত হবে।

অধ্যায় এক

- জরুরী অবস্থায় বাজারের কোন অংশ বেশী ক্ষতিগ্রস্থ হবে এবং কিভাবে তা চিহ্নিত করা যায় তা নির্ধারণ করা এবং এর মাধ্যমে **দুর্যোগের ক্ষতির প্রভাব প্রশমিত করা এবং সহনশীলতা গড়তে সহায়তা** করা। এটা জরুরী অবস্থায় বাজার ব্যবস্থাপনার কাজে সহায়তা করে এবং রেফারেন্স সময়ে বাজারে জনগণের অংশগ্রহণ সম্পর্কে ধারণা দেয়। তাৎক্ষনিক পদক্ষেপগুলো পরিকল্পনা করা যা বাজারকে দুর্যোগের প্রভাব থেকে রক্ষা করবে এবং/অথবা বাজার ব্যবস্থাকে শক্তিশালী করবে এবং এভাবে দুর্যোগ আঘাত করার পূর্বে বাজারে জনগণের অংশগ্রহণ সুগম করে।
- **বাজার বিশ্লেষণে নিজের এবং সহযোগী সংস্থার (Partners) কর্মীদের দক্ষতা উন্নয়ন** এবং তাদের সাধারণ ধারণার পরিবর্তন বাজার ভিত্তিক কার্যক্রমের সাথে একরূপ হতে পারে। তবে পিসিএমএ তে এই দক্ষতা বৃদ্ধির উদ্দেশ্যটিই একমাত্র উদ্দেশ্য নয় এবং এটি উপরে উল্লিখিত অন্যান্য উদ্দেশ্য এর সাথে সংযুক্ত হতে পারে। নির্দিষ্ট উদ্দেশ্য (Spacific

objective) (যাদের উপর বিশেষভাবে দৃষ্টি দেয়া হয়) দ্বারা মূল বিশ্লেষণধর্মী প্রশ্ন এবং বাজার ভিত্তিক কার্যক্রমের ধরণ নির্ধারণ করে যা পিসিএমএ ব্যবহারের ফলাফলের মাধ্যমে অবহিত করা যায়। **(সেকশন ৯ঃ বাজারভিত্তিক পদক্ষেপে পিসিএমএ এর ব্যবহার** দ্রষ্টব্য)।

২.২ মূল বিশ্লেষণধর্মী প্রশ্ন নির্ধারণ

পিসিএমএ এর ব্যবহার দ্বারা মূল বিশ্লেষণধর্মী প্রশ্নের উত্তর দেয়া যায়। পিসিএমএ নিম্নুক্ত প্রশ্নগুলোর সাথে সম্পৃক্ত বিষয়ের উত্তর দিতে উদ্দিষ্ট

- **সমগ্র বাজারের অবস্থাঃ** বাজারের অর্থনীতি, পরিচালনা নীতি, প্রতিষ্ঠান, নিয়মনীতি, সাধারণ অবকাঠামো এবং বাজারের সাধারণ সেবা ইত্যাদির সামগ্রিক কার্যকারিতা
- **রেফারেন্স সময়ে** জনগণের চাহিদার পরিমাণ এবং বৈচিত্রতা পূরণে **বাজার ব্যবস্থার দক্ষতা** এবং বাজারে জনগণের অংশগ্রহণ
- **চিহ্নিত দুর্যোগের সময়** জনগণের চাহিদার পরিমাণ এবং বৈচিত্রতা পূরণে বাজারের দক্ষতা এবং বাজারে জনগণের অংশগ্রহণ
- বাজার ব্যবস্থায় **গ্রহণকৃত মানবিক সাহায্যের কার্যক্রমের (intended humanitarian response) প্রভাব** এবং জনগণের আগমণ/অংশগ্রহণ (access)
- বাজার পুনর্গঠন এবং এই বাজার গুলোতে জনগণের অংশগ্রহণকে নিশ্চিত করতে **ভবিষ্যতে অনুমেয় জরুরী অবস্থার সময় অনুরূপ বাজার সমুহের প্রাসঙ্গিকতা**
- দীর্ঘমেয়াদী দুর্যোগের বিস্তৃতি ঘটছে কিনা তা দেখতে বাজার নির্দেশক সমূহ পর্যবেক্ষণ করা। (যেমন-পূর্ব সতর্কতা ব্যবস্থা)।
- জরুরী অবস্থার বাজারে জনগণের অংশগ্রহণ বৃদ্ধি করতে দুর্যোগপূর্ব আবস্থার বিবেচনা অথবা দুর্যোগের আঘাতে ক্ষতির পরিমাণ কমাতে বাজার ব্যবস্থাকে নিরাপদ/শক্তিশালী করার প্রাসঙ্গিকতা।
- এটা মনে রাখতে হবে যে, পিসিএমএ পুনরাবৃত্তিমূলক। এতএব, দুর্যোগের অবস্থা, সুযোগ এবং নির্বাচিত জরুরী অবস্থার বাজার ব্যবস্থার উপর ভিত্তি করে পিসিএমএ ব্যবহার করার সময় মূল বিশ্লেষণধর্মী প্রশ্ন সমূহের পুনর্বিবেচনা করতে হবে।

অধ্যায় এক

২.৩ বাজার সচেতনতার অন্তর্ভুক্তি/অংশগ্রহণ (inclusiveness) নিশ্চিত করা

পিসিএমএ ব্যবহারের সাথে সাথে এটা নিশ্চিত করতে হবে যে, এটি ব্যবহারের ফলে সকল ফলাফল অন্তর্ভুক্তিমূলক/অংশগ্রহণমূলক (inclusive) হবে এবং এগুলো এজেন্সী কর্তৃক নির্ধারিত দলসমূহের সমন্বয়ে সাড়াপ্রদানের পরিকল্পনায় ব্যবহৃত হবে। এই সময়ের মাঝেই সুরক্ষা (Protection), জেন্ডার (Gender), অক্ষমতা (Disability), এবং/অথবা বৈচিত্রতা (Diversity) বিবেচনা করতে হবে।

বিশ্লেষণমূলক প্রশ্নের ভিত্তিতে নিম্নের উদাহরণের মত অন্তর্ভুক্তি/অংশগ্রহণ (inclusiveness) নিশ্চিত করা যেতে পারে

- একটি বিশ্লেষণধর্মী প্রশ্ন - নারী ও পুরুষ উভয়ের জন্য বাজারে বাস্তবিক, অর্থনৈতিক এবং সামাজিক ভাবে অংশগ্রহণের জন্য স্বতন্ত্র বাজার বিশ্লেষণ নিয়ে করা যেতে পারেঃ
  - রেফারেন্স এবং দুর্যোগের সময়ে পুরুষের বিপরীতে নারীরা কিভাবে বাজারে অংশগ্রহণ করেছে?
- অক্ষম ব্যক্তি অথবা নির্দিষ্ট কোন জাতিগোষ্ঠীর বাজারে বাস্তবিক, অর্থনৈতিক এবং সামাজিকভাবে অংশগ্রহণের পরিমাপ। মূল বিশ্লেষণধর্মী প্রশ্নটি হতে পারে

– রেফারেন্স এবং দুর্যোগের সময় অক্ষম জনগণ বাজারে কোন প্রক্রিয়ায় অংশগ্রহণ করে?

– নির্দিষ্ট জাতিগোষ্ঠীতে/নৃগোষ্ঠীতে (ethnic group) বসবাসকারী জনগণের রেফারেন্স এবং দুর্যোগের সময় কিভাবে বাজারে অংশগ্রহণ করে?

- বাজারের বিভিন্ন এক্টরদের মার্কেট চেইন (market chain) এর মাঝে জেন্ডার (gender), অক্ষমতা (disability) অথবা বৈচিত্রতা (Diversity) বিষয়ক পার্থক্যগুলো মূল বিশ্লেষণধর্মী প্রশ্ন হতে পারে

– পুরুষ এবং মহিলা ব্যবসায়ীর কি সরবরাহকারীদের নিকট সমান প্রবেশাধিকার রয়েছে? এবং মার্কেট চেইন এ কি উভয়ের সমান সুযোগ রয়েছে?

– নির্দিষ্ট জাতিগোষ্ঠী/ নৃগোষ্ঠীতে (ethnic group) থেকে আগত সকল ব্যবসায়ীদের কি ঋণের সুযোগ রয়েছে?

- পিসিএমএ, প্রোটেকশন (protection), জেন্ডার (gender), অক্ষমতা (disability), অথবা বৈচির্ত্যতা (Diversity) কে প্রাধান্য দিবে না কিন্তুমূল্যায়নের অন্যান্য ধাপ সমূহ এই বিষয়গুলো সম্পর্কে সচেতন থাকবে। এটা নিম্নুক্ত বিষয় সমূহের সমন্বয়ে হতে পারে

– বাজার দলের লিঙ্গের/ জেন্ডারের ভারসাম্যতা নিশ্চিত করা

– ডাটা/উপাত্ত সংগ্রহের ধাপে বিভিন্ন দলের সাথে সক্রিয় ভাবে আলোচনা করা

– সেই সব দল সম্পর্কে সহায়ক তথ্য সংগ্রহ এবং বিশ্লেষণে বিদ্যমান তথ্য ব্যবহার করা

– প্রাপ্ত তথ্য আলাদা ভাবে তোলা

অধ্যায় এক

বাস্তব উদাহারণ আইআরসি দ্বারা নাইজারে জেন্ডার/লিঙ্গ সমন্বিত একটি পিসিএমএ

পিসিএমএ তে জেন্ডার সমন্বয় বিবেচনায় নিতে নিম্নুক্ত ধাপসমূহ করা হয়েছিল

- জেন্ডারের প্রধান ব্যাক্তি (জেন্ডার ফোকাল পয়েন্ট) নিযুক্ত করা হয়েছিল যিনি বাজার দলের সদস্য ছিলেন এবং যার দায়িত্ব ছিল জেন্ডারকে এই পিসিএমএ ব্যবহারের একটি প্রধান অংশ হিসেবে বিবেচনা করা, এর গুরুত্ব সম্পর্কে অন্য দলের দলনেতাকে অবহিত করা এবং পিসিএমএ ব্যবহারের পুরো সময়ে জেন্ডারকে একই রকম গুরুত্ব দিয়ে বিবেচনা করা।
- জেন্ডারকে মূল বিশ্লেষনধর্মী প্রশ্নের প্রধান হিসেবে ধরে সমগ্র পিসিএমএ বাস্তবায়নের সময় যুক্ত রাখা হয়েছিল। প্রশ্নটি এমন ছিল - কিভাবে বাজার ব্যবস্থা জরুরী অবস্থায় নারী ও পুরুষের মাঝে ভিন্ন ভাবে প্রভাব ফেলে?
- নিম্নুক্ত বিষয় সমূহ সম্পর্কে জানতে জরিপের টুল সমূহ (সার্ভে টুল/survey tool) (খানার প্রশ্নমালা/household questionnaire), (ফোকাস গ্রুপ ডিসকাশন এর সহায়িকা ইত্যাদি) ব্যবহার করা হয়েছিল ১) রেফারেন্স সময় এবং জরুরী অবস্থায় পুরুষ এবং নারীর ভূমিকা ২) পুরুষ এবং নারীর উপর বন্যার প্রভাব।
- বাজারে নারী এবং পুরুষের ভূমিকা, আয় এবং তাদের ভূমিকার উপর দুর্যোগের প্রভাব সম্পর্কিত তথ্য জানতে ভিন্ন ভিন্ন ফোকাস গ্রুপে আলোচনা করা হয়েছিল। খানা এবং বিক্রেতার সাক্ষাৎকার গ্রহণের সময় নারীদের উপস্থিতি যথেষ্ট ছিল কিনা তার দিকে সবসময় সজাগ দৃষ্টি ছিল।
- জেন্ডার/লিঙ্গ ভারসাম্য বাজার দল নিশ্চিত করতে যথেষ্ট প্রচেষ্টা ছিলঃ যখন বিশ্লেষণ দলের প্রধান/দলনেতা এবং আরো চারটি বাজার দলের দলনেতার মাঝে তিনটি দলের দলনেতাই মহিলা নির্বাচিত হয় তখন মাঠ কর্মীদের মাঝে শুধুমাত্র একজন পুরুষ কর্মী থাকেন, এটা নাইজারে আইআরসি এর অর্থনৈতিক পুনরুদ্ধার এবং উন্নয়ন (Economic Recovery and Development) এ উল্লিখিত দলের সমন্বয়কে প্রতিফলিত করে কিন্তু এটা বাস্তবের চেয়ে কম জেন্ডার ভারসাম্যতাকে নির্দেশ করে। পিসিএমএ তে জেন্ডারকে সমন্বয় করা সম্পর্কে আরো জানতেঃ জে ম্যাকেওড (২০১৫) এবং

২.৪ উদ্দেশ্য, মুল বিশ্লেষণধর্মী প্রশ্ন সমূহ এবং সাড়াপ্রদানের মাঝে একটি যৌক্তিক ক্রমন্বয় নিশ্চিত করতে পিসিএমএ তে নিম্নের এর মতো পরিকল্পনা প্রয়োজন

উদ্দেশ্য, মুল বিশ্লেষণধর্মী প্রশ্ন সমূহ নির্ধারণ এবং প্রকল্পের পরিকল্পনার মাঝে একটি যৌক্তিক ক্রমন্বয় রয়েছে, যা নিম্নে সংক্ষিপ্ত আকারে দেয়া হলো

অধ্যায় এক

টেবিল ১ঃ যৌক্তিক ক্রমন্বয়ঃ পিসিএমএ এর উদ্দেশ্য, মূল বিশ্লেষণধর্মী প্রশ্ন সমূহ এবং কার্যক্রমের প্রকারভেদ

পিসিএমএ এর উদ্দেশ্য এর উপর ভিত্তি করে.....	মূল বিশ্লেষণধর্মী প্রশ্নের সাথে জড়িত...	প্রক্রিয়ার পরিকল্পনার তথ্য প্রদান...
দুর্যোগের পূর্বপ্রস্তুতির উন্নয়ন সাধন এবং সম্ভাব্য ঘটনার প্রস্তুতিতে সহায়তা	**সমগ্র বাজারের অবস্থাঃ** বাজারের অর্থনীতি, পরিচালনা নীতি, প্রতিষ্ঠান, নিয়মনীতি, সাধারণ অবকাঠামো এবং বাজারের সাধারণ সেবা ইত্যাদির সামগ্রিক কার্যকারিতা **রেফারেন্স ও দূর্যোগের সময়ে** জনগণের চাহিদার পরিমাণ এবং বৈচির্ত্যতা পূরণে **বাজার ব্যবস্থার দক্ষতা** এবং বাজারে জনগণের অংশগ্রহণ বাজার ব্যবস্থায় এবং জনগণের অংশগ্রহণের উপর **গ্রহণকৃত মানবিক সাহায্যেও** (intended humanitarian response) **কার্যক্রমের প্রভাব** বাজার পুনর্গঠন এবং এই বাজার গুলোতে জনগণের অংশগ্রহণকে নিশ্চিত করতে **ভবিষ্যতে অনুমেয় জরুরী অবস্থার সময় অনুরূপ বাজার সমুহের প্রাসঙ্গিকতা**	বাজার সংবেদী ভবিষ্যতের জরুরী সাড়াপ্রদান প্রক্রিয়া
প্রাথমিক সাড়াপ্রদান প্রক্রিয়াচিহ্নিত করণ	দীর্ঘমেয়াদী দূর্যোগের বিস্তৃতি ঘটছে কিনা তা দেখতে বাজার নির্দেশক সমূহ পর্যবেক্ষণ করা। (যেমন-পূর্ব	বাজার পর্যবেক্ষণ, প্রচার এবং তদবির

	সতর্কতা ব্যবস্থা)।	
দুর্যোগের পূর্বাভাসের প্রভাব প্রশমিতকরণ এবং সহনশীলতা গড়তে	**সমগ্র বাজারের অবস্থাঃ** বাজারের অর্থনীতি, পরিচালনা নীতি, প্রতিষ্ঠান, নিয়মনীতি, সাধারণ অবকাঠামো এবং বাজারের সাধারণ সেবা ইত্যাদির সামগ্রিক কার্যকারিতা **রেফারেন্স ও দূর্যোগের সময়ে** জনগণের চাহিদার পরিমাণ এবং বৈচির্ত্যতা পূরণে **বাজার ব্যবস্থার ক্ষমতা** এবং বাজারে জনগণের অংশগ্রহণ জরুরী অবস্থায় বাজারে জনগণের অংশগ্রহণ বৃদ্ধির জন্য দুর্যোগপূর্ব অবস্থার মাত্রা চিহ্নিত করতে অথবা দুর্যোগে ক্ষতির পরিমান কমাতে বাজার ব্যবস্থাকে রক্ষা করা/শক্তিশালী করা	বাজার ব্যবস্থা শক্তিশালী করণ এবং উন্নত পদক্ষেপ গ্রহণ

দক্ষতা উন্নয়ন যেহেতু একটি ক্রস-কাটিং বিষয় তাই এটা নির্দিষ্ট বিশ্লেষণধর্মী প্রশ্ন সমূহের মাঝে চিহ্নিত করার প্রয়োজন নেই

অধ্যায় এক

কত সময় লাগবে?

- প্রাসঙ্গিক এবং ব্যবহার উপযোগী পিসিএমএ করতে গেলে এই ধাপটি অতি জরুরী। এই ধাপটি অতি গুরুত্বপূর্ণ, তাই এই প্রক্রিয়ায় দেয়ার মত যথেষ্ট সময় নিশ্চিত করতে হবে। দুই ঘন্টার একটি কর্মশালার মাধ্যমে এর উদ্দেশ্য ব্যখ্যা করা যেতে পারে, যেখানে এজেন্সির মূল ব্যবস্থাপকবৃন্দ, বিভিন্ন প্রোগ্রাম এবং সহায়ক বিভাগের কর্মীবৃন্দ উপস্থিত থাকবেন। কর্মশালায় অংশগ্রহণকারী প্রধান ব্যাক্তিদের একত্রে জড়ো করা খুবই কঠিন তাই শুধুমাত্র পিসিএমএ এর উদ্দেশ্য এবং মূল বিশ্লেষণধর্মী প্রশ্নসমুহকেই এই একদিনের কর্মশালার একমাত্র আলোচ্য বিষয় নির্ধারণ করা উচিৎ নয়। বরং জরুরী অবস্থার সংজ্ঞা, অবস্থা বিশ্লেষণের সুযোগ এবং পিসিএমএ তে ব্যবহৃত টুল ও পরিকল্পনা প্রণয়নও এই কর্মশালার আলোচ্য বিষয় হতে পারে। দিন ব্যাপী কর্মশালায় ব্যবস্থাপকবৃন্দের অংশগ্রহণ অত্যাবশ্যক নয় কিন্তু সহায়ক বিভাগসহ বিভিন্ন সেক্টর থেকে আগত মূল কর্মীবৃন্দের এই সমগ্র কর্মশালায় অংশগ্রহণ অতি জরুরী।
- কর্মশালায় অংশগ্রহণকারীদের মাঝে পিসিএমএ কি, এর উদ্দেশ্য এবং এর দ্বারা মূল বিশ্লেষণধর্মী কোন প্রশ্নগুলোর উত্তর দিতে হবে তার একটি প্রেজেন্টেশনের মাধ্যমে কর্মশালাটির শুরু করা নিশ্চিত করতে হবে।
- কর্মশালার ফলাফল পিসিএমএ এর টিওআর এর ভিত্তিতে লিপিবদ্ধ করতে হবে। এটা মনে রাখতে হবে যে, মাঠের কার্যক্রম শুরু হওয়ার পূর্ব পর্যন্ত মূল বিশ্লেষণধর্মী প্রশ্নসমূহ বদলানো যায়। (অধ্যায় ২ঃ পিসিএমএ পরিচালনা দ্রষ্টব্য)

ছবিঃ ছিয়াং মাই, থাইল্যান্ড এ বার্মার অভিবাসী কর্মী। পিসিএমএ এর মতো জরুরী অবস্থার বাজার মূল্যায়ন শুধুমাত্র পণ্য সমূহের বাজার ব্যবস্থাপনার দিকেই দৃষ্টি দেয় না বরং নির্দিষ্ট শ্রম বাজারসহ অন্যান্য সেবা বাজার এর দিকেও দৃষ্টি দেয়। পিসিএমএ ব্যবহারে এটা উপকারী হবে, উদাহরণ স্বরুপ, দুর্যোগ পরবর্তী পুনর্গঠন প্রকল্পে আঞ্চলিক শ্রম বাজারের শ্রমিক সরবারহ করার ক্ষমতা আছে কিনা তা নির্ধারণ করা।

অধ্যায় এক

৩. দুর্যোগের অবস্থার বিবরণর/সংজ্ঞায়ন

এই ধাপের প্রয়োজনীয়তা

পিসিএমএ পরিচালনা করার পূর্বে দুর্যোগের অবস্থা সম্পর্কে ধারণা নেয়া অতি প্রয়োজনীয় এবং যে বাজার ব্যবস্থা বিশ্লেষণ করা হবে তা সম্পর্কে ধারণা নিতে এই ধাপ সহায়তা করে।

উপরন্তু, পিসিএমএ এর উদ্দেশ্যগুলো যদি একটি বাজারের বেইজলাইনকে সংজ্ঞায়িত করা থেকে দূরে সরে যায় (যেমন-শুধু রেফারেন্স সময়ে বাজারের ব্যবস্থা বিশ্লেষণ), তবে তখন দুর্যোগের সময়কে সংজ্ঞায়িত করা প্রয়োজন। দুর্যোগের এক একটি অবস্থা কিছু কিছু অনুমানের সমন্বয়, যা জরুরী অবস্থা সৃষ্টির কারণ নিয়ে আলোচনা করে। এবং তা চিহ্নিত বিষয়সমূহ বা ঘটনা সমূহ যেমন মত বিরোধিতা, বিপর্যয় ইত্যাদি বিষয়ের ফলাফলের সাথে বিবর্ধিত হয়। অবস্থা বিশ্লেষণ এবং বেইজলাইনের তথ্য অনুযায়ী এই অনুমানগুলো করতে হবে। দুর্যোগের একটি অবস্থা অবশ্যই ছোট এবং সহজ হতে হবে।

যখন কোন বাজার ব্যবস্থার উপর দুর্যোগের প্রভাব নির্ধারণ করা হয় এবং এই প্রভাবের ফলে যদি বাজারে জনগণের অংশগ্রহণ অব্যহত থাকে তখন বিশ্লেষণের জন্য দিতে কিছু অবস্থা সৃষ্টি করা জরুরী হয়ে পরে। সৃষ্ট এই অবস্থাই প্রধান যার উপর ভিত্তি করে বাজার ব্যবস্থা এবং সাড়াপ্রদানের প্রস্তাবিত বিকল্প পন্থা সমূহের উপর দুর্যোগের প্রভাব নির্ধারণ করা হয়।

এই ধাপের শেষে কি অর্জিত হবে?

- বিশ্লেষণের সময় নির্ধারিত হবে

যদি প্রাসঙ্গিক হয়

- দুর্যোগের অবস্থা নির্ধারিত হবে
- দুর্যোগের এই অবস্থায় এজেন্সির/প্রতিষ্ঠানের সাড়াপ্রদানের সম্ভাব্য উপায়, এবং অভীষ্ট (targeted population) জনগণের কোন জরুরী প্রয়োজন মেটাতে এজেন্সী আগ্রহী।

এই ধাপে করণীয় এবং কিভাবে করা হবে?

৩.১ দুর্যোগের অবস্থা নির্ধারণ/অবস্থা সংজ্ঞায়িত করার সিদ্ধান্ত

অধিকাংশ ক্ষেত্রে মূল বিশ্লেষণধর্মী প্রশ্নের উত্তর দিতে রেফারেন্স সময় এবং দুর্যোগের সময়ের একটি তুলনামূলক চিত্র তৈরি হবে। এটি করতে প্রথমেই একটি দুর্যোগের অবস্থার বিবরণ দিতে হবে। দুর্যোগের একটি চিত্র মোটামোটিভাবে সাম্প্রতিক অতীতে (সাধারণত বিগত পাঁচ বছরের মধ্যে) ঘটে যাওয়া ঘটনা যা নিকটবর্তী ভবিষ্যতে ঘটতে পারে এমন দুর্যোগের সমান। নিম্নোক্ত বিষয়গুলো অন্তর্ভুক্ত থাকলে দুর্যোগের অবস্থার সংজ্ঞায়ন/নির্ধারণ করা প্রয়োজন হয় না।

- মূল বিশ্লেষণধর্মী প্রশ্নসমুহ বাজারের অর্থনীতি, পরিচালনা নীতি, প্রতিষ্ঠান, নিয়মনীতি, সাধারণ অবকাঠামো এবং বাজারের সাধারণ সেবা ইত্যাদির সামগ্রিক কার্যকারিতার সাথে জড়িত
- মূল বিশ্লেষণধর্মী প্রশ্নসমুহ **রেফারেন্স সময়ে** জনগণের চাহিদার পরিমাণ এবং বৈচিত্রতা পূরণে **বাজার ব্যবস্থার দক্ষতা** এবং বাজারে জনগণের অংশগ্রহণের উপর নির্ভর করে

অধ্যায় এক

- আগে সংগঠিত হয়েছে এমন দুর্যোগ কখনোই পিসিএমএ এর জন্য অনুমেয় হবে না, অথবা তা অনেক আগে সংগঠিত হয়েছিল বাজারে যার প্রভাব জনগণ মনে রাখে নি। অথবা পিসিএমএ তে যে দুর্যোগ নিয়ে কাজ করা হবে তা অতীতে বিভিন্ন পর্যায়ে সংগঠিত হয়েছে। এই ক্ষেত্রে শুধুমাত্র বাজারের বেইজলাইনের প্রতি গুরুত্ব দেয়া হবে। যদি পিসিএমএ তে জরুরী অবস্থার দৃশ্যপট নিয়ে কাজ করা হয় কিংবা জরুরী অবস্থার চিত্রায়ন করা হয় তবে মনে রাখা প্রয়োজন যে এটা শুধুমাত্র অনুমানের উপর করা হবে এবং সেক্ষেত্রে মান সম্মত তথ্যের উপর গুরুত্ব দিতে হবে এবং বাজারের বিভিন্ন এক্টরদের সাথে ক্রস চেক করে নিতে হবে।

৩.২ জরুরী অবস্থার চিত্রায়ন

- বাস্তবিক অর্থে, দেশের মাঝে এজেন্সি/ প্রাতিষ্ঠানিক পর্যায়ে বিভিন্ন ডকুমেন্ট রয়েছে যা মানবিক সাহায্যের কৌশল, রাষ্ট্রের কৌশল বা দুর্যোগের পূর্বপরিকল্পনার অধীনে জরুরী অবস্থার চিত্রায়ন এবং এজেন্সির চাহিদা অনুযায়ী সাড়াপ্রদানকে সংজ্ঞায়িত করে। এক্ষেত্রে এজেন্সীর দুর্যোগের সম্ভাব্য পরিকল্পনা অথবা কৌশলগত ডকুমেন্ট থেকে জরুরী অবস্থার চিত্র ব্যবহার করা হয়। যদি তা না করা হয়, তবে জরুরী অবস্থার চিত্রায়নকে নতুনভাবে সংজ্ঞায়িত করতে হবে। বর্তমানের পিসিএমএ ব্যবহারের ভিত্তিতে প্রতিটি বাজার বিশ্লেষণের জন্য ভিন্ন ভিন্ন দুর্যোগের উপর নজর দিতে হবে। এমনকি যদি কোন অতিরিক্ত জরুরী অবস্থার চিত্রায়ন করতে যথেষ্ট সম্পদ এবং অভিজ্ঞতা থাকে তবে যে সব এলাকা বিভিন্ন রকমের অনুমেয় দুর্যোগের ফলে ক্ষতিগ্রস্ত হয়, সে দিকেও নজর দিতে হবে।
- যদি এলাকায় সম্ভাব্য দুর্যোগের চিত্রায়ন ডকুমেন্টে সংজ্ঞায়িত করা না থাকে তবে সেই অঞ্চলের কোন অভিজ্ঞ সহকর্মীর সহায়তায় দুর্যোগের চিত্রায়ন করে নিতে হবে। সম্ভাব্য জরুরী অবস্থার চিত্রায়ন করার চিন্তা ভাবনার মাধ্যমে পিসিএমএ শুরু করার সঠিক পদ্ধতি, যেখানে মানবিক সাহায্য সংস্থার সহায়তার প্রয়োজন হয়। এই প্রক্রিয়া "কোথায়"? "কোনটি সঠিক"? "এটা কতটা খারাপ"? "কখন এবং কিভাবে সম্ভব হবে"? ইত্যাদি প্রশ্ন দিয়ে শুরু হতে পারে।

টেবিল ২: সম্ভাবনা এবং পুনরাবৃত্তির প্রকারভেদ

খুবই অপ্রত্যাশিত ঘটনা/ বিরল (Rare)	অপ্রত্যাশিত (Unlikely)	অনিয়মিত ঘটনা (Possible)	নিয়মিত ঘটনা (Likely)	কাঙ্ক্ষিত অথবা প্রত্যাশিত ঘটনা (Imminent)

খুবই অপ্রত্যাশিত ঘটনা যার পুনরাবৃত্তি ৫০০ বছরের মাঝেও প্রত্যাশিত/অনুমেয় নয় (যেমনঃ কোন এলাকায় উল্কাপাত অথবা শক্তিশালী সুনামীর আঘাত)	অপ্রত্যাশিত ঘটনা যার পুনরাবৃত্তি ১০০ বছরের মাঝেও প্রত্যাশিত/অনুমেয় নয় (কোন এলাকায় শক্তিশালী ভূমিকম্প)	অনিয়মিত ঘটনা যার পুনরাবৃত্তি ২০ বছরের মাঝে প্রত্যাশিত/অনুমেয় (যেমনঃ সুপার সাইক্লোন)	নিয়মিত ঘটনা যার পুনরাবৃত্তি কমপক্ষে ১০ বছরের মাঝে একবার প্রত্যাশিত/অনুমেয় (যেমনঃ সাইক্লোন, বন্যা)	বৈজ্ঞানিকভাবে কাঙ্ক্ষিত অথবা প্রত্যাশিত ঘটনা যা ১ - ৫ বছরে (যেমনঃ বাঁধ ভাঙ্গন), মাসে (যেমনঃ ভূমিধ্বস, আগ্নেয়গিরির অগ্নুৎপাত, বিবাদের কারণে জনসংখ্যার স্থানান্তর) এমনকি দিনে (শক্তিহীন/সাধারণ সাইক্লোনের পূর্বাভাস) একবার ঘটবে।

অধ্যায় এক

টেবিল ৩: প্রভাবের প্রকারভেদ

সামান্য (Minor)	মাঝারি (Moderate)	তীব্র (Severe)	সংকটপূর্ণ (Critical)	মহাদুর্যোগ (Catastrophe)
মৃতের সংখ্যা শূন্য; অবকাঠামোর তেমন ক্ষতি হয় না; বাজার ব্যবস্থা এবং অন্যান্য স্বাভাবিক কার্যক্রম সামান্য ব্যহত হয়	মৃতের সংখ্যা কম; অবকাঠামোর ক্ষতির পরিমান সামান্য যার ফলে মৌলিক সেবা এক সপ্তাহেরও কম সময়ের জন্য ব্যহত হয়; বাজার ব্যবস্থা এবং অন্যান্য স্বাভাবিক কার্যক্রমও এক সপ্তাহের কম সময়ের জন্য ব্যহত হয়	মৃতের সংখ্যা অনেক; ক্ষতিগ্রস্ত অবকাঠামো ঠিক করতে যথেষ্ট সহায়তার প্রয়োজন হয়; কিছু কিছু সেবা প্রাপ্তি সম্পূর্ণ ক্ষতিগ্রস্ত হয় এবং বাজার ব্যবস্থা এক মাসের চেয়েও বেশী সময়ের জন্য ব্যহত হয়।	মৃতের সংখ্যা কয়েক শত হয়; বসতবাড়ি এবং অবকাঠামোর গুরুতর ক্ষতি হয়; মৌলিক সেবা সমূহ প্রাপ্তিতে এবং বাজার ব্যবস্থায় অংশ নিতে ৬ মাসেরও অধিক সময় লেগে যায়; জনগণের একটি বৃহৎ অংশের স্থানান্তরের কারণে ব্যবসায়, সরকারি এবং কম্যুনিটির কাজকর্ম গুরুতরভাবে ব্যহত হয়	মৃতের সংখ্যা কয়েক হাজার হয়; বসতবাড়ি, অবকাঠামো, সরকারি এবং বেসরকারি ব্যাবসায় এবং সেবা ব্যাপক ধ্বংস হয়; মৌলিক সেবা সমূহের ক্ষতিগ্রস্ত ও ব্যহত হয় এবং এই সেবা পেতে ও বাজার ব্যবস্থায় অংশ নিতে ১ বছরেরও অধিক সময় লেগে যায়; জনগণের একটি বৃহৎ অংশের স্থানান্তরিত এমনকি ক্ষতিগ্রস্ত এলাকা বর্জিতও হয়

- দুর্যোগের সম্ভাব্যতা, পুনরাবৃত্তি এবং প্রভাবের উপর ভিত্তি করে পিসিএমএ ব্যবহারের সময় নিম্নের "দুর্যোগের অবস্থা বিশ্লেষণ" এর ম্যাট্রিক্স এর মাধ্যমে দুর্যোগের অবস্থাকে সংজ্ঞায়িত করা যায়।এই ম্যাট্রিক্সটি কিছু সাধারণ গ্রিড নিয়ে গঠিত যেখানে সম্ভাব্য জরুরী অবস্থার সম্ভাব্যতা/ পুনরাবৃত্তিকে একটি এক্সিস এবং সম্ভাব্য জরুরী অবস্থার প্রভাবকে অপর একটি এক্সিস এ র‍্যাংকিং করা হয়। একে এমনভাবে সংজ্ঞায়িত করা যায় যে, দুর্যোগের যে অবস্থার অধিক সম্ভাব্যতা এবং ফলাফলের অধিক প্রভাব রয়েছে সে অবস্থার ঝুঁকি অধিক এবং তা পিসিএমএ তে ব্যবহারের উপযোগী ।
- ম্যাট্রিক্স এর ব্যাবহার বিষয় সাপেক্ষ, তাই বিভিন্ন দৃষ্টিভঙ্গিকে একত্রিত করতে এবং ঐক্যমত অর্জন করতে জরুরী অবস্থার বিশ্লেষণ এবং অবস্থা নির্বাচন অতি জরুরী।

টেবিল ৪: দুর্যোগের অবস্থা বিশ্লেষণের ম্যাট্রিক্স

সম্ভাব্য প্রভাব (অবস্থার ফলাফল থেকে গৃহীত)					
মহাদুর্যোগ (Catastrophe)					
সংকটপূর্ণ (Critical)				উচ্চ ঝুকিঁ	
তীব্র (Severe)			মাঝারি ঝুকিঁ		
মাঝারি (Moderate)		কম ঝুকিঁ			
সামান্য (Minor)	খুবই কম ঝুকিঁ				
	খুবই অপ্রত্যাশিত ঘটনা/ বিরল (Rare)	অপ্রত্যাশিত (Unlikely)	অনিয়মিত ঘটনা (Possible)	নিয়মিত ঘটনা (Likely)	কাঙ্ক্ষিত অথবা প্রত্যাশিত ঘটনা (Imminent)
	সম্ভাবনা এবং পুনরাবৃত্তির প্রকারভেদ				

- জরুরী অবস্থার চিত্রায়নে সহায়তা করতে পারে বিদ্যমান এমন টুল সমূহ
  - আইএরসি এর **"সিনারিও বিল্ডিং ওয়ার্কশিট ফর ইমারজেন্সি প্রিপারেডনেস"**
  - আইএফারসি এর **"কন্টিনজেন্সি প্ল্যানিং গাইড" (পৃষ্ঠা ১৬ - ১৮)** পিসিএমএ এর অবস্থা চিত্রায়নের পদ্ধতির কিছু নির্দেশনা প্রদর্শন করে।
  - অক্সফাম এর **"পারটিসিপেটরি ক্যাপাসিটি এন্ড ভালনারাবিলিটি আনাল্যসিস"** এর চতুর্থ ধাপ দুর্যোগের অবস্থা শনাক্ত করতে কম্যুনিটি ভিত্তিক এপ্রোচ এর নির্দেশনা প্রদান করে।

– "ইনফরম ইন্ডেক্স ওয়েবসাইট" প্রায় ২০০ টি দেশে জনগণের গ্রহণযোগ্য, মানব জীবনের ঝুঁকির উপর নিয়মিত হালনাগাদকৃত তথ্য প্রদান করে যা জরুরী অবস্থার সংজ্ঞায়নে ব্যবহৃত হতে পারে।

- "জরুরী অবস্থার ফাঁদ (Scenario trap)" সম্পর্কে সচেতন থাকা এবং অযথা অবস্থার বিশদ বর্ণনা প্রদান করতে অধিক সময় ব্যায় এর উপর সচেতনতা।
- যখন কোন জরুরী অবস্থা নির্বাচিত হয় তখন শুধুমাত্র অভীষ্ট/সুবিধাভোগী (targeted population) জনগণের চাহিদা, ভৌগোলিক এলাকা, নির্দিষ্ট গ্রুপ ইত্যাদির উপর ভিত্তি করে নিরদিষ্ট কিছু তথ্য জড়ো করা প্রয়োজন। (সেকশন ৪.১ঃ চাহিদা নিরূপণ/নির্ধারণ দ্রষ্টব্য)

অধ্যায় এক

৩.৩ বিশ্লেষণের রেফারেন্স ও দুর্যোগের বছর এবং সময়/মাস (Season) নির্ধারণ

- পিসিএমএ ব্যবহারের সময় সবচেয়ে চ্যালেঞ্জিং বিষয়গুলো হলো এমন একটি বছর নির্ধারণ করা যা একটি স্বাভাবিক বছরকে প্রতিনিধিত্ব করবে (রেফারেন্স বছর) এবং আরো একটি বছর নির্ধারণ করা যা কোন প্রত্যাশিত দুর্যোগকে ভালোভাবে বর্ণনা করবে (দুর্যোগের বছর)।
- রেফারেন্স বছর একটি আদর্শ বছর (Good year) থেকে ভিন্ন, এটা এমন একটা সময় যখন নির্ধারিত বিশ্লেষণের জন্য কোন দুর্যোগ ঘটেনি। এটা পরামর্শ দেয়া হয় যে, রেফারেন্স বছর হবে এমন একটি নির্দিষ্ট সময় যা পিসিএমএ তে ব্যবহারের জন্য ডাটা/উপাত্ত সংগ্রহ করা কে সহজ করবে।
- দুর্যোগের বছর এমন একটা সময়, যখন জরুরী অবস্থা প্রসঙ্গে বাজারের মূল এক্টরদের স্বাক্ষাতকার নেয়া হয়। এই বছরে বাজার ব্যবস্থায় প্রত্যাশিত দুর্যোগ সম্পর্কে তথ্য সংগ্রহ করা হয়। পাঁচ বাছর আগে যে দুর্যোগ ঘটেছে তার সম্পর্কে তথ্য সংগ্রহ থেকে বিরত থাকতে হবে। কারণ বিগত বছর হতে কোন তথ্য সংগ্রহের ফলে ভুল তথ্য সংগৃহীত হওয়ার সম্ভাবনা রয়েছে।
- যখন দুর্যোগের বছর নির্বাচিত হয়, এবং নির্বাচিত বছর আঞ্চলিক জনগণের কাছে যেমন ভাবে পরিচিত তাকে তেমন ভাবেই পরিচিতি প্রদান করা উচিৎ। উদাহারণ স্বরূপ - ২০১৩ সালে ফিলিপাইনে সংগঠিত টাইফুন আঞ্চলিক ভাবে "টাইফুন ইওলান্ডা " নামে পরিচিত কিন্তু আন্তর্জাতিকভাবে এটা "হাইয়ান" নামে পরিচিত। উপরন্তু, জনগণ এমন সময়কে "বিশেষ ঘটনা" হিসেবে মনে রাখে যেমন ইথোওপিয়ার জনগণ ২০১১ সালের খরা কে "তিনটি ব্যর্থ বর্ষা কালের পরের সময়" হিসেবে মনে রাখে।
- দুর্যোগের সময়/মাস (Season) একটি বছরের নির্দিষ্ট সময় যখন অনুমেয় দুর্যোগের আঘাত করার সম্ভাবনা রয়েছে। এই সময় রেফারেন্স এবং দুর্যোগের বছরে একই মাসে হয়। যে বাজার বিশ্লেষণ করা হবে তা নির্ধারণ করার পূর্বেই দুর্যোগের সময়/মাস (Season) পুনর্বিবেচনা করতে হবে। যেমন যে মাসের খুব শক্তিশালী ঋতু বৈচিত্র রয়েছে তা বিবেচনা করতে হবে। (সেকশন ৮.২ঃ সিজনাল ক্যালেন্ডার প্রস্তুতকরণ দ্রষ্টব্য)

বাস্তব উদাহারণ বিশ্লেষণের জন্য দুর্যোগের বছর, রেফারেন্স বছর এবং সময়/কাল

নিম্নের সময়কালটি দারফুরে জুন, ২০১৫ সালে ক্যাথলিক রিলিফ সার্ভিস (সিআরএস) এর পিসিএমএ করার সময় নির্ধরিত হয়েছে। এই পিসিএমএ ব্যাবহারের সময় দুর্যোগটি ছিল খরা, ২০১৫ সালকে রেফারেন্স বছর হিসেবে ধরা হয়েছিল এবং ২০১০ সালের বৃষ্টিবিহীন বর্ষা কালকে ভবিষ্যৎ দুর্যোগের অবস্থার প্রক্সি হিসেবে ধরা হয়েছিল। বিশ্লেষণের সময়কাল ছিল মে মাস, কারণ এই মাস শুকনো মৌসুম এবং ভবিষ্যৎ খরার জন্য উপযোগী

দুর্যোগের সময় মে ২০১০ → রেফারেন্স সময় মে ২০১৫

কত সময় লাগবে?

- একদিনের কর্মশালার মাধ্যমে যখন পিসিএমএ এর উদ্দেশ্য, মূল বিশ্লেষণধর্মী প্রশ্ন এবং বিশ্লেষণের সুবিধা নির্ধারণ করা হয় তখন এই ধাপটির উদ্দেশ্যই সর্বোচ্চ অর্জিত হবে।
- যদি একদিনের কর্মশালার আয়োজন সম্ভব না হয় তবে বাজার দলের প্রধান ব্যাক্তি এই ধাপটি করতে এগিয়ে আসবেন এবং অভিজ্ঞ সহকর্মীদের সাথে আলোচনা, ইমেল ইত্যাদির মাধ্যমে ফেডব্যাক নিয়ে এই ধাপটি সম্পন্ন করার নিশ্চয়তা দিবেন।

অধ্যায় এক

৪. বাজার মূল্যায়নের পরিধি/ব্যপ্তি এবং জরুরী অবস্থার বাজার ব্যবস্থা নির্ধারণ

এই ধাপের প্রয়োজনীয়তা

বাজার বিশ্লেষণের সকল টুল নির্দিষ্ট কিছু পণ্য বা সেবার বাজার যাচাই করণের উপর নির্ভর করে। মূল্যায়নের ব্যপ্তি এবং সুযোগ একটি বাজার বিশ্লেষণের টুলকে অন্য টুল থেকে ব্যাপক ভাবে পৃথক করে। এবং বিশ্লেষণের উদ্দেশ্যের উপর ভিত্তি করে এই টুল নির্বাচন করা হয়।

কিছু বাজার বিশ্লেষণের সহায়িকা মূল্যায়নের প্রকারভেদের ভিত্তিতে বাজারস্থান (Marketplace) এবং বাজার ব্যাবস্থাকে পৃথক করে। বাজারস্থান (Marketplace) এর বিশ্লেষণ একটি দ্রুত প্রক্রিয়া, যা চাহিদার ভিত্তিতে কোন বাজারেরস্থান (Marketplace) কিভাবে পণ্য এবং সেবার দ্রুত সরবরাহ করবে এবং এটা করতে সক্ষম হবে কিনা তা বের করে। পিসিএমএ ব্যবহারের সহায়িকা বাজার ব্যবস্থার পদ্ধতিকে (market system approach) ভিন্ন ভিন্ন ভৌগোলিক সুবিধা এবং বিশ্লেষণের ব্যপ্তির ভিত্তিতে গ্রহণ করে। এমনকি, মার্কেটপ্লেস এপ্রোচ (marketplace approach) গ্রহণের ক্ষেত্রে, বাজার বিশ্লেষণ সম্পন্ন করার জন্য জরুরী অবস্থায় অভীষ্ট/সুবিধাভোগী (targeted population) জনগণের জন্য নির্দিষ্ট পণ্য এবং সেবা (যেমন - বাজার ব্যবস্থা) নির্বাচন প্রয়োজন।

এই ধাপের শেষে কি অর্জিত হবে?

- যে সকল জনগণের দুর্যোগের ফলে ক্ষতিগ্রস্ত হওয়ার সম্ভাবনা বেশী রয়েছে তাদের অত্যাবশ্যকীয় চাহিদা নিরুপন করা।
- বিশ্লেষণের ভৈগোলিক অঞ্চল এবং ব্যপ্তি নির্ধারণ
- পিসিএমএ ব্যবহারের/প্রয়োগের জন্য জরুরী অবস্থার বাজার ব্যবস্থা নির্ধারণ

এই ধাপে করণীয় এবং কিভাবে করা হবে?

৪.১. চাহিদা নিরূপণ

জরুরী অবস্থা নির্ধারণের জন্য এটি একটি ধারাবাহিক প্রক্রিয়া। যদি জরুরী অবস্থার সম্ভাব্য ঘটনার পরিকল্পনা কোন ডকুমেন্টে পূর্বে উল্লেখ না থাকে তবে নিম্নুক্ত বিষয়গুলো নির্ধারণ করতে হবে:

– এজেন্সী/ প্রতিষ্ঠান যে স্থানে দুর্যোগের অবস্থার চিত্রায়নে সাড়াপ্রদান প্রক্রিয়া করতে চায় তার ভৌগোলিক অবস্থান

– অভীষ্ট/ সুবিধাভোগী জনগণ (সম্ভাব্য ক্ষতিগ্রস্ত জনগোষ্ঠীর সংখ্যা এবং চারিত্রিক বৈশিষ্ট) (targeted population)। যখন অভীষ্ট/ সুবিধাভোগী জনগণের সংখ্যা হিসাব করা হয় তখন অবশ্যই অভীষ্ট/সুবিধাভোগী জনগণ ছাড়াও একই এলাকার বসবাসকারী এবং একই বাজার স্থান (Marketplace) ব্যবহারকরী অন্যান্য জনগণের তথ্য সংগ্রহ করতে হবে। পিসিএমএ প্রক্রিয়ার পরবর্তী সময়ে, পরিবর্তিত চাহিদার জন্য সাড়াপ্রদানে বাজারের দক্ষতা মূল্যায়নের ক্ষেত্রে, যে সব

জনগণ এই প্রক্রিয়ার অংশ নয় কিংবা যাদের সহায়তা গ্রহণের প্রয়োজন হয়না তাদের বিদ্যমান বা ভবিষ্যতের চাহিদার কথা ভুললে চলবে না। (এই সব জনগণকে অভীষ্ট/ সুবিধাভোগী হিসেবে ধরা হয় না)।

– জনগণের অতীতের দুর্বলতা/অসহায়তা (voulnerability) এবং বর্তমান চাহিদা

অধ্যায় এক

– যদি দুর্যোগ ঘটে (দুর্যোগের চিত্রায়ন নির্ধারিত থাকার ক্ষেত্রে) তবে সুবিধাভোগী জনগণের (targeted population) জরুরী অবস্থায় চাহিদা নিরূপণ। জরুরী অবস্থার চাহিদা প্রধান খাদ্য (staple food) কিংবা খাদ্য নয় (non-food) এমন পণ্যের জন্য হতে পারে, কলেরার ক্ষেত্রে এই চাহিদা সাধারণত সাবান এবং স্বাস্থ্যবিধি সংক্রান্ত উপকরণ এবং প্রাকৃতিক দুর্যোগের ক্ষেত্রে এই চাহিদা গুলো প্রধান খাদ্য (staple food), খাবার নয় (non-food) এমন পণ্য এবং আবাসন ইত্যাদি। ভিন্ন ভিন্ন ক্ষেত্রে এই চাহিদা গুলো নিয়ে বিরোধ হতে পারে।

– দুর্যোগবিহীন সময়ে যে সকল জনগণ তাদের চাহিদা পূরণে বাজারস্থানে (marketplace) অংশ নেয় এবং দুর্যোগের সময় তাদের বাজারে অংশগ্রহণ করার সম্ভাবনা বেশী।

- জনগণের চাহিদা নিরূপণের জন্য **আরএএম এর টুল নম্বর ২** গ্রহণ করা যেতে পারে, যা **সোমালিয়ায় আইআরসি দ্বারা গৃহীত** হয়েছিলো

৪.২ জরুরী অবস্থার বাজার ব্যাবস্থা নির্ধারণ

- জরুরী অবস্থার সময় অথবা বর্তমান চাহিদার ভিত্তিতে অভীষ্ট জনগণের/ সুবিধাভোগী জনগণের (targeted population) অধিক প্রয়োজনীয় চাহিদা নিরুপনের দিকে নজর দেয়া এবং এদেরকে জরুরী অবস্থার বাজারের সাথে সংযুক্ত করে দেয়া যা শনাক্তকৃত চাহিদাকে প্রত্যক্ষ বা পরোক্ষ ভাবে মেটায়।

- প্রথমেই বাজার ব্যাবস্থা সমূহকে বিস্তৃত পরিসরে বিবেচনা করতে হবে যা ১) সুবিধাভোগী জনগণের জরুরী অবস্থায় কাজ করে ২) প্রত্যাশিত দুর্যোগ দ্বারা অধিক ক্ষতিগ্রস্ত হবে এবং ৩) তা পূর্বপরিকল্পিত সাড়াপ্রদান প্রক্রিয়াপ্রক্রিয়ার সাথে প্রাসঙ্গিক। দুর্যোগের সময় সুবিধাভোগী/ অভীষ্ট জনগণের প্রয়োজনীয় চাহিদা পূরণে সহায়তা করে এমন বাজার ব্যাবস্থা এবং সেই সাথে দুর্যোগের ক্ষতিপূরণ এবং সহনশীলতা গড়তে প্রয়োজনীয় বাজার ব্যবস্থার ভিত্তিতে জরুরী অবস্থার বাজার ব্যবস্থাকে বিস্তৃত পরিসরে বিবেচনা করা হয়। এটা নিশ্চিত করতে হবে যে, নির্ধারিত বাজার ব্যবস্থা, সাড়াপ্রদান প্রক্রিয়াকরার সম্ভাব্য পরিকল্পনা এবং পিসিএমএ এর উদ্দেশ্য সমুহ প্রাসঙ্গিক। এবং আরো নিশ্চিত করতে হবে, যে বাজার ব্যবস্থা সমূহ বিশ্লেষণের জন্য বিবেচনা করা হয়েছে তা বিশেষভাবে পুরুষ, মহিলা এবং নির্দিষ্ট চাহিদা অনুযায়ী অন্যান্য দলের জন্য জরুরী ।

- এই পর্যায়ে জরুরী অবস্থার বাজার বিশ্লেষণে প্রধান খাবার/খাবার সমূহের বাজার ব্যবস্থা/ব্যবস্থা সমূহ খুব সম্ভবত যুক্ত হতে পারে। দুর্যোগের সময় কিংবা হাঙ্গার গ্যাপ সিজন এ অভীষ্ট/সুবিধাভোগী জনগণের প্রধান খাবারের বিকল্প ব্যবস্থাকে বিবেচনায় রাখতে হবে।

বক্স ৪ঃ গৃহায়ন এবং আশ্রয় প্রদান সম্পর্কিত জরুরী বাজার ব্যবস্থা সমূহ

বাড়ী ভাড়া সম্পর্কিত বাজার ব্যবস্থার (rental) বিশ্লেষণ মানবিক সাহায্যে কর্মরত কর্মীদের জন্য বেশ কষ্টকর (challenging) হিসেবে বিবেচনা করা হয় কারণ বাড়ী ভাড়ার বাজার ব্যবস্থার জটিলতাঃ আনুষ্ঠানিক এবং অনানুষ্ঠানিক ভাড়া ব্যবস্থা এক সাথে সাদৃশ্য ভাবে থাকে/একই রকম থাকে (parallel) এবং বাজারের বৈশিষ্ট্য নির্ধারণ আরো একতা চ্যালেঞ্জ (যেমন- এক বেডরুম বিশিষ্ট অথবা পানির সুবিধাসহ ফ্ল্যাট এর উপর বাজার বিশ্লেষণ ফোকাস করবে কিনা ইত্যাদি)।

এক্ষেত্রে বাজার নির্বাচন আরো একটি চ্যালেঞ্জ কারণ গৃহায়ন ব্যবস্থা নিজেই ভিন ভিন্ন বাজার ব্যবস্থা সমষ্টি। গ্রিহায়ন বা আশ্রয় প্রদান একটি জটিল ভোগ্য পণ্য যা বিভিন্ন ধরনের পৃথক পৃথক পণ্য এবং সেবার সমষ্টি। এই কারণে, গৃহায়ন/আশ্রয় প্রদান বাজার ব্যবস্থার শ্রেণীবিভাগ করা বা মূল্যায়ন করার জন্য এর গুরুত্বপূর্ণ/প্রয়োজনীয় উপাদানের উপর ভিত্তি না করে এর কার্যকারিতার উপর ভিত্তি করতে হয়। (যেমন-জমির মালিকানা এবং সম্পদের ভোগদখলের প্রক্রিয়া কিভাবে উন্নত হয়, কম্যুনিটি পর্যায়ে কিভাবে মৌলিক অবকাঠামো/ঘরবাড়ি প্রদান করা যায়, গৃহায়নে আর্থিক এবং আর্থিক নয় এমন সেবা কিভাবে প্রদান করা যায় এবং কিভাবে কম্যুনিটি নিরাপত্তাহীনতার বিরুদ্ধে প্রাতিষ্ঠানিক রূপ লাভ করে?)

এমন বাজার বিশ্লেষণের জন্য ভৌগোলিক সীমা নির্ধারণ একটি বড় চ্যালেঞ্জ যেমন, আশেপাশের এলাকা/পাড়া থেকে অন্য এলাকার বাড়ি ভাড়া ভিন্ন হতে পারে। পরিশেষে এটা বলা যায়, বাড়ি ভাড়ার বাজার বিশে-ষণের মূল্যের এই তারতম্যের কারণ নির্ধারণ করা কঠিন।

সিএরএস, গৃহায়নের বাজার বিশ্লেষণের উপর একটি পেপার/ রিপোর্ট প্রস্তুত করছে যা ২০১৬ এর শেষে প্রস্তুত হবে।

- বাজার বিশ্লেষণের কিছু কিছু বিবেচ্য বিষয় নির্দেশ করে যে, কোন নির্দিষ্ট পণ্য বা সেবার জন্য আর বাজার বিশ্লেষণের প্রয়োজন নেই।
  - যে সকল পণ্য/সেবার কোন বাজার মূল্য নেই এবং/অথবা মানুষজন/ভোক্তাগণ ঐ সকল পণ্য/সেবার জন্য পৃথকভাবে মূল্য পরিশোধ করতে আগ্রহী নয়।
  - অভীষ্ট জনগণ/ সুবিধাভোগী জনগণের ঐ পণ্যের মূল্য পরিশোধ করার মত সামর্থ্য নেই এই কারণে সেই সব পণ্য অতি জরুরী পণ্য নয় (এটা সাধারণত মাংস অথবা মাছের ক্ষেত্রে হয়ে থাকে)।
  - যে পণ্য/ সেবা সরকার কর্তৃক প্রদত্ত হয় (সরকারি পণ্য/সেবা যেমন-প্রাথমিক শিক্ষা)
  - যে পণ্য/সেবা কোন ক্ষতি/বিরুপ প্রভাব এড়ানোর জন্য সকলের কাছে সমান ভাবে ভোগযোগ্য (যেমন - অত্যন্ত সংক্রামক ব্যাধির জন্য টীকাপ্রদান কিংবা স্বাথ্য সেবা)
  - এমন বাজার যে যথেষ্ট অকার্যকর এবং যেখানে "ব্যর্থ" বাজার (market failure) এর হার বেশী (যেমন-এমন একতি বাজার যেখানে একচেটিয়া নিয়ন্ত্রণ রয়েছে)
- এটা মনে রাখতে হবে যে, প্রতিটি পণ্য/সেবা পৃথকভাবে বিশ্লেষণ করতে হবে কারণ প্রায় প্রিতিটি পণ্যের উৎপত্তি ভিন্ন ভিন্ন স্থান এবং উৎপাদক থেকে ভোক্তা পর্যন্ত এদের অবস্থানের ভিন্ন ভিন্ন পরিবর্তন ঘটে। এবং এদের জন্য ভিন্ন ভিন্ন অবকাঠামো, ইনপুট এবং বাজারের সহায়তা প্রয়োজন হয়। যাই হোক, যদি কোন পণ্য যেমন "স্বাস্থ্য সেবার পণ্য" কিংবা "বোতলজাত পণ্য" যাদের সাপ্লাই চেইন একই সেক্ষেত্রে বাজার বিশ্লেষণের জন্য এদেরকে বিভিন্ন দলে ভাগ করা প্রয়োজন হয়। দলে ভাগ করার অন্তর্নিহিত কারণ হলো, পণ্যের এই দল সরবরাহ এবং বিপণনের ক্ষেত্রে নির্দিষ্ট বাজারের সূচক যেমন - মূল্য, চাহিদা এবং সরবরাহ এর সাথে অনুরূপভাবে সারা প্রদান করে। যেমন- যদি সেকেন্ড হ্যান্ড কাপড়ের

৪. বাজার মূল্যায়নের পরিধি/ব্যপ্তি এবং জরুরী অবস্থার বাজার ব্যবস্থা নির্ধারণ

বাজারের একটি মাত্র উৎস থাকে যা কোন প্রকার ঝামেলা ছাড়াই পুনরায় পণ্য সরবরাহ করতে পারবে সেক্ষেত্রে "সেকেন্ড হ্যান্ড কাপড়ের বাজার" বিশ্লেষণ সহজ হয় এবং ভিন্ন ভিন্ন পণ্যের (মোজা, হাত মোজা, জুতা, টুপি, কোট ইত্যাদি) এর আলাদা আলাদা বাজার বিশ্লেষণ প্রয়োজন হয় না। যদি কোন নির্দিষ্ট পণ্য (যেমন - জুতা) এর সরবরাহের উৎস এবং এর বিপণন পৃথক ভাবে হয় তবে এর বাজার বিশ্লেষণ আলাদা/ পৃথক ভাবে বিবেচনা করতে হবে।

- র‍্যাংকিং টেবিলের মাধ্যমে পণ্যের তালিকা কম করা যায়, এখানে ১ সবচেয়ে কম স্কোর এবং ৩ সবচেয়ে বেশি স্কোর হিসেবে দেয়া হচ্ছে। নিচের টেবিলটি ইএমএ এর টুলকিট থেকে উদাহারণ হিসেবে দেয়া হলো। এই নির্বাচন প্রক্রিয়াটি যদি বাজার বিশ্লেষণের সাথে প্রাসঙ্গিক হয় তবে তা গ্রহণ করা যেতে পারে।

টেবিল ৫ জরুরী বাজার ব্যবস্থা নির্বাচনে র‍্যাংকিং টেবিল

	জোয়ার (Sorghum) এর ময়দা	এক্যোয়াট্যাবস	প্ল্যাস্টিক এর পর্দা	অস্থায়ী শ্রমিক
সুবিধাভোগী দলের (target group) এর অত্যাবশ্যকীয় চাহিদা	৩	১	২	১
পুরুষ এবং মহিলা উভয়ের জন্য জরুরী	৩	২	৩	১
সাড়াপ্রদানের উদ্দেশ্য/এজেন্সী বা প্রতিষ্ঠানের আদেশের সাথে প্রাসঙ্গিক বাজার	২	১	৩	১
জরুরী অবস্থায় সরকারের পরিকল্পনা/ সেক্টর এর পরিকল্পনার সাথে প্রাসঙ্গিকতা	৩	৩	২	১
বাজারের অনুমেয় দুর্যোগের প্রভাব	৩	৩	১	২
বাজারের বাজারের অধিক তথ্যের প্রয়োজনীয়তা	৩	১	২	২
পিসিএমএ ব্যবহারের সঠিক সময় এবং ঋতু বৈচিত্রতা	৩	১	১	২
অন্যান্য বাজার ব্যবস্থার প্রতিনিধি/ দলীয়করণের সম্ভাব্যতা (grouping)	১	১	৩	১
মোট	২১	১৩	১৭	১১

- র‍্যাংকিং করার মাধ্যমে জরুরী অবস্থার বাজার ব্যাবস্থা নির্বাচন করতে হবে। এটা মনে রাখতে হবে যে, বাজার ব্যবস্থার পুনরাবৃত্তি বৈশিষ্টের জন্য মাঠ পর্যায়ে কাজ শুরুর পূর্বেই বিভিন্ন বাজার দল এবং স্টেকহোল্ডারদের সাথে আলোচনার মাধ্যমে নির্বাচিত বাজার ব্যবস্থা সমন্বয় করে নিতে হবে **(সেকশন ৮.১ঃ সম্পূর্ণ বাজার বিশ্লেষণের দলকে প্রশিক্ষণ এবং তাদের বিশ্লেশনকে নির্দিষ্ট অবকাঠামো প্রদান)**। একাধিক উচ্চ স্কোরের একই রকম পদ্ধতিতে পরিচালিত বাজার ব্যবস্থা নিরবাচন করার চেয়ে তুলনামূলক নিম্ন স্কোরের বাজার ব্যবস্থা নিরবাচন করতে বিবেচনা করতে হবে যা প্রয়োজনীয় এবং আবশ্যিক তথ্য প্রদান করতে। আন্তঃসম্পর্কের ভিত্তিতে বাজার ব্যবস্থা নির্বাচন সম্পর্কে বিবেচনা করা উচিৎ। যেমন জোয়ার (Sorghum) দুধের সাথে গ্রহণ করা হয়।

৪.৩ প্রয়োজনে মূল বিশ্লেষণধর্মী প্রশ্নকে জরুরী বাজার ব্যবস্থা এবং দুর্যোগের অবস্থার সাথে সমন্বিত করা

- মূল বিশ্লেষণধর্মী প্রশ্নগুলোর পুনঃবিবেচনা করা এবং নিশ্চিত করা, নির্বাচিত প্রতিটি প্রশ্ন জরুরী অবস্থার বাজার বিশ্লেষণের সাথে সঙ্গতিপূর্ণ। দুর্যোগের অবস্থা, চিত্রায়ন এবং মূল্যায়নের সুযোগের উপর ভিত্তি করে এই প্রশ্ন গুলোকে পরিশোধন এবং ঢেলে সাজানো যায়। বাজার ব্যবস্থা সম্পর্কে জানার চাহিদার উপর ভিত্তি করে প্রতিটি জরুরী বাজার ব্যবস্থার জন্য ভিন্ন ভিন্ন বিশ্লেষণধর্মী প্রশ্নের সেট থাকবে।
- এটা মনে রাখতে হবে যে, বিশ্লেষণের অগ্রগতি হিসেবে পিসিএমএ ব্যবহারের সময় এর পুনরাবৃত্ত বৈশিষ্ট্যের জন্য বিশ্লেষণধর্মী প্রশ্নগুলোকে ঢেলে সাজাতে হবে।

মূল বিশ্লেষণধর্মী প্রশ্নের বাস্তব উদাহারণ

চালের বাজার ব্যবস্থার বর্তমান অবস্থা এবং বন্যার সময় এই বাজার ব্যবস্থা কেমন হবে?
ক) এই বাজার কি পর্যাপ্ত পরিমাণ/মানের পণ্য সরবরাহ করছে? খ) এটা কি অংশগ্রহণ মূলক এবং প্রতিযোগিতামূলক বাজার? গ) বর্ধিত চাহিদার সাথে এটা কেমন সাড়াপ্রদান প্রক্রিয়াকরতে পারবে? (আইআরসি, পাকিস্তান, ২০১৫)
আল হুদেইদাহ এর গরীব কৃষকদের নিজেদের খাবার এবং পশু খাদ্যের জন্য জোয়ার চাষে উৎসাহিত করতে কি ধরনের পদক্ষেপ নিতে হবে? (অক্সফাম, ইয়েমেন, ২০১৩)
আগামী ছয় মাসের মাঝে সম্ভাব্য বাঁধা বা ঝুঁকি কি হতে পারে যা জোয়ার /ভুট্টা এর ময়দা/স্যুপ এর বাজারকে ক্ষতিগ্রস্ত করতে পারে? (অক্সফাম, দক্ষিন সুদান, ২০১৪)
জোয়ার এর বাজার ব্যবস্থা কি প্রতিটি এলাকার জরুরী অবস্থায় প্রয়োজনীয় চাহিদা পূরণ করতে বাজারের ক্ষতিকে সমন্বিত করতে যথেষ্ট সংবদ্ধ আছে কিনা? (মারসী কর্পস, দক্ষিণ সুদান, ২০১৪)
গমের খড়ের বাজার ব্যবস্থা এবং সুবিধাভোগী জনগণের অংশগ্রহণের উপর সম্ভাব্য বন্যার ক্ষতির প্রভাব কমাতে সঠিক উপায় গুলো কি? (আইআরসি, পাকিস্তান, ২০১৫)
ক্ষরার সময় টাডওড সংঘের সদস্যগন জরুরী খাদ্য সরবরাহ এর ক্ষেত্রে কোন প্রকারের সাড়াপ্রদান প্রক্রিয়াপ্রক্রিয়া ব্যবহার করতে পারে। একই দুর্যোগে, বাজারের এক্টরদের ঘুরে দাড়ানোর জন্য দুর্যোগ মোকাবেলা কৌশলের ক্ষেত্রে বাজার ব্যবস্থা সহায়তায় প্রয়োজনীয় কি পদক্ষেপ গ্রহণ করতে হবে? (সিএরএস, সুদান, ২০১৫)

কত সময় লাগবে?

- একদিনের কর্মশালার মাধ্যমে যখন পিসিএমএ এর উদ্দেশ্য, মূল বিশ্লেষণধর্মী প্রশ্ন এবং বিশ্লেষণের সুবিধা নির্ধারণ করা হয় তখন এই ধাপটির উদ্দেশ্যই সর্বোচ্চ অর্জিত হবে।
- যদি একদিনের কর্মসূচী কার্যকর না হয় তবে বাজার কমিটির প্রধান ব্যাক্তি অভিজ্ঞ সহকর্মীদের সাথে আলোচনা, ইমেল ইত্যাদির মাধ্যমে জ্ঞান অর্জনের মাধ্যমে মূল বিশ্লেষণধর্মী প্রশ্নের একটি বর্ধিত তালিকা তৈরি করতে পারেন। বাজার বিষয়ক কর্মশালার শুরুতে এই বর্ধিত তালিকাটি কমিয়ে ফেলা সম্ভব (সেকশন ৮.১ঃ সম্পূর্ণ বাজার বিশ্লেষণের দলকে প্রশিক্ষণ এবং তাদের বিশ্লেশনকে নির্দিষ্ট অবকাঠামো প্রদান)

অধ্যায় এক

৫. ব্যবহারের জন্য বাজার বিশেষণের টুল/টুল সমূহ নির্বাচন

এই ধাপের প্রয়োজনীয়তা

পিসিএমএ সহায়িকা দুর্যোগ পূর্ববরতী সময়ে বাজার বিশ্লেষণের কোন নতুন পদ্ধতির সূচনা করে। বাজার মুল্যায়নের জন্য এটা বিদ্যমান টুলসমূহের উপর নির্ভর করে যা মূলত দুর্যোগ পরবর্তী বাজার মূল্যায়নের জন্য প্রস্তুত করা হয়েছিল।

পিসিএমএ ব্যবহারের সুবিধা এবং ব্যপকতা একবার বুঝতে পারলে পিসিএমএ ব্যবহারের টুল নির্বাচন করার জন্য একটি অবস্থান তৈরি হয়।

এই ধাপের শেষে কি অর্জিত হবে?

প্রাথমিক ভাবে মূল্যায়নের সময় দুর্যোগ পরবর্তী সময়ের কোন টুলকীট টি ব্যবহার করা হবে তা সম্পর্কে জানা যাবে।

এই ধাপে করণীয় এবং কিভাবে করা হবে?

৫.১ চাহিদা এবং উদ্দেশ্যের ভিত্তিতে মূল্যায়নের ব্যপকতা নির্ণয়

পিসিএমএ এর উদ্দেশ্য এবং মূল বিশেষণধর্মী প্রশ্নের ভিত্তিতে মূল্যায়নের ব্যপকতা নির্ণয় করা যায় যা ব্যবহারের জন্য বাজার বিশ্লেষণের টুল নির্বাচন করতে সহায়তা করবে। নিম্নের বৈশিষ্ট্যগুলো নির্বাচন প্রক্রিয়া সম্পন্ন করতে সহায়তা করে। এগুলো নির্দেশন হিসেবে এবং সম্মিলিত ভাবে ব্যবহৃত হতে পারে (যেমন - ব্যয় সংক্রান্ত জটিল বাজার ব্যবস্থা নিয়ে গভীর ভাবে মূল্যায়ন করার সিদ্ধান্ত)



পশ্চিম আফগানিস্তানের শহর হেরাত এর এই প্রধান খাদ্য শস্যের দোকানের প্রাণ হলো ব্যবসায়। সমগ্র পৃথিবীর মানুষ প্রয়োজনীয় পণ্য এবং আয় এর উৎস উভয়ের জন্য বাজারের উপর নির্ভর করে

অধ্যায় এক

টেবিল ৬ লাইট টাচ এবং গভীরভাবে মূল্যায়ন?

লাইট টাচ লাইট টাচ (যেমন - অক্সফামের ৪৮ আওয়ার	গভীরভাবে মূল্যায়ন (যেমন - ইএমএমএ (EMMA) অথবা

টুল (48 hour tool), ডবি-ওএফপি এর ব্যবসায়ী জরীপ (WFP trader survey) এবং আরএএম (RAM))	এমএজি(MAG))
বিশ্লেষণধর্মী প্রশ্ন হতে পারেঃ ● মানসম্মত তথ্য ● বাজারের অর্থনীতির সামগ্রিক কার্যকারিতা ● বাজার ব্যবস্থায় এবং জনগণের অংশগ্রহণের উপর গ্রহণকৃত মানবিক কার্যক্রমের প্রভাব ● বাজার পুনর্গঠন এবং এই বাজার গুলোতে জনগণের অংশগ্রহণকে নিশ্চিত করতে ভবিষ্যতে অনুমেয় জরুরী অবস্থার সময় অনুরূপ বাজার সমুহের প্রাসঙ্গিকতা ● দীর্ঘমেয়াদী দূর্যোগের বিস্তৃতি ঘটছে কিনা তা দেখতে বাজার নির্দেশক সমূহ পর্যবেক্ষণ করা। (যেমন-পূর্ব সতর্কতা ব্যবস্থা)	বিশ্লেষণধর্মী প্রশ্ন হতে পারেঃ ● পরিমাণগত তথ্য ● বাজারে এক্টরদের বিস্তারিত/বিস্তৃত সম্পর্ক ● রেফারেন্স ও দূর্যোগের সময়ে জনগণের চাহিদার পরিমাণ এবং বৈচিত্রতা পূরণে বাজার ব্যবস্থার ক্ষমতা এবং বাজারে জনগণের অংশগ্রহণ ● জরুরী অবস্থায় বাজারে জনগণের অংশগ্রহণ বৃদ্ধির জন্য দুর্যোগপূর্ব অবস্থার মাত্রা চিহ্নিত করতে অথবা দুর্যোগে ক্ষতির পরিমান কমাতে বাজার ব্যবস্থাকে রক্ষা করা/শক্তিশালী করা
পদক্ষেপ গ্রহণের জন্য নূন্যতম সময়	পদক্ষেপ গ্রহণের জন্য দীর্ঘতম সময় (৩ মাসের অধিক সময়)
বাজার স্থানে প্রতীয়মান/পর্যাপ্ত (visible abundand) সরবরাহ	অনিশ্চিত সরবরাহ
ছোট/সরল সাপ্লাই চেইন	অপেক্ষাকৃত বড়/জটিল সাপ্লাই চেইন
ব্যবসায়ীরা উচ্চ ক্ষমতা সম্পন্ন হয় (আর্থিক, নেটওয়ার্ক)	ব্যবসায়ীদের অপেক্ষাকৃত কম দক্ষতা
বাজার ব্যবস্থায় তথ্যের ভালো প্রবাহ	ক্রটিপূর্ণ তথ্য প্রবাহ
সহজ বাজার ব্যবস্থা	জটিল বাজার ব্যবস্থা
ব্যয় সংক্রান্ড় বাজার (টার্গেট গ্রুপ/সুবিধাভোগী দল দ্বারা পণ্য অথবা সেবা ক্রয়)	শ্রম বাজার সহ আয় সংক্রান্ড় বাজার (যেমন - যে বাজার ব্যবস্থা থেকে টার্গেট গ্রুপ/সুবিধাভোগী দল আয় করতে পারে)
বাজারের সুস্পষ্ট কোন সমস্যা থাকবে না	স্পষ্টত বিঘ্নিত বাজার ব্যবস্থা

অধ্যায় এক

এটা মনে রাখতে হবে যে, এই পদ্ধতিগুলো একটি আরেকটি থেকে স্বতন্ত্র নয়, প্রাথমিকভাবে লাইট টাচ মূল্যায়ন পদ্ধতিটি বাস্তবায়নের জন্য বাছাই করা যেতে পারে এবং পরবর্তী সময়ে আরো বিশদ মূল্যায়নের জন্য জরুরী অবস্থার কোন নির্দিষ্ট বাজার ব্যবস্থার চেইনের দিকে নজর দেয়া যায়।

৫.২ বাজার বিশ্লেষণের উপযুক্ত টুল (সমূহ) নির্বাচন করতে বিদ্যমান উপকরণ এবং জ্ঞানের ব্যবহার

- বিদ্যমান বিভিন্ন বাজার বিশ্লেষণের টুল সমূহ নির্বাচনের বিষয়ে সিদ্ধান্ত নিতে প্রতিষ্ঠান/এজেন্সির বাজার মূল্যায়নে অভিজ্ঞ কর্মীর সহযোগিতা প্রয়োজন। অথবা দেশের ভিতরে ক্যাশ ওয়ার্কিং গ্রুপ অথবা পূর্ব অভিজ্ঞতা সম্পন্ন এজেন্সির সাহায্য নেয়া যেতে পারে। বিকল্পভাবে, "মার্কেট ইন ক্রাইসিস গ্রুপ" এর ব্যবহারকারী বৃহত্তর কম্যুনিটিতে সাহায্য চাওয়া যেতে পারে।

- আরো অনেক ডকুমেন্ট এবং টুল রয়েছে যা সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়ায় সাহায্য করতে পারে

– **ক্যাল্প/ আইআরসি এর "কম্পারেটিভ টেবিল অব হিউমেনিটেরিয়ান মার্কেট অ্যানালাইসিস টুল"** বিদ্যমান বিভিন্ন বাজার বিশ্লেষণ সহায়িকা সম্পর্কে মৌলিক ধারণা দিতে প্রস্তুত করা হয়েছে। যা অবস্থা ও চাহিদার ভিত্তিতে বিভিন্ন টুল নির্বাচন এবং সমন্বয় সম্পর্কে ধারণার প্রাথমিক অবস্থা।

– অক্সফামের "মার্কেট অ্যানালাইসিস কম্পাস" ব্যবহারকারীদের বিভিন্ন বাজার বিশ্লেষণের টুল সম্পর্কে পথ প্রদর্শন করতে প্রস্তুত করা হয়েছিল।

বাস্তবিক উদাহারণ পিসিএমএ তে ব্যবহৃত ইএমএমএ এবং আরএএম টুল

আইআরসি (IRC) ২০১৫ এর শেষে "সোমালিয়ায় পিসিএমএ ব্যবহার" বাস্তবায়নে ওয়াশ এবং গৃহায়ণ পণ্যের বাজার ব্যবস্থার বিশ্লেষণ এবং পরিমাপ করতে আরএএম (RAM) টুল ব্যবহার করেছিল

অক্সফাম ২০১৫ এর ডিসেম্বরে "বাংলাদেশে পিসিএমএ এর ব্যবহার" বাস্তবায়নে খাবার পানি এবং কৃষি শ্রমের বাজার ব্যবস্থা বিশ্লেষণে ইএমএমএ টুল ব্যবহার করেছিল

আইআরসি (IRC) পাকিস্তানে বিভিন্ন ধরণের বাজার ব্যবস্থা দেখতে পিসিএমএ ব্যবহারের সময় এমএমএমএ এর টুল ব্যবহার করেছিল।

- পিসিএমএ বাস্তবায়নের সময় মানবিক সাহায্যের বাজার মূল্যায়নের সকল টুল ব্যবহার করা হয় না। এখন পর্যন্ত, কেবলমাত্র ইএমএমএ এবং আরএমএ টুল পিসিএমএ বাস্তবায়নে ব্যবহৃত হয়েছে। এটা ধারণা করা হয় যে, এমএজি (MAG), অক্সফামের ৪৮ আওয়ার টুল এবং ডব্লিওএফপি এর ব্যবসায়ী জরিপ দুর্যোগপূর্ব অবস্থায় ব্যবহৃত হতে পারে কিন্তু এই জ্ঞানের পরিধি এখনো মোটামটি সীমাবদ্ধ।

- বাজার মূল্যায়নের যথাযথ টুল নির্বাচন হয়ে গেলে প্রাসঙ্গিক টুলকিটের একটি অনুলিপি পাওয়া যাবে যদিও পিসিএমএ সহায়িকা ব্যবহারের প্রধান বিষয়বস্তু থাকবে।

অধ্যায় এক

বক্স ৫ বাজার বিশ্লেষণের অন্যান্য পদ্ধতি

বাজার স্থিতিশীল নয়/প্রগতিশীল/গতিশীল এবং সাম্প্রতিক সময়ে বাজার বিশ্লেষণের অনেক টুল এবং পদ্ধতি প্রস্তুত হয়েছে। জিএএম (GAM) এবং এমফোরপি (M4P) (বক্স ১ দ্রষ্টব্য) এর মত দীর্ঘ মেয়াদী টুলকিট ছাড়াও আরো অনেক টুলকিট রয়েছে যা নিচে সংক্ষেপে বর্ণনা করা হলো কিন্তু এগুলো এই সহায়িকায় বিষদভাবে ব্যবহৃত হবে নাঃ

ভ্যাল্যু চেইন বিশ্লেষণঃ বাজারের বিভিন্ন এক্টরের মাঝে বিদ্যমান মূল্যের উপর ফোকাস করে। যেমন, এটা বাজারের গতিশীলতা এবং পরিবর্তিত প্রকৃতির উপর নজর দেয় না। বাস্তবিক ভাবে, ভ্যাল্যু চেইন এবং বাজার ব্যবস্থা মাঝে মাঝে একই বিষয় নির্দেশ করে, কিন্তু বাজার ব্যবস্থা আরো বৃহৎ পরিমন্ডল নিয়ে গঠিত। আরো বলা যায়, ভ্যাল্যু চেইন

বিশ্লেষণ দীর্ঘ মেয়াদী অর্থনৈতিক উন্নয়ন কার্যক্রম/প্রোগ্রামে ব্যবহৃত হয় এবং এই কারণে তা এখানে বিশদভাবে ব্যবহৃত হয় নি।

মানবিক সাহায্যের প্রেক্ষাপটে শ্রম বাজার বিশ্লেষণঃ এই সহায়িকাটি দক্ষ এবং অদক্ষ শ্রম বাজার বিশ্লেষণে নিবেদিত যা দুর্যোগ পরবর্তী সময়ে জীবিকা এবং বাজার ব্যবস্থা উন্নয়নের কার্যক্রম বাস্তবায়ন এবং পরিকল্পনার তথ্য দিতে আগ্রহী। পিসিএমএ এর মত, এটা কোন নতুন টুল নয় বরং বিদ্যমান টুলের উপর ভিত্তি করে এটা একটি বাজার বিশ্লেষণ পদ্ধতি প্রস্তুত করে। পিসিএমএ এর সাথে অনুরূপ হওয়ায়, দুর্যোগ পূর্ববর্তী সময়ে এটা বাজার ব্যবস্থা বিশ্লেষণে অংশগ্রহণকারীদের শ্রম বাজার বিশ্লেষণে সাহায্য করে যতক্ষণ পর্যন্ত না মূল্যায়ন বাস্তবায়নের ফলে পিসিএমএ এর উদ্দেশ্য এবং নির্দিষ্ট প্রশ্নের উত্তর অর্জিত না হচ্ছে।

মাল্টি সেক্টর বাজার বিশ্লেষণ (Multi-Sector Market Analysis)ঃ এই সহায়িকাটি মাল্টি পারপাস গ্রান্ট প্রোগ্রাম এর মাধ্যমে দুর্যোগে ক্ষতগ্রস্ত জনগণ মোটামোটি এবং সমানভাবে প্রত্যাশিত পণ্য এবং সেবা গ্রহণের সুযোগ পাচ্ছে কিনা তা পরীক্ষা করতে ব্যবহারকারীদের সহায়তা করে। পিসিএমএ এর মত এটা নতুন কোন টুল নয় বরং বিদ্যমান টুলের উপর ভিত্তি করে এটা একটি বাজার বিশ্লেষণ পদ্ধতি প্রস্তুত করে। পিসিএমএ এর সাথে অনুরূপ হওয়ায়, দুর্যোগ পূর্ববর্তী সময়ে এটা বাজার ব্যবস্থা বিশ্লেষণে অংশগ্রহণকারীদের শ্রম বাজার বিশ্লেষণে সাহায্য করে।

ক্যাল্প বাজার বিশ্লেষণের সর্বনিম্ন মানঃ এই সহায়িকাটি বাজার বিশ্লেষণের টুলকিট এবং পদ্ধতির সংযোগ স্থাপনে ব্যবহারকারীদের সহায়তা করে এটা নিশ্চিত করতে যে বাজার মূল্যায়নের কোন গুরুত্বপূর্ণ বিষয় বাদ পরেনি। যদিও এটা পরিকল্পনা করা হয়েছিল দুর্যোগ পরবর্তী সময়ের জন্য, কিন্তু এর সর্বনিম্ন মান দুর্যোগপূর্ব অবস্থায় ব্যবহৃত হতে পারে।

মার্কইটঃ এই মার্কইট কোন বাজার বিশ্লেষণের টুল নয়, এটা বাজার পর্যবেক্ষণের টুল। মূলত এটা প্রস্তুত করা হয়েছিল বাজারের খাদ্য মূল্য পর্যবেক্ষণের জন্য। মার্কইট এর রেফারেন্স এবং লিঙ্কেজ - **অধ্যায় ৪ঃ পিসিএমএ এর হালনাগাদ করণ**

অধ্যায় এক

৫.৩ মূল্যায়নের ব্যপকতার উপর ভিত্তি করে ভৌগোলিক অবস্থান নির্ণয়

- তথ্য সংগ্রহের জন্য এলাকা নির্বাচনের ক্ষেত্রে মনে রাখতে হবে যেঃ

– বাজার স্থান পরিদর্শন অতি গুরুত্বপূর্ণ কিন্তু বাণিজ্য চক্র (), পণ্যের গুদাম, সরকারি সদর দফতর ইত্যাদি বিষয়েও বিবেচনায় রাখতে হবে। যে কোন দেশে মার্কেট চেইন একটি বিস্তৃত এলাকা নিয়ে গঠিত হয়।
– পাইকারি বাজার অথবা বাজারের মূল এক্টর দূরবর্তী এলাকায় অবস্থান করতে পারে, এই ক্ষেত্রে দূরবর্তী এলাকার তথ্য সংগ্রহকেও বিবেচনায় রাখতে হবে।
– বৃহত্তর এলাকার ক্ষেত্রে, সবচেয়ে কাছের বাজার পার্শ্ববর্তী দেশে অবস্থিত হতে পারে।
– গৃহীত পদক্ষেপের জন্য বাজার কেন্দ্রীয় অথবা আঞ্চলিক হতে পারে।

- পূর্বে নির্ধারণের মত মূল্যায়নের সুযোগ এবং ব্যপকতা এবং অবস্থার অনিশ্চয়তার উপর ভিত্তি করে বাজার স্থান পরিদর্শনের সংখ্যা নির্ভর করে। বাস্ড়বিকভাবে, এটা সময়ের প্রাপ্যতার উপরেও নির্ভর করে।

- বাজার স্থান (যে স্থান থেকে তথ্য সংগ্রহ করা হবে) নির্বাচনের ক্ষেত্রে বাজার সমন্বয়কে বিবেচনায় রাখতে হবে এবং কম সমন্বিত বাজারকে অধিক গুরুত্ব দিতে হবে।
- বাজার স্থান নির্বাচন যেখান থেকে তথ্য সংগ্রহ করা হবে। **সেকশন ৪.১ঃ চাহদা নিরূপণ** এর তথ্য ব্যবহারের ভিত্তিতে এই ধাপটি সম্পন্ন করা যায়।
- মার্কইট পদ্ধতি থেকে নেয়া নিম্নের সূচক টেবিলটি লাইট টাচ এবং গভীরভাবে মূল্যায়নের ক্রমের ভিত্তিতে বাজার স্থান প্রদর্শনের বিস্তারিত বর্ণনা করেছে।

টেবিল ৭: বাজারস্থান পরিদর্শনের সংখ্যা

বাজারের প্রকার	তথ্য সংগ্রহের জন্য বাজারের সংখ্যা
কেন্দ্রীয় বাজার (শহর এলাকায় বৃহৎ বাণিজ্যিক বাজার)	১ - ৩
আঞ্চলিক সরবরাহকারী (জেলায় সর্ববৃহৎ পাইকারি বাজার)	কমপক্ষে ১ টি, কিন্তু পদক্ষেপ গ্রহণের জন্য বাজারে সরবরাহের সংখ্যা
গৃহীত পদক্ষেপের জন্য বাজার (জনগণের অংশগ্রহণের ভিত্তিতে)	৩ - ১০
নিম্নমুখী বাজার (যে সব বাজার ছোট বাজার/গ্রামের ক্ষুদ্র ব্যবসায়ীদের সরবরাহের উপর নির্ভর করে)	০ - ২
পর্যবেক্ষণের জন্য মোট বাজার	৪ - ১৫

কত সময় লাগবে?

- একদিনের কর্মশালার মাধ্যমে যখন পিসিএমএ এর উদ্দেশ্য, মূল বিশ্লেষণধর্মী প্রশ্ন এবং বিশ্লেষণের সুবিধা নির্ধারণ করা হয় তখন এই ধাপটির উদ্দেশ্যই সর্বোচ্চ অর্জিত হবে। বিকল্পভাবে, এই ধাপটি বাজার কমিটির প্রধান ব্যাক্তি এক ঘণ্টা বা তারো বেশী সময়ের মাঝে সম্পন্ন করতে পারেন। এই ধাপের জন্য যদি বাজার বিষয়ে অভিজ্ঞ কোন ব্যাক্তিকে পাওয়া যায় তবে তার নিকট প্রায়োগিক (technical) সহায়তা চাওয়া লাভজনক।

অধ্যায় এক

৬. বাজার মূল্যায়নের জন্য পরিকল্পনা

এই ধাপের প্রয়োজনীয়তা

পিসিএমএ বাস্তবায়ন বেশ কঠিন (challenging), কারণ অনেক মাঠকর্মীর জন্য এটির ব্যবহার সম্পূর্ণ একটি নতুন বিষয়। ভালোভাবে প্রস্তুত থাকা এবং স্পষ্ট পরিকল্পনা এই ধাপটি সম্পন্ন করতে সহায়তা করে।

এই ধাপের শেষে কি অর্জিত হবে?

- পিসিএমএ বাস্তবায়নের জন্য দল গঠন
- টিওআর প্রস্তুত সম্পন্ন হয় এবং তা ব্যবস্থাপনা কমিটি দ্বারা স্বীকৃত হয়। এবং তা সম্ভাব্য দলের সদস্যদের মাঝে প্রচার করা হয়।
- পিসিএমএ বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় অর্থনৈতিক, লজিস্টিকাল এবং মানব সম্পদ ইত্যাদি বিষয় সমূহ নির্ধারিত হয়
- ব্যবস্থাপনা প্রতিষ্ঠানের সম্ভাব্য সাড়াপ্রদানের কৌশল এবং দুর্যোগের পূর্বপ্রস্তুতি ঠিক করে

এই ধাপে করণীয় এবং কিভাবে করা হবে?

৬.১ বাজার দলের সদস্যদের একত্রিতকরণ

- **পিসিএমএ ব্যবহারকারী দল নির্ধারণ।** এই দলটি নিম্নুক্ত সদস্যদের সমন্বয়ে গঠিত হয়

– **বাজার কমিটির প্রধান ব্যাক্তিঃ** সেকশন ১.২ দ্রষ্টব্যঃ একজন বাজার কমিটির প্রধান ব্যাক্তি নিযুক্তকরণ। বাজার কমিটির প্রধান ব্যাক্তির দায়িত্ব হলো প্রস্তুতিমূলক ধাপসমূহের বাস্তবায়ন; এক্ষেত্রে তিনি প্রয়োজনে বিভিন্ন বিষয় পরিবর্তন করতে পারেন কিন্তু এই পর্যায় থেকেই সমগ্র বাস্তবায়ন পদ্ধতিতে একজন ব্যাক্তিই বাজার কমিটির প্রধান হিসেবে দায়িত্ব পালন করবেন। পিসিএমএ বাস্তবায়নের প্রস্তুতিমূলক ধাপ থেকে প্রকৃত কার্যক্রমে এর ফলাফল ব্যবহার পর্যন্ত সমন্বয় করা বাজার কমিটির প্রধান ব্যাক্তির দায়িত্ব। তিনি বাজারের মূল নির্দেশক (market indicators) সমূহের চলমান পর্যবেক্ষণ এবং প্রয়োজনে পিসিএমএ এর হালনাগাদকরণ নিশ্চিত করেন।

– **বিশ্লেষণ দলের দলনেতাঃ** এই ব্যাক্তি সমগ্র পিসিএমএ বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত হন। তিনি বিভিন্ন বাজার দলের দলনেতাদের মাঝে সমন্বয় সাধন করেন এবং নিশ্চয়তা প্রদান করেন যে প্রতিটি দল সঠিক পথে আছে এবং প্রাসঙ্গিক তথ্য সংগ্রহ করছে যা বিশ্লেষণে সহায়তা করবে। তিনি প্রতিদিনের রিপোর্ট (daily debriefing) করা, বাজারের চিত্র বিশ্লেষণ (market map analysis) (সেকশন ৮.৮ঃ বাজারের চিত্র বিশ্লেষণ দ্রষ্টব্য) এবং সাড়াপ্রদানের পদ্ধতি বিশ্লেষণ (সেকশন ৯ঃ বাজার ভিত্তিক পদক্ষেপের জন্য পিসিএমএ এর ব্যবহার)। এই দায়িত্ব পালনে সঠিক ব্যাক্তি নির্বাচন বেশ কঠিন। দায়িত্ব অনুযায়ী, বিশ্লেষণ দলের দলনেতা বাজার বিশ্লেষণে এবং মানবিক সাহায্যের কার্যক্রমে এটি ব্যবহারে অভিজ্ঞ হবেন। বাজার দলের দলনেতা বাজার কমিটির প্রধান হতে পারেন অথবা তিনি এজেন্সি/প্রতিষ্ঠানের কেউ কিংবা বাহিরের কোন পরামর্শ প্রদানকারী (external consultant) হতে পারেন।

বাজার দলের দলনেতাঃ বিশ্লেষণ দলের দলনেতার নেতৃত্বে প্রতিটি বাজার দলের দলনেতা এক একটি জরুরী অবস্থার বাজার বিশ্লেষণে দায়িত্বপ্রাপ্ত হন। এই পদের জন্য বাজার বিশ্লেষণের পূর্বঅভিজ্ঞতা নেতৃত্ব, যোগাযোগের এবং বিশ্লেষণের দক্ষতা, এবং কার্যক্রম বাস্তবায়নের অভিজ্ঞতার মত জরুরী নয়। বাজার দলের দলনেতা হিসেবে ভারপ্রাপ্ত হওয়া বাজার

অধ্যায় এক

মূল্যায়নের অভিজ্ঞতা ছাড়া একজন অঙ্গীকারবদ্ধ কর্মীর জন্য বড় একটি সুযোগ। এর মাধ্যমে তিনি দক্ষতা এবং আত্মবিশ্বাস এবং ভবিষ্যতে বিশ্লেষণ দলের দলনেতা হওয়ার একটি সুযোগ অর্জন করেন। বিঃদ্রঃ যদি সমগ্র পিসিএমএ ব্যবহারের মাঝে শুধুমাত্র একটি জরুরী অবস্থার বাজারকে বিশ্লেষণের জন্য চিহ্নিত করা হয় তবে বিশ্লেষণ দল এবং বাজার দলের দলনেতা হিসেবে একজন ব্যাক্তিই দায়িত্ব পালন করতে পারেন।

– **বাজার দলের সদস্যবৃন্দঃ** স্বাভাবিকভাবে, প্রতিটি বাজার ব্যবস্থার বিশ্লেষণের জন্য বিশ্লেষণের সুযোগ এবং গভীরতার উপর ভিত্তি করে দুই থেকে পাঁচ জন ব্যাক্তির প্রয়োজন হয়। এলাকা সম্পর্কে তাদের খুব স্পষ্ট ধারণা থাকতে হবে এবং আঞ্চলিক ভাষায় কথা বলতে সামর্থ্য হবে। তারা তথ্য/ উপাত্ত (Data collection) সংগ্রহের দায়ত্বে থাকেনা এবং বাজার দলের দলনেতাকে বাজারের অবস্থার চিত্রায়ন এবং বিশ্লেষণে সহায়তা করে। তারা এনজিও অথবা ইউএন এর কর্মী, সরকারের প্রতিনিধি এমনকি প্রাইভেট সেক্টরের এক্টর হতে পারেন। সাধারণত প্রাইভেট সেক্টরকে সম্পূর্ণ প্রক্রিয়ায় অংশগ্রহণ করানো বেশ কঠিন, কিন্তু তাদের মূল্যায়নকে ছোট করে দেখা উচিৎ নয়, তাদেরকে বিশ্লেষণের সময় যথা সম্ভব জড়িত করার চেষ্টা করতে হবে। কিছু কিছু ক্ষেত্রে, বাজার দল উপাত্ত সংগ্রহকারীদের সমন্বয়ে যারা শুধু ডাটা ই সংগ্রহ করবে এবং অন্যান্য কর্মীদের সমন্বয়ে যারা বিশ্লেষণে সহায়তা করবে কিন্তু ডাটা সংগ্রহ করবে না তাদের নিয়ে গঠিত হয়। এক্ষেত্রে এটা সুপারিশকরা হয় না কারণ পূর্বঅভিজ্ঞতা থেকে বলা হয় এই পদ্ধতি বিশ্লেষণকে আরো জটিল করে।

– সহায়ক বিভাগের (supporting department) সাহায্যে একজন নির্দিষ্ট প্রধান ব্যাক্তি নির্বাচন করতে হবে যিনি কর্মশালা এবং মাঠ পর্যায়ে প্রস্তুতিতে সহায়তা করবে। উপরন্তু, যদি মূল্যায়নের সময় মোবাইলের মাধ্যমে উপাত্ত সংগ্রহ

(Data collection) করা হয় তবে, একজন আইটি বিশেষজ্ঞকে সমগ্র মূল্যায়নের সময় প্রস্তুতি এবং মোবাইলের প্রশ্নমালা (questionnaire), ডাটা স্থানান্তর (data transfer) এবং সমস্যা সমাধানের জন্য কাছে রাখা জরুরী ।

জরুরী অবস্থার বাজার বিশ্লেষণের সংখ্যা এবং সুযোগের উপর ভিত্তি করে সমগ্র দল নিম্নের অরগানোগ্রামের মত হতে পারেঃ



অধ্যায় এক

এটা মনে রাখতে হবে যে, যদি মূল বিশ্লেষণধর্মী প্রশ্ন সমূহ শুধুমাত্র বাজার অর্থনীতির সামগ্রিক কার্যকারিতার সাথে জড়িত হয় তবে বাজার মূল্যায়নের বেশীরভাগ অংশ ডেস্ক রিভিও (desk review) থেকে করা হয় (সেকশন ৭.১ঃ সামগ্রিক বাজারের কার্যকারিতায় বিদ্যমান তথ্যের ডেস্ক রিভিও দ্রষ্টব্য); সুতরাং দল থেকে বাজার কমিটির প্রধান ব্যাক্তির সহায়তাকারী দুই বা তিন জন সদস্য কমিয়ে ফেলা যায়।

- পিসিএমএ বাস্তবায়নে সাফল্যের অন্যতম উপাদান বাজার দলের সদস্যদের সমন্বয়। কর্মীদের টেকনিক্যাল অভিজ্ঞতা, বাস্তবিক জ্ঞান, কথা বলা ভাষা, পিসিএমএ ব্যবহারে আগ্রহ, এবং জেন্ডারের (প্রয়োজনে নারী এবং পুরুষের পৃথকভাবে স্বাক্ষাতকার গ্রহণ) উপর ভিত্তি করে এই দলকে সমন্বয় করা হয়। বিশেষ করে যেহেতু বিশ্লেষণের উদ্দেশ্য শহনশীলতা গড়া সেহেতু উন্নয়ন দলের (development team) অংশগ্রহণকে বিবেচনায় রাখতে হবে। সহায়ক (লজিস্টিক, অর্থনৈতিক ইত্যাদি) দলের অংশগ্রহণকেও (supporting team) বিবেচনায় রাখতে হবে যেহেতু তাদের বাজারের উপর সম্ভাব্য গুরুত্বপূর্ণ কিছু তথ্য, পরিচয় এবং জ্ঞান আছে।

বক্স ৬ "দক্ষ জনশক্তির প্রয়োজনীয়তা" সঠিক বাজার দল নির্বাচন
আইআরসি এর ইএমএমএ বাস্তবায়নের ক্ষেত্রে, বাজার বিশ্লেষণের ফলাফলে সমূহকে প্রকাশ করার মাত্রা নির্ধারণের ক্ষেত্রে দক্ষতা একটি প্রধান উপাদান ছিলো। দলের সদস্যগণকে অবশ্যই দক্ষ এবং অভিজ্ঞ হতে হবে কিন্তু দলটি শুধুমাত্র কারিগরি বিশেষজ্ঞের সমন্বয়ে গঠিত হলে চলবে না। যেহেতু সমগ্র পদ্ধতিতে বিভিন্ন দিকে দক্ষ ব্যাক্তিদের ব্যবহার করা হয়েছে তাই বাজার দলের সদস্যদের দায়িত্ব এবং কর্তব্যের ভিন্নতা থাকতে পারে। উপরন্তু, প্রক্রিয়ার মাঝে বিভিন্ন ধরণের দায়িত্বের সমন্বয়ের ফলে সদস্যের পিসিএমএ

এর ফলাফল সম্পর্কে ধারণার বিস্তৃতি ঘটে। মানবিক সাহায্যের কার্যক্রমের পরিকল্পনা, অনুমোদন এবং বাস্তবায়ন বিভিন্ন ধরণের কর্মী যেমন-কারিগরি বিশেষজ্ঞ (), ব্যবস্থাপক, সিদ্ধান্ত গ্রহীতা, লজিস্টিসিয়ান, ফাইনান্স স্টাফ, প্রশাসনিক কর্মী এমন সদস্যদের যুক্ত করে। এই দায়িত্বগুলো দ্বারা সচেতনতা বৃদ্ধি এবং বাজার বিশ্লেষণের ফলাফল বুঝার মাধ্যমে পিসিএমএ ব্যবহারের ফলে সুপারিস সমূহের গ্রহণযোগ্যতার সম্ভাব্যতা বাড়ে।
এবং মনে রাখতে হবেঃ অবশেষে যে কোন মূল্যায়নের প্রক্রিয়ার মত পিসিএমএ ও মানুষ যত ব্যবহার করবে তত ভালো ফল দিবে।

৬.২ পিসিএমএ এর জন্য প্রয়োজনীয় উপকরণ নির্ধারণ

- পিসিএমএ বাস্তবায়নের জন্য সময়সীমা এবং একটি খসরা বিষয়সূচী প্রস্তুত করতে হবে। মনে রাখতে হবে যে, সহায়িকার উদ্দেশ্য, সুযোগ এবং দল গঠনের উপর বিভিন্ন প্রকার সহায়িকা ব্যবহারের ব্যাপ্তি এবং বাস্তব খরচের পার্থক্য ব্যপকভাবে নির্ভর করে। বিষয় বস্তুর উপর ভিত্তি করে তা এক বা দুইজন অভিজ্ঞ মানুষ দ্বারা দুই থেকে তিন দিনের মধ্যেই অর্জন করা যায়। উদাহারণ স্বরূপ, অক্সফাম ২০১২ সালে ইয়েমেনে জরুরী অবস্থায় সাড়াপ্রদানের ক্ষেত্রে পণ্যদ্রব্য এবং নগদ অর্থ প্রদানের মাঝে অধিক ফলপ্রসূ মাধ্যমটি নির্বাচন করতে একটি বাজার বিশ্লেষণ বাস্তবায়ন করেছে যা দুই জন মানুষ দুই দিনের মাঝে সম্পন্ন করেছে। কিন্তু বাস্তবিক অর্থে বাজার বিশ্লেষণের জন্য এর থেকেও বেশী সময় প্রয়োজন হয়, কিছু কিছু ক্ষেত্রে দলের সদস্যদের সাথে প্রাথমিক কর্মশালা, মাঠ থেকে ডাটা সংগ্রহ এবং ডাটা অ্যানালাইসিস এর ফলো-আপ ওয়ার্কশপ এবং রিপোর্ট লিখার জন্য দুই থেকে তিন সপ্তাহ লেগে যায়।
মানব সম্পদ ছাড়াও পিসিএমএ বাবায়নের জন্য অন্যান্য প্রয়োজনীয় উপকরণ নির্বাচন এবং বিশ্লেষণকে সফল করতে ব্যবস্থাপকদের থেকে কি কি উপকরণ পাওয়া যাবে তা নিরূপণ করা। অবস্থা, বিশ্লেষণের জন্য বাজার ব্যবস্থার সংখ্যা,

অধ্যায় এক

ভৌগোলিক অবস্থা ইত্যাদির উপর ভিত্তি করে এক একটি পিসিএমএ ৫০০০ থেকে ২০০০০ ইউএস ডলার লাগে। বহিরাগত পরামর্শ প্রদানকারী (external consultant) দ্বারা ১১ দিনের বিশ্লেষণ করতে গড়ে ১৫০০০ ইউএস ডলার লাগে।

- পিসিএমএ বাস্তবায়নের জন্য একটি বিশদ বাজেট নির্ধারণ। এনেক্স এ প্রদত্ত পিসিএমএ এর বাজেটের একটি নমুনা দেয়া হল যা প্রাথমিক পর্যায়ে ব্যবহার করা যায়। বাজেটে নিম্নুক্ত বিষয় সমূহ বিবেচনা করতে হবে

– বিশ্লেষণ দলের দলনেতা এবং সদস্যদের খরচ
– কনফারেন্স রুমের ভাড়া এবং নাস্তা
– ভিসা, আন্তর্জাতিক বিমান ভাড়া এবং থাকার জায়গা
– মাঠের কাজের জন্য জান-বাহন, প্রতি বাজার দলের জন্য কমপক্ষে একটি
– আঞ্চলিক বিমান ভাড়া
– এলাকার মানচিত্র
– প্রিন্টিং এবং যোগাযোগের খরচ

যদি অংশগ্রহণকারী প্রতিষ্ঠান যানবাহন, থাকার ব্যবস্থা, কনফারেন্স রুম ইত্যাদির জন্য নিজেই অবদান রাখতে পারে তবে খরচ যথেষ্ট কমে যাবে।

- নিরাপত্তা সহ উপরে উল্লিখিতবিষয় সমূহের সংস্থান, লজিস্টিক এবং প্রাতিষ্ঠানিক অবস্থা নিশ্চিত করতে হবে।

বক্স ৭ নিরাপত্তা এবং বাজার বিশ্লেষণ

বাজার বিশ্লেষণের সময় নিরাপত্তার কোন নির্দিষ্ট সমস্যা নেই; মনে রাখতে হবে, যে প্রশ্নগুলো করা হবে তা কর্তৃপক্ষ, ব্যবসায়ী অথবা অন্যান্য প্রাইভেট সেক্টরের এক্টরের মাঝে সন্দেহের সৃষ্টি করতে পারে।

নিয়মিত সংগঠিত হয় এমন দুর্যোগের ক্ষেত্রে, বিভিন্ন স্টেকহোল্ডারগণ মানবিক সাহায্য সংস্থাকে মানুষের প্রয়োজনীয় চাহিদা, আয়ের উৎস এবং খাবার ইত্যাদি সম্পর্কে তথ্য প্রদান করে, কিন্তু তারা প্রতিষ্ঠানের জন্য ব্যবসায়ের আকার, বাজারের এক্টর ইত্যাদি সম্পর্কে তথ্য কম দেয়।
উপরন্তু, বাজার ব্যবস্থা সমূহ "কায়েমী স্বার্থ" দ্বারা পরিপূর্ণ এবং কিছু ক্ষেত্রে, যেখানে বাজার বিশ্লেষণ কিছু নির্দিষ্ট দল/গ্রুপ (যারা বাজারে কাজ করে) এর স্বার্থ বা সুবিধা উন্মোচন করে সেখানে এই এক্টর সমূহ বিশ্লেষণ এবং/অথবা বিশ্লেষক দ্বারা ক্ষতিগ্রস্ত হয়। উদাহারণ স্বরূপ, যখন মূল্য নির্ধারণের চক্রান্ড় উন্মোচিত হয় তখন একটি অস্থিতিশীল অবস্থার সৃষ্টি হয়।
প্রস্তুতি গ্রহণ এবং ডাটা সংগ্রহের সময় এটা নিশ্চিত করতে হবে যে নিরাপত্তার অবস্থা এবং নিরাপত্তা কর্মীদের একত্রে সমন্বয় করা হয়েছে।

৬.৩ টিওআর চূড়ান্তকরণ এবং প্রচার করা

- উপরের বিষয়গুলোর উপর ভিত্তি করে পিসিএমএ এর জন্য টিওআর চূড়ান্ত করতে হবে। এনেক্স এ প্রদত্ত পিসিএমএ এর টিওআর এর নমুনা প্রথম থেকেই ব্যবহৃত হতে পারে। টিওআর এ নিম্নুক্ত বিষয়গুলো বিবেচনা করতে হবেঃ

– অবস্থা, উদ্দেশ্য এবং বিশ্লেষণ দ্বারা সম্ভাব্য মূল বিশ্লেষণধর্মী প্রশ্নের উত্তর

অধ্যায় এক

– বিশ্লেষণের সুযোগ এবং গভীরতা অনুমান করা

– দল গঠন এবং দায়িত্বের সুস্পষ্ট বন্টন (বিশেষ করে বিশ্লেষণ দলের দলনেতা এবং বাজার দলের দলনেতার ক্ষেত্রে)

– সময়সীমা নির্ধারণ এবং খসড়া বিষয়বস্তু নির্ধারণ (বিশ্লেষণ দলের দলনেতা দ্বারা নির্বাচনের পরে পুনর্বিবেচনা করা)

– টিওআর এর বিষয়বস্তু এবং বাজেটের বিশদ বিষয় ব্যবস্থাপকদের সাথে আলোচনা করা এবং তাদের অনুমোদন নেয়া

– সফল বিশ্লেষণের জন্য কোন গুরুত্বপূর্ণ বিষয়ে বৈচির্ত্যময় দলের সদস্যদের নিযুক্ত করা এবং পিসিএমএ এর ফলাফল ও সুপারিশ সমূহ প্রকাশ করা। কিন্তু সংশ্লিষ্ট সকল ব্যাক্তিকে দলে যুক্ত করা কার্যকর হবে না। শুরু থেকেই উৎকৃষ্ট বাহ্যিক যোগাযোগ পিসিএমএ ব্যবহারের সফলতার জন্য মূল বিষয়। সচেতনতা বৃদ্ধি এবং অংশগ্রহণের বৈচির্ত্যতা নিশ্চিত করতে টিওআর ব্যপক আকারে সবার সাথে আলোচনা (share) করতে হবে।

কত সময় লাগবে?

পরিকল্পনার ধাপটি বাজার দলের প্রধান ফাইনান্স এবং লজিস্টিক দলের সহায়তায় খুব দ্রুত, দুই থেকে তিন ঘন্টার মাঝে সম্পন্ন করতে পারেন। বিশ্লেষণ দলের দলনেতাকে নিয়োগ করতে যে সময় লাগবে তা বিবেচনায় রাখতে হবে, বিশেষ করে যদি এই পদটি আওটসোরসিং করা হয়। সঠিক বহিরাগত পরামর্শ প্রদানকারী (external consultant) নিয়োগ করতে কমপক্ষে দুই সপ্তাহ সময় লাগবে এবং আরো দুই থেকে তিন সপ্তাহ লাগবে তার কাজ করতে। বাজার দলের দলনেতা এবং সদস্যদের নির্বাচন করতে যে সময় লাগবে তা ও বিবেচনায় রাখতে হবে। সুতরাং, একটি ভালো পিসিএমএ এর পূর্ব পরিকল্পনা করতে দ্বিধা করা উচিত নয়।

অধ্যায় দুই

অধ্যায় ২ঃ পিসিএমএ বাস্তবায়ন

এই অধ্যায়ের শেষে কি অর্জিত হবে?

- বাজার দল পিসিএমএ ব্যবহারের উদ্দেশ্য এবং অনুসরণের পদ্ধতি সম্পর্কে জানবে
- বাজার দল চূড়ান্ত জারুরী অবস্থা, জরুরী অবস্থার বাজার (প্রযোজ্য হলে), মূল বিশ্লেষণধর্মী প্রশ্ন এবং চূড়ান্ত টার্গেট গ্রুপ সম্পর্কে জানবে
- বাজার দল প্রশ্নাবলী (questionnaire), বিশ্লেষণ পদ্ধতি এবং মাঠ থেকে ডাটা সংগ্রহের (data collection) পরিকল্পনা ঠিক করবে।
- বাজার দল মাঠ থেকে ডাটা সংগ্রহ এবং রেকর্ড করবে
- বাজার দল মৌসুমে নিয়মিত রেফারেন্স অবস্থায় বাজারের চিত্র (reference market map) এবং জরুরী অবস্থায় বাজারের চিত্র চূড়ান্ত করবে (প্রযোজ্য হলে)
- বাজার দল জরুরী অবস্থায় অভীষ্ট জনগণের/সুবিধাভোগী জনগণকে পণ্য বা সেবা প্রদানের জন্য মোট ঘাটতি বা গ্যাপ (দুর্যোগ সংগঠনের সময়) এর চূড়ান্ত হিসাব করবে
- বাজার দল অভীষ্ট জনগণ/সুবিধাভোগী জনগণ বাজার ব্যবস্থা বা বাজার স্থানে বিদ্যমান অথবা সম্ভাব্য দক্ষতার ঘাটতির বিশ্লেষণ এবং হিসাব করবে
- বাজার দল মূল বিশ্লেষণধর্মী প্রশ্নের উত্তর দিবে

৭. অবস্থার চিত্রায়ন এবং বিদ্যমান তথ্য সংগ্রহ/ জড়ো করা

এই ধাপের প্রয়োজনীয়তা

বিদ্যমান আনুসাঙ্গিক তথ্য পর্যালোচনার মাধ্যমে বিশ্লেষণ শুরু করতে হবে, এবং এই ধাপেই মাঠ থেকে প্রাথমিক ডাটা সংগ্রহ করা উচিৎ নয়। এই ধাপে নির্বাচিত জরুরী অবস্থার বাজার, জীবিকার অবস্থা এবং টার্গেট গ্রুপের উপর সামগ্রিক বাজারের কার্যকারিতার বিদ্যমান তথ্য নির্ধারণ করা যায়। এই ধাপের উদ্দেশ্য, বিদ্যমান তথ্যের উপর নির্ভর করা, সময় এবং উপকরণ বাচানো, এবং পিসিএমএ এর ফলে অতিরিক্ত মূল্য সংযোজনের উপর আলোকপাত করা।

এই প্রথম ধাপটি বাজারের যোগান (সরবরাহ, বন্টন, আর্থিক প্রবাহ) এবং চাহিদার (ভোক্তার চাহিদা, বাজারে অংশগ্রহণের দক্ষতা এবং ক্রয় ক্ষমতা) উপর একটি সামগ্রিক ধারণা দিতে সহায়তা করে। সাড়াপ্রদান প্রক্রিয়া বিশ্লেষণের প্রেক্ষাপটে, মূল্যায়নের এই পদ্ধতিটি নীতি নির্ধারণের পর্যায়ে পদক্ষেপ গ্রহণের ক্ষেত্রে পরিকল্পনা করতে সহায়তা করে। এর ফলে বিভিন্ন বাজার ব্যবস্থা হয় শক্তিশালী হয় (দুর্যোগ পূর্ববর্তী অবস্থায়) অথবা বাজার ব্যবস্থার পুনর্গঠন (দুর্যোগ পরবর্তী সময়ে) ঘটে।

এই ধাপের শেষে কি অর্জিত হবে?

- বাজার দলেন প্রধান ব্যাক্তি/দলনেতা বাজারের সামগ্রিক কার্যকারিতা, নির্বাচিত জরুরী অবস্থার বাজার ব্যবস্থা এবং জীবিকার তথ্য সহ টার্গেট গ্রুপ সম্পর্কে বিদ্যমান তথ্য জানেন।
-

অধ্যায় দুই

- বাজার দলেন প্রধান ব্যাক্তি/দলনেতা প্রতিটি বাজার ব্যবস্থায় অনুপস্থিত বিভিন্ন তথ্য এবং বিশ্লেষণ নির্ধারণ করেন যা মূল বিশ্লেষণধর্মী প্রশ্নের উত্তর দেয়।

এই ধাপে করণীয় এবং কিভাবে করা হবে?

৭.১ বাজারের সামগ্রিক কার্যকারিতার উপর বিদ্যমান তথ্যের ডেস্ক রিভিও

- বাজার ব্যবস্থা সমূহ পরস্পর সম্পর্কযুক্তঃ এরা সাধারণত একই নিয়ম নীতি দ্বারা পরিচালিত হয় এবং বিভিন্ন বাজার ব্যবস্থা একই সেবা প্রদান করে। প্রথম থেকেই আরো নিখুঁতভাবে বাজার বিশ্লেষণের জন্য সমগ্র বাজারের অর্থনীতি বুঝতে এই ধাপটি খুবই প্রাসঙ্গিক।

- এই ধাপে, ডেস্ক রিভিও এর জন্য কোন নির্দিষ্ট পণ্য বা সেবার প্রয়োজন হয় না, কিন্তু বাজার অর্থনীতির সমগ্র কার্যকারিতার উপর নজর দেয়া যায় (পরিবেশ, নিয়ম-নীতি এবং অবকাঠামো) এবং নিম্নুক্ত বিষয় সমূহ নির্ধারণের দিকে মনোযোগ দিতে হবেঃ

– কোন নিয়মনীতি/প্রতিষ্ঠান/ আদর্শ বিভিন্ন বাজার ব্যবস্থাকে প্রভাবিত করে, নির্ধারিত/অনুমেয় দুর্যোগে তারা কতটা অসহায়, এবং দুর্যোগের পূর্বে তারা কিভাবে নিজেদের সবল করবে;
– কোন সাধারণ অবকাঠামো বিভিন্ন সেক্টর এবং বাজারকে প্রভাবিত করে, নির্ধারিত/অনুমেয় দুর্যোগে তারা কতটা অসহায়, এবং দুর্যোগের পূর্বে তারা কিভাবে নিজেদের সবল করবে;
– বাজারের কোন সাধারন সেবা (যেমন- আর্থিক সেবা, এক্সটেনশন সেবা) বিদ্যমান এবং এই বাজার সমূহের দুর্যোগ পূর্ব মূল্যায়ন প্রোগ্রাম অথবা নিতি নির্ধারকদের দিক নির্দেশনা দেয়। যা বিভিন্ন জরুরী অবস্থার বাজার ব্যবস্থার সামগ্রিক কাজকে সবল করতে অথবা দ্রুত পুনরুদ্ধার করতে সহায়তা করে।

নির্দিষ্ট বাজার ব্যবস্থার সম্ভাব্য সকল তথ্যের উৎস একই হতে হবে (**সেকশন ৭.২ নির্দিষ্ট বাজার ব্যবস্থার বিদ্যমান তথ্যের ডেস্ক রিভিও** দ্রষ্টব্য)

এই ডেস্ক রিভিও এর এই অংশের ফলাফলের ভিত্তিতে, সামগ্রিক বাজারের কার্যকারিতা মূল্যায়নকে সম্পন্ন করতে বিভিন্ন স্টেকহোল্ডারদের নির্বাচন করতে হবে। এই স্টেকহোল্ডারগণ সমগ্র বাজার অর্থনীতি সম্পর্কে একটি সমগ্র ধারণা দিবে এবং নির্দিষ্ট বাজার ব্যবস্থার সাথে সম্পর্কিত সকল ধরণের প্রয়োজনীয় তথ্য নির্দেশ করবে। এই স্টেকহোল্ডারগণ হবেঃ

– চেম্বার অব কমার্স এর প্রতিনিধি;
– বাণিজ্য মন্ত্রণালয়, ব্যুরো অব স্টেটিস্টিক্স এর প্রতিনিধি, ট্যাক্স গ্রহীতা, ভোক্তাগণ;
– ট্রেড ইউনিয়নের সদস্য;

– আর্থিক সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের ব্যবস্থাপক, মানি চেঞ্জার;
– পরিবহবকারী প্রতিষ্ঠান;
– দেশের প্রধান আমদানিকারক
– সরবরাহকারী সংস্থার সদস্যগণ

- এই ক্ষেত্রে কি ধরণের প্রশ্ন হতে পারেঃ

অধ্যায় দুই

– বাজার অর্থনীতির কার্যকারিতার জন্য নীতিগত পরিবেশ সহায়ক কিনা? যদি না হয়, এর "প্রতিবন্ধকতা" কি এবং বাজার অর্থনীতিকে উন্নত করতে কত দ্রুত এই প্রতিবন্ধকতা দূর করা যায়। দুর্যোগ ঘটার ফলে এই নীতিগত পরিবেশের সম্ভাব্য কি পরিবর্তন ঘটবে?

– ভৌত পরিবেশ এবং অবকাঠামো (স্টোরেজ, বন্দরসমূহ, রাস্ড়াঘাট ইত্যাদি) এর উপর দুর্যোগ কি প্রভাব ফেলে? এবং ভৌত পণ্যের উপর এই সকল সরবরাহকারীদের প্রভাব কি? মানবিক সাহায্য সংস্থার কর্মীবৃন্দ এবং ব্যবসায়ী উভয়ের কাজের সুবিধার জন্য বাজার অবস্থার দ্রুত উন্নয়নে কি করা উচিৎ? দুর্যোগে ক্ষতির পরিমাণ কমাতে পূর্বেই কি করণীয়?

– দুর্যোগে বাজারের পুনরুদ্ধারে কারা সম্ভাব্য সহযোগী/অংশ প্রদানকারী (বিশেষত প্রাইভেট সেক্টর)?

– যদি দুর্যোগ আঘাত করে তবে ব্যবসায়ীদের বাজারের কার্যকারিতায় পুনরায় অংশগ্রহণ করতে অন্যান্য কি কি সেবা (যেমন আর্থিক প্রক্রিয়া, ভোক্তাগণ) বিদ্যমান আছে?

- যদি মূল বিশ্লেষণধর্মী প্রশ্ন যদি শুধুমাত্র বাজার অর্থনীতির সমগ্র কার্যকারিতার সাথে সংশ্লিষ্ট হয় তবে এই ধাপটিতেই বাজার মূল্যায়ন করা হবে এবং এই ধাপ থেকেই বিশ্লেষণ শুরু করা যায় (অধায় ৩ঃ পিসিএমএ এর ব্যবহার দ্রষ্টব্য)

- বাজারের সামগ্রিক কার্যকারিতার মূল্যায়নের ফলাফলকে একটি নির্দিষ্ট রূপ দান করা এবং সেকশন ৫ এর প্রাসঙ্গিক পিসিএমএ এর রিপোর্ট সম্পন্ন করা। সকল তথ্য নাগালের মাঝে রাখা এবং বাজারের চিত্রায়নের উপরের অংশ এবং নিচের অংশ পূরণে তা ব্যবহার করা।

- সব শেষে, সমগ্র অবস্থা বিশ্লেষণ এবং বিশ্লেষণের টুলের (যেমন- মাল্টি ক্লাস্টার/সেক্টরাল ইনিশিয়াল রেপিড আসেসমেন্ট, অথবা এমআইআরএ) সাথে বাজার বিশ্লেষণকে সমন্বয় করার সুপারিশ করা হয় যেন অন্যান্য মূল্যায়নের মাধ্যমে তথ্য সংগ্রহ, এবং, জরুরীভাবে যে কোন সেক্টরের দল আথবা সমন্বয়কারী দ্বারা সকল বিশ্লেষণ সম্পন্ন করার জন্য একটি "মার্কেট লেন্স" এর প্রবর্তন করা হয়।

৭.২ নির্দিষ্ট বাজার ব্যবস্থার বিদ্যমান তথ্যের ডেস্ক রিভিও

- নির্দিষ্ট বাজার ব্যবস্থার সাথে প্রাসঙ্গিক সেকেন্ডারী ডাটার বিশ্লেষণ সংক্ষিপ্ত করণ। মনে রাখতে হবে যে বাজারের সমগ্র কার্যকারিতার এবং নির্দিষ্ট বাজার ব্যবস্থার ডেস্ক রিভিও এর জন্য কালানুক্রমিক ভাবে সাজানো প্রয়োজন হয় না এবং স্বাভাবিক ভাবে এরা সমান্তরালে ঘটে।

- প্রয়োজনীয় তথ্য:

– বাজারের কর্মদক্ষতার জন্য প্রয়োজনীয় তথ্য/বিশ্লেষণঃ বাজার সমন্বয় (market integration), দ্রব্য মূল্যের প্রকৃতি (price behaviour), ক্ষমতার সম্পর্ক (power relations), বাণিজ্য প্রবাহ (trade flows)

– সহায়ক কাজ অথবা অবকাঠামো সম্পর্কে তথ্য (যেমন আর্থিক সেবা, পরিবহন সেবা, স্টোরেজ, বাজারস্থান ইত্যাদি) যা বাজার ব্যবস্থাকে কার্যকর করতে প্রভাবিত/ সহায়তা করে

– বাজারের পরিবেশ সম্পর্কে তথ্যঃ সকল ধরণের বাহ্যিক প্রভাবক যেমন প্রতিষ্ঠান, নীতি, আইন, নিয়ম এবং বিভিন্ন প্রবণতা যা বাজার ব্যবস্থাকে প্রভাবিত করে, এর সাথে নিম্নুক্ত বিষয়গুলো যুক্ত থাকেঃ

- বিশ্বের অর্থনৈতিক অবস্থা, যেমন বিশ্বে দ্রব্যমূল্যের উর্ধ্বগতি এবং অর্থনীতির বিনিময় হার যা জাতীয় পর্যায়ে দ্রব্যমূল্যকে প্রভাবিত করে। এই গুলো আমদানি নির্ভর দেশের জন্য অতি জরুরী।
- সরকারের নিয়ম, যেমন ভর্তুকি এবং আমদানি/রপ্তানির নিয়ম, এবং নির্দিষ্ট কিছু পণ্যের মূল্য নির্ধারণের ক্ষেত্রে সরকারের পদক্ষেপ, লাইসেন্স, টেক্স এবং বাণিজ্যে প্রতিবন্ধকতা সহ সব কিছু যা দ্রব্যমূল্য এবং জরুরী অবস্থায় পণ্য এবং সেবার প্রাপ্যতাকে প্রভাবিত করে।
- পরিবেশের সাথে যুক্ত কৃষি পরিবেশগত এবং হাইড্রোলজিক্যাল অবস্থা যা সারা বছরে পণ্য এবং সেবার প্রাপ্যতা, সরবরাহ এবং চাহিদাকে প্রভাবিত করে।
- সামাজিক এবং সাংস্কৃতিক বিষয়সমূহ যেমন জোরপূর্বক সাংস্কৃতিক নিয়ম নিতি, জেন্ডারের বিভিন্ন দায়িত্ব এবং কর্তব্য, জাতিভুক্তি এবং আর্থ-সামাজিক অবস্থা যা অসহায়/ক্ষতিগ্রস্ত দলের ক্ষমতা এবং বাজারে অংশগ্রহণ ইত্যাদিকে প্রভাবিত করে।

– অতীতের দুর্যোগে বাজারের এক্টরদের প্রতিক্রিয়া সম্পর্কে তথ্য/বিশ্লেষণ, জরুরী অবস্থার কোন বাজার ব্যবস্থা অনুমেয়/প্রত্যাশিত দুর্যোগে এবং দুর্যোগে আক্রান্ত জনগণের উপর সবচেয়ে বেশী প্রতিক্রিয়া প্রদান করে। এক্ষেত্রে পূর্বে সংগঠিত দুর্যোগের অভিজ্ঞতা থেকে প্রাপ্ত তথ্য ব্যবহার করা যায় যেখানে বাজারের এক্টরের নেতিবাচক আচরণ প্রকাশ পেয়েছে, যেমন দ্রব্য মূল্যের উর্ধ্বগতি অথবা পরিষেবার সংক্ষিপ্তকরণ, এবং তাদের আচরণ পরিবর্তনের প্রভাবক খুঁজে বের করা এবং পুনরায় ঘটততে পারে সম্ভাব্য এমন ঘটনা।

- উপরে উল্লিখিততথ্য সমূহ প্রাপ্তির সম্ভাব্য উৎসঃ

– প্রতিষ্ঠানের রিপোর্ট, উন্নয়ন কার্যক্রম এবং দুর্যোগের সম্ভাব্য পরিকল্পনা
– বাজার এবং জীবিকের বেইজলাইনের তথ্যের সাথে সাথে পূর্বের চাহিদা মুল্যায়ন (যেমন হাউজহোল্ড ইকোনমি আপ্রোচ, খাদ্য নিরাপত্তা এবং জীবিকার মূল্যায়ন, ইত্যাদি)
– দ্রুত সতর্কতা ব্যবস্থা (এফইডব্লিওএসএনইটি), বাজার পর্যবেক্ষণ ব্যবস্থা (যেমনঃ ভালনারিবিলিটি অ্যানালাইসিস এন্ড ম্যাপিং এর ডাটাবেজ) এবং রিপোর্ট;
– গবেষণার রিপোর্ট
– সমন্বয় মিটিং এর রিপোর্ট
– প্রাসঙ্গিক অন্যান্য ওয়েবসাইট

৭. অবস্থার চিত্রায়ন এবং বিদ্যমান তথ্য সংগ্রহ/ জড়ো করা

- ডেস্ক রিভিও এর তথ্য সমূহ প্রাপ্তির সম্ভাব্য উৎসঃ

– নিজের প্রতিষ্ঠান (সরবরাহের এবং অর্থনীতি বিভাগের স্বাভাবিকভাবে বাজার সম্পর্কে ভালো জ্ঞান থাকে এবং নিজেদের প্রয়োজনে বাজার সম্পর্কিত তথ্য সংগ্রহ করে)

– আঞ্চলিক, জেলা পর্যায়ে এবং কেন্দ্রীয় পর্যায়ে সরকারী অফিস সমূহ। অবস্থার উপর ভিত্তি করে এই সরকারী অফিস হতে পারে ব্যুরো অব স্ট্যাটিস্টিক্স, বাণিজ্য মন্ত্রণালয়, চেম্বার অব কমার্স অথবা প্রাসঙ্গিক অন্যান্য মন্ত্রণালয়।

– অত্র এলাকায় কর্মরত অন্যান্য সংস্থা (খাদ্য নিরাপত্তা এবং জীবিকার উপর কর্মরত দল অথবা ক্যাশ ক্লাস্টার, ডবি-ওএফপি এর ভালনারিবিলিটি অ্যানালাইসিস এবং ম্যাপিং ইউনিট, ইত্যাদি)

– ব্যবহারের জন্য সেকেন্ডারি ডাটা রিভিও করতে এনেক্স এ বিভিন্ন উপকারি ওয়েবসাইটের লিস্ট দেয়া হল

- সেকেন্ডারি ডাটার মান নিশ্চিত করতে একে যথা সম্ভব ট্রাইঙ্গুলেট করা উচিৎ

- একটি টেবিলে সেকেন্ডারি ডাটার সারসংক্ষেপের ক্ষেত্রে তথ্যের উৎস উল্লেখ করতে হবে। পাকিস্তানে আইআরসি দ্বারা পিসিএমএ বাস্তবায়নের "সময় সেকেন্ডারি ডাটা টেবিল" ব্যবহারের একটি টেমপ্লেট দেখানো হল। অনুরূপভাবে, পৃষ্ঠা ২৯ এর "জয়েন্ট এসেসমেন্ট মিশন ইনফরমেশন ম্যাট্রিক্স" দ্বারা প্রাপ্ত ফলাফল প্রদর্শনের জন্য সম্ভাব্য আরো একটি টেমপ্লেট দেখানো হল।

কত সময় লাগবে?

বাজার কমিটির প্রধান ব্যাক্তির মাধ্যমে লজিস্টিক এবং ফাইনান্স দলের সহায়তায় দুই দিনের কাজে এই ধাপটি সম্পন্ন হতে পারে কিন্তু এর পরিকল্পনা করতে দীর্ঘ সময় লেগে যেতে পারে।অনুরূপভাবে, সেকেন্ডারি ডাটা রিভিও বিভিন্ন বাজার দলের প্রধানের মাঝে ভাগ করে দেয়া যেতে পারে। সমগ্র বাজার দলের সাথে বাজার মূল্যায়ন শুরুর পূর্বেই এই ধাপটি সম্পন্ন করতে হবে।

ছবি: একজন ইথিউপিয়ান মহিলা একটি ছোট দোকান চালাচ্ছেন। মানবিক সাহায্য সংস্থার বিভিন্ন পদক্ষেপ এর পরিকল্পনার উপর ভিত্তি করে এই দোকানের কার্যক্রমকে ক্ষতিগ্রস্ত করতে পারে আবার উপকার ও করতে পারে।

৮. দুর্যোগপূর্ব অবস্থার জরুরী বাজার ব্যবস্থা নির্ধারণ

এই ধাপের প্রয়োজনীয়তা

এই ধাপ, সমগ্র বাজার দলের সাথে পিসিএমএ এর ট্রেইনিং ও কর্মশালাকে এবং মাঠের কাজকে কভার করে। এটা নিশ্চিত করতে হবে যে, সমগ্র পিসিএমএ বাস্তবায়নের সময়কালে এই একই দল কার্যকর থাকবে। দলের সদস্যদের জানাতে হবে যে, এটি একটি দীর্ঘ কর্ম সময়ের (long working hours) পূর্ণকালীন কাজ হবে। পূর্ববর্তী ধাপ এবং কর্মশালা এবং/অথবা মাঠের কাজ শুরু করার মাঝে কিছুটা সময় ব্যয় হয়ে যায়। এই ধাপটি সম্পন্ন করার সময় বিদ্যমান বিভিন্ন বাজার বিশ্লেষণের টুলের সহায়তা নিতে হবে যা **সেকশন ৫ঃ বিশ্লেষণে ব্যবহার করার জন্য বিভিন্ন বাজার বিশ্লেষণ টুল নির্বাচন** এ নির্দেশিত।

এই ধাপের শেষে কি অর্জিত হবে?

- বাজার দল প্রশ্নমালা, বিশ্লেষণ পদ্ধতি এবং ডাটা সংগ্রহের পরিকল্পনা সম্পন্ন করবে
- বাজার দল মাঠ থেকে ডাটা সংগ্রহ এবং সংরক্ষণ করবে
- বাজার দল মৌসুমে নিয়মিত রেফারেন্স বাজারের চিত্র এবং জরুরী অবস্থায় বাজারের চিত্র চূড়ান্ত করবে (প্রযোজ্য হলে)
- বাজার দল জরুরী অবস্থায় অভীষ্ট জনগণের/সুবিধাভোগী জনগণকে পণ্য বা সেবা প্রদানের জন্য মোট ঘাটতি বা গ্যাপ (দুর্যোগ সংগঠনের সময়) এর চূড়ান্ত হিসাব করবে
- বাজার দল অভীষ্ট জনগণ/সুবিধাভোগী জনগণ বাজার ব্যবস্থা বা বাজার স্থানে বিদ্যমান অথবা সম্ভাব্য দক্ষতার ঘাটতির বিশ্লেষণ এবং হিসাব করবে
- বাজার দল মূল বিশ্লেষণধর্মী প্রশ্নের উত্তর দিবে

এই ধাপে করণীয় এবং কিভাবে করা হবে?

৮.১ সমগ্র বাজার দলের প্রশিক্ষণ প্রদান এবং তাদের বিশ্লেষণকে একটি কাঠামো প্রদান

- কর্মশালার প্রথম দুই দিনের মাঝে সমগ্র মূল্যায়ন দলের সাথে নিম্নুক্ত প্রাথমিক কাজ সমূহ উপস্থাপন করতে হবে
  - পিসিএমএ এর উদ্দেশ্য এবং মূল বিশ্লেষণধর্মী প্রশ্ন
  - দুর্যোগের চিত্রায়ন এবং বিশ্লেষণের সময়কাল
  - বিশ্লেষণের সুযোগ
  - জরুরী অবস্থার বাজার বিশ্লেষণ
  - পিসিএমএ বাস্তবায়নে ব্যবহৃত বাজার বিশ্লেষণের টুল
- পিসিএমএ এর পুনরাবৃত্ত বৈশিষ্ট্যের কারণের কর্মশালার পূর্বে নির্ধারিত প্রাথমিক কাজগুলোতে বাজার দলকে যুক্ত করতে এবং তাদের প্রয়োজনমত সমন্বয় করতে দিতে কোন রকম দ্বিধা করা যাবে না।
- এই দুই দিনের মাঝে বহিরাগত সকল স্টেকহোল্ডারদের আমন্ত্রণ করতে হবে যারা মূল্যায়নের সুবিধা সমূহকে চূড়ান্ত করতে সহায়তা করবে। এই স্টেকহোল্ডারগণ হতে পারে ক্লাস্টার দলের সদস্য, প্রাসঙ্গিক মন্ত্রণালয়, চেম্বার অব কমার্স এর প্রতিনিধি, দাতা সংস্থার প্রতিনিধি, ইত্যাদি। এই স্টেকহোল্ডারদের নির্বাচন খুব অবস্থা নির্ভর এবং পিসিএমএ এর ফলাফল ব্যবহারের প্রকারের উপর নির্ভর করবে।

বক্স ৮ অংশগ্রহণমূলক ব্যবহার পিসিএমএ এর ফলাফল এবং সুপারিশ সমূহ অবহিতকরণ নিশ্চিত করে

পিসিএমএ এর লক্ষ্য নির্ধারণ করতে বহিরাগত স্টেকহোল্ডারদের জড়িত করার মাধ্যমে সচেতনতা বৃদ্ধি এবং পিসিএমএ

এর পদ্ধতি অনুধাবন করার একটি সম্ভাবনা রয়েছে, যা চূড়ান্ড় ফলাফল ব্যবহার করার মাধ্যমে অধিক সম্ভাব্যতায় পরিণত করবে।
উপরন্তু, বহিরাগত স্টেকহোল্ডারদের জড়িত করার মাধ্যমে বিশ্লেষণের ক্ষেত্র এবং জরুরী অবস্থার বাজার ব্যবস্থা নির্বাচন করার পদ্ধতিকে আরো শক্তিশালী করবে। বৃহত্তর জনগণের মতামতের ভিত্তিতে, বাজার দলের সদস্যগণের স্থানীয় অর্থনীতি এবং অভীষ্ট জনগণ/সুবিধাভোগী জনগণের জন্য জরুরী অবস্থার বাজার ব্যবস্থা সম্পর্কে আরো ভালোভাবে বুঝতে সহায়তা করে। পিসিএমএ এর ক্ষেত্রের প্রাসঙ্গিকতা বৃদ্ধি করার মাধ্যমে পিসিএমএ এর সুপারিশ সমূহকে উন্নত ভাবে প্রকাশ করতে অবদান রাখে।
(আইআরসি এর স্টাডি থেকে)

- প্রয়োজনে, বিশ্লেষণের কাঠামো নির্দিষ্ট করে এমন ডকুমেন্ট এর হালনাগাদ করণ, অথবা বাজারের রিপোর্টে উল্লিখিত চুড়ান্ত সিদ্ধান্ত এর নির্দিষ্ট রূপ দান করা।

- বাজার বিশ্লেষণ অথবা সাড়াপ্রদান প্রক্রিয়া বিশ্লেষণের সাথে প্রাসঙ্গিক (যেমন পিসিএমএ এর ফলাফল ব্যবহারের উপায় মনস্থ করা) কিছু বাড়তি ট্রেনিং মডিউল প্রদান করতে কিছু অতিরিক্ত সময় ব্যয় করতে হবে। এই মডিউল সমূহ ক্যাশ ট্রান্সফার প্রোগ্রাম, জেন্ডার, স্বাক্ষাতকার নেয়ার পদ্ধতি, বিশ্লেষণের দক্ষতা, সময়ের ব্যবস্থাপনা ইত্যাদির উপর ভিত্তি করে প্রস্তুত করা যায়। এটা বাস্তব সম্মত হওয়া জরুরী, যদিও এই স্বল্প সময়ের মাঝে খুব বেশি কিছু নিয়ে ভাবার চেষ্টা করা ঠিক নয়। মূল্যায়নের ক্ষেত্রের রিভিও, এবং বাজার মূল্যায়ন এবং বিশ্লেষণ গুরুত্বের দিক দিয়ে প্রথম দিকে থাকতে হবে।

বাস্তবে ব্যবহৃত কিছু ট্রেনিং মডিউলের উদাহারণ
• বাংলাদেশে অক্সফাম দ্বারা ব্যবহৃত
• সোমালিয়ায় আইআরসি দ্বারা ব্যবহৃত

৮.২ সিজনাল ক্যালেন্ডার এর চিত্রায়ন

- এই ধাপের আগ্রভাগে বিভিন্ন জরুরী অবস্থার বাজার ব্যবস্থার তথ্য নিতে বাজার দলকে ভাগ করে দেয়া।

- নির্বাচিত প্রতিটি জরুরী অবস্থার বাজার বিশ্লেষণের জন্য সিজনাল ক্যালেন্ডার এর চিত্রায়ন করতে হবে। সিজনাল ক্যালেন্ডার প্রস্তুত করতে পৃষ্ঠা ২২ এ **"ইএমএমএ টুলকিট"** দ্রষ্টব্য।

- **সেকশন ৩.৩ঃ রেফারেন্স বছর, দুর্যোগের বছর এবং বিশ্লেষণ করার সময় নির্ধারণ** এ নির্দেশিত বিশ্লেষণের সময়ের সাথে সিজনাল ক্যালেন্ডার এর সমন্বয় করা। কিছু বাজার ব্যবস্থার খুব শক্তিশালী সিজনাল ভ্যারিয়েশন থাকে, এবং সারা বছর ব্যাপী নির্দিষ্ট বাজার ব্যবস্থার সঠিক চিত্রায়ন করতে বছরের কিছু সময়ে সবচেয়ে বেশি এবং সবচেয়ে কম কার্যক্রমের তথ্য সংগ্রহ করা খুব গুরুত্বপূর্ণ। মূল বিশ্লেষণধর্মী প্রশ্নের ভিত্তিতে, বিভিন্ন সময়ের তথ্য সংগ্রহ করতে হবেঃ যেমন প্রত্যাশিত/অনুমেয় দুর্যোগের সময়ে দুর্যোগ আঘাত করার সম্ভাবনার সময়; যখন বাজারের অধিকাংশ কাজ সংগঠিত হয়; এবং যখন বাজারের কাজ সবচেয়ে কম সংগঠিত হয়।

অধ্যায় দুই

বাস্তব উদাহারণঃ সিজনাল ক্যালেন্ডার
ইথিউপিয়ায় অক্সফাম, সেভ দ্যা চিল্ড্রেন এবং কর্সান দ্বারা বাস্তবায়িত **"পিসিএমএ এর যৌথ বাস্তবায়ন"** (পৃষ্ঠা ১৪)

৮.৩ বাজারের প্রধান এক্টরদের চিহ্নিত করণ - মার্কেট চেইন

- বাজারের এক্টর তারাই যারা পণ্য বা সেবার ক্রয়, বিক্রয় এবং বিনিময়ের সাথে জড়িত থাকে, যাদের বাজার কে প্রভাবিত করার ক্ষমতা থাকে, অথবা বাজারে প্রধান সেবা যারা প্রদান করে। বাজারের এক্টরগণ সাধারণত উৎপাদক, ব্যবসায়ী, পরিবহনকারী, ভোক্তা, সরকারী মন্ত্রণালয়, ট্রেড ইউনিয়ন, এবং সেই সব পরিবার যারা পণ্য বা সেবা ক্রয় করছে। মাঠের ডাটা সংগ্রহের সময় কর্মরত দলের সদস্য এই এক্টরদের স্বাক্ষাতকার নিবে।

- বাজারের প্রধান এক্টরদের চিহ্নিত করার সময় জেন্ডারের ব্যালেন্স সম্পর্কে সচেতন থাকতে হবে। নির্ধারিত বাজার ব্যবস্থায় নারী এবং পুরুষের ভিন্ন ভিন্ন দায়িত্ব, কর্তব্য এবং ক্ষমতা থাকে। যেখানে জেন্ডারের পার্থক্য খুব শক্ত ভাবে বিদ্যমান সেখানে বাজার দলকে একক ভাবে যে কোন এক্টরকে চিহ্নিত করার ক্ষেত্রে সতর্কতা অবলম্বন করতে হবে। নারী এবং পুরুষের মাঝে পার্থক্য করা এক্ষেত্রে জরুরী, তা নাহলে তাদের উপর অনুমেয় দুর্যোগের প্রভাব এবং তাদের চাহিদা ও সহায়তার প্রয়োজনীয়তা সঠিক ভাবে অনুধাবন করা যাবে না।

- ইএমএমএ (EMMA) টুলকিট, আরএএম (RAM) টুলকিট, অক্সফামের ৪৮ আওয়ার (48 hour) এর টুল অথবা ডব্লিওএফপি এর ব্যবসায়ী জরীপ (WFP trader survey) এর নির্দেশনায় বাজার মূল্যায়নের টুল নির্বাচনের উপর নির্ভর করে স্বাক্ষাতকার গ্রহণের জন্য বাজারের এক্টরদের নির্বাচন করা হয়। উপরন্তু, ক্ষমতা এবং জেন্ডার বিশ্লেষণকে সমন্বয় করতে জিইএম টুলকিট ব্যবহার করা যায়।

৮.৪ দুর্যোগ এবং রেফারেন্স এর মানচিত্রের চিত্রায়ন এবং প্রাথমিক বিশ্লেষণ শুরু

- বাজার মূল্যায়নের যে টুলকিটই নির্বাচন করা হোক না কেন, ইএমএমএ টুলকিট থেকে বাজারের মানচিত্র চিত্রায়নের সহায়তা নেয়ার জন্য নির্দেশ করা হয়।

- ডেস্ক রিভিও এর সময় চিহ্নিত অবকাঠামো, ইনপুট এবং সেবা যা বাজার ব্যবস্থার সামগ্রিক কার্যকারিতাকে সহায়তা করে তা মার্কেট চেইন ম্যাপ এ যুক্ত করতে হবে। মনে রাখতে হবে চিত্রায়নের প্রক্রিয়াটি পুনরাবৃত্তি মূলক; এটা ক্রমবর্ধমান পদ্ধতিতে ঘটে। প্রতিটি জরুরী অবস্থার বাজার ব্যবস্থার প্রাথমিক মানচিত্র চিত্রায়নের (Maping) (খসড়া রূপরেখা) মাধ্যমে এই প্রক্রিয়া শুরু করা যায়। ডেস্ক রিভিও দ্বারা প্রাপ্ত জ্ঞান এবং তথ্যের ভিত্তিতে প্রাথমিক পর্যায়ে তা করা যায়। সমগ্র পিসিএমএ ব্যবহারের সময় বেশ কয়েকবার বাজারের মানচিত্রকে পুনঃঅংকন করতে হবে যেন সময়ের সাথে সাথে বাজার ব্যবস্থা সম্পর্কে আরো জানার মাধ্যমে প্রাথমিক পর্যায়ে অংকিত খসড়া মানচিত্রটি ক্রমে আরো বিশদ এবং পরিমার্জিত হয়।

- বাজার দলের কাছে প্রাথমিক মার্কেট ম্যাপ এবং সিজনাল ক্যালেন্ডার অর্পণ/হস্তান্তর করা

– প্রয়োজনে মূল বিশ্লেষণধর্মী প্রশ্নের হালনাগাদকরণ

– রেফারেন্স ম্যাপ এবং দুর্যোগের ম্যাপের তুলনা করা

অধ্যায় দুই

– কিভাবে অভীষ্ট জনগণ/সুবিধাভোগী জনগণ প্রতিটি জরুরী অবস্থার বাজার ব্যবস্থায় পরস্পরের উপর ক্রিয়া করে তা বিবেচনা করা

– অনুমেয় দুর্যোগের সম্ভাব্য প্রভাব নির্ধারণ করা

– অজানা এবং জানতে চাওয়া তথ্য নির্বাচনঃ মাঠ থেকে সংগ্রহের সময় অনুপস্থিত তথ্য এবং ডাটা

– অভিষ্ট জনগণের/সুবিধাভোগী জনগণের অনুমেয় দুর্যোগের সময় উদ্ঘাটিত চাহিদার অগ্রাধিকার এবং রেফারেন্স সময়ে বিদ্যমান চাহিদাকে বিবেচনায় রাখা

৮.৫ উপাত্ত/ডাটা সংগ্রহের টুল পরখ করা এবং চুড়ান্ত করা

- মূল বিশ্লেষণধর্মী প্রশ্ন, বাজারের ম্যাপের প্রাথমিক নকশা, এবং পূর্বের ধাপে বিভিন্ন অনুপস্থিত তথ্য শনাক্তকরণের মাধ্যমে এই ধাপ শুরু করতে হবে। বাজারের মানচিত্রের বিভিন্ন এক্টর থেকে কি কি তথ্য সংগ্রহ করতে হবে তা সম্পর্কে নিশ্চিত হতে হবে।
- নিম্নুক্ত প্রশ্নের উত্তর এবং প্রশ্ন সমূহকে নির্বাচিত ডাটা সংগ্রহের টুলের মাধ্যমে বিভিন্ন ভাগে বিভক্ত করার উপর ভিত্তি করে পিসিএমএ এর একটি সম্ভাব্য উদ্দেশ্য নির্ধারণ করা হয়েছে এবং তা হলো সাড়াপ্রদানের পদ্ধতির উন্নয়ন সাধন।

– বর্তমানে বাজার ব্যবস্থার মূল বাঁধা সমূহ কি যা অনুমেয় দুর্যোগের আঘাত পুষিয়ে উঠার দক্ষতাকে ক্ষতিগস্ত করে?

– দুর্যোগে অবস্থার প্রতিকার/ সংশোধন করতে তাৎক্ষণিক এবং দীর্ঘ মেয়াদী কি কি পদক্ষেপ গ্রহণ করা হবে?

– অনুমেয় দুর্যোগের সময় বাজার ব্যবস্থায় সম্ভাব্য কি কি বাঁধা রয়েছে?

– অনুমেয় দুর্যোগে জরুরী অবস্থায় প্রস্তুতি গ্রহণ এবং নেতিবাচক প্রভাবকে কমাতে এজেন্সি/প্রতিষ্ঠানের কী সাড়াপ্রদান প্রক্রিয়াপদ্ধতি রয়েছে?

– এই পদক্ষেপ সমুহকে প্রাসঙ্গিক করতে কত দ্রুত বাস্তবায়ন করা যায়?

– প্রতিটি এপ্রোচ বাস্তবায়ন করতে কি পরিমাণ পুঁজির প্রয়োজন হয়?

– এজেন্সি/প্রতিষ্ঠান কাজ করতে পারে এমন বিদ্যমান কি কি কাঠামো রয়েছে (যেমন- ইউনিয়ন, সমবায় সঙ্ঘ, সমিতি, এনজিও, আঞ্চলিক দল, প্রধান প্রতিষ্ঠান, নেটওয়ার্ক, সরকারি এজেন্সি, ইত্যাদি)?

– বাস্তবে প্রায়োগিক (technical), সামাজিক (social) এবং রাজনৈতিক (political) দিক থেকে প্রতিটি সহায়ক পদ্ধতি যোগান দিতে পিসিএমএ কতটা কার্যকর?

– বিবেচ্য বিভিন্ন যোগান/সরবারহের পদ্ধতি সামাজিকভাবে কতটা গ্রহণযোগ্য?

– কোন সম্ভাব্য পদক্ষেপে বাজারের এক্টরগণ (এবং প্রয়োজনীয়/মূল সেবা দান কারী) কটতা আগ্রহী এবং দক্ষ? কি কি বাঁধা/সীমাবদ্ধতা বিদ্যমান (যেমন - ব্যবসায়ীদের নগদ অর্থ গ্রহণের ক্ষমতা)?

– এই সকল সীমাবদ্ধতাকে কমাতে এজেন্সি কি কি করতে পারে (এটা পরামর্শ সেই সাথে বাজারের সহায়ক পদক্ষেপকে যুক্ত করে)?

অধ্যায় দুই

- ইএমএমএ (EMMA) টুলকিট, আরএএম (RAM) টুলকিট, অক্সফামের ৪৮ আওয়ার (48 hour) এর টুল অথবা ডব্লিওএফপি এর ব্যবসায়ী জরীপ (WFP trader survey) এর নির্দেশনায় বাজার মূল্যায়নের টুল নির্বাচনের উপর নির্ভর করে ডাটা সংগ্রহের টুল চূড়ান্ত করা হয়। আরএএম (RAM) টুলকিট, অক্সফামের ৪৮ আওয়ার (48 hour) এর টুল অথবা ডব্লিওএফপি এর ব্যবসায়ী জরীপ (WFP trader survey) প্রস্তুতকৃৎ প্রশ্নাবলী প্রদান করে যা দুর্যোগপূর্ব অবস্থায় গ্রহণ করতে প্রয়োজন হয়, যেখানে ইএমএমএ টুলকিট প্রশ্নাবলী প্রস্তুত করার সহায়িকা এবং দুর্যোগ পূর্ব অবস্থায় প্রয়োগ করার জন্য প্রশ্নাবলীর একটি লিস্ট প্রদান করে।

বাস্তব উদাহারণঃ প্রশ্নাবলী প্রস্তুতকরণ

- দুর্যোগপূর্ব অবস্থায় আরএএম (RAM) এর প্রশ্নাবলী, সোমালিয়ায় আইআরসি দ্বারা ব্যবহৃত হয়েছিল। সমগ্র পিসিএমএ এর রিপোর্ট এখানে দেখানো হলো।

- অনুমেয় দুর্যোগ, প্রধান বাজার এবং পণ্য সমূহের জন্য দুর্যোগে আক্রান্ত জনগণের চাহিদা (টুল ২)
- প্রধান তথ্য দাতার (Key informant questionnaire) প্রশ্নাবলী (টুল ৮)
- ব্যবসায়ীদের প্রশ্নাবলী (টুল ৯)
- প্রশ্নের লিস্ট যা ডাটা সংগ্রহের প্রশ্নাবলীতে যুক্ত হতে পারে।

৮.৬ প্রাথমিক ডাটা সংগ্রহ

- প্রাথমিক ডাটা তখনই সংগ্রহ করতে হবে যখন পূর্বে বিদ্যমান নির্ভর যোগ্য কোন তথ্য পাওয়া যায় না (সেকশন ৭ঃ অবস্থার চিত্রায়ন এবং বিদ্যমান তথ্য সংগ্রহ/ জড়ো করা দ্রষ্টব্য)। বাজার বিশ্লেষণ ক্রমে বর্ধিত হওয়ার সাথে সাথে অধিক ডাটা বিদ্যমান থাকা প্রয়োজন। সুতরাং, বাজারের পরিবেশ এবং বাজার ব্যবস্থার নিয়মনীতিকে প্রভাবিত করে এমন প্রভাবক সম্পর্কে জ্ঞান লাভ করার থেকে প্রাথমিক ডাটা সংগ্রহ বিশেষ করে বাজারস্থান পর্যায়ে কম গুরুত্ব পায়।
- বাজার দলের সাথে প্রশ্নাবলীর পরখ করে নেয়া। আদর্শগত ভাবে, কোন বাজারস্থানে বাস্তব অবস্থা ব্যবহার করে এই প্রশ্নাবলী পরখ করে নেয়া হয়। যদি এটি কার্যকরী না হয়, বিশ্লেষণ দলের দলনেতা বাজার দলের সদস্যদের মাঝে একটি রোল প্লে এর আয়োজন করবে।
- সময় স্বল্পতার কারণে প্রতিটি নির্দেশনা মানা কিংবা প্রতিজনের সাথে পৃথক করে কথা বলা সম্ভব হয় না, তাই অগ্রাধিকারের ভিত্তিতে ভাগ করা জরুরী। নির্ধারিত সময়ের মাঝে সম্ভাব্য কত সংখ্যক স্বাক্ষাতকারের ঘন্টা নির্দিষ্ট করা যায়। এটা বিশ্লেষণের জন্য দিন, মাঠে ভ্রমণের সময় এবং বাজার দলের আকারের উপর নির্ভর করে। একটি খসড়া নির্দেশনার মত, স্বাক্ষাতকার গ্রহণের জন্য প্রাপ্ত সময় (ভ্রমণের সময় বাদ দিয়ে) কে নিম্নের মত করে বন্টন করা যায়ঃ

অধ্যায় দুই

টেবিল ৮ বিভিন্ন মার্কেট এক্টরের মাঝে সময় বন্টন

স্বাক্ষাতকারের ধরণ	সময়ের ভাগ	উদাহারণ
অভীষ্ট জনগন/ সুবিধাভোগী জনগনণ পরিবার	১৫%	৮ ঘন্টা (১২ টি সংক্ষিপ্ত স্বাক্ষাতকার অথবা ৮ টি ফোকাস গ্রুপে ডিসকাশন)
আঞ্চলিক খুচরা বিক্রেতা, ব্যবসায়ী, ক্রেতা অথবা মালিক	৩০%	১২ ঘন্টা (১৫ টি মাঝামাঝি ধরণের স্বাক্ষাতকার)
পাইকারী বিক্রেতা, প্রধান ক্রেতা, বাণিজ্যকেন্দ্রে আমদানিকারক	৩০%	১২ ঘন্টা (১৫ টি মাঝামাঝি ধরণের স্বাক্ষাতকার)
অন্যান্য প্রধান তথ্যদাতা, অফিসিয়াল ব্যক্তিবর্গ, ট্রেড ইউনিয়ন, ইত্যাদি	১৫%	৬ ঘন্টা (৬ টি বড় স্বাক্ষাতকার)
সম্ভাব্য এবং ফলো-আপ স্বাক্ষাতকারদাতা	১০%	৪ ঘন্টা

- এক্ষেত্রে স্যামপ্লিং এর কৌশল অবলম্বন করা যেতে পারে। এখানে প্রস্তাবিত পিসিএমএ এর প্রকারের উপর ভিত্তি করে প্রথমেই উদ্দেশ্যমূলক স্যামপ্লিং (যেমন - প্রতিজন মার্কেট এক্টরের স্বাক্ষাতকার গ্রহণ ক্ষেত্রে মনে করতে হবে, তিনিই সবচেয়ে ভালো প্রাসঙ্গিক তথ্য প্রদান করতে পারবেন - সাধারণত পাইকারী বিক্রেতা, বড় ব্যবসায়ী যার বাজার ব্যবস্থা সম্পর্কে ভালো ধারণা আছে, এবং ট্রেডার যাদের অভীষ্ট জনগণের সাথে সরাসরি যোগাযোগ আছে তাদের স্বাক্ষাতকার গ্রহণ) ব্যবহার করার সুপারিশ করা হয় এবং পরবর্তী সময়ে স্নো-বল স্যামপ্লিং করা হবে যেখানে প্রথম স্বাক্ষাতকারদাতার কাছে অন্যান্য প্রাসঙ্গিক মার্কেট এক্টরের সাথে কথা বলার সুপারিশ করার জন্য অনুরোধ করা হয়।
- যেখানে উদ্দেশ্যমূলক স্যামপ্লিং কার্যকর সেখানে ট্রাইয়াঙ্গুলেশন আবশ্যিকঃ মার্কেট এক্টরদের স্বাক্ষাতকার গ্রহণ চালিয়ে যেতে হবে যতক্ষণ পর্যন্ত না কার্যকরী উপায়ের কোন প্রবণতা, পরিমানের মাত্রা, আচরণের প্রকারভেদ লক্ষ্য করা যায়।
- পরিকল্পনা অনুযায়ী ডাটা সংগ্রহের কাজ বাস্তবায়ন করতে হবে, এবং ডাটা শিট, ইন্টারভিও রেকর্ড অথবা মাঠের নোটের মাধ্যমে সংগৃহীত ডাটা সংরক্ষণ করতে হবে। স্বাক্ষাতকার প্রদানকারী মার্কেট এক্টরদের নাম এবং ফোন নম্বর সংরক্ষণ করতে হবে যেন পরবর্তীতে আরো কোন তথ্যের জন্য তাদের সাথে যোগাযোগ করা যায়। সংগৃহীত ডাটা কোন ডাটাবেজ এ রেখে দেয়া যেতে পারে যা গড় হিসাব করার পদ্ধতিকে সহজ করবে।

বাস্তব উদাহারণঃ বাজার মূল্যায়নের জন্য মোবাইলে ডাটা সংগ্রহ

নাইজারে পিসিএমএ বাস্তবায়নের জন্য আইআরসি মোবাইলের মাধ্যমে ডাটা সংগ্রহ করেছিল যার ফলে দক্ষতা অর্জন এবং সীমাবদ্ধ সংযোগ সত্ত্বেও সঠিক সময়ে ডাটা সংগ্রহের রিভিও এর সুবিধা পায়। এই পদক্ষেপটি দক্ষতা উন্নয়নের একটি সুযোগ হিসেবে বাজার দল দ্বারাও গৃহীত হয়েছিল।
নাইজারে কিভাবে মোবালের মাধ্যমে ডাটা সংগৃহীত হয়েছিল তার ধাপে ধাপে বিশদ জানতে **"অর্জিত শিখনের ডকুমেন্ট"** দ্রষ্টব্য।

অধ্যায় দুই

বক্স ৯ঃ যথাযথ সুনির্দিষ্টতার অভাব

"যথাযথ সুনির্দিষ্টতার অভাব" একটি ইএমএমএ এর একটি তত্ত্ব যা পিসিএমএ বাস্তবায়নে ব্যবহৃত হতে পারে।
যথাযথ ডাটা পেতে যদি সমস্যা হয় তবে মনে রাখতে হবে পিসিএমএ কখনোই বড় জরিপগুলোর মত পরিসংখ্যানগত নির্ভুলতা অর্জন করতে পারবে না। উদাহারণ স্বরূপ, মনে করা যাক ২০ জন মানুষ প্রতি মাসে তাদের চালের ব্যয় এর তথ্য দেয়। তাদের উত্তর (গড়) সীমিত নির্ভুলতার মাধ্যমে বৃহত্তর জনগণের উত্তরের প্রতিনিধিত্ব করবে। এতএব, এটা প্রাপ্ত ফলাফলকে বিভ্রান্ত করে যেমনঃ "গড় ব্যয় = ৭২.৩০ টাকা"। এটা সম্পূর্ণ নির্ভুল। আরো সঠিক বর্ণনা হতে পারে "ব্যয় এর গড় ব্যাপ্তি ৬০-৮০ টাকার মাঝে"। ধারণা করে নিতে হয় ফলাফল গুলো সম্পূর্ণ অনুমান নির্ভর, এবং তথ্যের উৎসের সাথে তাদের ক্রস-চেক করে নিতে হবে। পিসিএমএ আরো "যথাযথ সুনির্দিষ্টতার অভাব" এই ধারণা প্রয়োগ করে এবং পরিমাণগত প্রশ্নের খুব নির্ভুল উত্তর পেতে এবং বিশ্লেষণে বিভ্রান্তিকর সুনির্দিষ্ট ফলাফল ব্যবহারের জন্য সময় ব্যয় করে না। এটা গুণগত মান কমায় না কারন নিয়মা মাফিক বিশ্লেষণ, যুক্তি এবং আচরণ বুঝতে পারা (বাজারে কিভাবে এক্টরগণ পারস্পরিক ক্রিয়া করে, এবং কিভাবে তারা তাদের সিদ্ধান্ড় নেয়) পরিমানের ব্যাপ্তি এবং প্রবণতার মতই গুরুত্বপূর্ণ। বাজারের প্রধান কার্যক্রমকে প্রভাবিত করে এমন উপাদান/প্রভাবক - বাজার ব্যবস্থায় বাজারের সংকেত, চালক, সম্পর্ক এবং বাঁধা সমূহের দিকে দৃষ্টি দিতে হবে।
"যথাযথ সুনির্দিষ্টতার অভাব" এই তত্ত্বের উপর নির্ভর করা সত্ত্বেও পরিমাণগত এবং নির্ভরযোগ্য ডাটা সংগ্রহ করতে হবে। এখানে "নির্ভরযোগ্য" বলতে ডাটা সংপৃক্তি অবস্থাকে বুঝায়, যেমন, যখন সংগৃহীত নতুন ডাটা কোন বিষয়ে আলোকপাত করে না।

- চেইনের প্রতিটি ধাপে মার্কেট এক্টরের সংখ্যা (অধিক নির্ভুলতার সাথে চেইনের মূল বিন্দুতে যেখানে সরবরাহ একত্রিত হয় - যেমন রাষ্ট্রীয় পর্যায়ে আমদানি কারক, পিসিএমএ ব্যবহারের স্থানে পাইকার - যার ফলে চেইনের এবং পিসিএমএ বাস্তবায়নের এলাকায় সমগ্র কার্যক্রম হিসাব করা যায়);
- প্রধান লেনদেনের অবস্থানে উপকরণের দাম;
- উৎপাদিত এবং লেনদেনকৃৎ পণ্য এবং সেবার পরিমান;
- প্রাপ্যতা (পণ্য ভান্ডার এবং প্রয়োজনীয় সময়)

জনগনের মতামতকে সাবধানতার সাথে বিবেচনা করতে হবে, যেমন ব্যবসায়ীরা খুব দ্রুত তাদের সরবরাহ বাড়াতে চাইবে। উপরের প্রতিটি ক্ষেত্রের জন্য দুর্যোগের সময়, রেফারেন্স সময় এবং খরচের ক্ষমতার উপর নজর দিতে হবে।

- ব্যবসায়ীদের স্বাক্ষাতকার গ্রহণের সময় মনে রাখতে হবে যে, এজেন্সি/প্রতিষ্ঠান যদি পরবর্তীতে বাজারে আরো কাজের পরিকল্পনা রাখে, তবে ব্যবসায়ীদের সাথে এই প্রাথমিক যোগাযোগের মাধ্যমে তাদের সাথে দীর্ঘ মেয়াদী সংযোগ স্থাপন হয়। এই যোগাযোগের পদ্ধতিতে ডাটা সংগ্রহকে একটি গুরুত্বপূর্ণ অংশ হিসেবে দেখতে হবে।
- ব্যবসায়ীদের স্বাক্ষাতকার নেয়া টার্গেট গ্রুপ এর স্বাক্ষাতকার নেয়া থেকে যথেষ্ট ভিন্ন। ব্যবসায়ীগণ সাধারণত খুব ব্যস্ড় থাকেন, তাই প্রস্তুতি খুব ভালো হতে হবে এবং প্রশ্নমালা সম্পর্কে ভালো জ্ঞান থাক্যে হবে। প্রশ্নগুলোকে ধারাবাহিক ভাবে পুরণ করার প্রয়োজন নেই, আলোচনার ধারাবাহিকতায় প্রশ্নামালা পূরণ করতে হবে। প্রশ্নের পূর্বেই উত্তর পাওয়া পর্যবেক্ষণের উপর নির্ভর করে। মনে রাখতে হবে, প্রশ্নমালাকে দুই ভাগে পরিচালনা করা সহজঃ এক ভাগ প্রশ্ন এবং আলোচনা করবে এবং অন্য দল নোট নিবে।

অধ্যায় দুই

- ডাটা সংগ্রহের জন্য নিজেকে পরিচয় করিয়ে দেয়ার পদ্ধতিটাই প্রধান, বিশেষ করে দুর্যোগপূর্ব অবস্থায়। বাজারে ব্যবসায়ীদের কাজ সম্পর্কে প্রশ্ন করলে ব্যবসায়ীগণ সন্দেহ করতে পারে। এমন কিছু এড়াতে, নিজেকে পরিচয় করিয়ে দেয়ার সময় আলোচনার বিষয়বস্তু ঠিক করে নিতে হবে। মাঠে কার্যকরী দল নিজেদেরকে পরিচয় করিয়ে দেয়ার সময় নিম্নুক্ত বিষয়গুলো উল্লেখ করতে পারেনঃ

– মানবিক সাহায্যের প্রোগ্রামকে আরো ভালোবভাবে পরিকল্পনা করতে বাজার মূল্যায়ন করা হচ্ছে;

– সরকারের কোন প্রতিনিধি নয়;

– স্বাধীন মানবিক সাহায্য সংস্থার কর্মী;

– স্থানীয় অর্থনীতিকে গতিশীল করতে সুযোগ খোঁজা হচ্ছে;

– এই এলাকায় ভবিষ্যৎ দুর্যোগে জীবিকার উপর কি প্রভাব ফেলবে তা বিবেচনা করা।

- স্বাক্ষাতকার নেয়ার সময় স্বাক্ষাতকারদাতার অনুমতি নিয়ে নিতে হবে। ব্যবসায়ীদের বলতে হবে তারা যে প্রশ্নের উত্তর দিতে স্বাচ্ছন্দ বোধ করবেন না সেই প্রশ্নের উত্তর তাদের দেয়ার প্রয়োজন নেই এবং সেই সংগৃহীত তথ্য অপ্রকাশিত থেকে যাবে।
- মাঠের কাজের পর প্রতিদিন "দৈনন্দিন ফিডব্যাক সেশন" এর পরিকল্পনা রাখতে হবে। এই অধিবেশন/সেশন গুলো ডাটা প্রক্রিয়া করতে এবং মাঠের দলকে অনুরূপ বিশ্লেষণের পথে রাখতে সাহায্য করে, তাদেরকে উদ্দেশ্যের সাথে প্রাসঙ্গিক রাখতে, এবং পরবর্তী দিনে মাঠ থেকে এবং স্বাক্ষাতকারদাতা দের নিকট থেকে কি কি তথ্য এবং মূল বিশ্লেষণ ধর্মী কোন প্রশ্নগুলোর উত্তর জানতে হবে তা নির্ণয় করা যায়। এই সেশনে নিম্নুক্ত বিষয়গুলো যুক্ত হতে পারেঃ

– নির্বাচিত দুর্যোগের অবস্থা স্বাক্ষাতকার দাতাদের কাছে পরিষ্কার কিনা তা পুনঃ পরীক্ষা করা;

– মাঠে এবং সম্ভাব্য অবস্থায় সমস্যা/বাধা সমূহ

– দলের প্রাপ্ত ফলাফলকে ধারণ/প্রকাশ করতে রেফারেন্স এবং দুর্যোগের মানচিত্রকে হালনাগাদকরণ

– দলের প্রাপ্ত ফলাফলকে ধারণ/প্রকাশ করতে সিজনাল ক্যালেন্ডারের হালনাগাদকরণ

– বাজারের প্রধান এক্টরদের আচরণ, সিদ্ধান্ত নেয়ার যুক্তি এবং মানিয়ে নেয়ার কৌশলকে ধারণ/প্রকাশ করা

– প্রাথমিক সাড়াপ্রদান প্রক্রিয়াবিশ্লেষণ, সাড়াপ্রদানের সম্ভাব্য পদ্ধতির সন্ধান এবং এর সাথে জড়িত বিষয় (সংক্ষেপে, সম্ভাব্যতা পরীক্ষার প্রাথমিক ধাপসমূহ); যদি সম্ভব এবং প্রাসঙ্গিক হয় কিছু সম্ভাব্য প্রতিক্রিয়া প্রদানের পদ্ধতির সম্ভাব্যতা পরীক্ষার জন্য প্রশ্নমালায় কিছু প্রশ্ন যুক্ত করা (যেমন কিছু নির্দিষ্ট প্রতিক্রিয়া প্রদান বা কার্যবিধির সাথে যুক্ত হতে ব্যবসায়ীদের কি প্রস্তুতি রয়েছে অথবা কিছু প্রক্রিয়ার সম্ভাব্যতায় ব্যবসায়ীদের ধারণা/মূল্যায়ন)

– পরবর্তী দিনের পরিকল্পনা পুনঃ বিবেচনা করা

– বাজারের সাধারণ চিত্র পরিষ্কার ভাবে প্রকাশ করতে স্বাক্ষাতকারের নতুন ফোকাস নিশ্চিত করতে স্বাক্ষাতকার গ্রহণের প্রশ্নমালা এবং/অথবা সেমি-স্ট্রাকচার ইন্টারভিও চেকলিস্ট এর মূল বিষয় রিভিও করা (যেমন কিছু প্রশ্ন বাদ দিয়ে সম্ভাব্যতা পরীক্ষায় অতিরিক্ত প্রশ্ন করা যায়)

অধ্যায় দুই

৮.৭ ম্যাপ চূড়ান্ত করা

- বাজারের মানচিত্র এবং সিজনাল ক্যালেন্ডার চূড়ান্ড় করতে এমনকি বিশ্লেষণ শুরু করতে ডিব্রিফিং (debriefing session) সেশন ব্যবহার করতে হবে। রেফারেন্স ম্যাপ এ তথ্য যুক্ত করতে হবে অথবা মার্কেট চেইন, বাজারের বিভিন্ন সেবা এবং বাজারের পরিবেশ সম্পর্কে পূর্বের বিদ্যমান তথ্য সংস্কার করতে হবে। কিভাবে অনুমেয় দুর্যোগ বাজার ব্যবস্থার কাঠামোতে প্রভাব ফেলে তা নির্ধারণ করে দুর্যোগের চিত্রায়ন (crisis map) চুড়ান্ত করতে হবে।

- উভয় ম্যাপই সংক্ষিপ্ত অংকনের মাধ্যমে মূল বৈশিষ্ট্য সমূহের উপর আলোকপাত করে সম্পন্ন করা হবে। মূল বৈশিষ্ট্য সমূহ হতে পারেঃ

– কিভাবে এবং কোথায় বিভিন্ন এজেন্সির অভীষ্ট জনগণ বাজার ব্যবস্থায় জড়িত

– এই ব্যবস্থায় যখন দুর্যোগ আঘাত করে তখন কোন রাস্তা (অথবা চেইন এ) অভিষ্ট জনগণের চাহিদা পূরণে অধিক গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

– মার্কেট চেইনে কোন এক্টরগণ সবচেয়ে গুরুত্বপূর্ণ ভূমিকায় থাকেন, এবং তাদের পরিস্থিতির সাথে খাপ খাইয়ে নেয়ার কৌশল গুলো কী?

– কোন ধরনের অবকাঠামো এবং কোন রকমের সহায়ক সেবাসমূহ মূলত গুরুত্বপূর্ণ

– বাজার ব্যবস্থার বর্তমান কার্যকারিতা অথবা বাজারে অভীষ্ট জনগণ/সুবিধাভোগী জনগণের অংশগ্রহণকে প্রভাবিত করে এমন উল্লেখযোগ্য প্রভাবক হিসেবে যেকোন নিয়ম নীতি, সামাজিক মূল্যবোধ অথবা আচরণ হতে পারে।

– দুর্যোগ আঘাত করার সময় বাজার ব্যবস্থার বর্তমান কার্যকারিতা অথবা বাজারে অভীষ্ট জনগণ/সুবিধাভোগী জনগণের অংশগ্রহণকে প্রভাবিত করে এমন উল্লেখযোগ্য প্রভাবক হিসেবে যেকোন নিয়ম নীতি, সামাজিক মূল্যবোধ অথবা আচরণ হতে পারে।

শেষের দুইটি পয়েন্ট সামাজিক এবং সাংস্কৃতিক ভাবে নির্দেশিত জেন্ডারের দায়িত্বকে যুক্ত করে।

বাজারের ম্যাপের (Market Map) উদাহারণ
ইএমএমএ এর ওয়েবসাইটে পিসিএমএ রিপোর্ট এর মাঝে বাজারের ম্যাপের উদাহারণ পাওয়া যাবে। উদাহারণ স্বরূপ, সোমালিয়ায় আইআরসি দ্বারা বাস্তবায়িত পিসিএমএ এর ব্যবহার অথবা বাংলাদেশে অক্সফাম দ্বারা বাস্তবায়িত পিসিএমএ এর ব্যবহার।

৮.৮ মার্কেট ম্যাপ এর বিশ্লেষণ

৮.৮.১ পরিবারের চাহিদা বা গ্যাপ অ্যানালাইসিস

- উল্লিখিতআছে, পিসিএমএ বৃহত্তর অবস্থা বিশ্লেষণের একটি উপাদান যা আলাদা একটি প্রক্রিয়ার অংশ হিসেবে যুক্ত হতে পারে যা অভীষ্ট/সুবিধাভোগী জনগণের চাহিদার হিসাব করবে। এটা সাধারণত হাউজহোল্ড ইকোনমি এপ্রোচ অথবা চাহিদা নিরূপণের মাধ্যমে সম্পন্ন করা হয়। পিসিএমএ তে এই সকল তথ্য ব্যবহৃত হয় কিন্তু এর মানে এই নয় যে একটি চাহিদার বিশ্লেষণ অথবা গ্যাপ অ্যানালাইসিসের উৎপত্তি করতে হবে। সেকশন ৪.১ অধিক তথ্যের জন্য চাহিদা নিরূপণ।

অধ্যায় দুই

- উপরন্তু, পিসিএমএ এর উদ্দেশ্য এর উপর ভিত্তি করে মূল বিশ্লেষণধর্মী প্রশ্নের উত্তর দিতে একটি সম্পূর্ণ গ্যাপ অ্যানালাইসিস করার প্রয়োজন নেই। স্বাভাবিকভাবে, যদি লাইট টাচ বাজার মূল্যায়ন করা হয় তবে একটি সম্পূর্ণ গ্যাপ অ্যানালাইসিস করার প্রয়োজন হয় না। টেবিল ৬ঃ লাইট টাচ অথবা অধিক ব্যাপ্ত বাজার মূল্যায়ন? দ্রষ্টব্য।
- পিসিএমএ বাস্তবায়নের সময় এর বৈশিষ্ট্যের উপর ভিত্তি করে দুই ধরণের গ্যাপ সাধারণত হিসাব করা হয়ঃ একটি রেয়ারেন্স বছরে এবং অন্যটি দুর্যোগের সময়ে। কিভাবে গ্যাপ হিসাব করা যায় তা সম্পর্কে জানতে, ইএমএমএ টুলকিট, ধাপ ৭ঃ গ্যাপ অ্যানালাইসিস দ্রষ্টব্য।
- অভীষ্ট জনগণের চাহিদা এবং বর্তমানে প্রাপ্যতার সাথে মিল রেখে রেফারেন্স বছরে "ব্যাপক গ্যাপ ()" থেকে চাহিদা এবং প্রকাশিত চাহিদার পরিমাণ। এটা স্বাভাবিক সময়ে কোন মাত্রায় অভীষ্ট জনগণ পণ্য/সেবা পেতে পারে তা নির্দেশ করে। এই ব্যাপক গ্যাপ বাজার/পণ্যে টার্গেট জনগণের প্রাপ্যতায় কি কি বাঁধা আসতে পারে তা সবার দৃষ্টি গোচর করে এবং কিভাবে বাজার ব্যবস্থাকে শক্তিশালী করা যায় তার উপর আলোকপাত করে। সরবরাহ বৃদ্ধি, অভীষ্ট জনগণকে অধিক ভালো সেবা প্রদান এবং দুর্যোগের আঘাতে তাদেরকে আরো বাস্তববাদী করার মাধ্যমে বাজার ব্যবস্থাকে শক্তিশালী করণে এটা আরো একটি সম্ভাব্য নির্দেশক। এমনকি রেফারেন্স সময়েও টার্গেট/অভীষ্ট জনগণ সম্ভাব্য গ্যাপ এর মুখোমুখী হয়।
- অভীষ্ট জনগণের চাহিদা এবং দুর্যোগের সময় পণ্যের অনুমেয় প্রাপ্যতার সাথে মিল রেখে দুর্যোগের বছরে "ব্যাপক গ্যাপ (chronic gap)" থেকে চাহিদা এবং প্রকাশিত চাহিদার পরিমাণ, এবং এটা জনগণের বাজারে/পণ্যে অথবা বাজারের প্রাপ্যতার উপর দুর্যোগের প্রভাবকে নির্দিষ্ট করে।
- বিভিন্ন টার্গেট গ্রুপের বাজারে অংশগ্রহণের ক্ষেত্রে বাঁধা এবং পছন্দের বিষয়ে উপসংহার টানবে। তখন বাজার ব্যবস্থায় চাহিদার ব্যাপ্তিকাল, অংশগ্রহণের উপাদান এবং টার্গেট গ্রুপ যেসব বাঁধার সম্মুখীন হয় তা সম্পর্কে সম্পূর্ণ তথ্য থাকবে, এবং যদি দুর্যোগ ঘটে তবে অভীষ্ট জনগণের প্রয়োজনীয় সহায়তার ধরণ সম্পর্কে জনবে।

৮.৮.২ বাজারের ক্ষমতা/দক্ষতার বিশ্লেষণ

- প্রতিদিনের বিশ্লেষণের ভিত্তিতে রেফারেন্স এবং দুর্যোগের সময় বাজার ব্যবস্থার ক্ষমতা/দক্ষতা এবং কার্যকারিতার বিষয়ে উপসংহার টানতে হবে।
- বাজারের দক্ষতা/ক্ষমতা বিশ্লেষণে রেফারেন্স এবং দুর্যোগের বছরে নির্দিষ্ট সময়ে (যেমন - এক সপ্তাহ, এক মাস, ইত্যাদি) বাজারে ব্যবসায়ীদের সংখ্যাকে প্রতিজন ব্যবসায়ী কি পরিমাণ পণ্য সরবরাহ করতে পারে তার পরিমাণ দিয়ে গুণ করতে হবে

এবং সেই সাথে তাদের খরচের ক্ষমতাকে বিবেচনায় রাখতে হবে। **আরএএম () টুল ১১বাজারের সাড়াপ্রদানের দক্ষতা মূল্যায়নে কনক্লুশন ট্রী** দ্রষ্টব্য।

- বাজারের কার্যকারিতা বিশেষণের জন্য রেফারেন্স সময়ে বাজারের সমন্বয় মূল্যায়ন করতে হবে এবং দুর্যোগের সময়ে বাজারের পূর্বের দক্ষতার মত সরবরাহ/যোগান দেয়ার সামর্থ্যকে বিবেচনা করতে হবে। এটা অধিকাংশ ক্ষেত্রে নির্ভর করে অনুমেয় দুর্যোগের সময় বাজার আগের মত সমন্বিত থাকে কিনা। পিসিএমএ এর জন্য বাজার সমন্বয়ের মাত্রা একটি গুরুত্বপূর্ণ বিবেচ্য বিষয়। যদি বাজারের সমন্বয় খুব খারাপ হয় তবে ক্রয় ক্ষমতা বৃদ্ধির সাথে সাথে বাজারে যোগানের পরিমাণ বৃদ্ধি পাবে না এবং এর ফলে মুদ্রাস্ফীতি ঘটবে। এমন অবস্থায়, সাড়াপ্রদানের প্রক্রিয়া হিসেবে ক্যাশ ট্রান্সফার পদ্ধতি এড়িয়ে যেতে হবে। বাজারের সমন্বয়কে বাঁধা প্রদানকারী প্রভাবক সমূহ নির্দেশিত হলে এবং এদের সম্পর্কে ধারণা পাওয়া গেলে সহায়ক বাজার সমন্বয় বাজার মূল্যায়নের একটি পদ্ধতি হতে পারে;

অধ্যায় দুই

- অনুমেয় দুর্যোগ কিভাবে বাজারের প্রধান এক্টরদের প্রভাবিত করে এবং বাজার ব্যবস্থায় তাদের আচরণ, তাদের সংখ্যা এবং তাদের পারস্পরিক ক্ষমতা বিশ্লেষণ করা। এই বিশ্লেষণে বাজারের সমন্বয় কমেছে কিনা তা বুঝা যায়।
- অনুমেয় দুর্যোগ কিভাবে চাহিদা-যোগানের গতি/সম্পর্ক কে প্রভাবিত করছে তা বিশ্লেষণ করা। বাজার ব্যবস্থা চাহিদা (জনগণের প্রয়োজনীয় পণ্য বা সেবা ক্রয় করার ক্ষমতা) এবং যোগান- (সে সব পণ্যের সরবরাহ করার ব্যবসায়ীদের ক্ষমতা) এর পারস্পরিক ক্রিয়ার উপর কাজ করে। চাহিদা এবং যোগান সম্পর্কিত বাঁধা সমূহের টার্গেট গ্রুপ/অভীষ্ট জনগণের উপর- তারা ভোক্তা পরিবার, উৎপাদক অথবা কর্মী হিসেবে দুর্যোগে ক্ষতিগ্রস্ত হয়েছে কিনা তার উপর ভিত্তি করে ভিন্ন ভিন্ন প্রভাব রয়েছে; যদিও এক্ষেত্রে অনেক রকম মানবিক সাহায্যের কর্মকান্ডের বাস্তবায়ন রয়েছে। বিশ্লেষণে সহায়ক হিসেবে পৃষ্ঠা ১৪৯ এর বক্স ৮.১৩ঃ ইএমএমএ টুলকিট ব্যবহার করা যায়।
- যদি সরবরাহ/যোগানের সমস্যা প্রধান প্রতিবন্ধকতা হয় তবে সহায়ক জনগণ তাদের চাহিদা মেটাতে কিভাবে যোগান/সরবরাহের ক্ষেত্রে বাজারকে সহায়তা করতে পারে। যদি প্রতিবন্ধকতা চাহিদার দিক থেকে হয় তবে কিভাবে জনগণের বাজারে অংশগ্রহণে সহায়তা করা যায় যেমন- পণ্য বা সেবার ক্রয় ক্ষমতা, অথবা জনগণের কর্মসংস্থানের যোগ্যতা ইত্যাদিকে সহায়তা করা। কোন কোন ক্ষেত্রে চাহিদা এবং যোগান উভয়েই দুর্যোগে ক্ষতিগ্রস্ত হতে পারে এবং উভয় ক্ষেত্রেই সহায়তা প্রয়োজন।
- রেফারেন্স বছরে জরুরী বাজার ব্যবস্থার অবস্থা এবং বাজার ব্যবস্থায় অনুমেয় দুর্যোগের প্রভাবের উপর প্রাপ্ত ফলাফলকে সমন্বিত/একত্রিত করতে হবে; বিশেষ করে, দুর্যোগে ক্ষতিগ্রস্ত অবস্থায় যোগান এবং চাহিদার বাঁধা সমূহের বিশ্লেষণ করতে হবে, এবং পরে রেফারেন্স এবং দুর্যোগের সময়ে বাজার ব্যবস্থার ক্ষমতা/দক্ষতা এবং কার্যকারিতার বিশ্লেষণের উপসংহার টানতে হবে। একটি বাজার ব্যবস্থা দুর্যোগে সাড়াপ্রদান প্রক্রিয়াকরতে অবদান রাখে, যদি এটি দ্রব্য মূল্যের এবং অন্যান্য বিষয়ে কোন নেতিবাচক পরিবর্তন না আনে, এটা নিম্নুক্ত বিষয়সমূহ প্রদান করেঃ

– অভীষ্ট/টার্গেট জনগণের মাঝে সরাসরি পর্যাপ্ত এবং ন্যায্য মূল্যে গুরুত্বপূর্ণ খাদ্য দ্রব্য, উপাদান অথবা সেবা সরবরাহ/যোগান দেয়া (যেমন নগদ অর্থ, ভাউচার ইত্যাদি) এবং এটা মনে করে যে, পরবর্তী সময়ে তাদের বাজারে অংশগ্রহণ করা এবং ক্রয় ক্ষমতা বাড়বে।

– মানবিক সাহায্য সংস্থা দ্বারা স্থানীয় প্রোকিউরমেন্ট এর জন্য পর্যাপ্ত এবং ন্যায্য মূল্যে গুরুত্বপূর্ণ খাদ্য দ্রব্য, উপাদান অথবা সেবা সরবরাহ/যোগান দেয়া, অথবা

– অভীষ্ট জনগণের শ্রম অথবা উৎপাদিত পণ্য বিক্রির একটি নির্ভরযোগ্য দোকান এবং সঠিক দাম এবং জরুরী অবস্থায় আয়ের উৎস নির্ধারণ করে দেয়া।

কত সময় লাগবে?

বাজার বিশেষণ চলমান প্রক্রিয়ার মাধ্যমে মাঠের কাজের শেষে বাজার দলের দলনেতার নেতৃত্বে এবং বিশ্লেষণ দলের দলনেতার সামগ্রিক তত্ত্বাবধানে দৈনন্দিন রিপোরটিং সেশনের মধ্য দিয়ে সম্পন্ন করা হয়। এখন পর্যন্ত এই পদ্ধতিটি সাধারণভাবে সাড়াপ্রদান প্রক্রিয়াবিশ্লেষণের পূর্বেই মাঠের কাজের শেষে দুই দিনের কর্মশালার মাঝে যুক্ত কিন্তু বিশ্লেষণের ব্যাপ্তির উপর ভিত্তি করে এর জন্য বেশি বা কম সময় লাগতে পারে।

অধ্যায় তিন

অধ্যায় ৩ঃ পিসিএমএ ফলাফলের ব্যবহার

এই অধ্যায়ের শেষে কি অর্জিত হবে?

- বাজার দল ভবিষ্যতে দুর্যোগের সাড়াপ্রদান পদ্ধতি এবং বাজার ব্যবস্থাকে শক্তিশালীকরণে পদক্ষেপ গ্রহণের জন্য সাড়াপ্রদানের সুপারিশ প্রস্তুত করে
- বাজার দল সঙ্গতিপূর্ণ/প্রাসঙ্গিক স্টেকহোল্ডারদের সাথে পিসিএমএ এর ফলাফল নিয়ে আলোচনা/যোগাযোগ কারে।

৯. বাজার ভিত্তিক পদক্ষেপ গ্রহণে/পরিকল্পনায় পিসিএমএ এর ব্যবহার

এই ধাপের প্রয়োজনীয়তা

এই ধাপটি অনেক গুরুত্বর্পূণ কারণ এখানে সাড়াপ্রদান প্রক্রিয়া বিশ্লেষণে কিভাবে পিসিএমএ এর ফলাফল সমূহ ব্যবহার করা যায় সে সম্পর্কে তথ্য দেয়।

এই ধাপের শেষে কি অর্জিত হবে?

বাজার দল দুর্যোগের আগে, দুর্যোগের সময় ও দুর্যোগের পরে বাস্তবায়নের জন্য প্রাসঙ্গিক এবং সঙ্গতিপূর্ণ প্রোগ্রাম নির্দেশ/শনাক্ত করবে।

এই ধাপে করণীয় এবং কিভাবে করা হবে?

৯.১ বাজার ভিত্তিক প্রোগ্রামিং/কার্যক্রমঃ এটা কি?

- বাজার ভিত্তিক প্রোগ্রামিং/কার্যক্রম বা পদক্ষেপ হলো প্রকল্প যা স্থানীয় বাজারের মাধ্যমে অথবা স্থানীয় বাজারের সহায়তায় কাজ করে। এটা বাজার ব্যবস্থার সাথে জড়িত সকল ধরণের কর্মকান্ডকে বিবেচনা করে যেমন রিলিফ বিতিরণ থেকে শুরু করে স্থানীয় বাজার ব্যবস্থাকে অথবা মার্কেট হাব (market hubs) কে সক্রিয়ভাবে শক্তিশালীকরণ এবং উন্নয়ন ঘটানো।
- এই ধাপের সময় বাজার দল প্রাসঙ্গিক এবং সঙ্গতিপূর্ণ পদক্ষেপ শণাক্ত করবে যা নিম্নুক্ত বিষয় সমূহে বাস্তবায়িত হবেঃ

– অনুমেয় দুর্যোগ আঘাত করার আগেই সাড়াপ্রদান প্রক্রিয়াপ্রক্রিয়া বাস্তবায়ন, বাজার ব্যবস্থা শক্তিশালীকরণ এবং দুর্যোগের প্রস্তুতি, দুর্যোগে ক্ষতির হ্রাস নিশ্চিতকরণ, জীবিকার পুনরুদ্ধার, এবং টার্গেট গ্রুপের বাজারে অংশগ্রহণ বৃদ্ধি।

– দুর্যোগ আঘাত করার সময় সাড়াপ্রদান প্রক্রিয়াপ্রক্রিয়া টার্গেট/অভীষ্ট জনগণের জীবিকা, সম্পদ এবিং বাজার রক্ষায় বাস্তবায়িত হবে।

– দুর্যোগ আঘাত করার সময়/পরক্ষণেই জনগণের প্রাথমিক চাহিদা নিরূপণে সাড়াপ্রদান প্রক্রিয়াপ্রক্রিয়া বাস্তবায়িত হবে।

– সাড়াপ্রদান প্রক্রিয়াপ্রক্রিয়া দুর্যোগ আঘাত করার পরবর্তী সময়ে জীবিকা এবং বাজারের দ্রুত পুনরুদ্ধারে সহায়তা করতে বাস্তবায়িত হবে

– পিসিএমএ ব্যবহারে কোন ধরণের সাড়াপ্রদান প্রক্রিয়াপ্রক্রিয়া চিনহিত/নির্ধারিত হবে তা প্রথমেই ঠিক করে নেওয়া পিসিএমএ এর উদ্দেশ্য এর উপর নির্ভর করে। **টেবিল ১ঃ যৌক্তিক ক্রমন্বয়ঃ পিসিএমএ এর উদ্দেশ্য, মূল বিশ্লেষণধর্মী প্রশ্ন সমূহ এবং কর্মকান্ডের প্রকারভেদ** দ্রষ্টব্য।

অধ্যায় তিন

টেবিল ৯ঃ বাজার ভিত্তিক প্রোগ্রামিং/কার্যক্রমঃ এটা কি?

	প্রত্যক্ষ পদক্ষেপ এই পদক্ষেপের উদ্দেশ্য দুর্যোগে বাজারে সচেতনতা বৃদ্ধির পদ্ধতিতে সরাসরি টার্গেট গ্রুপ/ অভীষ্ট দলের অবস্থার উন্নয়ন	**পরোক্ষ পদক্ষেপ** এই পদক্ষেপের উদ্দেশ্য প্রাসঙ্গিক বাজার ব্যবস্থার সহায়তার মাধ্যমে দুর্যোগে টার্গেট গ্রুপ/ অভীষ্ট দলের অবস্থার উন্নয়ন	
	বাজার সংবেদী/সহজে বুঝতে পারা যায় এমন বাজার	**বাজার ব্যবস্থা শক্তিশালীকরণ** বিদ্যমান বাজার ব্যবস্থায় সহযোগী পরোক্ষ পদক্ষেপ	**বাজার ব্যবস্থার উন্নয়ন** বিদ্যমান নয় এমন বাজার ব্যবস্থায় সহযোগী পরোক্ষ পদক্ষেপ
দুর্যোগের পূর্ব পরিকল্পনা	শুষ্ক মৌসুমের পূর্বেই পুশুপালকে রক্ষা করতে স্থানীয় পশু চিকিৎসকের সহায়তায় ভেড়ার টীকাদানের ভাউচার	ব্যবসায়ীদের নগদ অর্থ প্রদান যেন বর্ষা মৌসুমের পূর্বেই তারা টার্গেট গ্রুপ/অভীষ্ট জনগণের মৌলিক চাহিদা পুরণ নিশ্চিত করতে প্রয়োজনীয় পণ্যদ্রব্য মজুদ করতে পারে	স্থানীয় ফার্মাসিস্ট এর সাথে এলাকায় সচেতনতা বৃদ্ধি যেন তারা পানির ট্যাব (Aquatabs) এর বিদ্যমান সরবরাহকারী সম্পর্কে জানতে পারে এবং বন্যার সময় সহজে পানির ট্যাব (Aquatabs) পেতে পারে
দুর্যোগের অবস্থা	স্থানীয় প্রোকিউরমেন্ট এর দ্বারা খাদ্য নয় এমন পণ্য বিতরণ	রাস্তা পুনঃনির্মাণ যেন স্থানীয় ব্যবসায়ীরা বাজারস্থানে প্রবেশ করতে পারে।	যে কোন দুর্যোগে, একটি নতুন বাজার ব্যবস্থা প্রণয়ন করা নিরুৎসাহিত করা হয়।
পুনরুদ্ধার	মহিলা কফি উৎপাদনকারীদের জীবিকার মান বাড়াতে শিক্ষার হার বৃদ্ধি করা	স্থানীয় পর্যায়ে টমেটো উৎপাদনে সহায়তা করা যাতে টার্গেট গ্রুপের পুষ্টির চাহিদা পূরণ হয়	স্থানীয় পর্যায়ে ক্লোরিন উৎপাদন শুরু করা যেন টার্গেট গ্রুপ পরিবেশগত উন্নত খাবার পানি পেতে পারে
দীর্ঘ-মেয়াদী পরিকল্পনা	উৎপাদক এবং ব্যবসায়ীদের মাঝে সংযোগ বাড়ানো/ভেঙ্গে ফেলা	বাজারকে পণ্য ভিত্তিক করতে "স্থানীয় পর্যায়ে	পণ্যের বিশ্বব্যাপী বাণিজ্যকে প্রভাবিত করা, উদাহারণ

৯.২ সাড়াপ্রদান প্রক্রিয়া বিশ্লেষণের পদ্ধতি

- সাড়াপ্রদান প্রক্রিয়া বিশ্লেষণের পদ্ধতি অবস্থা বিশ্লেষণ (চাহিদা নিরূপণ, বাজার বিশ্লেষণ এবং অন্যান্য অবস্থা বিষয়ক তথ্য) এবং কার্যক্রম পরিকল্পনার (programme design) মাঝে সংযোগ স্থাপন করে। এটা প্রোগ্রামের সাড়াপ্রদান প্রক্রিয়া, কার্যবিধি, টার্গেট গ্রুপকে যুক্ত করে; এটা উপযুক্ততা এবং সম্ভাব্যতার বিবেচনায় অবগত হয়, এবং বিশ্লেষণ এবং যখন সম্ভাব্য পার্শ্বপ্রতিক্রিয়া কমানোর সময় একত্রে চাহিদা নির্ধারণ করে।
- সাড়াপ্রদান প্রক্রিয়া শুধু মাত্র পিসিএমএ এর ফলাফলের উপরই নির্ভর করে না বরং আরো অবস্থা বিশ্লেষণের উপাদান যেমন চাহিদা নিরূপণ, জেন্ডার বিশ্লেশন ইত্যাদির উপর নির্ভর করে। এই বিষয়ে অংশগ্রহণকারীদের মনে করিয়ে দেয়া প্রয়োজন।
- অনেক এজেন্সি/প্রতিষ্ঠান বাস্তবায়নের জন্য শুধুমাত্র তাদের পরিচিত সাড়াপ্রদান প্রক্রিয়া ব্যবহার করতে চায় যেখানে সম্পূর্ণ সম্ভাবনাময় এবং সমানভাবে গুরুত্বপূর্ণ কিন্তু কম "সনাতন" পদক্ষেপ - পিসিএমএ এর ব্যবহার রয়েছে। দাতা সংস্থার বাঁধা অথবা এজেন্সি/প্রাতিষ্ঠানিক পর্যায়ে আভ্যন্তরীন সচেতনতার অভাব এই সব সীমাবদ্ধতাকে বর্ণনা করতে পারে- সুপারিশ সমূহকে স্পষ্টতা প্রদানে এবং দাতা সংস্থা ও নিজের এজেন্সি/প্রতিষ্ঠানের মাঝে যোগাযোগ করিয়ে দিতে বিশ্লেষণকে ব্যবহার করা যায়।
- এই ধাপের সময় নিম্নের প্রশ্নগুলো বাজার দলের সাথে ব্যবহার করলে সহায়ক হতে পারেঃ

– প্রতিক্রিয়া প্রদানের সম্ভাব্য প্রক্রিয়া সম্পর্কে ভাবা এবং প্রতিটি প্রক্রিয়ার সুবিধা এবং আসুবিধা নিয়ে আলোচনা করা।

– ফ্লিপচার্ট এ সাড়াপ্রদান প্রক্রিয়ার বিশ্লেষণ থেকে প্রাপ্ত তিন থেকে পাঁচটি অধিক গুরুত্বপূর্ণ সাড়াপ্রদানের পদ্ধতি লিখা এবং প্রতিটির জন্য ঝুঁকি এবং অনুমান, বাজার এবং জনগণের উপর এর প্রভাব, সময়জ্ঞান এবং সম্ভাব্যতা মূল্যায়ন করতে হবে।

– আলোচনায় নিম্নুক্ত প্রশ্নগুলো বিবেচনায় রাখতে হবেঃ

– সাড়াপ্রদানের কোন প্রক্রিয়া জনগণের চাহিদা পূরণ করবে?

– সাড়াপ্রদানের কোন প্রক্রিয়া রেফারেন্স এবং দুর্যোগের সময়ে টার্গেট গ্রুপকে বাজার ব্যবস্থায় ভালোভাবে অংশগ্রহণ করতে দিবে?

– কোন কাজ অথবা সহায়তা সাড়াপ্রদানের প্রক্রিয়াকে জনগণের চাহিদা পূরণে এবং বাজার ব্যবস্থার পুনরুদ্ধার/শক্তিশালী করতে অনুমতি দেয়?

– সাড়াপ্রদানের বিভিন্ন প্রক্রিয়ার বাজার এবং বাজার ব্যবস্থায় জনগণের অংশগ্রহণের উপর কি কি ধরণের প্রভাব রয়েছে? ঝুঁকি গুলো কি?

– কোন কাজ এই ঝুঁকি কমাতে পারে?

- নির্বাচিত সাড়াপ্রদানের কার্যকারিতা পরীক্ষা করতে এই ধাপের শেষে প্রধান তথ্য প্রদানকারীদের সাথে আলোচনা করা
- সিদ্ধান্ত গ্রহণের পদ্ধতিকে সহজ করতে নিম্নের "ডিসিশন ট্রী" ব্যবহার করা যায় এবং **ধাপ ৯ঃ ইএমএমএ টুলকিটে সাড়াপ্রদান প্রক্রিয়াপ্রক্রিয়া (পৃষ্ঠা ১৫৯-১৮৩)** দ্রষ্টব্য।

চিত্র ২: বাজার-ভিত্তিক কার্যক্রমের সিদ্ধান্ত গ্রহণের ট্রী



উপরের চিত্রের ক্ষেত্রে মনে রাখতে হবে যে, একমাত্র সাড়াপ্রদানের প্রক্রিয়া অনুমেয় দুর্যোগের আগে তাৎক্ষণিক ভাবে বিশ্লেষণ করার পর বাস্তবায়িত হতে পারে। অন্যান্য সাড়াপ্রদানের প্রক্রিয়া পূর্বেই অনুমেয় যার জন্য দল বিশ্লেষণের শেষেই প্রস্তুতি গ্রহণ করার সাথে সাথে সম্ভাব্য এবং দুর্যোগের পূর্ব প্রস্তুতি গ্রহণ করে।

৯.৩ বাজার ভিত্তিক প্রোগ্রামিং/কার্যক্রমঃ ঃ কোন বিষয়ের সাথে সামাঞ্জস্যপূর্ণ?

নিচের লিস্টটি ব্যাপক দূরে এবং মাল্টি সেক্টরাল অবস্থায় এবং বাজার ভিত্তিক কার্যক্রমের বিস্তৃতিতে বিদ্যমান থাকে। এটা অধিকাংশ ক্ষেত্রে পরোক্ষ পদক্ষেপের উদাহারণকে প্রকাশ করে। যাইহোক, সব ধরণের বাজারে সচেতনতা বৃদ্ধির পদক্ষেপ যেমন ক্যাশ ট্রান্সফার প্রোগ্রামিং (সিটিপি) সহ প্রত্যক্ষ পদক্ষেপের অনেক উদাহারণ রয়েছে। আরো অধিক উদাহারণ দেখতে "ক্যাল্প লাইব্রেরী" দ্রষ্টব্য।

বাস্তব উদাহারণ সিআরএস স্কোপিং স্টাডি

মৌলিক চাহিদা পূরণে সচেষ্ট হয়ঃ নেপালে ২০১৫ সালের ভূমিকম্পের কয়েক মাস পর, সিআরএস ৩০০ ক্ষুদ্র ব্যবসায়ীদের বাজারস্থানে সিআরএস এর জরুরী অবস্থায় সুবিধাভোগী জনগণের দ্বারা সহায়তা দিয়েছে, যেন এই ক্ষুদ্র ব্যবসায়ীগণ জরুরী অবস্থায় এই সিআরএস এর সুবিধাভোগীদের চাহদা অনুযায়ী যথাযথ যোগান দিতে পারে। এই ভেন্ডরগণ সব ধরণের ব্যবসায়ী হয়, কোন নির্দিষ্ট পণ্যের বিক্রেতা নয়। ভেন্ডরদের বিনা শর্তে ৩০০ ইউএসডলার নগদ অর্থ অনুদান তিনটি কিস্তিতে বিতরণ করা হয়েছিল।

পরিবারের পুষ্টির চাহিদা পূরণে সাহায্য করেঃ দক্ষিণ সুদানে, মার্সি কর্পস (Mercy Corps) ৫০ জন ব্যবসায়ীদের মাঝে ৬০০ এবং ৮০০ ইউএসডলার নিঃশর্ত সীমাবদ্ধ নগদ অনুদান দুই কিস্তিতে বিতরণ করেছিল। ব্যবসায়ীদের কিছু নির্দিষ্ট প্রধান খাদ্য দ্রব্য ক্রয়ের কাজ দেয়া হয়েছিল যেমন- চাল, চিনি, গম, ভুট্টা যা খাদ্য নিরাপত্তাহীনতায় থাকা পরিবারের নানা প্রকারের এবং পুষ্টিকর খাদ্যের চাহিদা মেটাবে। এই এলাকায় মে ২০১৫ এ দুর্যোগ আঘাত করার ঠিক পূর্ব মুহূর্তে ব্যবসায়ীরা পণ্য (খাদ্য এবং খাদ্য নয় এমন পণ্য) পুনরায় গুদামজাত করতে এই অর্থ ব্যবহার করতে পেরেছিল; এর ফলে দুর্যোগের সময় বাজার চালু ছিলো যেখানে বাজারে পণ্য সরবরাহের উৎস এক মাসেরও বেশি সময়ের জন্য যোগাযোগ বিচ্ছিন্ন ছিল।

আশ্রয় গ্রহণে অনুমতি দেয়ঃ ইউক্রেনে দুর্যোগে সিআরএস এর আশ্রয় প্রদান কার্যক্রম যা জানালা পুনঃনির্মাণ যুক্ত ছিল। এটা করতে সিআরএস স্থানীয় কারিগরের উপর নির্ভর করেছিল এবং লখ্যিত পরিবারের মাঝে ৪০০ টি সেবা (service vouchers) ভাউচার বিতরণ করেছিল যেন তারা তাদের জানালা ঠিক করতে পারে। যদিও জানালা সরবরাহকারীরা এই অনুদানে অংশগ্রহণের অবস্থানে ছিলেন না কারণ তারা তাদের পুঁজি হারিয়েছিলেন এবং জানালা মেরামতের উপকরণের খরচ আগেই দেয়া হয়েছিল। সিএরএস প্রায় পাঁচ জন জানালার উপকরণ সরবরাহকারীদের সহায়তা দিয়েছিল ভাউচারে মোট অর্থের এর ৫০% পূর্বেই প্রদান করার মাধ্যমে এবং জানালা মেরামতের উপকরণের পাইকারি বিক্রেতার সাথে আলোচনার মাধ্যমে যেন তারা সেই ভেন্ডরদের জানালা মেরামতের কাঁচামাল ঋণ হিসেবে দেয়।

খাবার পানি পেতে সহায়তা প্রদানঃ ফিলিপাইনে টাইফুন হাইয়ান এর আঘাতের কয়েক মাস পর, অক্সফাম টেসলোবান (Tacloban) শহরের বস্তিতে বিশুদ্ধ খাবার পানি সরবরাহের সিদ্ধান্ত নেয়। খাবার পানি সরবরাহের বাজার ব্যবস্থার ইএমএমএ এর সহায়িকার সহায়তায় এটা সরবরাহের প্রধান বিষয়গুলো বের করেঃ প্রধান সরবরাহকারী মূলধন এবং জ্বালানীর অভাবে ভাঙ্গা পানির নলের পুনঃনির্মাণ করার মত পর্যায়ে ছিলেন না। পানির ট্রাকের সাহায্যে সবার মাঝে পানি বিতরণের পরিবর্তে অক্সফাম পানির নল পুনঃ নির্মাণ করতে কাজের বিনিময়ে অর্থ এবং কাজের বিনিময়ে খাদ্য এই দুইটি কর্মপরিকল্পনা করে। (অক্সফামের লাইভলিহুড প্রোগ্রাম এর সাথে যুক্ত করে)।

কত সময় লাগবে?

এই ধাপটি বাজার দলের সদস্যদের দ্বারা এবং বিশ্লেষন দলের দলনেতার নেতৃত্বে মাঠের শেষ দিনে কাজ শেষে সম্পন্ন করতে হবে। এর পর এই ধাপের ফলাফলকে একটি খসড়া কাগজে সাজাতে হবে (এনেক্সার এ পিসিএমএ রিপোর্ট এর নমুনা দ্রষ্টব্য)। এই প্রস্তাবিত কাঠামোটি একটি মান সম্মত কাঠামো, কিন্তু রিপোর্টের ব্যাপ্তি মূল্যায়নের পরিধির উপর ভিত্তি করে ভিন্ন হতে পারে। (সেকশন ৪ঃ মূল্যায়নের পরিধি নির্ধারণ এবং জরুরী অবস্থার বাজার ব্যবস্থা দ্রষ্টব্য)।

অধ্যায় তিন

১০. ফলাফল বিনিময়/অবহিত করা (COMMUNICATE THE RESULTS)

এই ধাপের প্রয়োজনীয়তা

পিসিএমএ এর ফলাফলকে ডকুমেন্ট করা এবং সময়োপযোগী এবং কার্যকর ভাবে ব্যবস্থাপক, নীতি নির্ধারক এবং অন্যান্য লক্ষ্যিত জনগণের সাথে এই ফলাফলের বিনিময়, পিসিএমএ এর উদ্দেশ্যকে নির্দেশ করতে খুবই জরুরী। পিসিএমএ অংশগ্রহণ মূলক হলে এটা খুব সহজ হবে।

রিপোর্টের জন্য বিশ্বাস যোগ্য, প্রমাণ ভিত্তিক, দৃশ্যমান গ্রহণযোগ্য ফরম্যাট অথবা প্রেজেন্টেশান প্রাধান্য পাবে।

এই ধাপের শেষে কি অর্জিত হবে?

বাজার বিশ্লেষণের রিপোর্ট সম্পন্ন এবং প্রচারিত/প্রকাশিত হবে।

এই ধাপে করণীয় এবং কিভাবে করা হবে?

১০.১ পিসিএমএ এর রিপোর্ট চূড়ান্ত করণ

এটা নিশ্চিত করতে হবে যে, বিশ্লেষণ শেষ হওয়ার ১০ দিনের মাঝে বিশ্লেষণ দলের দলনেতা পিসিএমএ এর ফলাফল গুলোকে লিখবেন এবং উপসংহার টানবেন। যেহেতু এটা সুপারিশ গুলোকে আরো বৃহৎ আঙ্গিকে প্রকাশ করতে ব্যবহৃত হবে সেহেতু এটা নিশ্চিত করা খুবই জরুরী যে, রিপোর্ট বিশ্লেষণ শেষ হওয়ার সাথে সাথেই লিখা হয়েছে।

রিপোর্টটি ব্যবহার করতে সহজ এমন ট্যামপ্লেট এ হবে, রিপোর্টের সারসংক্ষেপ/এক্সিকিউটিভ সামারি আলাদা ভাবে নীতি নির্ধারক এবং ব্যবস্থাপকদের জানাতে হবে। এনেক্সে প্রদত্ত পিসিএমএ রিপোর্টের ট্যামপ্লেট ব্যবহার করা যায়। আদর্শগত ভাবে, পিসিএমএ রিপোর্টে বাজার পর্যবেক্ষণের উপর একটি সেকশন থাকবে। (মার্কেট রিপোর্ট ট্যামপ্লেট এবং **সেকশন ১১.২ঃ বাজারের নির্দেশক নির্ধারণ** দ্রষ্টব্য)

বক্স ১০: একটি পরিচ্ছন্ন, স্বচ্ছ এবং কার্য-নির্ভর রিপোর্ট - সাফল্যের মূল উপাদান

পিসিএমএ রিপোর্ট একটি প্রধান উপাদান যা পিসিএমএ এর ফলাফল এবং সুপারিশ গুলোকে ব্যবহারে অবদান রাখে। এর মাঝে অবশ্যই যথেষ্ট প্রমাণের তথ্য এবং পদ্ধতি সম্পর্কে পরিষ্কার ব্যাখ্যা থাকতে হবে। বিশ্লেষণ যে সকল প্রমাণের ভিত্তিতে করা হবে যা সঠিকভাবে রিপোর্টে লিপিবদ্ধ (উৎস এবং পদ্ধতি উভয়েই) থাকতে হবে। তথ্যের উৎস, গঠন এবং জরিপের ফরম্যাট, সাড়াপ্রদানের সুপারিশের ফ্রেমওয়ার্ক এবং/অথবা কর্ম-পরিকল্পনা রিপোর্টের শেষে এনেক্স হিসেবে থাকবে।
প্রমাণ এবং বিশ্লেষণ পিসিএমএ এর ফলাফল এবং সুপারিশের একটি ভিত্তি প্রস্তুত করবে, যা কার্যকর কর্মপরিকল্পনা হিসেবে উপস্থাপিত হবে। সুপারিশগুলোকে কার্যকর করতে কর্মপরিকল্পনায় বিভিন্ন এক্টর অথবা স্টেকহোল্ডারদের দায়িত্ব সম্পর্কে একটি খসড়া করতে হবে।
আইআরসি এর আপটেক স্টাডি থেকে।

অধ্যায় তিন

- সাড়াপ্রদান প্রক্রিয়া বিশ্লেষণের সময় যদি প্রধান স্টেকহোল্ডারদের যুক্ত করা সম্ভব না হয় তবে এটা খুব গুরুত্বের সাথে সুপারিশ করা হয় যে, একটি খসড়া রিপোর্ট সেই স্টেকহোল্ডারদেরকে দেয়া যেন তারা চূড়ান্ত রিপোর্ট প্রচারের আগেই তাদের গুরুত্বপূর্ণ মন্তব্য দেয়ার সুযোগ পান।
- বিশ্লেষণ দলের দলনেতার মূল বিষয়ের উপর ১৫-২০ মিনিটের একটি প্রেজেন্টেশন প্রস্তুত করবেন।

১০.২ পিসিএমএ এর ফলাফল এবং সুপারিশসমূহ প্রচার/অবহিত করা

প্রধান নীতি নির্ধারকদের শণাক্ত করা এবং তাদেরকে একটি এক ঘন্টার মিটিং আমন্ত্রণ জানানো যেখানে মূল ফলাফল এবং সুপারিশ সমূহ তাদের সামনে পেশ করা হবে। নিম্নের মত করে সময়কে ভাগ করে নেয়া যায়ঃ মূল ফলাফাল, সুপারিশ এবং পরিকল্পনার হালনাগাদ করণ সম্পরকে একটি ২০ মিনিটের প্রেজেন্টেশন। পরের ৪০ মিনিট আলোচনা। বিকল্পভাবে, বিদ্যমান সমন্বয় মিটিং এ পিসিএমএ এর ফলাফল এবং সুপারিশও তুলে ধরা যায়।

বক্স ১১: চূড়ান্ত ফলফল জানানো/অবহিত করা গুরুত্বপূর্ণ কিন্তু যথেষ্ট নয়

মূল্যায়নের খুব প্রথম থেকেই প্রচারের প্রক্রিয়া শুরু হয়, এবং শেষের দিকে ফলাফল সম্পর্কে প্রচারণাকে সীমাবদ্ধ করা যাবে না। উল্লিখিতযে, পিসিএমএ এর ব্যবহারকে অংশগ্রহণমূলক করা নিশ্চিত করতে হবে (বক্স ৮ দ্রষ্টব্য), এবং স্টেকহোল্ডারদের ক্রয়ের শুরু থেকে বৃহৎ আঙ্গিকে এর বিষয়ে যোগাযোগ করতে হবে এবং সুপারিশ সমূহের সাথে স্টেকহোল্ডারদের যুক্ত করে দেয়ার প্রস্তুতি নিতে হবে।

প্রচারের সাদৃশ্যতা পিসিএমএ এর ফলাফল এবং সুপারিশ সমূহকে ভালোভাবে প্রকাশের একটি প্রধাণ উপাদান। এই প্রচারণার লক্ষ্যিত ব্যাক্তিবর্গ হবেন সকল ধরণের মানবিক সাহায্যের স্টেকহোল্ডারগণঃ দাতা সংস্থা, নীতি নির্ধারক, টেকনিক্যাল বিশেষজ্ঞ, ব্যবস্থাপক, লজিস্টিসিয়ান, ফিনান্স এবং এডমিনিস্ট্রেশন এর কর্মীবৃন্দ, সরকারি কর্মকর্তা, জরুরী অবস্থার বাজার ব্যবস্থায় জড়িত সকল ব্যাক্তি ইত্যাদি।

- মিটিং শুরুর পূর্বেই মূল ফলাফল এবং পদ্ধতির সারসংক্ষেপ মিটিংএ অংশগ্রহণকারীদের মাঝে পাঠিয়ে দিতে যেন মিটিং এর সময় তারা শুধুমাত্র সুপারিশের বিষয়ে আলোচনায় মনযোগ দিতে পারে।
- পিসিএমএ এর রিপোর্ট দেশের মাঝে নেটওয়ার্ক (ক্লাস্টার, সমন্বয়ক দল ইত্যাদি) এর মাধ্যমে এবং অনলাইন এর মাধ্যমে ছড়িয়ে দিতে হবেঃ যেমন
  - ইএমএমএ ওয়েবসাইট
  - মার্কেটস ইন ক্রাইসিস ডিগ্রুপ
- যদি বিশ্লেষণ খাদ্যপণ্য অথবা প্রাসঙ্গিক সেবা সমূহের সাথে সংশ্লিষ্ট হয় তবে রিপোর্ট নিম্নের মাধ্যমগুলো দ্বারা প্রচারিত করা যেতে পারেঃ
  - এফইডবি-ওএসএনইটি এবং এফএও এর গ্লোবাল ইনফর্মেশন এন্ড আর্লি ওয়ার্নিং সিস্টেম (জিআইইডব্লিওএস)
  - ফুড সিক্যুরিটি ক্লাষ্টার
- এই রিপোর্ট দুর্যোগের পূর্বে পদক্ষেপ গ্রহণের জন্য বিনিয়গ করতে দাতা সংস্থা এবং কান্ট্রী অফিসে লবিং এর জন্য ব্যবহৃত হবে।

কত সময় লাগবে?

সমগ্র রিপোর্ট লিখতে দুই থেকে চার দিন লাগবে। কিন্তু এর প্রচারণা পিসিএমএ ব্যবহারের খুব প্রথম থেকেই শুরু করতে হবে এবং সমগ্র মূল্যায়ন প্রক্রিয়ায় চলবে।

অধ্যায় চার

অধ্যায় ৪ঃ পিসিএমএ হালনাগাদ করা

এই অধ্যায়ের শেষে কি অর্জিত হবে?

- বাজার দল তত্ত্বাবধায়ন এবং পূর্ব সতর্কতা ব্যবস্থা/আর্লি ওয়ার্নিং সিসস্টেম (Early Warning) কে পর্যবেক্ষণ করতে বাজারের কিছু নির্দেশক শনাক্ত করবে, এবং পর্যবেক্ষণের একটি পরিকল্পনা প্রস্তুত করবে।

- বাজার দল প্রধান নির্দেশকগুলো সম্পর্কে সিদ্ধান্ত নিবে এবং বাজারের মানচিত্র এবং পিসিএমএ এর হালনাগাদ করণে নির্দেশ করবে
- বাজার দলের প্রধান/দলনেতা কখন এবং কিভাবে পিসিএমএ কে হালনাগাদ করতে হবে, এবং কার্যকরী সিদ্ধান্ত নিতে এই হালনাগাদকৃত তথ্য কিভাবে ব্যবহার করা যায় তা সম্পর্কে জানবে।

১১. বাজার পর্যবেক্ষণ

এই ধাপের প্রয়োজনীয়তা

বৈশিষ্ট্যগত দিক থেকে বাজার পরিবর্তনশীল, তাই একে নিয়মিতভাবে পর্যবেক্ষণ করতে হবে, দুর্যোগ ঘটছে কিনা তা দেখতে। বাজার পর্যবেক্ষণ নিচের বিষয়গুলোর জন্য প্রয়োজনীয়ঃ

- হালনাগাদকৃৎ তথ্যের মাধ্যমে পিসিএমএ তে বাজার ব্যবস্থার পরিবর্তনশীল বৈশিষ্ট্যের সমন্বয় ঘটানো। এটা দ্রুত সাড়াপ্রদান প্রক্রিয়া শুরু করতে এবং বাজার বিশ্লেষণকে হালনাগাদ করতে, এবং সময়ের সাথে সাথে বাজার ব্যবস্থার পরিবর্তনকে ধারণ করতে বাস্তবায়ন করা হবে।
- বিভিন্ন সাড়াপ্রদানের পদ্ধতিকে নির্দেশ করবে একটি নির্দিষ্ট সময় সীমার সাথে দুর্যোগের সময় কোন ধরণের সাড়াপ্রদান প্রক্রিয়া বাস্তবায়ন করা হবে।
- কিছু বাজার নির্দেশক যুক্ত করার মাধ্যমে অথবা বিশ্লেষণের ফলাফল ব্যবহার করে একটি আর্লি ওয়ার্নিং সিস্টেম/ পূর্ব সতর্কতা ব্যবস্থা প্রতিষ্ঠা করার সুপারিশের মাধ্যমে বিদ্যমান আর্লি ওয়ার্নিং সিস্টেম/ পূর্ব সতর্কতা ব্যবস্থা এর হালনাগাদ করণ।
- বাজার বিশ্লেষণ ব্যবহার থেকে প্রাপ্ত সাড়াপ্রদান প্রক্রিয়াপ্রক্রিয়া পর্যবেক্ষণ করতে হবেঃ

– প্রদানকৃৎ সহায়তার মূল্যায়ন বর্তমানে পর্যাপ্ত আছে তা নিশ্চিত করতে
– পণ্যদ্রব্যের মান এবং প্রাপ্যতা প্রকল্পের শুরুতে যেমন ভালো ছিল আন্তত তেমন ভালো রয়েছে তা নিশ্চিত করতে
– নির্বাচিত সরবরাহের পদ্ধতির চলমান নির্ভুলতা মূল্যায়নে অবদান রাখতে
– প্রকল্প বাজারে কোন ক্ষতি করছে না তা নিশ্চিত করতে(যেমন- প্রাপ্তিযোগ্য সরবরাহেকে টপকানো, সুবিধাভোগী নয় এমন জনগণের জন্য মূল্য বৃদ্ধি, একমালিকানা অবস্থার সৃষ্টি, মুদ্রাস্ফীতির সৃষ্টি ইত্যাদি)
– স্থানীয় অর্থনীতিতে প্রকল্পের বৃহত্তর বহুগুণকারী প্রভাব মূল্যায়নে সহায়তা করা

অধ্যায় চার

এই ধাপের শেষে কি অর্জিত হবে?

- পর্যবেক্ষণ এবং মূল্যায়নের ফ্রেমওয়ার্ক বাজার পর্যবেক্ষণের নির্দেশকসমূহকে যুক্ত করে
- বাজার পর্যবেক্ষণের জন্য পরিকল্পনা, সংগঠন এবং বাজেট করা হয়

এই ধাপে করণীয় এবং কিভাবে করা হবে?

১১.১ পর্যবেক্ষণের জন্য পণ্য নির্বাচন

পিসিএমএ এ ব্যবহৃত এবং বাজার পর্যবেক্ষণের জন্য নির্বাচিত পণ্য/সেবা সমূহ একই হবে। মনে রাখতে হবে যে ইতোমধ্যে নগদ অর্থ অনুদানের জন্য মিনিমাম এক্সপেন্ডিচার বাস্কেট (Minimum Expenditure Basket), প্রকল্পের উদ্দেশ্য অথবা পূর্বের পোস্ট-ডিস্ট্রিবিউশন মনিটরিং এর উপর ভিত্তি করে কিছু নির্দিষ্ট পণ্যের জন্য বাজার পর্যবেক্ষণ বাস্তবায়িত হয়েছে, কিন্তু তা এখনে বিশদভাবে পরীক্ষিত হবে না।

১১.২ বাজার নির্দেশক/ সূচক শনাক্তকরণ

- পিসিএমএ এর মাধ্যমে বাজার বিশ্লেষন এবং সাড়াপ্রদানের প্রক্রিয়া বিশ্লেষণের উপর ভিত্তি করে বাজারের কোন নির্দেশককে/ সূচক পর্যবেক্ষণ করা হবে সে বিষয়ে সিদ্ধান্ত নেয়া হয়। নির্দেশক/ সূচক নির্বাচন করতে, কোন নির্দেশকটি সবচেয়ে বেশি অনিশ্চিত এবং পরিবর্তনে বেশি সংবেদী তা শনাক্ত করতে হবে, এবং কোন নির্দেশকের উপর ভিত্তি করে বেশির ভাগ বাজার বিশ্লেষণ করা হয়েছে।
- একই কাজের পুনরাবৃত্তি এরাতে বাজার পর্যবেক্ষণের নির্দেশক ক্লাস্টার লেভেলে চিহ্নিত করতে হবে। তখন এজেন্সি তাদের ডাটা শেয়ারিং এর মাধ্যমে অবস্থার একটি জাতীয় পর্যায়ের চিত্র পাবে, এবং কার্যকর এজেন্সিগুলো বাজার ব্যবস্থায় তাদের প্রভাব সম্পর্কে সচেতন হয়।

যৌথ বাজার পর্যবেক্ষণের উদাহারণ
উত্তর সিরিয়ায়, অনেক এজেন্সি যৌথ দ্রব্য মূল্য পর্যবেক্ষণ বাস্তবায়ন করেছিল

টেবিল ১০: বাজার পর্যবেক্ষণের নির্দেশক/সূচক সমূহ

নির্দেশকের/ সূচকের ধরণ/প্রকার	নির্দেশক/ সূচক সমূহ
পরিবার পর্যায়ে নির্দেশক/ সূচক	বাজারে স্বশরীরে/সরাসরি অংশগ্রহণ; বাজারে অংশগ্রহণের ক্ষেত্রে পরিবারের নিরাপত্তা
বাজার ব্যবস্থা পর্যায়ে নির্দেশক/ সূচক	প্রতি সপ্তাহে অত্র এলাকায় প্রবেশকৃৎ প্রধান পণ্য বহনকারী ট্রাক/কন্টেইনারের সংখ্যা বাজারে উপস্থিত প্রধান পণ্যের ব্যবসায়ীদের প্রকার এবং সংখ্যা প্রধান পণ্যের বিক্রয় মূল্য বাজারে মজুদ প্রধান পণ্য সমূহ (পরিমাণ এবং মান) বড় ব্যবসায়ীদের ব্যবসায়ের পরিমাণ এবং প্রধান পণ্যের জন্য বাস্তব বাজারে মোট ব্যবসায়ের পরিমাণের হিসাব প্রধান পণ্যের উৎসের স্থান এবং প্রোকিউরমেন্ট পর্যায়ে পাইকারি দাম (যে ব্যবসায়ী পণ্যটি বাজারে এনেছে) প্রদান পণ্যের জন্য মজুদের মাত্রা
বাজার স্থান পর্যায়ে নির্দেশক/ সূচক	বাণিজ্যের জন্য কার্যকর এবং খোলা আছে এমন রাস্তা/সীমানা; যেক্ষেত্রে বাজারে প্রচুর পণ্য আমাদানি করতে হয় সেক্ষেত্রে প্রযোজ্য (যেমন- সিরিয়া অথবা লেবানন এ) ব্যবসায়ের মূল মাধ্যম (নগদ অর্থ, বিনিময়) শহরে মজুদের ধারণ ক্ষমতা

অধ্যায় চার

- বাজার পর্যবেক্ষণ পিসিএমএ এর ভিত্তিতে পরিকল্পিত প্রকল্পের পর্যবেক্ষণ এবং মূল্যায়ন ফ্রেমওয়ার্ক এর একটি উপাদান হতে পারে। সাড়াপ্রদান প্রক্রিয়াপ্রক্রিয়া বিশ্লেষণের বাজেটে বাজার পর্যবেক্ষণের জন্য পর্যাপ্ত উপাদানের পরিকল্পনা রাখতে হবে, এই খরচ গুলো বিবেচনায় রেখেঃ টুলের পরিকল্পনা এবং প্রস্তুতি, বিশ্লেষণের জন্য ডাটাবেজ প্রস্তুত, টুলের প্রিন্টিং খরচ/ডাটা সংগ্রহের জন্য নতুন প্রযুক্তির ব্যবহার, ডাটা সংগ্রহের জন্য মানব সম্পদ, ডাটা বিশ্লেষণ এবং রিপোর্ট লিখা
- অনেক সময়, বাজার পর্যবেক্ষণ কিছু প্রধান পণ্যের মূল্যের পর্যবেক্ষণের মাঝেই সীমাবদ্ধ থাকে, যা সর্বনিম্ন শর্ত। সবসময় বাজার সম্পর্কে লজিস্টিক দলের জ্ঞান ব্যবহার করতে হবে।দ্রব্য মূল্য আঞ্চলিক, জাতীয় এবং সম্ভব হলে আন্তর্জাতিক পর্যায়ে পর্যবেক্ষণ করতে হবে (পণ্যের প্রকারের উপর ভিত্তি করে), যেহেতু এরা স্থানীয় বাজারকে উল্লেখযোগ্য ভাবে প্রভাবিত করে।

বক্স ১২: দ্রব্যমূল্য পর্যবেক্ষণ

নিম্নে দ্রব্যমূল্যের পর্যবেক্ষণের কিছু সহায়িকা দেয়া হলঃ

সামঞ্জস্যতা নিশ্চিতকরণঃ যখন দ্রব্যমূল্য সংগ্রহ করা হবে তখন নিশ্চিত করতে হবে যে তারা পরিমাপের অভিন্ন এককে থাকে। দ্রব্যগুলোর চরিত্র, মান, জাত, ইত্যাদি একই হবে। এক্ষেত্রে প্রতিবার একই ব্যবসায়ী থেকে তথ্য নিতে হবে।

অনিয়ম পরীক্ষা করাঃ যদি কোন একটি একক পণ্যের দাম অন্যান্য পণ্যের থেকে অনেক বেশী অথবা কম হয় তবে মনে করতে হবে এখানে সম্ভবত ভুল আছে। এক্ষেত্রেঃ

- দ্রব্যমূল্য সঠিকভাবে পরিমাপের এককে রূপান্তরিত হয়েছে কিনা তা পুনরায় পরীক্ষা করা
- যদি দ্রব্যমূল্য সঠিকভাবে রূপান্তরিত হয়ে থাকে তবে, সেই দ্রব্যমূল্য ঠিক আছে কিনা তা পরীক্ষা করা, যদি সম্ভব হয় একজন প্রধান তথ্য দাতার সাথে কথা বলা
- যদি মূল্য সঠিক হয়, তবে ব্যবসায়ীদের সাথে দ্রব্যমূল্যের পার্থক্যের কারণ আলোচনা করতে হবে।

সমগ্র সময় ব্যাপি প্রতিটি পণ্যের **গড় মূল্য** নির্ধারণ করা।

দ্রব্যমূল্যের **সিজনালিটি সম্পর্কে সচেতন থাকা**- ঋতু পরিবর্তনের সাথে সাথে দ্রব্যমূল্যেরও পরিবর্তন ঘটে, তাই যখন দ্রব্যমূল্য পর্যবেক্ষণ করা হয় তখন তৈরি করা সিজনাল ক্যালেন্ডার ব্যবহার করা জরুরী। এই বছরের জন্য দ্রব্যমূল্যের পরিবর্তন স্বাভাবিক কিনা, অথবা এই পরিবর্তন স্বাভাবিকভাবে প্রত্যাশিত পরিস্থিতির চেয়ে বেশী/কম তা বুঝার জন্য রেফারেন্স বছরের সাথে দ্রব্যমূল্যের পরিবর্তনকে তুলনা করতে হবে।

নির্ধারিত মূল্য এবং আসল মূল্যের পার্থক্য সম্পর্কে সচেতন থাকা। যখন বিক্রতা কর্তৃক প্রদত্ত দাম কোন দরদাম প্রক্রিয়ার ফলাফল হয়, দ্রব্যমূল্য পর্যবেক্ষণের সময় সংগৃহীত মূল্য হতে পারে নির্ধারিত মূল্য, (যেমন যার মাধ্যমে দরদাম শুরু হয়), অন্যদিকে সঠিক মূল্য যেমন, যা অনুদানের পরিমাণ এবং সম্ভাব্য মুদ্রাস্ফীতির নির্ভুলতা পর্যবেক্ষণ করতে অধিক প্রয়োজনীয়। এক্ষেত্রে নির্ধারিত দ্রব্যমূল্য সেসব ক্রেতাদের সাথে ক্রস চেক করে নিতে হবে।

দ্রব্যমূল্যের পর্যবেক্ষণ কে পরমানের পর্যবেক্ষণের সাথে একত্রিত করতে হবে, যেহেতু বাজার মূল্যের প্রবণতা (market price trends) বিশ্লেষণ পরিমানের প্রবণতা (volume trends) বিশ্লেষণ ছাড়া সম্ভব নয়।

দ্রব্যমূল্যের পর্যবেক্ষণ সম্পর্কিত আরো তথ্য জানতে (যদিও তা খাদ্য দ্রব্য পর্যবেক্ষণের মাঝেই সীমাবদ্ধ) **মার্কইট** দ্রষ্টব্য।

- বাজার পর্যবেক্ষণের ফ্রেমওয়ার্ক পিসিএমএ রিপোর্ট এ যুক্ত করতে হবে (সেকশন ৭ঃ পিসিএমএ রিপোর্ট ট্যামপে-ট দ্রষ্টব্য)।

১১.৩ ডাটা সংগ্রহ সংগঠিত করা

- প্রথমেই সেকেন্ডারী ডাটা রিভিও এর মাধ্যমে প্রাপ্ত তথ্য রিভিও করে নেয়াঃ

– এফইডব্লিউএসএনইটি অথবা ডব্লিউএফপিএম (বিশেষ করে খাদ্য দ্রব্যের জন্য)

অধ্যায় চার

– দ্রব্যমূল্যের গতি পর্যবেক্ষণ করতে কনজিউমার প্রাইজ ইনডেক্স (সিপিআই) সামষ্টিক অর্থনীতির একটি নির্দেশক/সূচক - নির্ধারিত দ্রব্য/সেবার পরিমাণের ভোক্তা কর্তৃক প্রদত্ত খুচরা মূল্যের সামগ্রিক পরিবর্তনকে পরিমাপের একটি নির্দেশক। একটি নিয়মিত সময়ের বিরতিতে (সাধারনত মাসিক) একই পরিমাণের পণ্য এবং সেবার মূল্যের পুনঃনির্ধারণের মাধ্যমে, এবং সামগ্রিক খরচকে একটি নির্বাচিত সময়ে নির্দিষ্ট পরিমাণের পণ্য দ্রব্যের খরচের সাথে তুলনার মাধ্যমে দ্রব্যমূল্যের পরিবর্তন পরিমাপ করা যায়। সিপিআই সাধারণত জাতীয় পর্যায়ে সংগ্রহ করা যায়।

- **বাজারস্থান নির্বাচন** এমন জায়গায় করতে হবে যেখানে ডাটা সংগ্রহ করা হবে। **সেকশন ৪ঃ মূল্যায়নের পরিধি এবং জরুরী অবস্থার বাজার ব্যবস্থায়** প্রদত্ত বৈশিষ্ট্যগুলো ব্যবহার করা যায়।

- **ব্যবসায়ীদের শনাক্ত** করতে হবে যাদের কাছ থেকে ডাটা সংগ্রহ করা হবে। প্রতিটি পণ্যের জন্য তিন থেকে পাঁচ জন খুচরা বিক্রেতা কে শনাক্ত করতে হবে, বিশেষ করে প্রতিবার মাঠ পরিদর্শনের সময় একই ব্যবসায়ী নির্বাচন করতে হবে, কিন্তু ব্যবসায়ীদের "হয়রানি" থেকে সাবধান থাকতে হবে। ব্যবসায়ী নির্বাচনের সংখ্যা তাদের প্রত্যেকের দ্বারা পণ্য বিক্রয়ের সংখ্যার উপর নির্ভর করে। যদি তিনটি পণ্যের মূল্য পর্যবেক্ষণ করা হয়, এবং সকল ব্যবসায়ী সকল পণ্য বিক্রয় করে, সেক্ষেত্রে তিন থেকে পাঁচ জন ব্যবসায়ীদের কাছ থেকে ডাটা সংগ্রহ করতে হবে। যদি, এক একজন বিক্রতা শুধুমাত্র একটি

পণ্যই বিক্রয় করে, তবে ডাটা সংগ্রহের জন্য মোট নয় থেকে পনের জন ব্যবসায়ীর প্রয়োজন হবে (প্রতিটি পণ্যের জন্য তিন থেকে পাঁচ জন ব্যবসায়ী)। কোন ক্ষেত্রে যেখানে বাজার ভিত্তিক সাড়াপ্রদানের প্রক্রিয়া বাস্তবায়নে পণ্য সরবরাহের পদ্ধতি হিসেবে ভাউচার ব্যবহার করা হচ্ছে, সেখানে এটা নিশ্চিত করতে হবে যে, মূল্যায়নে অংশগ্রহণকারী এবং অংশগ্রহণকারী নয় এমন ভেন্ডরদের কাছ থেকে তথ্য সংগ্রহ করা হয়েছে। এর ফলে স্বাক্ষাতকার গ্রহণের জন্য ভেন্ডরের সংখ্যা বৃদ্ধি পাবে।

- **ডাটা সংগ্রহের পুনরাবৃত্তের হার নির্ধারণ করাঃ** এটা প্রাথমিক বাজার মূল্যায়নের বলিষ্ঠতা (robustness), অবস্থার অনিশ্চয়তা, এবং প্রকল্পের পর্যায়ের (প্রকল্পের প্রাথমিক পর্যায়ে ডাটা সংগ্রহ অধিকবার সংগঠিত হতে পারে) উপর নির্ভর করে। পুনরাবৃত্তের সূচক হতে পারেঃ

– দ্রব্যমূল্যের পর্যবেক্ষণঃ সপ্তাহে এক বার থেকে মাসে এক বার। ডিস্ট্রিবিউশন ক্যালেন্ডারের উপর ভিত্তি করে পর্যবেক্ষণের দিন নির্বাচন করতে হবে;

– পরিবার ভিত্তিক বাজার সম্পর্কিত নির্দেশক/সূচকসমূহ, প্রকল্পের লজিক্যাল ফ্রেমওয়ার্ক দ্বারা নির্দেশিত অন্যান্য পরিবার ভিত্তিক নির্দেশকের সাথে একই সময়ে পরিমাপ করতে হবে;

– বাজারের সাধারন কার্যকারিতার নির্দেশকঃ প্রতি মাসে একবার থেকে প্রতি ছয় মাসে একবারের মাঝে;

- ডাটা সংগ্রহের টুল শণাক্ত করতে হবে এবং, যতটা সম্ভব, প্রকল্পের এমইএএল (MEAL) এর মাধ্যমে সংগৃহীত বাজারের ডাটাকে সমন্বিত করাঃ বাজার মূল্যায়নের নির্দিষ্ট টুল প্রস্তুত করার চেয়ে প্রকল্পের ডাটা সংগ্রহের টুলের সাথে বাজারের লেন্স ব্যবহার করা।

১১.৪ বাজার পর্যবেক্ষণের ফলাফলকে বিশ্লেষণ করা

- সাড়াপ্রদান প্রক্রিয়াপ্রক্রিয়ার শুরুতেই একটি সময়সীমা নির্ধারণ করে দেয়া যে সময়ের মাঝে প্রোগ্রাম মূল্য/পরমাণের পরিবর্তনকে লক্ষ্য করবে এবং এর ব্যাখ্যা দিবে। মাসে মাসে ৩০% পরিবর্তন দিয়ে শুরু করা যায়, দুই সপ্তাহের পর্যবেক্ষণের পরিকল্পনায় ১৫% পরিবর্তন, অথবা সপ্তাহে সপ্তাহে ৭.৫% পরিবর্তন দ্বারা শুরু করা যায়।

অধ্যায় চার

- বিভিন্ন প্রধান পণ্যের মূল্য চার্টে স্থাপন করা। যদি বাণিজ্যের পরিমানকে পর্যবেক্ষণ করা হয় তবে তাও চার্টে স্থাপন করতে হবে।
- নিম্নে মূল্য এবং পরিমাণের পরিবর্তনের কিছু প্রধান সম্ভাব্য কারণ বিশ্লেষণ করা হলঃ

		পণ্য	
		একটি/কিছু	**অধিক/সব**
বাজার	একটি/কিছু	• সিজনালিটি • আঞ্চলিক সরবরাহে দুর্যোগের প্রভাব • ব্যবসায়ীদের ক্ষমতা/কার্যকারিতা • পদক্ষেপ	• সিজনালিটি • আঞ্চলিক সরবরাহে দুর্যোগের প্রভাব • চাহিদায় দুর্যোগের প্রভাব • ব্যবসায়ীদের ক্ষমতা/কার্যকারিতা • পদক্ষেপ
	অধিক/সব	• সিজনালিটি • আঞ্চলিক সরবরাহে দুর্যোগের প্রভাব • বিশ্বব্যাপী খাদ্যদ্রব্যের মূল্য	• সিজনালিটি • সরবরাহে অধিক মাত্রায় দুর্যোগের প্রভাব

বিঃদ্রঃ নিয়ম নীতি (policies), মুদ্রাস্ফীতি, বিনিময় হার এবং জ্বালানির মূল্য পরিবর্তনের সাথে দ্রব্যমূল্যের পরিবর্তন যুক্ত কিন্তু এই প্রভাবকগুলো এখানে বিশদ ভাবে আলোচিত হবে না।

- দ্রব্যমূল্য এবং পরিমাণের তারতম্যের কারণের উপসংহার টানতে নিয়ন্ত্রিত বাজার বা সিজনাল ক্যালেন্ডার ব্যবহার করা যায়, অথবা ফোকাস গ্রুপ ডিসকাশন এর ব্যবস্থা করা যায় অথবা ব্যবসায়ী বা ট্রেড ইউনিয়নের স্বাক্ষাতকার নেয়া যায়। বিশদ বিশ্লেষণ মার্কইট এ পাওয়া যেতে পারে।

১১.৫ দীর্ঘ মেয়াদী টুলের বিষয়ে অবহিত করিয়ে দেয়া

- পিসিএমএ প্রক্রিয়ার মাধ্যমে সংগৃহীত তথ্য শুধুমাত্র কোন দুর্যোগের আকস্মিক আঘাতের ক্ষেত্রে প্রস্তুতি গ্রহণ এবং সাড়াপ্রদানের জন্যই ব্যবহৃত হয় না বরং দ্রুত পুনরুদ্ধার/দীর্ঘ মেয়াদী বাজার গবেষণা- যেমন শ্রম বাজার বিশ্লেষণে ব্যবহৃত হতে পারে।
- নির্দিষ্ট বাজারে দুর্যোগপূর্ব অবস্থার কার্যক্রম সম্পর্কে ধারণা মানবিক সাহায্য সংস্থার কর্মী, পুনর্বাসন এবং উন্নয়ন সেক্টরের কর্মরত কর্মীদের অবকাঠামোর ভালো পুনর্বাসন, কর্মসংস্থানের সুযোগ এবং উপযুক্ত পরিবেশ তৈরি করতে সাহায্য করে। শ্রম বাজার সম্পর্কে সেভ দ্যা চিল্ড্রেন, আইআরসি এবং মার্সি কর্পস এর সাম্প্রতিক সহায়িকা **"লেবার মার্কেট অ্যানালাইসিস ইন হিউমেনিটেরিয়ান কনটেক্সট, এ প্রেক্টিশনার'স গাইড"** কিভাবে দুর্যোগপূর্ব অবস্থা এবং ইএমএমএ এর তথ্য দীর্ঘ মেয়াদী প্রোগ্রাম পরিকল্পনায় ব্যবহার করা যায় তা আলোচনা করে।

কত সময় লাগবে?

উল্লিখিত নির্দেশকগুলো ১.৫ থেকে ২ ঘন্টার মিটিং এর মাধ্যমেই অর্জিত হয়। লজিস্টিক দল যেহেতু দ্রব্যমূল্য এবং বাজার পর্যবেক্ষণের সাথে যুক্ত ছিল তাই তাদেরকে এই ধাপে কে যুক্ত করার কথা চিন্তা করা যায়। বস্তবভাবে, নির্দেশক শনাক্তকরণ, মাঠের কাজের শেষে দুই দিনের কর্মশালার একটি অংশ হতে পারে।
বাজারের সহায়িকা পর্যবেক্ষণ নিজেই একটি চলমান প্রক্রিয়া।

অধ্যায় চার

১২. রেফারেন্স এবং দুর্যোগের মানচিত্র হালনাগাদকরণ

এই অধ্যায়ের প্রয়োজনীয়তা

একটি পিসিএমএ দুটি ভিন্ন সময়ে হলনাগাদকৃৎ হতে পারেঃ ১) যখন অনুমেয় দুর্যোগ আঘাত করে, এবং ২) যখন অবস্থা এমন ভাবে পরিবর্তিত হয় যে, পরিবর্তন গুলো নিয়মিত/স্বাভাবিক বাজার পর্যবেক্ষণের মাধ্যমে ধারণ করা সম্ভব হয় না। এই দুটি অবস্থার প্রত্যেকটির সূচক, ব্যাপ্তি এবং উদ্দেশ্য ভিন্ন হয়।

এই অধ্যায়ের শেষে কি অর্জিত হবে?

- বাজার কমিটির প্রধান জনবেন কখন এবং কিভাবে পিসিএমএ হালনাগাদ করতে হয়
- এজেন্সি পর্যায়ে হালিনাগাদ করার পরিকল্পনা লিপিবিদ্ধ হবে

এই ধাপে করণীয় এবং কিভাবে করা হবে?

১২.১ যদি/যখন দুর্যোগ আঘাত করে তখন দুর্যোগের মানচিত্র (crisis map) হালনাগাদকরণ

- যখন দুর্যোগ আঘাত করে, বাজারের বেজলাইন প্রাসঙ্গিক থাকবে এবং দুর্যোগের মানচিত্রের/চিত্রায়নের (crisis map) দিকে হালনাগাদকরণ প্রক্রিয়া নজর দিবে। দুর্যোগের মানচিত্রের/চিত্রায়নের (crisis map) দিকে হালনাগাদকরণের উদ্দেশ্য হবে জরুরী অবস্থার বাজারে দুর্যোগের কাঙ্ক্ষিত প্রভাব বিশ্লেষণকে যাচাই করা, এবং তদানুযায়ী সাড়াপ্রদানের প্রক্রিয়া হালনাগাদ করা।
- দুর্যোগ এর চিত্র হালনাগাদ করা নতুন ভাবে চাহিদা নিরূপণ শুরু করার দিকে নির্দেশ করা
- পিসিএমএ এর অস্তিত্ব বাজার, বাজারের এক্টর এবং অভীষ্ট/লক্ষিত জনগণের উপর দুর্যোগের প্রভাবকে আরো দ্রুত বিশ্লেষণ করার সম্মতি দেয়, এবং তদানুযায়ী বাজার সচতনতাভিত্তিক দুর্যোগে সাড়াপ্রদানের পদ্ধতির পরিকল্পনা করা।
- দুর্যোগের জন্য, শুধুমাত্র দুর্যোগের সময়কে বিশ্লেষণ করার জন্য পিসিএমএ তে যে যুক্তি ব্যবহৃত হয়েছিল তা ব্যবহার করা যায়। যেহেতু দলকে ইতোমধ্যে প্রশিক্ষণ দেয়া হয়ে গেছে, প্রধান এক্টরগণ শনাক্ত হয়েছে- ইত্যাদি কারণে, এটা যতটা সম্ভব সামগ্রিক বিশ্লেষণের চেয়ে দ্রুত করতে হবে। উদ্দেশ্য হবে, সামগ্রিক মূল্যায়ন এবং বিশ্লেষণ বোঝার চেয়ে বাস্তবতা পরীক্ষা করা।

অধ্যায় চার

বাস্তব উদাহারণ সোমালিয়ায় আইআরসি এর পিসিএমএ হালনাগাদ করণের পরিকল্পনা

নভেম্বর ২০১৫, সোমালিয়ায় পিসিএমএ বাস্তবায়নের সময় আইআরসি নিম্নুক্ত বিষয়গুলো হলনাগাদ করতে পরিকল্পনা করেছিলঃ

মুগাদিসুতে দুর্যোগে ক্ষুদ্র এবং মাঝারি ধরণের স্থানচ্যুতির/স্থানান্তরের (displacement) সময় (৪০০০ বা এর থেকেও কম পরিবার ক্ষতিগ্রস্ত হয়), তখন খুব দ্রুত দুর্যোগ পরবর্তী বাজার মূল্যায়ন করা হয়েছিল। বাস্তবিকভাবে, এটা পরিষ্কার যে, যেকোন মানবিক সাহায্যের পূর্বেই স্থানচ্যুত/স্থানান্তরিত পরিবারগুলো সরিয়ে নিতে হবে। এই মূল্যায়নটি এক দিন বা তারো কম সময়ের মাঝে খুব ছোট একটি দল দ্বারা (৪-১০ জন সদস্য) করা হয়েছিল । কারণ এই মূল্যায়নে বাজার ব্যবস্থার বৃহৎ পরিবর্তনের গবেষণা মানবিক সাহায্য সংস্থার পণ্যদ্রব্যের মাধ্যমে সহায়তার (in-kind humanitarian assistance) সাথে জড়িত, এবং বৃহত্তর দিক থেকে এটা প্রত্যাশা করা হয় যে, আরো অনেক বাজার ব্যবস্থার পরিপ্রেক্ষিতে কোন সাহায্য বন্টনের পূর্বেই এটা স্বাভাবিকভাবে অন্যান্য স্থানচ্যুতির মত কার্যকর থাকবে।

এই কারণে, বর্তমান রিপোর্টের বাজার পর্যবেক্ষণের সহায়িকাই যথেষ্ট, নিম্নুক্ত কিছু নির্দেশনা এর সাথে যুক্ত হয়ঃ (১) ২-৩ টি ক্ষুদ্র বাজারস্থান পর্যবেক্ষণ যেগুলো খুবই গুরুত্বপূর্ণ ক্যাম্প এ বসবাসকারী মানুষের জন্য যেখানে আইডিপি স্থানান্তরিত হয়েছে; (২) যদি নিরাপদ হয়, তবে বাজারস্থান স্বশরীরে পর্যবেক্ষণ করা; (৩) যদি দলের আকার আনুমোদন দেয়, তবে অধিক সংখ্যক বিভিন্ন প্রকারের ভেন্ডর এবং বাজারস্থানের প্রতিনিধির (যেমন- বাজার ব্যবস্থাপক/বাজারের ম্যানেজার) স্বাক্ষাতকারগ্রহণ; (৪) আরএএম এর ৮ এবং ৯ নম্বর টুল কিঞ্চিত আরো বিস্তৃত প্রশ্নাবলী প্রস্তুত করতে সহজভাবে ব্যবহৃত হবে, এই প্রশ্নাবলী বাজারের পরিবেশ এবং অবকাঠামো, ইনপুট, এবং সেবার উপর দুর্যোগের প্রভাব সম্পর্কে অনুসন্ধান করে; এবং (৫) আইডিপি ক্যাম্প এর চাহিদা নিরূপণ যেসব ব্যবসায়ীদের ব্যবসায় এই স্থানচ্যুতির কারণে ক্ষতিগ্রস্ত/ধ্বংস হয়েগেছে তাদের সাথে সম্পর্কিত প্রশ্নগুলো যুক্ত করবে যেন এই জনগোষ্ঠীর জন্য সম্ভাব্য বাজার সহায়তা সম্পর্কে তথ্য দিতে পারে। বিশেষ করে, এই প্রশগুলো ব্যবসায়ের ক্ষতির মাত্রা এবং অবস্থা সম্পর্কে তথ্য দিবে।

সম্পূর্ণ পিসিএমএ রিপোর্ট এখানে দ্রষ্টব্য।

- যদি অনুমেয় মূল্য এবং পর্যবেক্ষিত মূল্যের মাঝে অনেক পার্থক্য থাকে তবে আরো অধিক ব্যাপ্তি বিশিষ্ট পিসিএমএ এর বিষয়ে বিবেচনা করতে হবে।
- যদি দুর্যোগপূর্বে, যে দুর্যোগ অনুমান করা হয়েছিল তা না হয়, অথবা যদি ক্ষতিগ্রস্ত জনগণের প্রয়োজনীয় চাহিদা, পিসিএমএ তে শনাক্তকৃত চাহিদা থেকে ভিন্ন হয়, তখন দুর্যোগ পরবর্তী সময়ের বাজার বিশ্লেষণের টুল (ইএমএমএ, এমএজি ইত্যাদি) ব্যবহার করতে হবে। এক্ষেত্রে পিসিএমএ এর ফলাফল সমূহ প্রয়োজনীয় হবে এবং সেকেন্ডারী ডাটা হিসেবে ব্যবহৃত হতে পারে।

১২.২ অবস্থার যদি ব্যপক পরিবর্তন হয় তবে পিসিএমএ পুনর্বিবেচনা করা

বাজার পর্যবেক্ষণের মাধ্যমে বাজারের পরিবর্তনশীল বৈশিষ্ট্যকে ধারণ করতে এবং সিজনাল এবং ঐতিহাসিক অবস্থাকে (seasonal and historical trends) পর্যবেক্ষণ করতে সহায়তা করে, যা সাধারণত ধীরগতি সম্পন্ন দুর্যোগের অবস্থার সাথে প্রাসঙ্গিক। যাইহোক, অবস্থার পরিবর্তনের কারণে নতুন একটি পিসিএমএ এর বাস্তবায়ন করতে হবে, উদাহারন স্বরূপ, যদি দেশের ভিতরে বাণিজ্য নীতিতে ব্যপক পরিবর্তন ঘটে, অথবা যদি বিশ্লেষণে অনেক ভুল অনুমান করা হয় (যেমন- এমন একটি দুর্যোগের অবস্থা নির্বাচন করা হয়েছে যার বাজার ব্যবস্থার উপর কোন প্রভাব নেই)। এটা সাধারণত বিশ্লেষণের প্রাথমিক কৌশলগত ব্যবহারের সময় জাতীয় পর্যায়ে আলোচনা করে নেয়া হয়।

- এক্ষেত্রে এই সহায়িকায় প্রদত্ত পদ্ধতিতে একটি নতুন পিসিএমএ গ্রহণ করা যায়। দলের নতুন সদস্যকে প্রশিক্ষণ দেয়ার সময় এই সুবিধাটি কাজে লাগানো যায়।

অধ্যায় চার

কত সময় লাগবে?

দুর্যোগ পরবর্তী অবস্থায়, দুর্যোগের মানচিত্র/চিত্রায়ন হালনাগাদ করা এবং সাড়াপ্রদানের প্রক্রিয়ার সুপারিশগুলোকে দ্রুত, চাহিদা নিরূপণের সাথে একযোগে বিবেচনা করা হয়। কারণ, এরই মধ্যে পিসিএমএ বাস্তবায়ন করতে হবে, ইতোমধ্যে দলকে প্রশিক্ষণ দেয়া হয়ে গেছে, এবং শুধুমাত্র দুর্যোগের মানচিত্র হালনাগাদ করতে এবং সাড়াপ্রদান প্রক্রিয়াপ্রক্রিয়ার জন্য ডাটা সংগ্রহ করা হবে - যেমন পরিকল্পনাকে বাস্তব অবস্থার সাথে মুখোমুখী করা - সমগ্র পিসিএমএ দুই থেকে তিন দিনের মাঝে সম্পন্ন করতে হবে।

যদি অবস্থার পরিবর্তনের জন্য পিসিএমএ হালনাগাদ করা হয়, তবে সমগ্র পিসিএমএ করতে একই সময় দেয়া হয়ঃ পাঁচ থেকে আট দিন।

জর্ডানে বসবাসকারী একজন সিরিয়ান মহিলা খাদ্যদ্রব্যের জন্য একটি মুদী দোকানে বাজার করছে। জর্ডানের অনেক উদ্বাস্তু পরিবার প্রয়োজনীয় মৌলিক উপকরণ ক্রয় করতে ভাউচার গ্রহণ করেছে।

অ্যানেক্স

পিসিএমএ এর এজেন্ডার নমুনা

- সাম্প্রতিক অভিজ্ঞতার ভিত্তিতে দুর্যোগ বাজার বিশ্লেষণে গড়ে ১১ টি সম্পূর্ণ দিন লাগে (২ দিন প্রশিক্ষণ/কক্ষের মাঝে কর্মশালা, ১ দিন মাঠের প্রস্তুতি, ৫ দিন মাঠের কাজ, ১ দিন বিশ্লেষণ কর্মশালা, ১ দিন অন্যান্য বিশ্লেষণের জন্য)। কিন্তু, উদাহারন স্বরূপ, উদ্দেশ্য যদি হয় শুধু মাত্র বেজলাইনের তথ্য দেয়া এবং একটি অভিজ্ঞ দলের মাধ্যমে তা বাস্তবায়ন করা হয়, তবে তা ৩ থেকে ৫ দিনের মাঝেই সম্পন্ন করা হয়। বিশ্লেষণের বিষয়ে পরিকল্পনা নেয়ার সময় সব সময় রিপোর্ট লিখার সময়কে বিবেচনায় রাখতে হবে। সাধারণত বিশ্লেষণ দলের দলনেতার ২ থেকে ৩ দিন লাগে একটি রিপোর্ট লিখতে।
- পূর্বে উল্লেখ আছে যে, মনে রাখতে হবে ব্যবহারের ব্যাপ্তি এর উদ্দেশ্য, প্রয়োজনীয় তথ্যের ব্যাপকতা, এবং দল গঠনের উপর ব্যাপক ভাবে নির্ভর করে। জানার চাহিদার উপর ভিত্তি করে এটা ১-২ জন প্রশিক্ষিত মানুষের সাহায্যে ২ অথবা ৩ দিনের মাঝেই অর্জিত হয়।
- অক্সফাম ২০১৩ সালে কেনিয়ায় সীমিত সময়ের মাঝে বাজার বিশ্লেষণ করার সময় নিম্নুক্ত এজেন্ডা গুলো ব্যবহার করেছিল।

১ম দিন	২য় দিন	৩য় দিন	৪র্থ - ৭ম দিন	৮ম দিন
বাজারের বেজলাইন মূল্যায়নের প্রশিক্ষণের সূচনা	কার্যকর বাজার বিশ্লেষণের সূচনা ২- বাজার ব্যবস্থার ধারণা নেয়া এবং চিত্রায়ন	প্রাথমিক বাজার বিশ্লেষণ	ডাটা সংগ্রহ	মাঠের ফলাফল প্রেজেন্ট এবং ডাটা বিবেচনায় রাখা
কার্যকর বাজার বিশ্লেষণের সূচনা ১- বাজার কেন গুরুত্বপূর্ণ	কার্যকর বাজার বিশ্লেষণের সূচনা ৩- দুর্যোগকালীন মানচিত্র, প্রত্যক্ষ এবং পরোক্ষ সাড়াপ্রদান	বাজার বিশ্লেষণ - ধারণা, যুক্তি এবং নির্দেশক	মাঠে দুপুরের খাবার	গ্যাপ এবং বাজার বিশ্লেষণ
বাজারের মাধ্যম নির্ধারণ - নগদ অর্থ এবং পণ্যদ্রব্য	দুর্যোগের অবস্থা নির্বাচন এবং চাহিদা নিরূপণ	গ্যাপ বিশ্লেষণ	ডাটা সংগ্রহ	প্রকল্পের মোটামোটি ধারণা
ক্যাশ ট্রান্সফারের পদ্ধতি	জরুরী অবস্থার বাজার নির্বাচন	মাঠের কাজের প্রস্তুতি	গ্রুপে আলোচনা এবং বিভিন্ন টুলের	সাড়াপ্রদানের প্রক্রিয়া এবং সুপারিশ

			হালনাগাদকরণঃ সেজনাল ক্যালেন্ডার, এইচএইচ প্রোফাইল, এবং গ্যাপ বিশ্লেষণের টেবিল	
নগদ অর্থ প্রদানের পদ্ধতি	মূল বিশ্লেষণধর্মী প্রশ্ন	অতিরিক্ত সেশন	অন্য গ্রুপকে জানানোঃ প্রেজেন্টেশন, কিউএ	বাজার পর্যবেক্ষণ এবং মানচিত্রের হালনাগাদকরণ কর্মপরিকল্পনা

অ্যানেক্স

পিসিএমএ এর টিওআর (ToR) এর নমুনা

কেনিয়ায় আরবান পিসিএমএ টিওআর - অক্সফাম
মূল্যায়নের তারিখঃ ৩-১৩ জুন ২০১৩
বাস্তবায়িত সংস্থাঃ অক্সফাম, কেনিয়া
অংশগ্রহণকারী সংস্থাঃ কর্সান ওয়ার্ল্ডওয়াইড, ইন্টারমন, সেভ দ্যা চিল্ড্রেন, মুরুকু স্লামস ডেভেলপমেন্ট প্রজেক্ট (এমএসডিপি), উমান্ডে ট্রাস্ট, অক্সফাম
বাজেটঃ ১৮,০০০ ইউরো

উদ্দেশ্য বিশ্লেষণ

- দুর্যোগের চাহিদা এবং দ্রুত জীবিকা পুনরুদ্ধারের চাহিদা পূরণে একটি দ্রুত বাজার বিশ্লেলষণের মাধ্যমে সঠিক সাড়াপ্রদানের পদ্ধতি (নগদ অর্থ/পণ্য-দ্রব্য/বাজারের সহযোগিতা/আলোচনা (cash/in-kind/market support/advocacy)) শানক্ত করা
- বাজার বিশ্লেষণ, সাড়াপ্রদান প্রক্রিয়ায় এর ব্যবহার এবং পরিকল্পনা সেই সাথে দুর্যোগের ঝুকি হ্রাস, দুর্যোগের পূর্বপ্রস্তুতি এবং সম্ভাব্য ঘটনা বিশ্লেষণে অক্সফাম জিবি এর দক্ষতা বৃদ্ধি করা
- মানিয়ে নেয়ার বিদ্যমান কৌশল সম্পর্কে অক্সফামের ধারণা বাড়ানো এবং এই সব খাপ খাইয়ে নেয়ার কৌশলকে আরো শক্তিশালী করার পদ্ধতি সম্পর্কে প্রোগ্রমকে অবহিত করা
- উল্লেখ্য যে, এর মূল উদ্দেশ্য জাতীয় পর্যায়ে দক্ষতা বৃদ্ধি, যেখানে সম্ভব অনুসন্ধান নিশ্চিত করতে অক্সফামের স্থানীয় বাস্তবায়নকারী অংশীদার সংস্থা সমূহ এমএসডিপি (MSDP), উমান্ডে ট্রাস্ট (Umande Trust), অক্সফামের ওয়াশ, ইএফএসএল এবং সহায়তাকারী কর্মী সাড়াপ্রদান প্রক্রিয়াপ্রক্রিয়া বিশ্লেষণে এবং সুপারিশ তৈরি করতে অংশ নিবে।

ফলাফল

- সাড়াপ্রদান প্রক্রিয়াপ্রক্রিয়া বাজার বিশ্লেষণের একটি প্রধান ইনপুট হিসেবে বাজার বিশ্লেষণের গুরুত্ব অনুধাবন করবে এবং এই বিশ্লেষণকে দুর্যোগে ঝুঁকি হ্রাস সহ দুর্যোগের পূর্বপ্রস্তুতি, সম্ভাভ্য ঘটনার পরিকল্পনা এবং প্রকল্পের পরিকল্পনা (সিটিপি এবং/অথবা পণ্যদ্রব্য) করতে ব্যবহার করা হবে।
- জরুরী অবস্থার বাজার বিশ্লেষণ পরিকল্পনা এবং বেজলাইন সম্পন্ন করা হয়, যা নাইরোবির নিয়ম বিরুদ্ধ জনবসতির (informal sattlements) উপর কোন দীর্ঘমেয়াদী দুর্যোগের আঘাতে সাড়াপ্রদানের সঠিক পরিকল্পনা করতে তথ্য দিয়ে সহায়তা করে এবং সেই সাথে দুর্যোগের পূর্বপ্রস্তুতি, সম্ভাব্য অবস্থার পরিকল্পনা এবং দুর্যোগে ঝুঁকি হ্রাস (যেখানে সম্ভব) এর বিষয়ে তথ্য দিবে।
- বাজার ব্যবস্থার তথ্যের বেজলাইন হালনাগাদ করতে এবং দুর্যোগে সাড়াপ্রদানের পরিকল্পনা বিশ্লেষণ করার জন্য প্রাসঙ্গিক নির্দেশক শনাক্ত করা

- সমগ্র প্রকল্পের সময়কালে দুর্যোগের নির্দিষ্ট পূর্বপ্রস্তুতি, দুর্যোগ এবং পুনরুদ্ধারের অবস্থার উপর ভিত্তি করে বিভিন্ন ধরণের উপযুক্ত প্রত্যক্ষ এবং পরোক্ষ পদক্ষেপের সমন্বয়ে উদ্ভাবনী প্রোগ্রামিং এর প্রস্তাবনা দেয়।

অ্যানেক্স

বাজার বিশ্লেষণের ফলাফল (outputs)

ম্যপ/মানচিত্র/চিত্রায়ন (mapping) সহ নির্বাচিত জরুরী অবস্থার বাজার ব্যবস্থার দুর্যোগ পূর্ব অবস্থার রিপোর্ট, প্রধান ফলাফল এবং সুপারিশ।

কান্ট্রী ম্যানেজমেন্ট টীম এবং আরবান ভালনারিবিলিটি ফোরাম/নাইরোবির কন্টেনজেন্সি হাব এর অন্যান্য বহিরাগত স্টেকহোল্ডারদের কাছে প্রধান ফলাফল এবং সুপারিশ প্রেজেন্ট করা

চূড়ান্ত রিপোর্ট (সম্পূর্ণ বিশ্লেষণ এবং সুপারিশ সহ) বিশ্লেষণ দলের দলনেতা দ্বারা সম্পন্ন হবে। রিপোর্ট চূড়ান্ত করার সময় দুর্যোগ পূর্ব বাজার বিশ্লেষণের মূল্যায়ন দলের সদস্য/দলনেতা যেকোন ধরণের ট্যাকনিকেল সেকশন সম্পর্কিত সহায়তা করবে।

ভৌগোলিক এলাকা

এই কজের প্রধান ভৌগোলিক এলাকা - বাজারের এক্টরদের চিত্রায়িত করতে নাইরোবির কাছাকাছি মুকুরুর অবৈধ জনবসতি পর্যবেক্ষণ

বিশ্লেষণের জন্য জরুরী বাজার ব্যবস্থা

সম্ভাব্য বিশ্লেষণের জন্য সাময়িক ভাবে জরুরী অবস্থার নিম্নুক্ত বাজার সমূহ নির্বাচিত করা হয়েছিল। বাজার বিশ্লেষণের চূড়ান্ত সিদ্ধান্ত বিশ্লেষণের প্রথম দিনের পর নেয়া হবে।

- ভূট্টার ময়দা
- পানি
- ঋন সেবা

বিশ্লেষনের জন্য দল

আনুমানিক ১৫-১৮ জন অংশগ্রহণকারী, ৮ জন আন্তর্জাতিক কর্মী সহ

সব অংশগ্রহণকারী ইংরেজীতে যোগাযোগ করতে সক্ষম হবে এবং স্থানীয় কর্মী সওহিলি ভাষায় কথা বলবে

প্রাথমিকভাবে সহায়তা প্রদান/প্রশিক্ষণ ইংরেজীতে হবে।

মূল্যায়নের সময় এবং ওয়ার্কিং আওয়ার

- জুন ৩-১৩, ২০১৩। নিম্নের সময়তালিকা দ্রষ্টব্য
- প্রতিদিন দীর্ঘ সময় কাজ করার জন্য অংশগহণকারীগণ অবশ্যই প্রস্তুত থাকবে।
- সময়মত কাজ শেষ করতে এবং রিপোর্টের কাঙ্ক্ষিত বর্ণনা এবং মান নিশ্চিত করতে মূল্যায়নের সমগ্র সময়ে, এবং প্রয়োজনে কোন বিরিতি ছাড়াই সকল অংশগ্রহণকারী কাজ করতে সম্মত হবে। কোন বিষয় বুঝতে সমস্যা হলে অথবা কোন গুরুত্বপূর্ণ বিষয় আলোচনার প্রয়োজন হয় তবে তা সম্পর্কে তথ্য দিতে হবে।

যোগাযোগ

- অধিকাংশ কর্মীর ব্যবহৃত স্থানীয় মোবাইল ফোন নম্বর থাকবে। বাজার বিশ্লেষণ পর্যবেক্ষণের জন্য আগত আন্তর্জাতিক কর্মীর জন্য স্থানী সিম কার্ড প্রয়োজন হবে।
- মাঠের কাজের শুরুর সময়, অংশগ্রহণকারীদের মোবাইল নম্বর সংগ্রহ করতে হবে এবং সবাইকে দিতে হবে

প্রশাসনিক সহায়তা এবং প্রয়োজনীয় উপকরণ

বাজার দলকে নাইরোবির অফিস নিম্নুক্ত উপকরণ প্রদান করবে

- অফিসের জায়গা এবং প্রিন্টার ও ফটোকপি মেশিনের ব্যবহারের অনুমতি
- ফ্লিপচার্ট এবং লেখার কাগজপত্র ও অন্যান্য সরঞ্জাম
- প্রেজেন্টেশনের জন্য ডাটা প্রোজেক্টর এবং ল্যাপটপ
- বিশ্লেষণ এবং ফিডব্যাক সেশনের সময় নাস্তা
- ভাড়ায় জানবাহন
- নাইরোবিতে থাকার ব্যবস্থা

কেনিয়ায় আরবান পিসিএমএ বাজেট - অক্সফাম (জুন, ২০১৩)

উবষয়	পরিমাণ	একক	সময়	একক	প্রতি এককে খরচ (স্থানীয় মুদ্রায়)	প্রতি এককে খরচ (জিবিপি)	মোট (স্থানীয় মুদ্রায়)	মোট (জিবিপি)	মোট (ইউরো)
মানব সম্পদ								৯৩৮১	১১২৫৮
কর্মী - বিশেষজ্ঞ								৬০০০	৭২০০
দলনেতা (৩ জন)	৩	ব্যক্তি	৯	দিন		২০০	০	৫৪০০	৬৪৮০
রিপোর্ট লিখতে দলনেতা	১	ব্যক্তি	৩	দিন		২০০	০	৬০০	৭২০
কর্মী - জাতীয় পর্যায়ে								৩৩২০	৩৯৮৪
দলের সদস্য	৯	ব্যক্তি	৩	দিন	৬০০০	৪৫	৪৩২০০০	৩২৩০	৩৮৭৬
আয়োজনের জন্য লজিস্টিক দল	১	ব্যক্তি	২	দিন	৬০০০	৪৫	১২০০০	৯০	১০৮
কর্মীর অতিরিক্ত খরচ								৬১	৭৪
যেমন ভিসা/অনুমতি ফী	২	ভিসা						৬১	৭৪
অপারেশনাল এবং লজিস্টিক								২৭৩০	৩২৭৬
যাতায়ত খরচ								১৬৬৫	১৯৯৮
আন্তর্জাতিক বিমান ভাড়া (অক্সফোর্ড থেকে নাইরোবি)	১	ফ্লাইট				৭৯৮		৭৯৮	৯৫৭
মাঠ পরিদর্শনের জন্য গাড়ি ভাড়া	৩	ট্রিপ	৪	দিন	৯০০০	৬৭	১০৮০০০	৮০৮	৯৬৯
এয়ারপোর্ট থেকে আনা-নেয়ার জন্য গাড়ি ভাড়া (২জন)	৪	ব্যক্তি	১		২০০০	১৫	৮০০০	৬০	৭২
থাকা এবং খাওয়া								১০৫০	১২৬০
হোটেল	২	লাম্প সাম	১৩	দিন	৫৪০০	৪০	১৪০৪০০	১০৫০	১২৬০
যোগাযোগ								১৫	১৮
যেমন মোবাইল খরচ	১		৫	দিন	২০০০	১৫	২০০০	১৫	১৮
ইএমএমএ প্রোগ্রাম/কার্যক্রমের খরচ								২৪১৯	২৯০৩
বাজারের বেজলাইনের কর্মশালা - ২ দিনের প্রাথমিক প্রশিক্ষণ এবং ২ দিনের ফলাফলের বিশ্লেষণ এবং প্রেজেন্টেশন সহ (নাস্তা, দুপুরের খাবার ইত্যাদি)	১৮		১		২৭৫০	২১	২৪৭৫০০	১৮৫১	২২২১
ফলাফল এবং সুপারিশের প্রেজেন্টেশন	২৫		১		১০০০	৭	২৫০০০	১৮৭	২২৪
লেখার কাগজপত্র ও অন্যান্য সরঞ্জাম এবং প্রিন্টিং খরচ	১	লাম্প সাম	১		১৩০০০	৯৭	১৩০০০	৯৭	১১৭
ইএমএমএ এর বই	১	বই	১৫	ব্যক্তি		১০		১৫০	১৮০
ট্যাক্সি ভাড়া/ভাড়া পরিশোধ	৬		১০	দিন	৩০০	২	১৮০০০	১৩৫	১৬২
মোট								১৪৫৩১	১৭৪৩৭
কন্টিনজেন্সি ৩%								৪৩৬	৫৬৩
সর্বমোট								১৪৯৬৭	১৮০০০

সেকেন্ডারী ডাটা রিভিও এর জন্য গুরুত্বপূর্ণ ওয়েবসাইট

মার্কেটস ইন ক্রাইসিস কম্যুনিটি অফ প্র্যাকটিস লাইব্রেরি
ইএমএমএ ওয়েবসাইট
ফুড সিকিউরিটি ক্লাস্টার
রিলিফ ওয়েবঃ সাধারণ তথ্য এবং দুর্যোগের পরিস্থিতির ম্যাপ (দেশের অভ্যন্তরে এবং সেক্টর দ্বারা আয়োজিত), ওসিএইচএ অবস্থার রিপোর্ট, ক্লাস্টার রিপোর্ট
এফইডব্লিউএস-এনইটিঃ খাদ্য নিরাপত্তা সম্পর্কিত তথ্য, জীবিকা জোন এবং মার্কেট প্রোফাইলের তথ্য, বাজার এবং বাণিজ্য সম্পর্কিত তথ্য, খাদ্য নিরাপত্তা, বাণিজ্য প্রবাহের চিত্র
আইপিসিঃ স্থানীয় নিরাপত্তার তথ্যের জন্য খাদ্য নিরাপত্তার বিভিন্ন পর্বের শ্রেনীবিভাগের সমন্বয়
ম্যাপ-একশনঃ ম্যাপ এবং টেকনিক্যাল তথ্য, যেমন বাণিজ্য প্রবাহের তথ্য
ইউএনওসিএইচএঃ "কে করবে, কী করবে, কোথায় করবে" যোগাযোগ ব্যবস্থাপনা ডিরেক্টরি
লগ - ক্লাস্টারঃ মাঠের কাজ, রাস্তার অবস্থা এবং মাঠ পর্যবেক্ষণের সময়, ম্যাপ এবং সরবরাহকারীর ডাটাবেজ সম্পর্কিত লগিস্টক তথ্য দেয়
ইউনিসেফঃ শিশুদের চাহিদার উপর লক্ষ্য রেখে আভ্যন্তরীন সামগ্রিক তথ্যের জন্য, বিশেষ করে পানি এবং স্বাস্থ্যব্যবস্থা, স্বাস্থ্য খাত, পরিবারের অপরিহার্য উপকরণ ইত্যাদি তথ্যের জন্য
ডব্লিউএফপিঃ খাদ্য নিরাপত্তা সংক্রান্ত বিষয়ের তথ্যের জন্য, সিএফএসভিএ এবং সিইএসএএম এর রিপোর্ট, ভালনারেবিলিটি অ্যানালাইসিস এন্ড ম্যাপিং এর খাদ্য নিরাপত্তার সম্পূর্ণ রিপোর্ট
এফএও জিআইইডব্লিউএসঃ সাধারণ খাদ্যদ্রব্যের ডাটার জন্য (এখানে রাজধানী এবং বড় শহরগুলোর ডাটা পাওয়া যায়)
এফএও এবং এফএও স্টেটঃ খাদ্য উৎপাদন, খাদ্য নিরাপত্তা এবং সেই সাথে ফুড ব্যালেন্স শিট এর রিপোর্ট ও ডাটার জন্য
ফুড ইকোনমি গ্রুপঃ হাউজহোল্ড ইকোনমি (এইচইএ) এপ্রোচ এর রিপোর্ট
এইচইএ ওয়েবসাইটঃ হাউজহোল্ড ইকোনমি (এইচইএ) এপ্রোচ, কস্ট অব ডায়েট এর রিপোর্ট
এইচইএ সাহেলঃ সাহেল দেশ গুলোর জন্য এইচইএ রিপোর্ট
ওয়ার্ল্ড ব্যাংকঃ বিভিন্ন বিষয়ের উপর দেশের আভ্যন্ড়রীন তথ্যের জন্য (যেমনঃ কৃষি এবং গ্রামীণ উন্নয়ন; শ্রম এবং সামাজিক রক্ষণ)
স্থানীয় উন্নয়নমূলক ব্যাংকঃ আফ্রিকা, এশিয়া, ইউরোপ, আমেরিকা এর দেশ সম্পর্কে সাধারণ তথ্যের জন্য
আইওমঃ জনগণের স্থানাতর এবং আবাসের চাহিদা সম্পর্কিত তথ্যের জন্য
ইউএনএইচসিআরঃ আবাসনের চাহিদা, উদ্বাস্তু এবং আইডিপি মুভমেন্ট সম্পর্কিত তথ্যের জন্য
মাইক্রোফাইনান্স গেটওয়েঃ দেশের মাক্রো-ফাইনান্স প্রতিষ্ঠান এবং ঋণ সেবা সম্পর্কিত তথ্যের জন্য
সীপ নেটওয়ার্কঃ দেশ ভিত্তিক মাক্রো-ফাইনান্স, এন্টারপ্রাইজ ডেভলপমেন্ট এর ওয়েবলিঙ্ক
বিডিএস নলেজঃ এন্টারপ্রাইজ ডেভলপমেন্ট এবং বাজার বিশ্লেষণের রিপোর্ট এর লাইব্রেরি
ইউএনডিপিঃ উন্নয়ন নীতি এবং জীবিকা কৌশল সম্পর্কিত বিশদ রিপোর্ট এর জন্য

অ্যানেক্স

ডাটা সংগ্রহের প্রশ্নমালায় (DATA-COLLECTION QUESTIONNAIRE) যুক্ত হতে পারে এমন কিছু প্রশ্নের লিস্ট

ইএমএমএ টুলকিট থেকে

বড় ব্যবসায়ীদের জন্য নমুনা প্রশ্ন

রেফারেন্স অবস্থায়ঃ বাজার ব্যবস্থার স্বাভাবিক কাঠামো এবং কার্যকারিতা

ভ্যাল্যু চেইন এক্টরঃ

১। আপনার ব্যবসায় কী ধরণের (পণ্য উৎপাদন অথবা সেবা) এবং ইনপুট গুলো কি কি? আপনাকে কে কাঁচামাল সরবরাহ করে? ইত্যাদি
এই চেইনের মাঝে প্রত্যেকটি মানুষ বা কোম্পানি কি ধরণের কাজ করে?
২। তারা প্রত্যেকের সাথে কোন মাত্রায় প্রতিদ্বন্দ্বিতা করে? এবং অন্যান্য সাপ্লাই চেইনের সাথে প্রতিদ্বন্দ্বিতার মাত্রা কি?

সেবা প্রদানকারী
৩। এই মার্কেট চেইনকে কার্যকর করতে অন্য ব্যবসায়ের সাথে জড়িত কোন গুরুত্বপূর্ণ সেবা প্রদানকারী এই বাজারে আছে?(যেমন সরবরাহকারী, পরিবহন সেবা, স্টোরেজ ফেসিলিটি, যোগাযোগ, আর্থিক সেবা ইত্যাদি)
৪। এই মার্কেট চেইনকে কার্যকর করতে সরকারী/ স্থানীয় কর্তৃপক্ষ দ্বারা প্রদত্ত কোন গুরুত্বপূর্ণ সেবা অথবা অবকাঠামো এই বাজারে আছে? (যেমন ঋণ সেবা, পাওয়ার এবং পানি)

ব্যবসায়ের পরিবেশ/প্রতিষ্ঠান
৫। এই সাপ্লাই চেইন যে পদ্ধতিতে কাজ করছে তার উপর কোন আইন, আনুষ্ঠানিক নিয়ম এবং নীতির ভালো প্রভাব রয়েছে (ইতিবাচক বা নেতিবাচক)?
৬। বাজারের এক্টরদের মাঝে সম্পর্কের রূপদান করে এমন কোন অলিখিত রীতি, অভ্যাস এবং চর্চা বাজারে আছে কিনা? (যেমন কার কাছ থেকে ক্রয় বা যার কাছে বিক্রয়)

রেফারেন্স অবস্থাঃ বাজার ব্যবস্থার কার্যকারিতা
৭। বছরের এই সময়ে কত জনকে আপনি কাজে নিযুক্ত করেন? ঋতুর/সময়ের সাথে সাথে কি এটা পরিবর্তিত হয়? আপনার কর্মীরা কোন এলাকা থেকে আসে? নারী/পুরুষের শতকরা অংশগ্রহণ?
৮। আপনার কর্মীরা সাধারণত কত উপার্জন করে? তারা অন্য কোন সুবিধা পায়?
৯। বছরে লাভের হার কি পরিবর্তিত হয় (যেমন - সিজনালিটি)? বছরের কোন সময়ে আপনি সবচেয়ে বেশী/কম কর্মী নিয়োগ করেন? একটি স্বাভাবিক বছরে আপনার কাছে কত জন কর্মী কাজ করে। এবং আপনার লাভ কি?
১০। সাধারণত কে আপনার পণ্য ক্রয় করে অথবা কে সেবা গ্রহণ করে- ধনী জনগন, মধ্যবিত্ত জননগণ, গরীব জনগন? আপনি কি হিসাব করতে পারেন এই পরিবারগুলোর মাঝে কতটি পরিবার প্রতি সপ্তাহে ক্রয় করে?

এই বাজার কি স্বাভাবিকভাবে প্রতিযোগিতামূলক এবং ভালোভাবে সমন্বিত?
১১। আপনার কি কোন প্রতিদ্বন্দ্বী আছে? আপনি বা আপনার প্রতিদ্বন্দ্বী কি সরবরাহ নিয়ন্ত্রণ করেন এবং পণ্য/সেবার মূল্য নির্ধারণ করেন? যদি তাই হয়, আপনি/ আপনার প্রতিদ্বন্দ্বীরা এই নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করেছেন এবং তা বজায় রাখছেন?

অ্যানেক্স

১২। আপনার এলাকার সিজনাল প্রাইজ ভেরিয়েশন/ দ্রব্যমূল্যের সিজনাল পার্থক্য কি অন্য এলাকা অথবা রাজধানীর মত (পরিবহন খরচ হিসাব করে)? যদি তা না হয়, কেন আপনি ভাবছেন এই এলাকার সিজনাল প্রাইজ ভেরিয়েশন/ দ্রব্যমূল্যের সিজনাল পার্থক্য অন্য এলাকা থেকে ভিন্ন?

বাজারের কার্যকারিতায় দুর্যোগ কিভাবে প্রভাব ফেলে?

১৩। দুর্যোগ যখন আঘাত করে তখন আপনার ব্যবসায়ে টিকে থাকতে এবং কর্মী নিয়োগে কোন প্রভাব/ পরিবর্তনকে আপনি আপনার দক্ষতা দ্বারা পূর্বেই অনুমান করতে পারেন?

১৪। কোন নির্দিষ্ট মার্কেট এক্টর অথবা ভ্যাল্যু চেইনের কোন নির্দিষ্ট কাজ বিশেষভাবে ক্ষতিগ্রস্ত হয়?

১৫। গুরুত্বপূর্ণ সেবা এবং সাধারণ অবকাঠামোতে উপরে উল্লিখিতদুর্যোগ কিভাবে ক্ষতিগ্রস্ত করে?

১৬। অনুমেয় দুর্যোগের ফলে আপনার ব্যবসায়ের খরচ কত বেড়েছে? কোন ব্যবসায়ে খরচ বেড়েছে (জ্বালানী, স্টোরেজ, পণ্য-দ্রব্য, শ্রমিক খরচ ইত্যাদি) এবং কত? দুর্যোগের সময় আপনি এই পরিস্থিতি কিভাবে মোকাবেলা করবেন?

১৭। অনুমেয় দুর্যোগের ফলে যে ক্ষতি হয়েছে তা পূরণ করতে আপনি কিভাবে আপনার কার্যক্রম গ্রহণ করবেন?

১৮। মার্কেট চেইনের অন্যান্য এক্টরগণ (যেমন - ইনপুট সরবরাহকারী, পরিবহনকারী, উৎপাদক) এই কার্যক্রম কিভাবে গ্রহণ করবেন?

বাজার প্রতিযোগিতায় এই দুর্যোগ কিভাবে প্রভাব ফেলবে?

১৯। আপনার ব্যবসায় সেক্টরে কি এই দুর্যোগ বাজার প্রতিযোগতায় কোন পরিবর্তন আনবে? (আপনার প্রতিষ্ঠান/কোম্পানী এর চেয়েও কি অন্যরা আরো বেশী ক্ষতিগ্রস্ত হয়েছে?)

২০। আপনি কি মনে করেন আপনি বা আপনার প্রতিযোগীর সরবরাহে বাঁধা সৃষ্টি করা এবং মূল্য নির্ধারণের এখনো যথেষ্ট সুযোগ রয়েছে?

দুর্যোগের পরমুহূর্তেই কিভাবে বাজার কার্যকর হবে?

২১। আপনার বিক্রয় কি বেড়েছে না কমেছে? যদি হয়, তবে কেন?

২২। বছরের এই সময়ে স্বাভাবিক অবস্থার সাথে তুলনা করে পণ্যের মূল্য কি বেড়েছে, কমেছে অথবা অপরিবর্তিত রয়েছে? কত, নির্দিষ্ট করুন।

২৩। দ্রব্যের অধিক মূল্য অথবা সরবরাহের অপ্রতুলতার কারণে কি কিছু নির্দিষ্ট গ্রুপের ক্রেতা পণ্য/সেবা ক্রয় করতে পারছে না?

২৪। এমন যদি ঘটে, দুর্যোগের পরে ক্রেতাদের ক্রয় ক্ষমতা পুনর্বহাল করা হয়, তবে কি আপনি কর্মী নিয়োগ চালিয়ে যাবেন?

২৫। যদি দুর্যোগ আক্রান্ত এলাকায় আপনার পণ্য/সেবার অধিক চাহিদা নিশ্চিত করা যায়, তবে আপনি কোন মাত্রায় ক্ষতগ্রস্ত এলাকায় আপনার পণ্য/সেবার সরবরাহ বৃদ্ধি করতে পারবেন?

২৬। আপনার কাজের কর্মী এবং কাঁচা মাল কি এখনো পাওয়া যায়?

২৭। কোন প্রভাবক গুলো ব্যবসায়ের পরিমাণ বাড়াতে প্রতিবন্ধকতা সৃষ্টি করে?

অ্যানেক্স

বাজারের প্রধান এক্টর/ প্রধান তথ্যদাতার জন্য নমুনা প্রশ্ন

রেফারেন্স অবস্থাঃ বাজার ব্যবস্থার স্বাভাবিক কাঠামো এবং কার্যকারিতা

মার্কেট এক্টর

১। বাজার থেকে পণ্য পাওয়ার জন্য কার্যকর পদক্ষেপ এবং জনগণ ও কোম্পানীর জড়িত থাকার বিষয়ে বর্ণনা করুন (যেমন ব্যবসায়ী এবং মধ্যস্বত্তভোগীর মাধ্যমে উৎপাদক থেকে ভোক্তা)
২। চেইনে এই সকল মানুষ অথবা কোম্পানি কি ভূমিকা পালন করে?
৩। স্বাভাবিক বছরে এই সময়ে মার্কেট চেইনে পণ্যের আদর্শ মূল্য কি?

সেবা প্রদানকারী
৪। এই মার্কেট চেইনকে কার্যকর করতে অন্য ব্যবসায়ের সাথে জড়িত কোন গুরুত্বপূর্ণ সেবা প্রদানকারী এই বাজারে আছে?(যেমন সরবরাহকারী, পরিবহন সেবা, স্টোরেজ ফেসিলিটি, যোগাযোগ, আর্থিক সেবা ইত্যাদি)
৫। এই মার্কেট চেইনকে কার্যকর করতে সরকারী/ স্থানীয় কর্তৃপক্ষ দ্বারা প্রদত্ত কোন গুরুত্বপূর্ণ সেবা অথবা অবকাঠামো এই বাজারে আছে? (যেমন ঋণ সেবা, পাওয়ার এবং পানি)

প্রতিষ্ঠান, নিয়ম এবং রীতি
৬। এই সাপ্লাই চেইন যে পদ্ধতিতে কাজ করছে তার উপর কোন আইন, অনানুষ্ঠানিক নিয়ম এবং নীতির ভালো প্রভাব রয়েছে (ইতিবাচক বা নেতিবাচক)?
৭। বাজারের এক্টরদের মাঝে সম্পর্কের রূপদান করে এমন কোন অলিখিত রীতি, অভ্যাস এবং চর্চা বাজারে আছে কিনা? (যেমন কার কাছ থেকে ক্রয় বা যার কাছে বিক্রয়)

রেফারেন্স অবস্থাঃ বাজার ব্যবস্থার কার্যকারিতা
৮। একটি "আদর্শ" বছরে কোন মাসগুলোতে সর্বোচ্চ চাহিদা থাকে? এবং সর্ব নিম্ন?
৯। গত সিজনে আপনার এবং আপনার প্রতিযোগীর মোট সমন্বিত বাণিজ্যে স্থানীয় পণ্যের হিসাব করা (জাতীয় পর্যায়ে এবং দুর্যোগে ক্ষতিগ্রস্ত এলাকা)
১০। এই পণ্য সমুহের মূল্য কি সিজনে পরিবর্তিত হয়? সাধারণত কোন সময়ে পণ্যের সর্বোচ্চ এবং সর্বনিম্ন দাম পাওয়া যায়? বছরের এই সময়ে সাধারণভাবে পণ্যের কি মূল্য থাকে?
১১। একটি স্বাভাবিক বছরে কি পরিমাণ পণ্য মজুদ থাকে? (মোট মজুদ এবং দেশের ভিতরের ওয়ার-হাউজ এর মাঝে ভাগ করে)
১২। সাধারণত কে আপনার পণ্য ক্রয় করে অথবা কে সেবা গ্রহণ করে- ধনী জনগন, মধ্যবিত্ত জননগণ, গরীব জনগন? আপনি কি হিসাব করতে পারেন এই পরিবারগুলোর মাঝে কতটি পরিবার প্রতি সপ্তাহে আপনার পণ্য ক্রয় করে?

এই বাজার কি স্বাভাবিকভাবে প্রতিযোগিতামূলক এবং ভালোভাবে সমন্বিত?
১৩। এমন কোন অবস্থান আছে কিনা যেখানে একজন অথবা দুইজন মার্কেট এক্টর (যেমন- ব্যবসায়ী) পণ্যের সরবরাহে কর্তৃত্ব করে এবং এভাবে এর মূল্য নির্ধারণ করে?

অ্যানেক্স

১৪। আপনার এলাকার সিজনাল প্রাইজ ভেরিয়েশন/ দ্রব্যমূল্যের সিজনাল পার্থক্য কি অন্য এলাকা অথবা রাজধানীর মত (পরিবহন খরচ হিসাব করে)? যদি তা না হয়, কেন আপনি ভাবছেন এই এলাকার সিজনাল প্রাইজ ভেরিয়েশন/ দ্রব্যমূল্যের সিজনাল পার্থক্য অন্য এলাকা থেকে ভিন্ন?

দুর্যোগে ক্ষতিগ্রস্ত অবস্থা (অনুমেয়)

বাজারের কার্যকারিতায় দুর্যোগ কিভাবে প্রভাব ফেলে?
১৫। উৎপাদক থেকে, ব্যবসায়ী হয়ে ভোক্তা পর্যন্ত পণ্য সরবরাহের ক্ষেত্রে দুর্যোগের প্রভাব কি/ কি পরিবর্তন হয়?

১৬। কোন নির্দিষ্ট মার্কেট এক্টর অথবা ভ্যাল্যু চেইনের কোন নির্দিষ্ট কাজ বিশেষভাবে ক্ষতিগ্রস্ত হয়?
১৭। গুরুত্বপূর্ণ সেবা এবং সাধারণ অবকাঠামোতে উপরে উল্লিখিতদুর্যোগ কিভাবে ক্ষতিগ্রস্ত করে?
১৮। অনুমেয় দুর্যোগের ফলে আপনার ব্যবসায়ের খরচ কত বেড়েছে?

কোন ব্যবসায়ে খরচ বেড়েছে (জ্বালানী, স্টোরেজ, পণ্য-দ্রব্য, শ্রমিক খরচ ইত্যাদি) এবং কত?
১৯। আপনার বিক্রয় কি বেড়েছে না কমেছে? যদি হয়ে থাকে, তবে কেন?
২০। স্থানীয়ভাবে উৎপাদিত পণ্য পেতে দুর্যোগের ফলে আপনার ক্ষেত্রে কি ঘটে?
২১। দুর্যোগ কি আপনার আমদানিতে কোন প্রভাব ফেলে? (যেমন- পোর্ট, রেল লাইন, রাস্তা এর ক্ষয়-ক্ষতি এবং পণ্য ক্লিয়ার করতে কাস্টমস বিভাগে কর্মীর অভাব)
২২। বছরের এই সময়ে স্বাভাবিক অবস্থার সাথে তুলনা করে পণ্যের মূল্য কি বেড়েছে, কমেছে অথবা অপরিবর্তিত রয়েছে? কত, নির্দিষ্ট করুন।
২৩। দ্রব্যের অধিক মূল্য অথবা সরবরাহের অপ্রতুলতার কারণে কি কিছু নির্দিষ্ট গ্রুপের ক্রেতা পণ্য/সেবা ক্রয় করতে পারছে না?
২৪। দুর্যোগের পর মুহূর্তেই কি পরিমাণ পণ্য মজুদ থাকে? বিশেষ করে, সম্ভাব্য দুর্যোগের এলাকায় মোট মজুদ এবং দেশের ভিতরের ওয়ার-হাউজ এর মাঝে বিদ্যমান মজুদ।

দুর্যোগের সময় আপনি এই পরিস্থিতি কিভাবে মোকাবেলা করবেন?
২৫। অনুমেয় দুর্যোগের ফলে যে ক্ষতি হয়েছে তা পূরণ করতে আপনি কিভাবে আপনার কার্যক্রম গ্রহণ করবেন?
২৬। মার্কেট চেইনের অন্যান্য এক্টরগণ (যেমন - ইনপুট সরবরাহকারী, পরিবহনকারী, উৎপাদক) এই কার্যক্রম কিভাবে গ্রহণ করবে?

বাজার প্রতিযোগিতায় এই দুর্যোগ কিভাবে প্রভাব ফেলবে?
২৭। পণ্যের সরবরাহ এবং মূল্য নিয়ন্ত্রনের পদ্ধতিতে কি দুর্যোগের কোন প্রভাব রয়েছে - এবং যদি থেকে থাকে তবে কিভাবে? (ব্যবসায়ের কার্যকারিতা কমানো, অথবা পরিবহন ব্যবস্থা সীমাবদ্ধ করার মাধ্যমে)
২৮। আপনি কি মনে করেন আপনার চেয়ে বড় প্রতিযোগীর সরবরাহে বাঁধা সৃষ্টি করা এবং মূল্য নির্ধারণের এখনো যথেষ্ট সুযোগ রয়েছে?

এমন যদি ঘটে, দুর্যোগের পরে ক্রেতাদের ক্রয় ক্ষমতা পুনর্বহাল করা হয় তবে কি হবে?
২৯। যদি দুর্যোগ আক্রান্ত এলাকায় আপনার পণ্য/সেবার অধিক চাহিদা নিশ্চিত করা যায়, তবে আপনি কোন মাত্রায় ক্ষতগ্রস্ত এলাকায় আপনার পণ্য/সেবার সরবরাহ বৃদ্ধি করতে পারবেন?

অ্যানেক্স

৩০। প্রয়োজনে আপনি কোন উৎস থেকে চাহিদামত অতিরিক্ত পণ্য সরবরাহ করবেন?
৩১। কোন প্রভাবক গুলো ব্যবসায়ের পরিমাণ বাড়াতে প্রতিবন্ধকতা সৃষ্টি করে?
৩২। বর্ধিত চাহিদার সাথে আপনার ব্যবসায়ের খাপ খাওয়াতে কত সময় লাগবে?
৩৩। ভোক্তার এমন কোন নির্দিষ্ট গ্রুপ আছে কিনা যাদের কাছে সরবারাহ করা কঠিন - উদাহারন স্বরূপ - উচ্চ ঝুঁকি, দুর্বল অবকাঠামো, ভাঙ্গা রাস্তা-ঘাট ইত্যাদির জন্য?

স্থানীয় বাজারের এক্টরদের জন্য প্রশ্নের নমুনা

আপনার ব্যবসায় (রেফারেন্স এবং দুর্যোগের সময়)
১। আপনার ব্যবসায় কেমন চলছে? আপনার ব্যবসায়ের উপর দুর্যোগের প্রভাব কি? ব্যবসায়ী এবং কম্যুনিটির মানুষ কিভাবে দুর্যোগে মানিয়ে নিচ্ছে/ এখন আপনি কিভাবে মানিয়ে নিচ্ছেন?

২। দুর্যোগ শুরু হলে আপনি কি ধরণের পণ্য/উপকরণ বিক্রয় করতে চান? তা পরিমানে কতটুকু?
৩। এই মুহূর্তে/রেফারেন্স সময়ে আপনি কত পরিমাণ বিক্রয় করছেন?
৪। আপনি কতটুকু পরিমাণ পণ্য মজুদ করে ধরে রেখেছেন? এটা কি আপনার জন্য স্বাভাবিকের থেকে কম অথবা বেশী? অনুমেয় দুর্যোগের সময়ের পর আপনি মজুদ করে কতটুকু পণ্য ধরে রাখতে চান?

আপনার ভোক্তা/ ক্রেতা (রেফারেন্স এবং দুর্যোগের সময়)
৫। আপনার ক্রেতা কারা? তাদের বৈশিষ্ট্য কি? (বিঃদ্রঃ "ক্রেতা" মানে যে ব্যক্তি আপনার কাছ থেকে ক্রয় করে, তাকে ভোক্তাই হতে হবে এমন কোন কথা নেই)
৬। বর্তমানে আপনার কত সংখ্যক ক্রেতা আছে? (প্রতি সপ্তাহে বিনিময়ের সংখ্যা)
৭। দুর্যোগ আঘাত করলে বছরের এই সময়ে আপনার বিক্রয় কত?
৮। নির্দিষ্ট কোন পণ্য/উপকরণের জন্য ক্রেতার চাহিদার উপর দুর্যোগের কোন প্রভাব রয়েছে কি?
৯। রেফারেন্স সময়ে আপনার বিক্রয় মূল্য কি? এবং দুর্যোগের সময়ে?

ধার/ ঋণ (রেফারেন্স এবং দুর্যোগের সময়)
১০। আপনি কি আপনার কোন ক্রেতাকে ধারে পণ্য দেন? দুর্যোগ আঘাত করলে কি এই পরিস্থিতি পালটে যায়?
১১। আপনার ক্রেতা মোট কতটুকু পরিমাণ অপরিশোধিত রাখে? (আয়ের কত সপ্তাহ পর্যন্ত)?
১২। আপনি কি আপনার সরবরাহকারীর কাছ থেকে ধারে কোন পণ্য পান?
১৩। দুর্যোগ আঘাত করার পরও কি আপনি আপনার সরবরাহকারীর কাছ থেকে ধারে কোন পণ্য পান?
১৪। আপনার সরবরাহকারীর কাছে আপনার কুতটুকু অপরিশোধিত ঋণ থাকে? (সরবরাহের কত সপ্তাহ পর্যন্ত)

আপনার সরবরাহকারী (রেফারেন্স এবং দুর্যোগের সময়)
১৫। আপনার সরবরাহকারী কারা এবং তারা কোথায় থাকে?
১৬। দুর্যোগ আঘাত করলে কি আপনার সরবরাহকারী পরিবর্তিত হয়?
১৭। মূল্য এবং ইনপুট/ সরবরাহকৃত পণ্যের ক্রয়কে প্রভাবিত করতে পারে এমন কোন সিজনাল প্রভাবক আছে কিনা?
১৮। দুর্যোগ আঘাত করলে সরবরাহকারীর সরবরাহকৃত পণ্যের মূল্যের কোন পরিবর্তন হয় কিনা? এবং কতটুকু?

অ্যানেক্স

১৯। দুর্যোগের সময় যদি ভোক্তার চাহিদা বেড়ে যায়, তবে কত তাড়তাড়ি আপনি ১) আগের পরিমাণে ২) দ্বিগুণ পরিমাণে ৩) তিনগুণ পরমানে পণ্য সরবরাহ করতে পারবেন?
২০। আপনি কি মনে করেন আপনাকে এই সরবরাহগুলো/ইনপুট পেতে গেলে পূর্বের চেয়ে বেশী মূল্য পরিশোধ করতে হয়? আপনার ব্যবসায়ের খরচ কি? (যেমন - পরিবহন, স্টোরেজ, ভাড়া, ইত্যাদি)
২১। পণ্য/সরবরাহ ক্রয় বাদ দিয়ে আপনার ব্যবসায়ের প্রধান খরচ কি? (যেমন - পরিবহন, স্টোরেজ, স্থান, শ্রমিক, লাইসেন্স)
২২। এইসব খরচের উপর দুর্যোগের কি প্রভাব?

আপনার প্রতিদ্বান্দ্বি (অন্য ব্যবসায়) (রেফারেন্স এবং দুর্যোগের সময়)
২৩। কতজন অন্যান্য ব্যবসায়ী আপনার মত একই এলাকায়, আপনি যে নির্দিষ্ট পণ্য বিক্রয় করছেন একই পণ্য তারাও বিক্রয় করছে?
২৪। সমগ্র স্থানীয় বাজারে আপনার প্রদানকৃত সেবার কতটুকু "শেয়ার" রয়েছে?
২৫। কাছাকাছি এমন কোন এলাকা আছে কিনা যারা নিয়মিত বাজার সরবরাহ পাচ্ছে না? যদি হয়ে থাকে, তবে কেন?

পরিবহনকারী (রেফারেন্স এবং দুর্যোগের সময়)

২৬। এখন ব্যবসায় করতে আপনি কোন কোন সমস্যার মোকাবেলা করছেন?
২৭। পণ্য ক্রয় বিক্রয়ের জন্য যাতায়তের ক্ষেত্রে আপনি কোন বাঁধার সম্মুখীন হোন?
২৮। এই সমস্যগুলোর যেকোন একটি সমাধান করতে কি করা উচিৎ বলে আপনি মনে করেন (বিশেষ করে যেগুলো দুর্যোগের প্রভাব অনুমানের সাথে সম্পর্কিত)? এই অবস্থা মোকাবেলায় সম্ভাব্য তাৎক্ষনিক এবং দীর্ঘ মেয়াদী কি পদক্ষেপ গ্রহণ করা যায়?
২৯। আপনি এবং আপনার পরিবার এর সাথে কিভাবে মানিয়ে নিচ্ছেন? এই নতুন কঠিন অবস্থার সাথে মানিয়ে নিতে আপনি এবং আপনার পরিবারের মাঝে কি পরিবর্তন এসেছে?
৩০। এমন কোন এজেন্সি অথবা সরকারী অঙ্গসংগঠন আছে কিনা যারা এই কঠিন পরিস্থিতিতে আপনার এলাকায় কোন পদক্ষেপ নিবে?
৩১। যদি আপনাকে উপকরণ সহযোগিতার পরিবর্তে নগদ অর্থ প্রদান করা হয়, তবে আপনি কোন ধরণের পণ্য/সেবা প্রথমেই ক্রয় করবেন? কোথায় থেকে করবেন? যদি সুযোগ দেয়া হয়, আপনার পরিবারের খাদ্যের চাহিদার অগ্রাধিকারের ভিত্তিতে আপনি কিভাবে সহায়তা গ্রহণ করবেন? (যেমন - খাদ্য বন্টন, নগদ অর্থের ভিত্তিতে সহায়তা)

নির্বাচিত পরিবারের মাঝে পুরুষ এবং মহিলা স্বক্ষাতকার দাতাদের জন্য নমুনা প্রশ্ন

রেফারেন্স সময়ের অবস্থা
১। আপনার পরিবারের চাহিদায় প্রধান খাদ্য উপকরণ (খাদ্যশস্য, মাংস, মাছ, তৈল, এবং সবজি) কি?
২। আপনি এই মৌলিক খাদ্য উপকরণ কিভাবে পায়ে থাকেন? (যেমন নিজের উৎপাদিত [কৃষি, মাছ ধরা, প্রানীসম্পদ], বাজার থেকে ক্রয় করে, বন্য খাদ্য সংগ্রহ করে, পরিবার থেকে উপহার, শ্রমের বিনিময়ে খাদ্য, খাদ্য সহায়তা)।
৩। আপনার পরিবারে প্রয়োজনীয় কি কি প্রধান "খাদ্য-নয় এমন উপকরণ" (non food item) অথবা অন্যান্য সেবার (পরিবহন, ঋণ) চাহিদা রয়েছে?
৪। বছরের এই সময়ে আপনার আয়ের (অথবা পণ্যের সুবিধার) প্রাথমিক উৎস কি? (যেমন - শ্রমের মজুরী, পণ্যের বিক্রয়, প্রাণি-সম্পদ, মাইক্রো-এন্টারপ্রাইজ, রেমিটেন্স)

অ্যানেক্স

দুর্যোগের সময় আপনার অবস্থা (অনুমেয়)
৫। দুর্যোগে আপনার পরিবারের স্বাভাবিক খাদ্য গ্রহণ কিভাবে ক্ষতিগ্রস্ত হয়? বিভিন্ন খাদ্যের মাঝে কোন খাদ্য বেশী ক্ষতিগ্রস্ত হয়?
৬। এই মৌলিক খাদ্য উপাদান গুলোর মাঝে প্রতিটি খাদ্য উপাদানে আপনি কতটুকু ঘাটতি মোকাবেলা করছেন?
৭। প্রতিটি ক্ষেত্রে, আপনার সাধারণ খাদ্য গ্রহণে দুর্যোগ কোন ভাবে প্রভাব ফেলে? (যেমন আপনার শস্য ধ্বংস করে, আপনার আয় কমিয়ে দেয়, দ্রব্য মূল্য বৃদ্ধি করে, বাজারে প্রাপ্যতা কমায়, বাজারে অংশগ্রহণকে বাঁধা দেয়)

প্রয়োজনীয় "খাদ্য-নয় এমন উপকরণ" (non food item) অথবা অন্যান্য সেবা - দুর্যোগে ক্ষতিগ্রস্ত অবস্থা (অনুমেয়)
৮। দুর্যোগে ক্ষতিগ্রস্ত হতে পারে এমন কি কি প্রয়োজনীয় "খাদ্য-নয় এমন উপকরণ" (non food item) অথবা অন্যান্য সেবা সাধারণত আপনার পরিবার গ্রহণ করে থাকে?
৯। প্রতি ক্ষেত্রে, আপনার সাধারণ খাদ্য গ্রহণে দুর্যোগ কোন পথে প্রভাব ফেলে? (যেমন আপনার শস্য ধ্বংস করে, আপনার আয় কমিয়ে দেয়, দ্রব্য মূল্য বৃদ্ধি করে, বাজারে প্রাপ্যতা কমায়, বাজারে অংশগ্রহণকে বাঁধা দেয়)
১০। অনুমেয় দুর্যোগের ফলে কি কি অন্যান্য জরুরী "খাদ্য-নয় এমন উপকরণ" (non food item) অথবা সেবার চাহিদা হতে পারে?

আয় এবং/অথবা কর্মসংস্থান - দুর্যোগে ক্ষতিগ্রস্ত অবস্থা
১১। যদি আপনি সাধারণত অনিয়মিত শ্রম অথবা কর্মসংস্থানের উপর নির্ভর করেন তবে, দুর্যোগের পরে আপনি পেতে পারেন এমন কাজের পরিমাণ/ শ্রম মজুরী সম্পর্কে বর্ণনা করুন।

১২। আয়ের জন্য যদি আপনি নিজের উৎপাদিত পণ্য বিক্রয়ের উপর নির্ভর করেন (খাদ্য শস্য, প্রাণি সম্পদ, তৈরি পণ্য ইত্যাদি), তবে আপনার পণ্য বিক্রয়ের পরিমাণের কোন পরিবর্তন হয় কিনা/ গৃহীত মূল্যের কোন পরিবর্তন ঘটে কিনা বর্ণনা করুন।

১৩। প্রতি ক্ষেত্রে, আপনার সাধারণ আয় এ দুর্যোগ কোন পথে প্রভাব ফেলে? (যেমন কাজ করতে অসমর্থ করে, শ্রমের চাহিদা কমিয়ে দেয়, পণ্যের জন্য চাহিদা কমায়, কাজে যেতে পরিবহনে বাঁধা দেয়, মজুরির হার কমিয়ে দেয়, পণ্যের বিক্রয় মূল্য কমায়, মজুরী প্রদানকৃত এবং অবৈতনিক কাজের জন্য বরাদ্দকৃত সময়ের পরিবর্তনের মাধ্যমে।

মানবিক সাহায্য সংস্থার সাড়াপ্রদান প্রক্রিয়া- দুর্যোগে ক্ষতিগ্রস্ত অবস্থা

১৪। আপনি এবং আপনার পরিবার এর সাথে কিভাবে মানিয়ে নিচ্ছেন? এই নতুন কঠিন অবস্থার সাথে মানিয়ে নিতে আপনি এবং আপনার পরিবারের মাঝে কি পরিবর্তন এসেছে?

৩০। এমন কোন এজেন্সি অথবা সরকারী অঙ্গসংগঠন আছে কিনা যারা এই কঠিন পরিস্থিতিতে আপনার এলাকায় কোন পদক্ষেপ নিবে?

৩১। যদি আপনাকে উপকরণ দিয়ে সহযোগিতার পরিবর্তে নগদ অর্থ প্রদান করা হয়, তবে আপনি কোন ধরণের পণ্য/সেবা প্রথমে ক্রয় করবেন? কোথায় থেকে করবেন? যদি সুযোগ দেয়া হয়, অগ্রাধিকারের ভিত্তিতে আপনার পরিবারের "খাদ্য-নয় এমন উপকরণ" (non food item) এর চাহিদার সাথে আপনি কিভাবে সহায়তা গ্রহণ করবেন? (যেমন - খাদ্য বন্টন, নগদ অর্থের ভিত্তিতে সহায়তা)

অ্যানেক্স

পিসিএমএ রিপোর্টের নমুনা

এক্সিকিউটিভ সামারি

এটা পিসিএমএ এর অবস্থা, ফলাফল এবং সুপারিশের মূল সারসংক্ষেপ। এটা রিপোর্ট এর প্রধান অংশকে প্রতিফলিত করে। এটা চার থেকে পাঁচ পৃষ্ঠার থেকে বেশী হবে না এবং এতে নিম্নুক্ত বিষয়ের উপর সংক্ষিপ্ত এবং ক্ষুদ্র সেকশন থাকেঃ

- প্রেক্ষাপট
- উদ্দেশ্য, মূল বিশ্লেষণধর্মী প্রশ্ন
- দুর্যোগের অবস্থা চিত্রায়ন এবং সময়সীমা (রেফারেন্স এবং দুর্যোগের সময়, সিজন)
- ভৌগোলিক সুবিধা এবং বিশ্লেষণের ব্যপ্তি
- বিশ্লেষণের জন্য নির্বাচিত "বাজার বিশ্লেষণের টুল"
- প্রধান ফলাফলঃ
  - সমগ্র বাজারের কার্যকারিতার ভিত্তিতে
  - বাজার ব্যবস্থা বিশ্লেষণের ভিত্তিতে
- সাড়াপ্রদানের সুপারিশ
  - ভবিষ্যতে দুর্যোগে সাড়াপ্রদানের পদ্ধতির ভিত্তিতে
  - বাজার ব্যবস্থা শক্তশালী করার তাৎক্ষনিক পদক্ষেপের ভিত্তিতে
- বাজার পর্যবেক্ষণ থেকে প্রাপ্ত সুপারিশ

সেকশন ১ঃ উদ্দেশ্য এবং মূল বিশ্লেষণধর্মী প্রশ্ন

- পিসিএমএ ব্যবহারের উদ্দেশ্য এবং পিসিএমএ এর মাধ্যমে উত্তর দিতে হবে এমন প্রশ্ন
- পিসিএমএ ব্যবহারের যুক্তি এবং বিদ্যমান অথবা চলমান দুর্যোগের সম্ভাব্য পরিকল্পনার সাথে স্বচ্ছতা/স্পষ্টতা নির্ধারণ
- পিসিএমএ এপ্রোচের সংক্ষিপ্ত বর্ণনা এবং রিপোর্ট এর জন্য কাজ করা

– দলের সমন্বয় এবং অভিজ্ঞতা, এবং প্রদত্ত প্রশিক্ষণ
- পিসিএমএ বাজার দলে কিভাবে নেতৃত্ব এবং সহায়তা প্রদান করা হয়েছিল?

সেকশন ২ঃ দুর্যোগের অবস্থার চিত্রায়ন এবং নির্বাচিত সময়সীমা

- নির্বাচিত দুর্যোগ/জরুরী অবস্থার সংক্ষিপ্ত বর্ণনা - এর ইতিহাস, ব্যাপকতা, কারণ এবং অনুমেয় প্রভাব।
- এখন পর্যন্ত এই ধরণের দুর্যোগের সময় মানবিক সাহায্য সংস্থার সাড়াপ্রদানের একটি সংক্ষিপ্ত বিবরণ এবং দুর্যোগ আঘাত করার সময় প্রত্যাশিত সাড়াপ্রদানের প্রক্রিয়া
- এজেন্সির দায়ত্ব এবং কর্তব্যের ভৌগোলিক অবস্থান সম্পর্কে বর্ণনা
- রেফারেন্স এবং দুর্যোগের সময় নির্বাচন

সেকশন ৩ঃ বিশ্লেষণের সুযোগ ও গভীরতা এবং বাজার মূল্যায়নের টুল

- ক্ষতিগ্রস্ত জনগণের চাহিদা হবে দুর্যোগ আঘাত করার সময়, এবং সম্ভাব্য পূর্বে বিদ্যমান "ক্রনিক" চাহিদা
- লক্ষ্যিত/অভীষ্ট জনগণের আর্থ সামাজিক অবস্থা, জীবিকা, দুর্যোগে সম্ভাব্য অবস্থার বিষয়ে প্রেক্ষাপটের মূল তথ্য বিবেচনা করবে (সম্ভব হলে)

অ্যানেক্স

- মূল্যায়নের ভৌগোলিক অবস্থার সুযোগ নির্ধারণ এবং বাজারস্থান পরিদর্শন
- মুল্যায়নের জন্য ব্যবহার করা হবে এমন বাজার মূল্যায়নের টুল নির্বাচন এবং এদের নির্বাচনের কারণ

সেকশন ৪ঃ বিশ্লেষণের জন্য বাজার ব্যবস্থা এবং সিজন

- বিশ্লেষণের জন্য বাজার ব্যবস্থাঃ জরুরী অবস্থার নির্দিষ্ট বাজার ব্যবস্থা নির্বাচন করতে সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়ার সারসংক্ষেপ। বাজার ব্যবস্থা বিশ্লেষণে আগ্রহী কিছু প্রার্থীর কাছে জরুরী অবস্থা সম্পর্কে প্রাথমিক ধারণা কিভাবে পাওয়া যায় তা সংক্ষেপে বর্ণনাঃ

– ক্ষতিগ্রস্ত জনগণের জন্য কোন কোন জরুরী অবস্থার বাজার ব্যবস্থা রয়েছে?
– কোন ব্যবস্থাকে পিসিএমএ নির্বাচন করেছে এবং কেন?

- সিজনাল ক্যালেন্ডার
- বিশ্লেষণের জন্য সিজন নির্বাচন

সেকশন ৫ঃ বাজারের ম্যাপ এবং বিশ্লেষণ

এই অংশ রিপোর্টে বর্ণিত প্রধান বর্ণনামূলক অংশ। একে সংক্ষিপ্ত রাখার চেষ্টা করতে হবে। রেফারেন্স সময়ে শুরু করা নির্বাচিত বছর গুলোকে গুরুত্ব দিতে হবে।

- বাজারের সামগ্রিক কার্যকারিতা মূল্যায়নের ফলাফলের সাথেঃ

– বিদ্যমান নিয়ম নীতি, বাজারের সেবা এবং পরিবেশ সম্পর্কে বর্ণনা
– এদের উপরে দুর্যোগের সম্ভাব্য প্রভাবের বর্ণনা

- বাজার ব্যবস্থার মুল্যায়নের ফলাফলের সাথে সাথেঃ

– রেফারেন্স এবং দুর্যোগের সময় বাজারের ম্যাপ
– বাজারের প্রধান এক্টরদের সম্পর্কে বর্ণনা, রেফারেন্স সময়ে তাদের অবস্থা এবং এদের উপরে দুর্যোগের সম্ভাব্য প্রভাবের বর্ণনা

- মূল বিশ্লেষণধর্মী প্রশ্নের উত্তর

নোটঃ এই সেকশনের একটি গুরুত্বপূর্ণ উপাদান হল এটি নির্দিষ্ট বিষয়ে জ্ঞানের স্বল্পতা সকলের দৃষ্টিগোচর করে, উদাহারন স্বরূপ, সীমিত তথ্য/সময়/দলের বিশ্লেষণ ক্ষমতা। এই সময় যতটুকু ধারণা আছে তার থেকেও বেশী গুরুত্বপূর্ণ যা অজানা তা জানা।

সেকশন ৬ঃ সাড়াপ্রদানের প্রধান সুপারিশসমূহ

- সাড়াপ্রদানের যৌক্তিকতা
- অনুমেয় দুর্যোগ আঘাত করার সময় জরুরী অবস্থায় সাড়াপ্রদানের পরিকল্পনা এবং দীর্ঘ মেয়াদী পরিকল্পনা/দুর্যোগের ঝুঁকি হ্রাস উভয় পদক্ষেপই তাৎক্ষনিক ভাবে গ্রহণ করতে হবে।
- উপরে প্রাপ্ত ফলাফল গুলো কি এমন সাড়াপ্রদান প্রক্রিয়াপদ্ধতির দিকে ধাবিত করে যা বাজার ব্যবস্থার ভাল কার্যকারিতার উপর নির্ভর করে (যেমন- নগদ অর্থ), অথবা অন্য কোন পদ্ধত (যেমন - রিলিফ)
- সহায়ক পদক্ষেপের মাধ্যমে বাজার ব্যবস্থার দক্ষতার পরিবর্তন করা কতটা সম্ভব?
- সাড়াপ্রদানের পদ্ধতি
- সাড়াপ্রদান প্রক্রিয়াকার্যক্রমের প্রধান প্রার্থী সুবিধা, অসুবিধা এবং কার্যকারিতা

অ্যানেক্স

- কর্মপরিকল্পনা হিসেবে সাড়াপ্রদান প্রক্রিয়াপ্রক্রিয়ার সুপারিশ

সেকশন ৭ঃ বাজার পর্যবেক্ষণ

দুর্যোগের সময়ের কোন কাজ বা কাজের সমন্বয় যা করতে বাজার দল প্রস্তাব করছে- ভবিষ্যৎ অনুসন্ধান এবং পর্যবেক্ষণের সুপারিশ সহ যা পিসিএমএ ব্যবহারের পরবর্তী সময়েই বাজার-ব্যবস্থা শক্তিশালী করার পদক্ষেপ বাস্তবায়িত করতে; নিয়মিত বাজার পর্যবেক্ষণ; এবং ভবিষ্যতে যদি দুর্যোগ ঘটে তবে বাজার ভিত্তিক পদক্ষেপ বাস্তবায়িত করতে মনিটরিং এন্ড ইভাল্যুশন ফ্রেমওয়ার্ক যুক্ত করছে।

নোটঃ **আরএএম** টুলকিট ও নমুনা রিপোর্ট প্রদান করে।